এধ্যাপক জগদীশ ভট্টাচার্য সম্পাদিত



S.C.I. Kolkata

व्यक्ति शक्ष

বেহেল পাবলিশার্স প্রাইডেট লিমিটড কলিকাজ বায়ো



প্রথম-সংস্করণ—জাবণ, ১৩৫৭
বিতীয় সংস্করণ—কান্ত্রন, ১৩৫৯
তৃতীর সংস্করণ—কার্তিক, ১৩৬৪
প্রকাশক—শচীল্রনাথ মুখোপাধাার
বেঙ্গল পাবলিশাস প্রাইভেট লিঃ
১৪, বন্ধিম চাটুজ্জে স্ট্রীট
কলিকাতা—১২
প্রচ্ছদপট পরিকল্পনা—
আণ্ড বন্দ্যোপাধাার
মুক্রাকর—অজিতমোহন গুপ্ত
ভারত কোটোটাইপ স্টুডিও
৭২।১, কলেজ স্ট্রীট,
কলিকাতা—১২

ভারত কোটোটাইপ স্টুডিও

श्राक्षण मृत्यन-

क्षादिविद्या मिखिक्द

वैधि - (वक्रम वार्रेशम

STATE CENTRAL LIBRARY
WEST BENGAL

CALCUTTA)の、と、りの

পাঁচ টাকা

কলিকাতা-->২


<u>-</u>-ФE

সূচীপত্ৰ

গুইবার রাজা	•••	>
অরণ্য	•••	२२
ধন্বস্তরি	• • •	æ o
<i>ক্ষ</i> ন্ত্রের আবির্ভাব	•••	99
অমর কবিতা	•••	> • •
তির শ্চী	•••	220
ন যযৌ ন তঙ্গো	•••	>७>
ছুরি	•••	>89
অকারণ	•••	১৬০
र दिस	•••	>99
সাকী	•••	754
মাটি	•••	२১०
কা লনাগ	•••	२२२
গাঁশ বাজি	••	২৩০
সাহেবের মা	•••	२७৮
বৃত্তশেষ	•••	₹8¢
,বস্ত্র		२৫७
জনমত	•••	२७०
দাঙ্গা	•••	२७३
জমি	•••	२११
ফুরবা মু	••	२३०

অচিন্ত্যকুষার সেনগুপ্ত

সারাধির আঘাসতে বসে হর সাক্ষীর জবানবন্দি লেখেন মহতো উকিলের কুট-কুটিল বক্তভার নোট নেন। তারপর বাড়ি বরে আনেন নথি জার নজিরের পাহাড়। তারপর জাবার বসেন রার লিখতে — শুলা তর্কজানের গ্রন্থি থুলে-খুলে—সকালে, সংজ্ঞা কথনো-কথনো ৰা মধ্যরাত্রি পর্বস্ত। কেবল লেখা আর লেখা। তবু এত লিখেও ক্রান্তি নেই. ক্লান্তি নেই। তারই মাঝে কখন আবার এক ফাঁকে चारत्रक त्रकम निषठ वरमन--- এक कनम রেখে चारत्रक कनम, এक ভারা হেড়ে আরেক ভাষার, আপন ভাষার। গল্প উপস্থাস কবিতা প্ৰবন্ধ-কত কি। এক আলো নিবিয়ে আলেন আরেক আলো। মঞ্চ ছেড়ে বদেন এসে মাটির উপর, রসফক্সপের মুখোমুখি। সমস্ত জীবনে দেইটুকুই উপাদনা। দেইটুকুই নীল আৰাণ। দেইটুকুই আত্মহর্ণন। বহু কলোল পার হরে এসেছেন-কথনো তরক্ক-উত্তাল কথলো-বা গভীৱ-শান্ত--যুৱেছেন জীৰনের বহুতর বন্দর, কিন্ত ৰুম্পাদের কাঁটা প্রবভারার দিকে নিশ্চল-নিবন্ধ হরে আছে। সব ঘর না পুরলে ঘুটি চিকে উঠবে কি করে। জল তো হেললে-তুললেও खन, স্থির থাকলেও জল। ধা নিতা তাই আবার লীলা। তবু, কে না জানে, একদিন সব ৰচনের শেষ হয় কিন্তু অনির্বচনীয়ের শেষ 43 P



ভূমিকা

۵

অচিন্তাকুমার দেনগুপ্ত বাংলা সাহিত্যে 'কল্লোলে'র দান। আর 'কল্লোলে'ই সাহিত্যে আধুনিকতার যাত্রারস্ত। শুধু যাত্রারস্তই নয়, সাহিতাস্প্রিরে এক মহালগ্ন! বস্তুত, বঙ্গীয় চতুর্দশ শতাব্দীর তৃতীয় দশক আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাসে শ্বরণীয় হয়ে থাকবে। রবীক্রনাথের নোবল-পুরস্কারপ্রাপ্তির পর এই দশটি বংসরের মধ্যে সাহিত্য ঐপর্যে ও প্রাচুর্যে যেন দশগুণ হয়ে উঠল। কবি স্বয়ং তো পুনর্ঘেবিন লাভ করলেনই, উপরম্ভ তার পাশে এসে দাঁড়ালেন শরংচন্দ। চার-পাঁচ বংশরের মধ্যেই তাঁর নব-নব দানে কথাসাহিত্য নতুন ভাস্বরতায় উদ্ভাসিত হয়ে উঠন। ওদিকে 'সবুজপত্রে'র পৃষ্ঠায় বীরবলীয় বুদ্ধিবাদ মোহমুক্তির মন্ত্র উচ্চারণ করছে। জীবনের রঙ্গমঞ্চেও চলছে ক্রত প্রতিপরিবতন। সাগরপারের মহাকুরুক্ষেত্রের তাওব শান্ত হতে-না-হতেই ভারতের বুকে আসমুদ্রহিমাচল জুড়ে অচলায়তনের ভিত্তি নড়ে উঠেছে। আশা ও নৈরাশ্রে, দাফল্যে ও বার্থতায় প্রতিটি মুহূর্ত প্রাণচঞ্চল। একদিকে তুঃথে দারিদ্রো লাঞ্চনায় অপমানে জীবন প্যুদন্ত, অন্তদিকে সর্বত্বংখবিজয়ের অপরাজেয় প্রতিজ্ঞাও প্রতিশ্রতি নিয়ে নবজীবনের অভিদার। ভাঙন-গডনের বিপুল উত্তেজনায় অশান্ত দিনগুলি। রবীন্দ্রনাথ বিশ্বসানবের সঙ্গে বাঙালীর আগ্রীয়তা পড়ে দিলেন। মহাযুদ্ধ আমাদের যুক্ত করল বিশ্বজীবনের সঙ্গে। এই মহাজীবনের মোহনায় দাঁড়িয়ে তৃতীয় দশকের শেষবৈশাথে 'কল্লোলে'র कलन्त्रित (भाना (११ व वांका) माहिएकात चाडिनाय। अधु कलन्त्रिन नय, 'উদ্ধত যৌবনের ফেনিল উদ্ধামতা, সমস্ত বাধাবন্ধনের বিরুদ্ধে নির্বারিত বিদ্রোহ, স্থবির সমাজের পচা ভিত্তিকে উৎথাত করার আলোড়ন' এল সাহিত্যে।

বেপরোয়া বিপ্লবী যৌবন নবজীবনের সন্ধানে নতুন পথে যাত্রা শুরু করল। তুঃসাহসী পথিকতের দল স্পর্ধাভরে বললেন,—

> 'না-নানা যুগের মোরা মাতুষ, বেশাতি মোদের কালি-কল্য, চোথে জলিতেছে তাজা জল্স— কিছু-না-পাওয়ার নেশা।'

স্বভাবতই এই 'কালি-কল্যে'র বেদাতি অভিনন্দনের মাল্যচন্দন বহন করে আনল না। হুনীতিপরায়ণতার তীব্র অভিযোগ উঠল এর বিরুদ্ধে। এমন কি, কবিগুরু রবীন্দ্রনাথ পর্যন্ত 'সাহিত্যে নবত্ব' প্রবন্ধে এ যুগের অপটু রচনার বিরুদ্ধে ছটি অভিযোগ উত্থাপন করলেন। ওর মধ্যে একটা হচ্ছে 'দারিন্দ্রোর আস্ফালন', আরেকটা 'লালসার ষ্দাংষম'। এ অভিযোগ নিতান্তই অমূলক ছিল, এ কথা বললে সত্যেরই অপলাপ হবে। যে জলস্রোত হুকুলপ্লাবী উচ্ছাসে কল্লোলিত হয়ে ওঠে তার মধ্যে পঙ্কিল আবিলত। থাকাই স্বাভাবিক। কিন্তু প্রাথমিক উচ্ছাদ কেটে যাবার পর তা যে-পলিমাটির আন্তরণ বিছিয়ে দেয় তাই যে নতুন ফদল-স্প্রির উর্বর্তম ক্ষেত্র হয়ে ওঠে। 'কল্লোল'-যুগের সব রচনাই অপটু হাতের ছিল না। এঁদের মধ্যে শক্তিধরও অনেকেই ছিলেন। তা ছাড়া এঁরা শুধু প্রলয়ের উল্লাসেই উন্মন্ত ছিলেন না, প্রতিষ্টের প্রাণদ স্বপ্নও এঁদের মনকে অধিকার করে ছিল। ভাঙনের গানই শুধু এঁরা গান নি, নতুন আদর্শবাদের সন্ধানও এঁরা করেছেন। বেদরদী বিমুখতা দিয়ে নয়, সম্রান্ধ সহাত্মভৃতি দিয়ে এযুগের শিল্পিমনকে বুঝতে হলে অচিন্তাকুমারের ভাষাতেই বলতে হয়:-- "কলোল যুগে এ ঘটোই প্রধান ত্বর ছিল: এক, প্রবল বিৰুদ্ধবাদ; হুই, বিহ্বল ভাববিলাদ। একদিকে অনিয়মাধীন উদ্দামতা. অন্তদিকে দর্বব্যাপী নির্থকতার কাব্য। একদিকে সংগ্রামের মহিমা, **অন্ত**দিকে ব্যর্থতার মাধুরী। আদর্শবাদী যুবক প্রতিকূল জীবনের প্রতিঘাতে নির্বারিত হচ্ছে—এই যন্ত্রণাটা সে যুগের যন্ত্রণা। 🔫 বন্ধ দরজায় মাথা খুঁড়ছে, কোথাও আশ্রয় খুঁজে পাচছে না, কিংবা যে

জায়গা পাচ্ছে তা তার আত্মার আহুপাতিক নয়—এই অসস্তোষে এই অপূর্ণতায় সে ছিন্নভিন্ন। বাইরে যেখানে বা বাধা নেই, সেখানে বাধা তার মনে, তার স্বপ্নের সঙ্গে বাস্তবের অবনিবনায়। তাই একদিকে যেমন তার বিপ্লবের অস্থিরতা অন্তদিকে তেমনি বিফলতার অবসাদ।" আর বিফলতাই যে সাফল্যের গুন্ত, 'কল্লোলে'র উত্তরকালেই আছে তার পূর্ণ স্বীকৃতি।

ঽ

অচিস্তাকুমার কল্লোলগোষ্ঠার প্রতিনিধিস্থানীয় প্রতিভাবান লেথকদের অন্ততম। তাঁর প্রথম উপন্থাস 'বেদে' যখন রচিত হয় তথনও তিনি বিশ্ববিত্যালয়ের উত্তরস্নাতক। কিন্তু এই উপন্যাস্থানি তার বক্তব্য ও বাচনিকতার অভিনবত্বে প্রকাশের সঙ্গে সঙ্গেই বিশেষ চাঞ্চল্য স্ষ্টি করেছিল। এমন কি, রবীন্দ্রনাথও পত্রপ্রবন্ধে লেখকের 'কল্পনার প্রশস্ত ক্ষেত্র ও অজস্র বৈচিত্রা' দেখে তার প্রতিভা, তাঁর শক্তির বিশিষ্টতা প্রশংসাত্মিয় কর্পেই স্বীকার করেছিলেন। সঙ্গে সঙ্গে অবশ্য লেখকের রচনায় 'মিথুন প্রবৃত্তি'র অত্যন্ত পৌনঃপুত্ত দেখে কবিগুরু ক্ষুণ্ড না হয়ে পারেন নি। কিন্তু এ পৌনঃপুত্ত একলা অচিন্তাকুমারেরই নয়, সে যুগেরই বিশিষ্ট লক্ষণ ছিল। আগুন-নিয়ে-থেলার তু:সাহসিকতা ছিল সে যুগের রক্তে। তা ছাডা বর্তমান শতাব্দীর হাতে মানুষের স**কে** পরিচয়ের এও যে এক নতুন অভিজ্ঞান। অবশ্র 'বেদে' রচনার পর পঁচিশ বৎসর অতিক্রান্ত হয়েছে। ইতিমধ্যে লেখক কবিতা-গল্প-উপক্তাদে অনেক পথ অতিক্রম করে এদেছেন। 'কল্লোলে'র স্বপ্ন নবস্ষ্টিতে সার্থক হয়েছে। পরীক্ষা-নিরীক্ষার বন্ধর পথ পেরিয়ে এসেছে নতুন যুগ, নতুন দৃষ্টিভঙ্গি, নতুন জীবনবোধ। যুগপরিবর্তনের সঙ্গে সঙ্গে কল্লোলগোষ্ঠার অনেকের লেখনীই স্তব্ধ হয়েছে। কিন্তু চলিফুমনা অচিন্তাকুমারের স্ষ্টিতে এখনো আছে অক্নপণ অজ্ঞ্জ্জতা। পোন:পুনিকতা নয়, নিজেকে অতিক্রম করে যাবার শক্তিতে তাঁর সাহিত্যের ঋতুবদল হয়েছে যুগে যুগে। আর ঋতুবদলের সঙ্গে সঙ্গে রীতিবদলও হয়েছে বার বার। শিল্পী হিসেবে অচিন্তাকুমার যেমন দুর্ঘানী, তেমনি বিচিত্রসম্ভব। কবিত্বময় ভাবুকতা নিয়ে তার জীবনবোধের আরম্ভ। নিজের এবং সহযাত্রীদের জীবনের প্রত্যক্ষ অভিজ্ঞতাতো ছিলই, উপরম্ভ বিদেশী সাহিত্যের প্রেরণাও নগণ্য ছিল না। বিশেষত হামস্থনের প্রভাব তার প্রথম দিককার রচনায় বিশেষ ভাবেই লক্ষিতব্য। কিন্তু মনের বন্ধন থেকে অচিন্তাকুমারের সত্যকার মুক্তি ঘটল মফস্বল শহরের বিচিত্র অভিজ্ঞতার মধ্য দিয়ে। সরকারী চাকুরি-জীবনের নির্দেশে তাঁকে বাংলার শহরে-শহরে ঘুরে বেড়াতে হয়েছে। কত বিচিত্র পরিবেশে কত বিচিত্র নরনারীর সঙ্গে শাক্ষাং হয়েছে তার। মফম্বলের বড়-পুতুল ছোট-পুতুল, তালের অন্ত:দারহীন আত্মাভিমান, তাদের পারস্পরিক প্রতিদন্দিতা ও উন্নাদিকতা তটস্থ-দৃষ্টিতে প্রত্যক্ষ করেছেন তিনি। দেখেছেন উকিল-মোকার-মুহুরি-মামলাবাজ-মতলব-বান্ধদের বিভূম্বিত দিন্যাত্রাকে। ব্যাপে ও রসিকতায়, সহামুভূতি ও সহদয়তায় তাদের জীবনকে নতুন সাহিত্যের উপদ্বীব্য করেছেন। কিন্তু সমাজের উচ্চতলার স্বরূপ উদ্ঘাটনেই তাঁর দৃষ্টি সীমাবন্ধ থাকেনি, শহরের সংকীর্ণ গণ্ডি পেরিয়ে তিনি এগিয়ে গেছেন স্থানুর-পল্লীর অতি-সাধারণ মাতুষের নগণ্য স্থ্যতঃথের মধ্যে। 'কাঠ-খড়-কেরাসিন', 'হাড়ি-মুচি-ডোম', 'চাষা-ভূষা' নিয়েই তাঁর সাম্প্রতিক রচনা সাহিত্যকে নতুন দিগত্তে প্রসারিত করেছে। বিশেষত, এতদিন যারা আমাদের শাহিত্যে প্রায় উপেক্ষিত ছিল, বঙ্গপল্লীর দেই দরিজ মুসলমান জনসাধারণের অন্তরঙ্গ জীবনের স্থথত্বংথের কথায় অচিন্ত্যকুমারের লেখনী এযুগে অনক্সসাধারণ বিশিষ্টতা পেয়েছে।

আর এই দীর্ঘ জীবন-পরিক্রমায় লেখকের যে পরিচয় স্পষ্ট হয়ে উঠেছে গেটি হচ্ছে এই যে, তিনি জীবনের ব্যাখ্যাকার নন, তিনি জীবনের রূপকার। সমস্থামিশ্ব দৃষ্টি নিয়ে কোনো বিশেষ স্থাত্তে জীবনের ব্যাখ্যান ও বিশ্লেষণ তার ধর্ম নয়, অন্তর্ভেদী কবিদৃষ্টি দিয়ে জীবনকে প্রত্যক্ষ করে শিল্পীর সাধনায় তাকে রূপায়িত করে তোলাই

তাঁর প্রকৃতি। এমন কি দারিদ্যুও তাঁর সাহিত্যে সমস্যা হয়ে আদে নি।
এদেছে জীবনের অভিজ্ঞান হয়ে। চোথের উপয় দিয়ে বিচিত্র সংসার
কালস্রোতে নিয়ত প্রবহমান। তারই মধ্যে কোন একটি বিশেষ
মূহুর্তে একটি বিশেষ ঘটনা বা চরিত্র-রহস্য কবিদৃষ্টিকে উচ্চকিত ও
নন্দিত করে তোলে। অচিন্তাকুমার সেই চিত্তবিক্ষারী জীবন-রহস্যসন্ধানের আনন্দকেই তাঁর ছোটগল্পে ধরে রেখেছেন।

9

উপত্যাদে যেমন 'বেদে', ছোটগল্পে তেমনি 'হুইবার রাজা' অচিন্তাকুমারের শক্তিমন্তার প্রথম নিঃসংশয় প্রমাণ। রবীন্দ্রনাথ যাকে সে যুগের অপটু হাতের রচনায়, 'লালদার অসংঘম' আর 'দারিজ্যের আফালন' বলেছিলেন, আমরা যাকে বর্তমান শতান্দীর মান্ন্থের হাতে দ্বীবনের দঙ্গে পরিচয়ের হুটি নতুন অভিজ্ঞান বলে পরিচিহ্নিত করেছি, এই হুটি রচনায় দে যুগের এ হুধারারই প্রকাশ। 'বেদে'র বোহেমীয় জীবনায়ন এককালে 'বিবাহের চেয়ে বড়' বলে প্রতিভাত হলেও লেখকের দৃষ্টিতে আদ্ধ 'একটি গ্রামা প্রেমের কাহিনী'র মধ্যেও অভিঘাত-দহ্ম্পু মানসত্যাতেই প্রেম পরিশুদ্ধি লাভ করেছে। কিন্তু দারিদ্রা-লাঞ্ছিত জীবনে মান্থ্যের যে পরিচয়, অচিন্তাকুমারের দৃষ্টিতে তাঁর জীবনবোধের প্রদারতাপ্রাপ্তির দঙ্গে সঙ্গে আরে। উচ্জ্বল হয়ে উঠেছে।

আর-যাই-হোক, 'তৃইবার রাজা'কে দারিদ্রোর আফালন কিছুতেই বলা যাবে না। গল্পটির মধ্যে একটা বিষণ্ধ মাধুরী, হতভাগ্য মাতৃষের পরাজ্যে একটা স্নিগ্ধ কারুণাই অন্তঃদলিলা ফল্পর মত প্রবহমান। কবিপ্রাণ কল্পনাপ্রবণ যুবক। দারিদ্রা আর হাঁপানি-রোগের দক্ষে তার আজীবন সংগ্রাম। ঝুল-ঝোলা নোংরা দাঁত-বের-করা পোলার ঘরে মাকে নিয়ে থাকে, আর মা'র শেষ গ্রনা বন্ধক দিয়ে বি-এ পড়ার থরচ চালায়। মা যথন ঠাকুরের কাছে ছেলের কল্যাণ কামনা করেন, তথন সে বলে, 'তোমার সেই ঠাকুর উড়ে ঠাকুরদের মতই বাজে রাঁধুনে, মা।

হয় থালি ঝাল, নয় থালি মুন। পরিবেশন করতে পর্যন্ত ভাল শেখে নি। রসিকতা উচ্চগ্রামের হোক আর নাই হোক, ওর মধ্যেই ভগবানের বিরুদ্ধে নালিশ আর অভিমান পুঞ্জীভূত হয়ে আছে। তবু তো বকে আশার শেষ নেই! কবি যে বলেছেন, 'জানি গো দিন যাবে, এ দিন যাবে।' তা ছাড়া কতটুকুই বা দাবি! একমুঠো ভাত, একথানি কুঁড়ে ঘর, আর একটি কল্যাণী নারী। কিন্তু তাও তো ভাবীকালের স্বপ্ন, আপাতত যে বি-এ প্রভার ধরচই কুলোয় না! ছেলে-প্রভাতে গিয়ে কবিকিশোরের স্বপ্লদেখার প্রশ্রম-দানের অপরাধে চাকরিটি গেল। কিন্ত বাকি স্বপ্নদাধই বা অপূর্ণ থাকে কেন! তু বছরের পড়ার খরচ আর মা'র হাতে এক হাজার টাকার নোট তুলে দেওয়ার বিনিময়ে ধনিগুহের অরক্ষণীয়া 'ঘমের অরুচি' পাত্রীর সঙ্গে হল বিয়ে। হোক কালো কুৎদিত মেয়ে, তবু তো জীবনের অন্তত একটা দিন রাজার মত সন্মান পাওয়া গেল। অন্তত একটা দিন তাকেই উপলক্ষ করে, তারই জক্তে সমন্ত-কিছু আয়োজন! কিন্তু শুধু একবারই নয়, আরো একবার সে রাজসম্মান পেল। পথ চলতে গিয়ে মোটর চাপা পড়ে যেদিন স্বারই কাঁধে চড়ে দে মহাযাত্রায় বেরোল। ওর জত্যেই তো দেদিনের সূর্য অন্ত যাচ্ছে! ওর জন্তেই তো লুমীর চোখে একবিন্দু অঞ়্ গল্পের নায়কের নাম অমর। দারিদ্র্য-ব্যাধি-মৃত্যু-কবলিত জীবনের অমর কাহিনীই বটে! সমস্ত প্রতিকূলতা অস্বীকার করে বেঁচে থাকার কী আকাজ্ঞা, পদে-পদে ব্যর্থতা-হতাশা সত্ত্বেও জীবনের প্রতি কী গভীর আসক্তি এ গল্পে মূর্ত হয়ে উঠেছে! রুপার্ট ক্রক একদিন মহাযুদ্ধে নিহত অখ্যাত সৈনিকের উদ্দেশে তার সনেটের অর্ঘ্য সাজিয়ে বলেছিলেন, 'These hearts were woven of human joys and cares!' জীবনযুদ্ধে পরাজিত একটি আদর্শবাদী বাঙালী তরুণের বিষাদময় কাহিনীর শেষে গল্পের ফলশ্রুতিতে যেন এই একই করুণাকোমল কণ্ঠের অশ্রুবাষ্পরুদ্ধ স্থর শুনতে পাওয়া যাচ্ছে: এরাও জীবনকে ভালবেদেছে, এরাও বাঁচতে cচয়েছে। विश्वाम करत्रहि—'জानि গো দিন যাবে, এ দিন যাবে।' 'শেলিও একথা বিশ্বাস করে সমূত্রে ডুব দিয়েছিল—তারপর একশ'

বছর এক এক করে থসেছে। দিন আর এল না। বসস্ত যদি এলই,— মহামারী নিয়ে এল, নিয়ে এল চৈত্রের চোথ ভরে রোদ্রের রোদন!

তরুণ বয়সের রচনার ভাবাতিশয়া 'তুইবার রাজা'র মধ্যে পরিস্ফুট; কিন্তু 'দাহেবের মা' গল্পে জীবনবোধ আরো সৃক্ষ ও তীক্ষাগ্র হয়েছে. আরো শানিত ও সরল হয়েছে লেখনী। সাহেবের মা আধ-পাগলা বিজ। তিন ছেলে ছিল আর ছিল আলা। মন্বন্ধরে ঘাদ-পাতা ছাতা-মাথা অথাত থেয়ে ছেলে তিনটি মারা গেছে, আর আলা গেছে বড-লোকের পকেটে, কোঠাবাড়িতে। নিরাশ্রয় বৃদ্ধা ভিক্ষা করে থেত: দেশকর্মী অমূল্য নিয়ে গেল পাশের গ্রাম ডুম্রতলায়, যেখানে পল্লীর भूनकृष्कीयन राष्ट्र। भागानाक निष्य या ध्या राष्ट्र गञ्जानाम। পাণ্ডরকে খ্রামলে। বুদ্ধার নাম সাহেবের মা। কিন্তু আশ্চর্য, তার একটি ছেলের নামও সাহেব ছিল না। বাপ যথন তার নাম রেখেছিল তথন সরলপ্রাণ চাঘা হয়তো আশা করেছিল, সাহেব নামে সৌভাগ্য আসবে তার মেয়ের সংসারে। নাতি তার লাটসাহেব হবে। হল না কিছুই, কেবল নামটিই অদ্ষ্টের পরিহাস হয়ে রইল। আর এই পরিহাস-প্রহসিত জীবননাট্যের চূড়ান্ত দৃশ্যে বৃদ্ধা তার সাহেব-ছেলের পেল সাক্ষাং। ভুমুরতলার গ্রামোন্নয়ন-সত্র পরিদর্শনে এসেছে মহকুমার ছোকরা-মূনিব জীবেশ। চারদিকে রব উঠল, সাহেব এসেছে, সাহেব। কাগজের ঠোঙা বানাচ্ছিল বুদ্ধা। কে তাকে পরিহাস করে বললে, 'তোর ছেলে এনেছে, সাহেবের মা।' কিন্তু কী পরিচয় তার ? কোন্ অভিজ্ঞানে মা চিনবে তার ছেলেকে? ছোকরা-সাহেব সারাদিন অফিসের কাজ করে সরাসরি চলে এসেছে এখানে। বাড়ি ফেরে নি। স্বভাবতই দে ক্লান্ত। এদিকে অমূল্যর উৎসাহের শেষ নেই। খুঁটিয়ে थूँ हिरम रमशास्त्र मत का क कर्म। जनतार कीरन मूथ कूटि नमर छ বাধ্য হল, 'এবার ঘাই অমূল্যবাবু। অফিস থেকে এখনো বাড়ি ঘাই নি। थित्म (भर्म (भर्म ।' कथांगि नाभन भिर्म किंक मारहत्वत्र मात्र स्थिति। मत्मर कि, এ তারই ছেলে। বলছে, थिए পেয়েছে। বলছে, থেতে দাও কিছু। সন্তান-বংগলা জননী কাগজের ঠোঙায় চিনির বাতাসা নিয়ে ছুটে গেল তার ছেলের কাছে। পাগলীর কাণ্ড দেথে সবাই অবাক। কিন্তু সাহেব মাতৃত্বের এই অন্ত্ 'কিউরিও' মাকে দেথবার জন্মে নিয়ে গেল তাকে গাড়িতে তুলে। কত স্থন্দর বাড়ি, কেমন স্থন্দর বাগান। বাড়িতে পা দিয়েই ছেলে আনন্দে ডেকে উঠল মাকে। ডাকটা একটা দয়্ধ শেলের মত লাগল এসে সাহেবের মার বুকে। এ অহংকারের ডাক তো তার ছেলের কিছুতেই হতে পারে না। সাহেবের মা বুঝতে পারল, বালির উপরে রোদ্ধুরে তার জলভ্রম হয়েছে। উপলব্ধির স্থাতায় গল্লটি অবিশ্বরণীয়! কিন্তু বুভূক্ষার য়ে অভিজ্ঞানে দরিদ্র-জননী তার সন্তানকে চেনে শিল্পী অচিন্তাকুমারও দেই অভিজ্ঞানেই এ যুগের নবজীবনের স্বরূপ নির্ণিয় করেছেন। আর শিল্পিয়দয়ের উৎকণ্ঠাবশেই তাঁর জীবনজিজ্ঞাসা রসপিপাসায় রূপান্তরিত হয়েছে।

8

কালাকুজমিক বিচারে বর্তমান সংকলনে গ্রথিত প্রথম ও শেষ রচনার মধ্যে প্রায় পঁচিশ বংসবের যে বাবধান গড়ে উঠেছে, স্বভাবতই তার মধ্যে শিল্পিমানসের বিবর্তনের ফলে স্প্রক্রিক এদেছে পরিবর্তন। রীতি ও শৈলীতে, রূপনির্মাণ ও রসপরিবেশনে, এমন কি দৃষ্টিভঙ্গি ও জীবনবাধে সে ক্রমবিবর্তনের ধারাকে মোটাম্টি তিনটি স্থুলভাগে বিভক্ত করে নেওয়া থেতে পারে। প্রথম, কল্লোলের ভাব-ভাবনা ও স্প্রেনিরীক্ষার প্রত্যক্ষ প্রভাবের যুগ; দ্বিতীয়, মফস্বলের শহুরে জীবনের অভিজ্ঞতার যুগ; তৃতীয়, নগরবিকেন্দ্রিত পল্লীজন-জীবন-চেতনার যুগ। প্রথম যুগের রচনার বৈশিষ্ট্য কল্পনাসমৃদ্ধি ও কাব্যস্থরভিতে। 'তৃইবার রাজা'র কথা পূর্বেই বলা হয়েছে। এযুগের লক্ষণাক্রান্ত অন্যান্ত রচনা 'জ্রণ্য', 'ধ্রপ্তরি', 'রুব্রের আবির্ভাব' ও 'অমর কবিতা'।

'অরণ্য' গল্পটি একটি একান্নবর্তী বিরাট পরিবারের আত্ম-স্বাতন্ত্রাপ্রিয় নরনারীর মানস-বিশ্লেষণ। বিত্তবান তিন ভাই-এর তিনতলা বাড়িতে

প্রতিবেলায় পাত পড়ে একানটি। ওরা স্বাই যথন একসঙ্গে থাকে. তথন মনে হয় ওদের ঘিরে ফ তির ফোয়ারা চলছে,—বিলাদের প্রাচ্য আর আড়ম্বরের কৃত্রিমতার মধ্যে ওদের তঃথকে ছোঁয়াই যায় না। কিন্তু যখন ওরা একা থাকে তখন চেনা যায় যে ওরা প্রত্যেকেই আপনাকে নিয়ে সম্পূর্ণ স্বতন্ত্র। অরণ্যের বৃক্ষরাজির মতই একই ছায়াতলে বাস করেও কারোর সঙ্গে কারোর আত্মিক কোনো যোগ নেই। প্রিয়ারের বিবাহিতা ক্লা ভ্রমর মৃশুঞ্ল হয়ে আছে তার প্রাগ বিবাহ যুগের পূর্বপ্রণয়ীর স্বপ্ন নিয়ে, হেনা ছুই চোথে কবিতার বাতি জালিয়ে কঠিন মাটিতে বসে কল্পনালোকে প্রেমের ফারুস ওড়াচ্ছে। বড় ভাই-এর ছেলে স্থধাংশু ল-সমুদ্র পাড়ি দেবার জত্যে পাড়ে থেকে রুথাই কেবলি লগি ঠেলছে; ঐশ্বর্য তার কাছে তুর্বিষহ বোঝা। ছোট সংসারে ছোট গণ্ডির মধ্যে দে হতে চায় একান্ত স্বার্থপর, একান্ত একলা। কেউ-বা বাংলা কাব্যমন্দিরের কালাপাহাড়, কেউ স্থরাসক্তির ওমর-থৈয়াম। আর সব-চেয়ে টিপিক্যাল কল্লোলীয় তরুণ হচ্ছে স্থবল। এডিলেডের ক্রিকেটথেলার মাঠ থেকে শিশিরকুমারের অভিনয় আর পাভ্লোভার নাচের আসের পর্যন্ত সর্বক্ষেত্রে হার সমান ঔৎস্কায়। অটোগ্রাফের থাতায় উডে মালি, ঝাড়ুদার আর দারোয়ানের সই নিয়ে দে ভাবে, জীবনে যারা পতিত, পরাজিত-এই আথরের আঁচডে তাদের দীর্ঘাস জমা করে বাথছে।

এই পরম্পর-বিচ্ছিন্ন নরনারীর জীবনে একটিমাত্র যোগস্ত্র, একটিমাত্র স্নেহের বন্ধন ছিল পাঁচ বছরের ছেলে রুশ। তেতলার ছাদে উডস্ত ঘুড়ি ধরতে গিয়ে রুশ ছিটকে পড়ল একেবারে বাড়ির উঠোনে। আর সেই আকম্মিক শোকের আঘাতে একই উপলব্ধির সমতলে এসে মিলিত হল সবাই।—মনে হল, মান্ন্যের স্নেহবন্ধন কত ভপুর, মান্নযের আশা কত ক্ষীণায়, মান্নযের প্রতীক্ষা কি বিশ্বাসঘাতক! গল্পটির উপসংহার জীবনের বার্থতা ও নৈরাশ্রতাধের মধ্যে, এবং তাও কল্লোলেরই বৈশিষ্ট্য। কিন্তু বিষয়বস্তুর পরিকল্পনা ও তার রূপায়ণে, বিভিন্নমুখী চরিত্রস্ক্রির বৈচিত্রো, এবং পরিসমাপ্তির অপ্রত্যাশিত

আকিম্মিকতায় 'অরণা' ছোটগল্লের ক্ষেত্রে শুধু অচিন্তাকুমারেরই নয়, সমগ্র বাংলা সাহিত্যেরই সম্পদ।

'ধরন্তরি' গল্পে বিত্ত ও স্বাস্থাবান ডাক্তার আর সম্বলহীন তুরারোগ্য-ব্যাধিগ্রস্ত রোগী। ডাক্তার তরুণ, খণ্ডরের প্রসাতেই ডিসপেন্সারি, ল্যাবরেটরি, আর গাডি-বাড়ি সবকিছ। স্বচ্ছকান্তি অভিনবযৌবনা অভিযানিনী স্ত্রী। মদকলকজনে নিরাবেগ দিনরাত্রিগুলি অতিবাহিত হয়। রোগী নিমবিত্ত কেরানি। সংসারে তিনটি প্রাণী, স্বামী স্ত্রী আর তাদের প্রেম-কামনা-বার্থতার প্রতিনিধি একটি শিল্প। বাসর-রাত্রির স্থামদিরতায় স্থীর নাম দিয়েছিল শিপ্রা। অস্তুম্ব শিশুর যথাযোগ্য ব্যবস্থা করতে অপারগ বলে সেই স্ত্রী অন্তযোগ করছে. 'ছেলেকে পথ্য দিতে পারবে না তবে বিয়ে করেছিলে কেন ?' নিজের চিকিৎসার টাকা ছেলের অস্ত্রথে নিংশেষ করেও তাকে বাঁচানো গেল না। রিক্তহন্তে রোগী হাজির হল ডাক্তারের কাছে। শেষ ভিক্ষা তার। বেঁচে থাকার জত্তে নয়, মরবার জত্তে এমন একটা अयुध ठाठे, या मस्तारितना रशरप छत्न मकानरितना आत पूम रथरक উঠতে হয় না। কত ছাথে এই মৃত্যুকামনা। কিন্তু কতটুকুই বা তারা চায় ? ভাগুটিকে থাকার, ভাগু বুক ভারে নিখাস নেবার সহজ ও সাধারণ আনন্দট্র । মমতাহীন ডাক্তারের অকস্মাৎ রাসায়নিক পরিবর্তন হল। বিচলিত চিত্তে ল্যাবরেটরিতে বদে তার কেবলই মনে হতে লাগল, তুথানি ব্যাধিজীর্ণ তুর্বল হাত তার দিকে কে প্রদারিত करत मिरग्रट्ड, रघालारिं पूर्वे राहारथ कि विवर्ग रवमना ; जारक वलर्ड : আপনার কাছে আমি আমার জীবন ভিক্ষা করছি—আপনি বিধাতার চেয়েও বড। রইল পড়ে ডাক্তারের সম্ভোগবিলাসের বিহ্বলতা। সর্ব-শক্তি প্রয়োগ করে সে ব্যাধিতকে প্রাণবন্ত করে তোলার সাধনা গ্রহণ করল। কিন্তু বুথাই তার চেষ্টা। রোগীকে কিছুতেই বাঁচানো গেল না। এ গল্পে স্বাস্থ্য আর বিত্তের অজস্রতার বৈপরীতো ব্যাধি আর দারিদ্রের নগ্ন ও বীভংস চিত্রটি লিপিকুশলতায় উজ্জ্বলতা পেয়েছে; কিন্তু ডাক্তারের মানস-পরিবর্তন এবং তার অন্থিম বার্থতাবোধই গল্পের মুখ্য উপজীব্য।

'কল্লোল-যুণে'র ইতিকথা রচনায় অচিস্কার্মার বলেছেন, 'আদর্শবাদী যুবক প্রতিকৃল জীবনের প্রতিঘাতে নির্বারিত হচ্ছে—এই যন্ত্রণাটা সে যুগের যন্ত্রণা।' এই অন্তভবের ওপর ভিত্তি করেই 'রুদ্রের আবির্ভাব' গল্লটিও রচিত। কূলগ্রামী নদীর ভাঙনই 'রুদ্রের আবির্ভাবে'র আলম্বন। স্বভাবতই নদীর বর্ণনায় কবিত্বের গভীর স্পর্শ লেগেছে:

দুরে চাছিলে মনে হছ, একটা ফিনফিনে সাদা সিজের আঁচল হাঁপাইয়া কে যেন সাঁতার কাটিভেছে—থালি পাড়ের কাছেই তাহার দিগ্বসনা রাক্ষণামূতি!
এই নদীরই তীরে পল্লীর কোলে নাঁড় রচনা করতে চেয়েছিল এক আদর্শবাদী তরুণ দম্পতি। নারী তার প্রাণপণ শক্তিতে স্ষ্টের কাজে ময়; আর নদী তার সর্বনাশা মৃতিতে ধ্বংসের তাণ্ডবে উন্মত্ত।
প্রতিদ্বন্দিতায় ধ্বংসের কাছে স্ষ্টের ঘটল পরাজয়। নদীর কাছে নারী হল পরাজিত। তার বহুসাধের বহুস্বপ্রের আশ্রম নদীগর্ভে হল নিমজ্জিত। সেই নিমজ্জন-দুশ্রের বর্ণনা অপূর্ব কবিত্মন্তিত—

বড় বড় ছবি, কৌচ-টেবিল চেযার-আলমারি, বাদন-কোদন, খেলনা-পত্র, বিম-বরগা, ইটকাঠ, জানালা-দরজা— সব যেন এক সঙ্গে কানের কাছে আর্তনাদ করিয়৷ উঠিল।
দমস্ত কিছুর যেন প্রাণ আছে, তুঃখ অনুভব করিবার তীব্র ক্ষমতা আছে—আর আছে
মৃত্যুর আক্রমণে আমাদেরই মত কঠিন পরায়ুখতা। কিছুতেই আশ্রয় ছাড়িবে না, মাটি
আঁকড়াইয়৷ পড়িয়৷ থাকিবে, দাধামত সংগ্রাম করিবে, বাধা দিবে, আর্তনাদ করিবে।
সহজে হার মানিবে না। বেগের সঙ্গে বস্তুর সেই অপ্রপণ যুদ্ধ দেখিতে দেখিতে সায়া
দেহে ভয় ও বিশ্বয়ের রোমাঞ্চ ইউতে লাগিল।

বেগের সঙ্গে বস্তর যুদ্ধ আর ত্রনিবার কালস্রোতের সঙ্গে মান্থ্যের বেঁচে-থাকার সংগ্রাম তো একই। তাই নদীর গ্রাম থেকে রক্ষা পেলেও কালের গ্রাম থেকে নিস্তার নেই,—এই অন্তভূতির মধ্যেই গল্পটি সমাপ্ত হয়েছে। বিজ্ঞান-বিশ্বত এ যুগের যে জীবনোপলন্ধি রবীন্দ্রনাথের 'বলাকা' কাব্যগ্রন্থে গতিবাদের স্পৃষ্টি করেছে, তারই সার্থক গল্পক্ষণ অচিন্ত্যকুমারের 'ক্লন্তের আবির্ভাব'। এ গল্পে কাব্য ও কথাশিল্পের রাখিবন্ধনে জীবনরহন্ত বাণীবিগ্রহ লাভ করেছে।

'অমর কবিতা' গল্পে কবিত্ব আর মনন্তত্ত্বের মণিকাঞ্চনযোগ। প্রথম ও একমাত্র শিশুক্রার মৃত্যুতে শোকাভিভূত জননীর আবেগাতিশযা,

তার পরিণাম ও তার স্বরূপসন্ধান এ গল্পের উপজীবা। সন্তানের মৃত্যুতে জননী অকমাৎ কবি হয়ে উঠল। নিজের নাম বানান করতে পর্যস্ত সে হোঁচট থেত, সে তার ক্যার মৃত্যুর ওপর এক প্রকাণ্ড শোক-গাথা রচনা করলে। স্নেহের তুলালীকে সে মৃত্যুর অন্ধকারে হারিয়ে যেতে দেবে না, ভালবাদার মধ্যে বাঁচিয়ে রাখবে তাকে, অমর করে রাথবে শিল্পের মাধ্যমে। কিন্তু তার কবিতার মূল্য কেউ বুঝল না; তবু তার চেষ্টার ত্রুটি নেই। দেয়ালে দেয়ালে সে থুকির ছবি এঁকে রাথল, একতাল কাদা দিয়ে তার মৃতি রচনার আয়োজন করল। সজ্ঞানে সে কিছুতেই বিশ্বাস করবে না যে, ভার থুকি নেই। একটা পুতুলকেই খুকির স্থানে প্রতিষ্ঠা করে ঘুমের মধ্যে বার বার উঠে সে পুতুলের কাঁথা বদলায়, সময়মত রোজ স্নান করায় লুকিয়ে, নিজের থাবার সময় তাকে কোলে নিয়ে বসে। কিন্তু তার সন্তানশোকের এই আত্যন্তিকতা ক্রমশই আত্মীয়-পরিজনের উপহাদের বিষয় হয়ে উঠল। শাশুড়ী তাকে বাঙ্গেও ভর্মনায় জর্জরিত করে তুললেন, স্বামী পর্যন্ত শেষটায় শ্লেষে, কটু ক্তিতে নিষ্ঠুর হয়ে উঠল। অবশেষে এই উৎকেন্দ্রিক তার যা অবশ্রস্তাবী পরিণাম তাই হল। সে পাগল হয়ে গেল! শোকের সমন্ত সাজসজ্জা সে विमर्जन मिला। ছিँ ए एक तला (मश्रालित मन ছবি। পুড়িয়ে দিলে কবিতাটা। পুতুলটাকে ভেঙে টুকরো টুকরো করে ফেললে। একতাল কাদা দিয়ে একদিন সে থুকির মূর্তি গডবার কল্পনা করেছিল, দেখা গেল, তাতে সে নিজেরই মৃতি তৈরি করে বসেছে।

ফ্রমেডীয় অবচেতনবাদের ভিত্তিতে এই কুয়াসাচ্চন্ন জীবনরহস্থের জটিল গ্রন্থিমোচন করলে দেখা যাবে যে, কন্থা সম্পর্কে জননীর কোনো অপরাধবোধ বা পাপচেতনা তার অবচেতনলোকে ছিল বলেই সন্থানের মৃত্যুকে অস্বীকার করবার জন্মে তার সজ্ঞান মনে এত উৎকণ্ঠা। হয়ত সে অবচেতন মনে কন্থার মৃত্যুই কামনা করেছে, অথবা এও হতে পারে, কন্থা সম্পর্কে সে ইর্ষাপরায়ণা ছিল। যাই হোক, শিল্পের মাধ্যমে বাসনার পরিশুদ্ধকরণের দ্বারা সে মৃক্তির সন্ধান করেছে। কিন্তু সার্বভৌম প্রতিকৃশতা এই মৃক্তির পথরোধ করে দাঁড়াবার ফলে ঘটল তার চেতন

মনের পরাজয়। তথন অবচেতন মনের শ্বরপপ্রকাশের আর কোনো
অন্তরায় নেই। দেখা গেল খুকির মৃতিরচনার সচেতন বাসনা আসলে
নিজেরই মৃতিরচনার ছল্মবেশমাত্র। সস্তান-বাৎসল্য আত্মরতিরই
নামান্তর। যে মাতৃত্ব চিরকাল অমর কবিতার বিষয়বস্ত হয়েছে,
মনঃসমীক্ষণের দৌলতে তার এই নিরাবরণ নয়রূপের আবিদ্ধার এয়ুগের
জীবনবোধে ট্রাজেডির নতুন উপাদান রচনা করেছে। মান্ত্রয় তার
নিজেরই অবচেতন মনের কাছে কত অসহায়; তার আচার-আচরণ,
তার ভাবনা-কল্পনা তার অজ্ঞাত বাসনার কাছে কত অকিঞ্চিৎকর—
এই উপলব্ধির মধ্যে গল্পের ট্রাজিক-পরিণাম সহদয়-হৢদয়-সংবেত হয়ে
উঠেছে।

¢

অচিন্তাকুমারের সাহিত্যকৃষ্টির আমরা যাকে দ্বিতীয় যুগ বলেছি তার মধ্যে বান্তবতার ভিত্তি আরো স্থদৃত হয়েছে। কাল্লনিকতার চেয়ে প্রত্যক্ষ অভিজ্ঞতা গল্লকে আমাদের পরিচিত জগতের আরো কাছে এনে পৌছে দিয়েছে। কবিকর্মের চেয়ে ক্ষেষ্টির্মই বড় হয়ে উঠেছে এখানে। 'অমর কবিতা'র সঙ্গে 'ন যথৌ ন তন্থৌ 'গল্লটির তুলনা করলে এই পরিবর্তন স্পষ্ট হয়ে উঠবে। এখানেও মাতৃত্বেরই কথা। কিন্তু এ মাতৃত্ব দৈনন্দিন জীবনের অতি-পরিচিত পরিবেশের মধ্যে তার সহজ রূপেই উদ্ভাসিত। দরিন্দ্র সংসারের বি-এ পাস বেকার ছেলে। যা-হোক-একটা চাকরি সংগ্রহের জন্মে প্রায় স্বর্গ-মর্ত্য দুঁড়ে বেড়াচ্ছে। অকস্মাৎ এল প্রত্যাশিত শুভমুহুর্ত। টেলিগ্রামে খবর এল, দিনাজপুর ডিক্ট্রক্টিবোর্ডের কেরানির চাকরিতে সে নিযুক্ত হয়েছে। পঞ্চাশ টাকায় শুক্ষ, বছরে তু টাকা করে বেড়ে চুয়ান্তর টাকায় শেষ। কিন্তু অর্থের পরিমাণটা এখানে নিতান্তাই তুচ্ছ। বেকারত্বের শাপমুক্তি হল, এই তো সবচেয়ে বড় কথা! বেকার-সমস্যা-নিম্পেষিত দরিন্ত্র্যরে একটি চাকরি-পাওয়ার সংবাদ বে কি আলোড়ন কৃষ্টে করতে

(*)

পারে গল্পটি তারই পুঝারুপুঝ বর্ণনা। থোকার চাকরি হয়েছে, মার আহলাদে আটথানা হবার কথা। এত বড় গৌরবের সংবাদটা দশজনকে দশথানা করে না বলতে পারলে তৃপ্তি কোথায়! যে-ঘাই ठाहा कक्रक, भाका वाष्ट्रि श्रद देव कि ! त्राज्ञनच्यी दवी घरत चामरव। দেখতে-দেখতে পায়ের তলায় কাঁচা-মাটি সোনা হয়ে উঠবে। কিন্ত চাকরিতে যে সঙ্গে-সঙ্গেই যোগদান করা চাই ৷ টেলিগ্রাম এসেছে সকালের দিকে, রাতের ট্রেনেই রওনা হতে হবে। থোকা চলে যাবে দূরে—নির্বান্ধব অপরিচিত জায়গায়। মার মনে হুর্ভাবনারও শেষ নেই। কিন্তু শেষ পর্যন্ত সেদিন আর থোকার যাওয়াই হল না। টেনের সময় দিয়েছে এগিয়ে। স্টেশনে গিয়ে ট্রেন ফেল করে বাডি ফিরতে হল তাকে। মা আর্তনাদ করে উঠলেন, চাকরিটা তা হলে গেল।—যাবে কেন, পরের দিন রওনা হলেই হবে। কিন্তু মার মনে তাতে স্বস্তি নেই। ওদিকে স্টেশন থেকে ফিরে আসতে বুষ্টিতে ছেলের জামা-কাপড় ভিজে গেছে, দেদিকে তার জ্রম্পেও নেই। ছেলেকেই মুগ ফুটে বলতে হল, 'তুমি এখন আমাকে একখানা ভকনো কাপড় দাও দিকি। বেশিক্ষণ ভিজে কাপড়ে থাকলে অস্থুও করবে।' সে কথাও সম্পূর্ণ উপেক্ষা করেই মা বললেন, 'আর কোনো ট্রেনে অন্ত রান্তা দিয়ে আজই যাওয়া যায় না?' মাতৃ-মনস্তত্ত্বের দিগ্দর্শন এতক্ষণে সম্পূর্ণ হল। মার কাছেও পুত্রের জন্মেই পুত্র প্রিয় নয়, বিত্তের জন্মেই পুত্র প্রিয়। চাকরির মূলোই সম্ভানের মূল্য ! প্রচলিত ভাবাদর্শের ভিত্তিমূলে বাস্তবতার রূঢ় আঘাত যতই নিষ্ঠুর হোক, সত্যকে অনাবৃত করে দেখার যুগচেতনাই এ গল্পে ভাষা পেয়েছে।

বাস্তবতার আঘাতে মাহুষের স্বপ্নভক্ষের ট্রাজেডির আরেকটি
সার্থক উদাহরণ 'তিরশ্চী' গল্পটি। কালো কুংদিত মেয়ে স্থমিতা।
কালো বলেই বিয়ের আলাপ কনে-দেখা পর্বে এসে বার-বার ভেঙে
যায়। আর সে স্থযোগে স্থমিতা তার কুমারী-হৃদয়ের নিভৃতচারী
প্রেমকে বাঁচিয়ে রেখে প্রিয়মিলনের শুভদিনের প্রতীক্ষা করে।
কিন্তু অঘটন ঘটাল মোটা-মাইনের উচ্চশিক্ষিত এক যুবক। সে

তাকে পছন্দ করে বদল। বাধা হয়েই স্থমিতা পাকা-দেথার আগে তাকে এক চিঠি লিখলে, এ বিপদ থেকে মৃক্তির প্রার্থনা করে। 'আমার এ অসহায় প্রেমকে আপনি মার্জনা করুন। একজন বন্দিনী মেয়ে আপনার কাছে তার প্রেমের পরমায় ভিক্ষা করছে।' আদর্শনিষ্ঠ যুবকের কাছে শ্রদ্ধা পেল দে। মৃক্তিও পেল। কিন্তু বান্তবের স্থূলহস্তাবলেপ থেকে কি মৃক্তি আছে মানুষের! তিন বৎসর পরে সেই যুবকের সঙ্গে আবার সাক্ষাৎ হল স্থমিতার। যুবকটি তথন হাকিম। আর তারই সেরেন্ডাদারের অধীন কেরানি পশুপতির শ্রী হয়েছে স্থমিতা। পশুপতি চুরির অপরাধে ধরা পড়েছে। স্থমিতা এসেছে হাকিমের কাছে স্বামীর হয়ে ক্ষমাপ্রার্থনা করতে। নিয়তির এই নির্মম পরিহাদে চমকে যাবারই কথা। প্রিয়মিলনের প্রতীক্ষা স্থমিতার ব্যর্থ হয়েছে। স্বার্থপর পশুপতি অর্থের লোভে তাকে পছন্দ করেছিল। চিঠি লিখেও তাকে নিবারিত করা যায় নি। কিন্তু স্থমিতার এই চরম পরাজয়েও আজ হাকিমের মনে কোনোই করুণার উদ্রেক হল না। তার অব্যক্ত বেদনাকে বুকের মধ্যে নিরুদ্ধ রেথেই ব্যর্থ হয়ে ফিরে থেতে হল স্থমিতাকে। হাকিমের এই ক্ষমালেশহীন নির্মম আচরণ স্বমিতার পরাজিত জীবনের অসহায়তাকে আরো করুণ করে তলেছে।

'তিরশ্চী' গল্পে স্থমিতার জীবনের বিফলতাস্থির মূলে সমাজশক্তির ক্রিয়া প্রচ্ছর। তার ভীরুপ্রেম সমাজের সামনে দাঁড়াতেই সাহস পায় নি। কিন্তু 'হরেন্দ্র' গল্পে ব্যক্তিজীবনের তৃঃখরচনায় সামাজিকতার প্রভাব প্রত্যক্ষ। হরেন্দ্র আটিত্রিশ বংসর বয়স পর্যন্ত দেহকে উপবাসী রেখে শিরঃপীড়ায় বিনিদ্র রজনী যাপন করে। সন্ন্যাসী বাওয়ালির মেয়ে বেগুনিকে বিয়ে করে সে শিরঃপীড়ার হাত থেকে মুক্তি পেতে পারে; কিন্তু তার জন্মে ছুকুড়ি টাকা ক্যাপণ চাই। হরেন্দ্র সাধ্য নেই সে টাকা সংগ্রহ করে; স্থতরাং তার বিয়েরও কোনো সম্ভাবনা নেই। বেগুনির বাপের কাছে কোনো ওকালতিই খাটল না। বিনাপণে মেয়ের বিয়ে দিয়ে সে জাতজন্ম খুইয়ে সমাজের বার হয়ে যেতে

পারবে না। তার চেয়ে মেয়ের বিয়ে না হয় না-ই হবে। হলও তাই।
পিতৃগৃহ থেকে বেগুনি অপস্কতা হল। নারীহরণ-মামলার নিম্পত্তির
পরে বাপ তাকে কিছুতেই ফিরিয়ে নিলে না। সে আশ্রয় পেল এক
সন্ত্যাসীর অবলা-আশ্রমে। হরেন্দ্রর কিন্তু আপত্তি নেই, সে বেগুনিকে
বিয়ে করতে সানন্দে প্রস্তুত। কিন্তু এবারও তাদের মিলনের বিরুদ্ধে
দাঁড়াল সমাজ। হরেন্দ্রর বাপ-ভাই সবাই এর বিরুদ্ধে। পাড়াপ্রতিবেশী,
জ্ঞাতি-কুটুদ, স্ক্রাতি-বিজ্ঞাতি স্বাই। জমিদারের লোক পর্যন্ত থাপ্রা—
বলে, ভিটে-মাটি উচ্ছন্ন করে দেবে। সন্ত্যাসী বাওয়ালি শাসিয়ে বেড়াচ্ছে
—বেগুনি বদি ফের গাঁয়ে ঢোকে, কেটে কুচি-কুচি করে শেয়ালের ম্থে
ধরে দিয়ে আসবে। কাজেই হরেন্দ্রর বৃভুক্ষ্ উপবাসী জীবনের নিরুপায়
যন্ত্রণার অবসান আর কিছুতেই হল না। অচিন্তারুমারের গল্পে
ব্যক্তিজীবনের স্বথভ্ঃখ-রচনায় স্মাজশক্তি বরাবরই নেপথ্যচারী।
'হরেন্দ্র' গল্পটি তার উল্লেখযোগ্য ব্যতিক্রম।

'ছুরি' গল্পের বিষয়বস্ত দেবতারও অজ্ঞাত স্তিয়াশ্চরিত্রম্। নায়ক মফস্বল শহরের সরকারী চাকুরে। অবিবাহিত। তার স্বৈরাচারী স্বপ্নে মনে হয়, বিয়ে য়েই করলুম অমনি বিস্তীর্ণ পৃথিবী একটা তক্তপোশ হয়ে উঠল, আর প্রকাণ্ড আকাশটা হয়ে দাঁড়াল একটা মশারি। য়ে-কোনো কুমারীকে য়ে-কোনো মৃহুর্তে বিয়ে করতে পারি, এই য়ে একটা দিগস্ত-বিস্তৃত স্বথ এটা তার কাছে পুরাকালের বহুপত্নীত্বের চেয়েও রোমাঞ্চকর। চাকরিটি শহর থেকে শহরান্তরে ঘন-ঘন বদলি হবার। বহুস্থানে মেয়ে-দেখে-বেড়ানোর স্বযোগও তাই অবারিত। এমন কি, প্রশন্ত রাস্তাটি য়িদ তার মনঃপুত না হয় সেই জল্ফে অনেক মেয়ে অন্ধকার সংকীর্ণ পথে তার অস্থঃপুরে প্রবেশ করতে চেয়েছে। অবিশ্রি তাদের মায়েদের মত নিয়ে। অবশেষে বিধাতার চক্রান্তে এমন এক জায়গায় সে বদলি হল য়েথানে দিনে-রাতে ঘুণাক্ষরে একটা তর্জণীর দেহরেথা পর্যন্ত চোথে পড়ে না। চাকরি-জীবন ছর্বহ হয়ে উঠল। এমনি দিনে সাক্ষাৎ পেল গৌরীয়ার। হিন্দুস্থানি মেয়ে। বয়স আঠারো থেকে বাইশের মধ্যে। গায়ে পীড়াদায়ক আঁট একটা কাঁচলি, শাদার উপরে

কালোর ছাপ-তোলা ফুরফুরে পাতলা একটা শাড়ি পরনে। তার তম্বদেহের উপমায় রজনীগন্ধার পুষ্পদণ্ড কিংবা রোদ্রঝলকিত নিষ্কাশিত তলোয়ারের উপমানও হার মানে। কটাক্ষ-কুটিল কালো ছটি আয়ত চোথ তুলে সে নায়কের চিত্তবিভ্রম ঘটালে। ছোট-শহরের বড়-সাহেবের মনে হল, গৌরীয়া সহজ্পাপণীয়া। ইচ্ছে হল নির্জন রাতে অন্ধকার বাওলোয় তাকে অভিসারিণী করে আনেন। অগত্যা নিজেই অভিসারী হলেন। কিন্তু গৌরীয়ার চারদিকে তার ব্যক্তিবের হর্ভেগ্ন প্রাচীর উচ্ হয়ে আছে। সেথানে প্রবেশের ক্ষমতা বড়সাহেবেরও নেই। সে আকর্ষণ করে, কিন্তু ধরা দেয় না। গৌরীয়া নিজের সম্পর্কে এবং আকর্ষণের বস্তু সম্পর্কেও সচেতন। তাই বালিশের তলায় প্রকাণ্ড একটা ছুরি তার শ্যার নিত্যদঙ্গী। কিন্তু এই ছুরির প্রয়োজনীয়তাইতো তার **আত্মদৌর্বল্যের প্রমাণ**় গৌরীয়ার কাছে প্রতিহত হয়ে ব্যর্থকাম বড়সাহেবকে অপমানে শহর ছেড়ে পালাতে হল। বিদায়-মুহুর্তে ছুরির প্রয়োজন আর গৌরীয়ার নেই। পথের পাশে দাঁডিয়ে দে প্রথম এবং শেষবারের মত অল্প একটুথানি হাসি দিয়ে প্রত্যাখ্যাত নায়ককে সম্ভাষণ জানাল। সে হাসি ভোরবেলাটির মতই বিষাদে নির্মল, বিরহে সক্ষণ। তুঃথকে, ক্ষতিকে, অপরিদীম শুক্ততাকে সামাক্ত হাসি দিয়ে ফুটিয়ে তুলভে হবে, এমন যদি কোনো পরীক্ষা থাকে সংসারে, তবে সেই পরীক্ষায় গৌরীয়া উত্তীর্ণ হয়েছে। কথাসাহিত্য-জগতের অসংখ্য নরনারীর ভিডের মধ্যেও এই রহস্থময়ী নারীটিকে ভোলবার উপায় নেই।

'তিরশ্চী' 'হরেন্দ্র' ও 'ছুরি' গল্পে মফস্বলের বড়সাহেব ছোটসাহেবদের পরিচয় আভাসে-ইঙ্গিতে পাওয়া যায়। কিন্তু তাঁদের স্বরূপ প্রকাশিত হয়েছে 'অকারণ' গল্পে। শুধু সাহেবরাই নন, তাঁদের মেমেরাও আছেন। ঈর্ষা দলাদলি আর পারস্পরিক গুরপ্র্যায়ে আপেক্ষিক আভিজাত্যবাধের কম্প্লেক্স নিয়ে এঁদের বিচিত্র জীবন। মফস্বলের অভিজাতপাড়ায় চলনে-বলনে ভব্যতার ম্থোসপরা এক অন্তুত সমাজের জীব এঁরা। আধুনিক কথাসাহিত্যে এঁদের চরিত্রচিত্রণে অচিস্তাকুমার অদ্বিতীয় নৈপুণ্য প্রকাশ করেছেন। 'অকারণ' গল্পে দাস-সাহেবের সঙ্গে রায়-গৃহিণী সর্বাণীর মেলামেশাই কুৎসাম্থর কল-গুঞ্জনের স্থা করেছে। এঁদের উল্লাসিকতার ম্থোস খুলে ধরতে লেথকের বক্রোক্তি ক্রধার। কিন্তু শুধু উপহাস-রিসকতাই নয়, মনস্তত্ত্বের গভীরতায়ও শিল্পীর দৃষ্টি ডুব দিয়েছে। দাসসাহেব আর সর্বাণীর মেলামেশা নিয়ে কুৎসা-রটনা কি নিতান্তই অকারণ ? সর্বাণীর অভিযোগের ফলে দাস-সাহেবের চক্রান্তে যে ভোজবাজি হয়ে গেল, তারই অন্তিম দৃশ্রে সর্বাণীদের বিদায়লয়ে মনের লুকোচ্রি থেলার স্বরূপ ধরা পড়েছে। সর্বাণীদের বিদায়লয়ে মনের লুকোচ্রি থেলার স্বরূপ ধরা পড়েছে। সর্বাণীদের তিচ্চতর পদে অন্তত্ত বদলি হয়ে যাচ্ছে, স্থতরাং এখন দাস-সাহেবের অন্তরঙ্গতা তার অনভিপ্রেত। তাই তুপুরে দাস-সাহেব যখন সর্বাণীদের গৃহে তার সঙ্গে দেখা করতে গেলেন তখন সে স্প্র্ট ভাষায়ই জানিয়ে দিলে, স্বামীর অন্তুপস্থিতিতে কোনো গ্রীবন্ধুর সঙ্গে দেখা করাটা সে শিষ্টাচার মনে করে না। দাস যেন ত্রেবেধ ধাঁধা দেখলেন। তাঁর এতদিনের আচার-আচরণ একমুহুর্তে সম্পূর্ণ অনার্ত হতে দেখে তিনি ক্লম্ব আক্রোশে পশ্চাদপদরণ করলেন। দাস-সাহেবের চরিত্র-চিত্রণে লেথকের পরিমিতিবোধ স্ক্ল্ম কারুকার্যে সফলতাপেরছে।

মফস্বলের আদালতের বর্ণাঢ্য চিত্রটি 'সাক্ষী' গল্পে স্থপরিক্ষৃট।
মামলাবাজ ষষ্ঠা ভট্টাচার্যের মিথ্যা মামলার সাক্ষ্য দিতে এসেছে হুলঁভ প্রামাণিক। সে ভাল করেই জানে তার সাক্ষ্যের উপরই ভট্টাচার্যের মামলার ভবিশ্বং। স্থতরাং এই স্থযোগে ভট্টাচার্যের কাছ থেকে সে যা-পারে আদায় করে নিচ্ছে। কিন্তু হুলঁভ প্রামাণিককেও বোকা বানাবার মত উকিলের অভাব নেই আদালতে। কাজেই ভটচাজ মশাই যথন হুলঁভের মনস্তুষ্টির জন্মের রিঙ্কি চাদর সংগ্রহে বাস্ত তখন সাক্ষ্যির কাঠগড়ায় দাঁড়িয়ে বিপক্ষের ধৃত্ত উকিলের জেরায় হুলঁভ মামলার দফা শেষ করে দিয়েছে। হুল্ভ-চরিত্রটি সাহিত্যে হুল্ভ। কিন্তু আদালত-জীবনে এঁরা নিত্যলীলারসিক। অচিন্ত্যকুমার আদালতের প্রতিদিনের কাহিনীকে চিরদিনের ভাষায় গ্রথিত করে রাথলেন। আদালতের সাক্ষ্য নিয়ে কমলাকান্তের জবানবন্দী বাংলা সাহিত্যে অমর হয়ে আছে। হুল্ভের সাক্ষ্যও এদিক দিয়ে বাংলা সাহিত্যের নতুন সম্পদ হয়ে রইল।

'বৃত্তশেষ' গল্পে মফস্বল-জীবনের মাৎস্তুত্তায় পূর্ণাঙ্গতা পেয়েছে। ক্ষেত্র হুয়ারী আর মনোরথ এককালে শরিক ছিল। কিন্তু মনোরথ বেদিন আদালতের পেয়াদা-বাবু হয়ে ক্ষেত্রর নামে ডিক্রি জারিতে এল দেদিন দে ধেন নবাব-নাজিম। ক্ষেত্রর কাকুতি-মিনতি দে कारनहे राजाल ना। किन्नु अहे मरनातथहे आवात नाजितवातूत कारह একেবারে কেঁচো! তেমনি নাজিরবাবুরও আছেন ক্ষীরোদ হাকিম। शकिरमञ्ज शकिम मस्त्रिमांत्र मारश्य। এककारन मश्योठी शरन कि श्टर. এथन मुख्यांत मार्टर अथलन शांकियरक हिनर्लंडे हान ना। কিন্তু দন্তিদার সাহেবকেও উজির সাহেবের নিকট দন্তবরদারের মত হাত কচলাতে হয়! উজির ভূতনাথ দেবনাথ এককালে উকিল ছিলেন, দস্তিদার একবার তাঁকে তাঁর কোর্ট থেকে বের করে দিয়েছিলেন। তারই প্রতিশোধ নিচ্ছেন ভূতনাথ দন্তিদারকে চোধ বাঙিয়ে। কিন্তু চক্রপরিক্রমা এখানেই সমাধ্য হয় নি। ধেখানে শুক্র সেখানেই বুত্ত শেষ হল। ক্ষেত্র হুয়ারীর দ্বারে গিয়ে ভূতনাধ দেবনাথকে ধলা দিতে হল। ভোট চাই এবং তারই জন্মে রাজা-উজির সবাই অবশেষে ক্ষেত্র হয়ারীর করুণার ভিথারী। ভতনাথের প্রতীক হচ্ছে কান্তে, দেই স্থবাদে তিনি ক্ষেত্রর আত্মীয়তা দাবি করছেন। ক্ষেত্র মাথা নাড়ে, মুথ টিপে টিপে হাদে; আরু বেডার গায়ে গোঁজা কান্তের দিকে তাকায়। এ গল্পের পরিণতি অচিন্তাকুমারের শিল্পজীবনেও তাৎপর্যবান। যে গভীর বার্থতাবোধের মধ্যে তিনি সাহিতাজীবন আরম্ভ করেছিলেন এথানে এসে তা যেন নতুন ভরসায় সন্দীপিত হয়ে উঠেছে।

Ŀ

অচিন্ত্যকুমারের সাহিত্যসাধনা তাই তৃতীয় পর্বে জনসাধারণের
দারপ্রান্তে এদে বৃহত্তর জীবনোপলন্ধির আনন্দে মৃক্তির স্বাদ পেয়েছে।
কারণ জনজীবনের মধ্যেই এযুগের শিল্পিমানদের স্বচেয়ে বড় ভ্রসা।

ষ্পবশ্ব সমষ্টিবন্ধ মান্থবের সামগ্রিক জীবন নিয়ে মহাকাব্য রচনার প্রেরণা তাঁর নয়। ব্যক্তিজীবনের মনের গহনেই তাঁর শিল্পের সীমাহীন সামাজ্য। এবং সেথানেও স্ববেচতনবাদী ফ্রমেডের স্ত্র ধরে মান্থবের মধ্যে কেবল পশুকেই খুঁজে বেড়ানোর দৃষ্টিভঙ্গি থেকে তিনি মৃক্ত হয়েছেন। তাই তাঁর সাম্প্রতিক রচনা দরিদ্র মান্থবের চরম তৃঃবের কথা বলতে গিয়েও প্রাণপ্রাচুর্থে চিরসঞ্জীবিত।

পঞ্চাশের মন্বন্তর এবং তৎপরবর্তী বাংলার জনমানবের ছ:খ-তুর্গতির ছবিই বিশেষভাবে রূপ পেয়েছে এযুগের রচনায়। 'কালনাগ', 'বস্ত্র', 'বাঁশবাজি'তে মন্বন্ধরের পটভমি ও প্রভাব প্রত্যক্ষ। 'কালমাগ' গল্পে মন্তন্ত্রে অনশনক্রিষ্ট নিয়মধাবিত সংসারের সর্বহার। দীনতার চিত্র। ইস্কুলমাস্টার ভবতোষ, তার স্ত্রী আর তিনটি অসহায় ছেলেমেয়ে নিয়ে সংসার। আত্মহত্যা ছাডা পরাজ্ম-মোচনের আর কোনো উপায়ই চোধে পড়ে না। আত্মহত্যার সংকল্প নিয়েই ঘুমিয়েছিল ভবতোষ। ভোরে ঘুম ভেঙে দেখে স্ত্ৰী স্থধা ঘরে নেই। তবে স্থধাই কি আগে তাকে ফাঁকি দিয়ে আতাহত্যা করে বাঁচল ? ভবতোষ পাগলের মত চারদিক খোঁজে। শেষটায় গঙ্গার ঘাটেই গেল স্থার মৃতদেহের সন্ধানে। এমি ভাবে ছটফট করে উৎকণ্ঠায় সারাদিন কাটাবার পর প্রায় সন্ধার সময় স্থা ফিরল অপরূপ বেশে। বন্তির ঝিএর মত তার বেশভ্যা, হাতে ত্বের চাল। ভোরে ঘুম থেকে উঠেই কণ্ট্রোলের দোকানে গিয়েছিল চাল সংগ্রহে। আর ঝিনা সাজলে কি দাঁড়ানো যায় কণ্টোলের লাইনে ? কিন্তু স্থার প্রায় পিছনে-পিছনেই এদে উপস্থিত চিনে-সিক্ষের ছেড়া-পাঞ্জাবি-পরা এক আধবয়দী ভদ্রলোক। স্থধার সন্ধানে সে এসেছে। তাকে দেখেই ভবতোষের মনে আদিম সন্দেহ কুটিল কালনাগের মত উত্ততফণায় হিংল্র হয়ে উঠল। আরো বিশ্মিত হল তার প্রতি স্থধার মমত্বোধের পরিচয় পেয়ে। তাকে ফিরিয়ে দেওয়া হয়েছে জেনে স্থধাকে আক্ষেপ করতে দেখে ভবতোষের কণ্ঠে কালনাগের তীব্ৰ বিষ উচ্ছলিত হয়ে উঠল কুংদিত কটাক্ষে,—'না, তাকে আমার খাট ছেড়ে দিতে হবে।' কিন্তু স্থা যখন কণ্ট্যোলের লাইনে চারদিনের উপোদের পর চাল সংগ্রহ করতে এসে ভদলোকের বার্থতা ও ভেঙেপড়ার কথা বর্ণনা করে বললে যে, দে-ই তাকে দয়াপরবশ হয়ে চারটি
ভাত থেতে দেবার জন্মে ডেকে এনেছে, তথন ভবতোষ তার
বিষের জালায় নিজেই জর্জরিত না হয়ে পারল না। অকারণ-সন্দেহবিষের পরিমোক্ষণ-বর্ণনাটি ব্যঞ্জনাময়: 'আন্তে আন্তে একটা তীর ঘন
উগ্র গন্ধ ভবতোষকে আছের করতে লাগল। যেন তার নিশাস বন্ধ
হয়ে যাবে এখুনি। চোপ ঠিকরে বেরিয়ে পড়বে।' বান্তবামুগ জীবন
ও মনের বিচিত্রলীলা-বর্ণনায় অচিন্তাকুমার স্ক্রকর্মে কত পারংগম,
"কালনাগ' তার সার্থক নিদর্শন।

'বস্ত্র' গল্পটিও মল্বন্তবের আবেকটি শাশান-চিত্র। বুড়ো ছাদেম मिक्ति। अञ्चलस्य (भर्य-भक्तत व्र्ध क्राय त्नारकत वाष्ट्रि स्थाभान निक। সংসারে ছাদেমের পরিবার আর তার বিধবা পুত্রবধু। বস্ত্রাভাবে मञामभार जत मञ्ज्यीन रुख्या यात्र ना वरलरे हारमरमत जीविका वस रल। কোমরের নিচে একহাত অবধি একট। গ্রাকডার ঘের ছিল। সেই ফালিটা নেংটি হয়েছিল আন্তে-আস্তে। তারপর একেবারে তন্তুহীন। ছাদেম ফকির অন্ধকারে ভৃতের মত শাশানে-শাশানে কাপড় থুঁজে -ফেরে; যদি পায় তাকড়ার ফালি, চটের টুকরো, বালিশের থোল। অবশেষে একেবারে দিগম্বর অবস্থায় একদিন শ্মশানপথের অন্ধকারে ধরা পড়ে তার ভাগ্যে জুটল একথানি নতুন কাপড। কিন্তু একথানি মাত্র কাপড়ে কার লজ্জা নিবারিত হবে ? নিজের, বৌ-এর, না ছেলের বৌ-এর ? ছাদেম ফকির তাই লজ্জার হাত এডাবার জত্যে নতুন কাপড়খানি গলায় জডিয়ে আমের ডালে ঝুলে আত্মহত্যা করল। नजून काशकु (मरन खशाना वावू यथन ছाम्म कि किरते समारन अरनन তথন সে লাজলজ্জার বাইরে নগ্নদেহে গাছের ডালে ঝুলছে। নতুন দক্ষিণের বাতাদে বোল-ধরা ডালগুলো কাঁপছে মৃত্ মৃত্। কিন্তু ছাদেমের এই আত্মহত্যায় শোকে বিলাপ করবার মতও কাউকে খুঁজে পাওয়া গেল না। না তার স্ত্রী, না তার পুত্রবধৃ। পাওয়া शार्वार वा कि करत ? माञ्चरवत ममारक मन्पूर्व नश्च त्वर निरंश रवरतावात উপায় কোথায় তাদের ? কাদবার উপায়ও তাই নেই। ছাদেমকে লাশথানায় নিয়ে যাবার পর অবশ্য তারা কাদবার স্থযোগ পেল! তার গলা থেকে কাপড়থানি খুলে শাশুড়ি-বৌএ ত্ভাগ করে পরবার পর শোক প্রকাশের স্থযোগ হল তাদের। এ গল্পে মান্থযের হাতে মন্থয়ত্ব বেআক্র হয়ে লজ্জায় ক্ষত্ত ।

এরা তব শেষ পর্যন্ত কেঁদে তুঃখ লাঘবের স্থযোগ পেয়েছে, কিছ 'বাশবাজি' গল্পে পুত্রের মৃত্যুতেও বুড়ো বাপ মন্তাজের চোথের জল ফেলবার উপায় নেই। বাঁশবাজি দেখিয়েই সে অর্থোপার্জন করে, ওই তার একমাত্র জীবিকা। কিন্তু অনাহারজীর্ণ বৃদ্ধদেহে স্ব সময় সে টাল সামলে চলতে পারে না। তাই বাঁশের ভগায় উঠে বাজি দেখাতে গিয়ে ছেলে তার ছিটকে পড়ে মাটিতে। ছুটি ছেলে তার সম্বল। বড়টি মারা যাবার পর ছোট ছেলেটি বোঝে এবার তার পালা। তাই তার নি:সহায় শিশুকর্চে ভীত আর্তনাদ: 'আমি নিঘ্ঘাত পড়ে যাব। মরে যাব আমি।' কোন অদুভা আলার কাছে নিরুপায় শিশুর করুণ অথচ প্রতিকারহীন কাকুতি। মস্তাজ কিন্তু একেবারেই নির্বাক। তার পাথুরে মুখে নিষ্ঠুর নিলিপ্ততা। ছেলের কান্নার উত্তরে রেথাহীন কাঠিন্য। উপায় কি, তাকে থেতে হবে তো! দারিল্য জীবিকারেয়ী মাত্র্যকে হৃদয়হীন অমাত্র্যিকতার ক্ষেত্রে কোথায় নামিয়ে নিয়ে গেছে, এ গল্প তারই নির্মমতম উদাহরণ। দারিত্রাপীড়নে পাষাণীভূত পিতৃহদয়ের রূপায়ণে লেথক ভাষাশিল্পেও ভাস্কর্য-কাঠিন্ত স্বষ্ট করেছেন। দৃষ্টিভঙ্গির নিজস্বক্ষেত্রে 'বাঁশবাজি' গল্পটি অচিন্ত্যকুমারের শিল্পস্থির শ্রেষ্ঠ নিদর্শন।

'জনমত', 'দাঙ্গা' আর 'হুরবাহু' গল্পের স্থর আলাদা। জীবনের নাটকীয় মৃহুর্তে মনের আকস্মিক দিক্পরিবর্তনের লীলারহস্থই এ তিনটি গল্পকে স্বাতস্ত্র্য দান করেছে। 'জনমত' গল্পটি অধিকতর নাট্যধর্মী। কাবুলিওলা মামৃদ থাঁ। তার লুগুনের অবাধ উপনিবেশের ক্ষেত্রে এসে মামৃদ থাঁর বিশ্বয়ের শেষ নেই। বছর পাঁচেক জেলে ছিল সে, এরই মধ্যে ধে দিন-কাল-পাত্র একেবারে ছবছ বদলে থেতে পারে তা তার

ধারণাই ছিল না। কিন্তু মামুদ থাঁ বুঝল, জনসমর্থন সে একেবারেই হারিয়েছে। কাজেই ভোজালি আর লাঠির দাপট তার মিথা। হয়ে গেছে। জনবলের প্রহারে জর্জরিত হয়ে মামুদ থাঁ পালিয়ে যাচ্ছিল। হঠাৎ তার প্রতিদ্বনী মহেন্দ্র দাপুইএর কীতি দেখে তার চক্ষ্ক্রীলন হল। বারবধ্ নিত্যগোপীর ঘরে মহেন্দ্র ভূভিক্ষের হাসপাতাল থেকে একশথানি লাল মোটা কন্ধল সরিয়ে রেখেছে। জনশোষণে তাহলে মহেন্দ্র তার চেয়েও হীন আনাচারে লিপ্ত! কিন্তু নির্বোধ জনমতকে কৌশলে সে আয়ত করেছে বলেই শোষণের স্বর্ণ স্থাকা পেয়েছে। মামুদ থাঁর মনে হল, মহেন্দ্রন্ত কপাল একদিন ফাটবে। দেদিনের প্রত্যাশায় আজকের অপমানিত পরাজয়ের তৃংখ সে আনায়াসেই ভূলতে পারল। এ গল্পে শুরু মামুদ থার মানদ-পরিবর্তনই মুখ্য হয়ে ওঠে নি, অপ্রবৃদ্ধ জনমতের স্বরূপ-নির্ণয়েও লেখকের বজোক্তি শানিত হয়েছে।

'দাঙ্গা'য় মনস্তত্ত্বই ম্থ্য। আদমপুর আর ধুলেশ্বর ত্ই গ্রাম।
মাঝথানে শিশেথালের ওপরে বাঁশের দাঁকো দিয়ে ত্ই গ্রামের যোগস্ত্ত্ব।
এই দাঁকোর ওপরে তুই গ্রামের ছেলে আর মেয়ের সাক্ষাৎ। গফুরালির ছেলে জিরাত আর মকবুলের মেয়ে মমিনা। তুই গ্রামের বিরোধে এরাই মিলনের সেতু নির্মাণ করতে পারত, কিন্তু তা আর হয়ে উঠল না। তুই গ্রামে বাঁধল দাঙ্গা। মকবুলের দলের কাছে গছুরালির দল গেল হেরে।
জিরাত হল বন্দী। হাতে-পায়ে-কোমরে দভি বাঁধা, জিরাত শুয়ে আছে লকড়ি-ঘরে। শুকনো হোগলার ওপর। রাতের অন্ধকারে চুপি চুপি পোল মমিনা তার কাছে। পালিয়ে যাবার পরামর্শ দিলে সে। তৃত্ত্বনেই পালিয়ে গিয়ে ভিন গাঁয়ে কাজির দরবারে কাবিননামা রেজেট্র করে আসবে। তাদের বিয়ে হয়ে গেলেই ঝগড়া-বিবাদ মিটে যাবে তৃপক্ষের। সম্মত হল জিরাত। বন্ধন মৃক্ত হল তার। কিন্তু শেষ মৃহুর্তে আদিম কামনাকে ছাপিয়ে উঠল তার গোচ্চী-চেতনা। সে না মরদের বাচা পিকের একটা মেয়ের প্রলোভনে সে তার দলগত সম্বমকে কিছুতেই পরাজিত হতে দেবে না। পালিয়ে গেল জিরাত। জীবনের নাট্য শিখেরে

মনের আকস্মিক দিক্পরিবর্তনেই এখানে গল্পের চিত্তচমৎকার পরিণাম রচিত হয়েছে।

'স্ববাহ্ণ' গল্লের আলম্বন মুসলিম বিবাহ-বিচ্ছেদ-প্রথা। বর্গাচামী কুরমান আর তার স্ত্রী হ্বরবাহ্ন। সংসার চলে না বলে হ্বরবাহ্নকে থাটতে হয় মুনিব-বাড়িতে। সেথানে মুনিব উকিলদ্দি দফাদারের কুনজরে পড়ে সে। এই নিয়ে স্বামীর মনে সন্দেহ আর ভূল-বোঝাবৃঝি। এবং তারই পরিণতিতে এক উত্তেজিত মুহূর্তে সে স্ত্রীকে তিন তালাক দিয়ে বসল। পরমূহূর্তেই এল অহ্নশোচনা। কিন্তু সামাজিক প্রথায় তালাক-দেওয়া স্ত্রীকে নিয়ে আর ঘর করা চলে না। একটি মাত্র উপায় আছে। কেউ যদি হ্বরবাহ্নকে বিয়ে করে তালাক দেয় তবে ফের কুরমান তাকে নিকে করতে পারে। উকিলদ্দি সে স্থযোগ গ্রহণ করল এবং তালাক দেবার পূর্বে একরাত্রি সহবাসের সামাজিক দাবি জানাল। নিরুপায় হ্বরাহ্নর আত্ম-সমর্পণ করা ছাড়া-উপায় নেই। কুরমান কিন্তু বৃঝল না য়ে, কার প্রতি ঐকান্তিক অহ্বরক্তি-বশেই পর-পুরুষের কাছে হ্বরবাহ্নর এই বাধ্যতামূলক দেহদান। তার কাছে পাত্রিরত্যের চেয়ে দৈহিক সতীত্বই হল বড়। আর সেথানেই এল দাম্পত্য-জীবনের চরম ট্রাজেডি।

কিছ 'মাটি' ও 'জমি' গল্পে চেতনার শিকড় তলিয়ে গেছে একেবারে আসকির গভীরতায়। ক্ষাণ আর ক্ষাণবধু। মাটির মাহ্য তারা। মাটির দৌলতেই তাদের স্থতঃখ। মাটির প্রতি আকর্ষণ তাই তাদের সর্বজয়ী। সম্পন্ন চাষী আমানতের সত্তর বিঘে জমি ছিল। কিছু উচ্চশিক্ষাভিলাষী একমাত্র পুত্র আজিজের পড়ার খরচ যোগাতে সে হল সর্বস্থান্ত। তা হোক্, তবু পুত্রের কাছে তার একমাত্র আশা, বিয়ে করে তাকে ছেলে এনে দেবে একপাল। নাতিতে ঠাকুরদাতে মিলে আবারণগড়ে তুলবে তার বাড়বাড়ন্ত ক্ষেতথামার। কিছু শিক্ষিত পুত্রের কাছে সে-আশা আর তার মিটল না। সদরে চাকরি পেরে ছেলে বাপকে নিয়ে গেল শহরে। বুড়ি বৌ এখনো আঁকড়ে আয়োনতকে। কিছু নারীর চেয়েও মাটি অনেক বড়। ত্রী একপাল

ছেলে এনে দেয়, আর দেই ছেলের দলের সাহায্যে মাটির বুকে সোনা ফলে বলেই না স্ত্রীর মূল্য! তাই সন্তান-স্কনে অসমর্থা বৃদ্ধা স্ত্রীর পাতিব্রত্য আমানতের কাছে অর্থহীন। ছেলে বাপকে সেলাইর কল কিনে দিলে। এখন আমানত আর চাষা ন্য়, খলিফা। কিন্তু 'যেদিন আকাশ কালো করে টিনের চালের ওপর বৃষ্টি পড়ে ঝমঝম করে, আমানতের পা-কল কেমন আপনা থেকেই থেমে যায়—বৃষ্টিটা মনে হয় যেন কালার শব্দ; আর সেই সঙ্গে ভেসে আসে তার মাটির ডাক।'

তবু 'মাটি' গল্পে আমানতের জীবনে আসক্তির কালাটাই বড়, কিন্তু 'জমি' গল্পে কৃষাণবধু আমিরন আত্মবিক্রয় করেও সেই আসক্তিকেই জয়যুক্ত করেছে। সোনামদ্দি জমি কিনেছিল হুকুমালির কাছ থেকে; কিন্তু সে জমির ওপর লোভ পড়ল জলিল মৃন্দির। তুকুমালিকে কিছু টাকা দিয়ে নকল কাবালা করিয়ে জমির স্বত্ব নিয়ে মামলা বাধাল। কিন্তু জলিল মুন্দির তঞ্চী মামলা বেফাঁদ হয়ে গেল আদালতে। জোর করে জমি দথলের চেষ্টাও বার্থ হল সোনামদির স্ত্রী আমিরনের কঠোর প্রতিরোধে। তবু ধৃর্ত জলিল মৃন্দির কাছে হল তাদের পরাজয়। ভিটে-মাটি সব গেল, শিশুপুত্রের হাত ধরে গিয়ে দাঁড়াতে হল একেবারে পথের ওপর। শুধু তাই নয়, শেষটায় কি না আশ্রয় নিডে হল জলিল মুন্সিরই কাছে! জমিতে সোনামদ্দি হালিয়া খাটবে আরু বাড়িতে আমিরন দাসী-বাঁদি হবে। কিন্তু অদৃষ্টের পরিহাস এখানেই শেষ হল না। কিছুদিন পরে দেখা গেল, জলিল মুন্দি আমিরনকে নিকা করেছে। আমিরনের কিন্তু আফশোস নেই। সোনামদ্দিকে তার জমি ফিরিয়ে দেবার শর্তে সে নিজেই জলিল মুন্সিকে নিকা করতে প্রস্তুত হয়েছে। হতবৃদ্ধি সোনামদ্দিকে সে বলছে, 'আমার জন্যে মন থারাপ করোনা। আমার চেয়ে তোমার জমির দাম অনেক বেশি। আমি গেলে কি হয় ? কিন্তু জমি তো তোমার ফিরে এল। তোমার জমির গায়ে তো কেউ হাত দিতে পারল না। ক্নযাণ-জীবনের আশা-আসক্তির এ এক নতুন দিকু, নতুন উপলব্ধি। অচিন্ত্যকুমারের দৃষ্টিভঙ্গিতে যে ধ্যানাবিষ্ট স্বকীয়তা আছে, একেবারে মাটির স্তরে পৌছেও তার নিঃসংশয়

প্রমাণ পাওয়া গেল। তাঁর শিল্পটি জনজীবনের নিয়তম স্তরকে ওপু
স্পর্শ ই করে নি, তাকে নতুন আলোয় আলোকিতও করেছে।

আর শুধু দৃষ্টিভঙ্গিতেই নয়, সৃষ্টিকর্মেও অচিস্তাকুমার অনগুপরতন্ত্র। তাঁর শিল্পসাধনার আদিতেই কল্লোল-যুগের বিদ্রোহ দেখা দিয়েছিল 'ভাধু ভাবের দেউলে নয়; ভাষারও নাটমন্দিরে।' সে বিদ্রোহ 'ভাধু বিষয়ের ক্ষেত্রেই ছিল না, ছিল বর্ণনার ক্ষেত্রে। ভঙ্গি ও আঙ্গিকের চেহারায়। রীতি ও পদ্ধতির প্রকৃতিতে। ভাষাকে গতি ও ভাবকে ত্যতি দেবার জত্যে ছিল শব্দস্জনের পরীক্ষা-নিরীক্ষা। রচনাশৈলীর বিচিত্রতা। এমন কি, বানানের সংস্করণ।' আর এ বিলোহে অচিন্ত্যকুমার ছিলেন একেবারে পুরোভাগে। তাঁর 'বেদে' শুধু বিষয়-বল্পতেই নয়, ভঙ্গি ও আঙ্গিকেও ছিল একেবারে অভিনব। নিত্যবর্তমান कालाइ প্রয়োগে রচনাশৈলীকে বেগবান করে তোলার কাজে 'বেদে' সে যুগের পথপ্রদর্শক। বাংলা গভকে অলংকৃত করার শিল্পকর্মেও তাঁর কবিত্বশক্তি নিত্যজাগ্রৎ ছিল। অবশ্য তাঁর প্রথম যুগের রচনার অলংকরণ-বাছলা সর্বদাই প্রশংসার্হ ছিল না, মধ্যে মধ্যে এদিক দিয়ে তাঁর অতিসচেতনতা চক্ষ-কর্ণের পীড়াদায়কও ছিল। কিন্তু সাম্প্রতিক রচনায় **অ**চিন্ত্যকুমার বাংলা গল্ডের এমন একটি সহজ ও সরল রূপ আবিষ্কার করেছেন যে তা বাংলার নিরক্ষর চাষীর মূখেও স্বাভাবিক ও স্বতঃফুর্ড হয়ে উঠেছে। পল্লীবাশীর কণ্ঠে ভাষা দিতে গিয়ে আঞ্চলিকতা বা তংস্থানিকতা সৃষ্টির প্রয়োজনে গ্রাম্য উপভাষা-প্রয়োগ শিল্পীরা প্রায় অপরিহার্য বলেই মনে করেন। কিন্তু অচিন্ত্যকুমার ভাষার একটি সর্ব-সাধারণ রূপ আবিষ্কার করে তাকে জনসাধারণের কঠে বসিয়েছেন। হয়ত তাতে ভাগীরথী-তীরবর্তী বাগুভঙ্গির বিশুদ্ধতা সর্বদা রক্ষিত হয়নি, কিন্তু তা যে বাংলা সাহিত্যকথার সম্পদ বৃদ্ধি করেছে সে বিষয়ে সন্দেহ নেই।

বঙ্গৰাসী কলেজ জ্যৈষ্ঠ, ১৩৫৭

তুইবার রাজা

বাজে-পোড়া ঠুঁটো তালগাছটা উঠোনের পাশে দাঁড়িয়ে, যেন বুড়ো আঙুল দেখিয়ে আকাশকে ঠাট্টা করছে। অথচ খ্রিয়মাণ, বিষয়।

বুকের মধ্যে যেন একটা হাপর আছে, উঁচু তাকিরাটার ঘাড় গুঁজে উবু হয়ে অয়ে আমর হাঁপানির টান টানছে। ভাজার খানিকটা আকড়ায় কি একটা ঝাঁঝালো ওষ্ধ ঢেলে দিয়ে বলে গিয়েছিল ভাঁকতে। তাতে টান কমা দ্রে থাক, রগ হুটো বাগ না মেনে একসঙ্গে টনটন করে উঠেছে। বন্ধু সরোজ কতগুলি দড়ি পাকিয়ে মাধার চারপাশটা সজোরে বেঁধে দিয়ে গিয়েছিল। এখন ভীষণ লাগছে তাতে। কিস্কু দড়িগুলি খুলে ফেলতে পর্যস্ত জোরে কুলোয় না।

বুকে পিঠে হাত বুলিয়ে দিতে দিতে মা ঝিমিয়ে খুমিয়ে পড়েছে। জাগাতে ইচ্ছে করছে না—পরিক্লান্ত খুমন্ত করুণ মুখধানি!

প্যাকাটির মতো লিকলিকে দেহ,—একটা টিকটিকি ধেন। এই একটুথানি টিকৈ থাকার বিদ্নদ্ধে সমস্তটা দেহ বড়যন্ত্র করছে। ভার কী স্মার্তনাদ। ধেন একটা ভূমিকম্প বা বক্তা।

মার বিষাদলিগ্ধ মুখখানির পানে চেয়ে অমরের মনে পড়ল, হঠাৎ কবে কার মুখে গান শুনেছিল—'জানি গো দিন যাবে, এদিন যাবে'; শেলিও এ কথা বিশাস করে সমুদ্রে ডুব দিয়েছিল—তারপর একশ বছর এক এক করে ধসেছে। দিন আর এল না। বসস্ত যদি এলই,—মহামারী নিমে এল, নিমে এল চৈত্রের চোথ ভরে রৌজের রোদন।

'আজি হতে শতবর্ষ পরে'—। সেদিনো পল্লবমর্মরে কোটি কোটি ক্রন্দন অমুরণিত হবে। প্লেটোও তো কত আগে স্বপ্ন দেখেছিল, বার্নাড শ'ও দেখেছে। 'সে কবে গো কবে ?'

অমরের হঠাং ইচ্ছে করল একটা কবিতা লিথতে—সমস্ত বিশ্বাসকে বিজ্ঞপ করে। ভূয়ো ভগবান আর ভূয়ো ভালবাসা। যেমন ভূয়ো ভূত !— মনে পড়ে বায়রন, মনে পড়ে শোপেনহাওয়ার।

ষত্রণায় অতিষ্ঠ হয়ে অমর বেরিয়ে এল, উঠোনে। সেই ঠুঁটো ভালগাছটার গুঁড়ি ধরে হাঁপাতে লাগল। তৃজনে যেন: মিতা; একসঙ্গে আকাশের ভারাকে মুখ ভেঙচে ভয় দেখাছে।

সমস্ত আকাশে কিন্তু নিস্তরক ঔদাসীতা।

ঝড়ের পর যেমন অরণ্য।—টানটা পড়েছে।

মা বললেন — নাই বা গেলি কলেজে আজ। একটা ছাতাও তো নেই। যে বোদ—

অমর বললে—হাজিরা থাকবে না। তা ছাড়া মাইনে না দেওয়ার দক্ষন কি দাঁড়িয়েছে অবস্থাটা দেখে আদি।

অবস্থা আর এর বেশি কি সঙীন হবে ? তুমাসের মাইনে দেবার শেষ তারিথ উতরে গেছে দেখে নাম লাল কালিতে কেটে দিয়েছে।

সরোজ বললে—তুমি ফ্রিনা?

ছ হাত দিয়ে বুকের ঘাম মুছে অমর বললে—তা হলে স্থারিশ লাগে,—ঐ যে মোড়ের তেতলা বাড়ির বারান্দায় বসে ঘিনি মোটা চুকট টানেন তাঁর। তিনি আর প্রিন্দিপ্যাল তো আমার মার এই ছেঁড়া কাপড়, বন্ধক দেওয়া ছ-খানি সোনার বালা, এই ঝুল-ঝোলা নোংরা দাঁত-বের-করা খোলার ঘরটা দেখতে আসেন নি। আরজি একটা করেছিলাম বটে, স্থপারিশ ছিল না বলে বাতিল হয়ে গেল। সোজা হয়ে আজো যেন দারিস্র্য তার সত্য পরিচয় দিতে শেখে নি। আর মহীন্কে চেন তো ?—বাইকে যে আসে—ফ্রি। বাড়ি থেকে, মাইনে

বাবদ যা টাকা আদে, তা দিয়ে 'পিকাডিলি' টিন কেনে, সেলুনে বসে দাডি কামায়।

মা হতাশ হয়ে বললে—উপায় কি হবে তবে ?

যেন হঠাৎ একটা বাড়ির ভিত খদে গেল; কাদায় বদে গেল চলস্ক গাড়ির চাকা।

অমর বললে—ভিজিট পাবে না জেনে ডাক্তার যথন স্থাকড়ায় ভোঁটকা-গন্ধওলা থানিকটা নাইট্রিক আাদিডের মতো কি ফেলে বলে গিয়েছিল এ রোগে কেউ মরে না, তথন আশ্বন্ত হয়ে আমাকে তোমার বুকে নিয়ে কি বলেছিলে? বলেছিলে—ঠাকুর তোকে বাঁচিয়ে রাখুন, এইটুকুই শুধু চাই। বেশ তো আবার কি! কাল যদি ফের টান ওঠে, তোমার এ ভূতুড়ে হাতুড়ে ডাক্তার না ডাকলেও বেঁচে উঠব।

পরে টোক গিলে ফের বললে—তোমার সেই ঠাকুর উড়ে ঠাকুরদের মতোই বাজে রাঁধুনে, মা। হয় থালি ঝাল, নয় থালি হুন। পরিবেশন করতে পর্যন্ত ভালো শেখে নি।

জামাটা থুলে ফেললে। ছাব্লিশ ইঞ্চি বুক, কঞ্চির মতো হাত-পা, পিঠটা কুঁজো, মাথার চুলে চিক্লনি পড়ে না,—তবু মনে হয় ঘেন একটা উদ্ধৃত তর্জনী।

মা পাথা করে ঘামটা মেরে পিঠে হাত ব্লিয়ে দিতে লাগলেন। যেমন করে পুরুত তার নারায়ণ-শিলা গঙ্গাজলে ধোয়;—ততথানি যত্তে।

সরোজ বললে—তা কি হয় ? সামান্ত কটা টাকার জন্ত কেরিয়ার মাটি করার কোন মানে নেই। আমি দেব টাকা, মাইনে দিয়ে দিয়ো ফাইনস্কু।

মার বুকের ওপর গা এলিয়ে দিয়ে অমর বললে—কিছু লাভ নেই তাতে। তা ছাড়া পাদে তিজও নেই। হপ্তায় ছ বার করে টান ওঠে। বানান ভূল নিয়ে ঘোষমান্টারের সঙ্গে তর্ক করা অবধি প্রক্রিও চলে না আর, থালি আমাকে জব্দ করার চেষ্টা। 'গোন্ট'কে যদি অনবরত 'ঘোন্ট' বলে চলে একঘন্টা ধরে,—তা আর যার সহু হোক, আমার হয় না, ভাই। বিনয়সহকারে প্রতিবাদ করলাম, মান্টার তো রেগেই লাল!

প্রিলিপ্যালকে গিয়ে নালিশ—আমি নাকি অপমান করেছি। আমি বললাম—'উনি 'গোন্ট'কে বলেন 'ঘোন্ট', 'পিয়াদ'কে বলেন 'পায়ার্দ' —তাই শুধু জিজ্ঞেদ করেছিলাম ও উচ্চারণগুলি কি ঠিক?

मदां वनत्न-श्रिमिभान कि वनत्न ?

—বললেন, প্রোফেসার তোমার চেয়ে ঢের বেশী জানেন। তাঁকে করেক্ট করবার তোমার রাইট নেই। ফের এমন বেয়াদবি কর তো ফাইন করব। অভুত! তা ছাড়া, আমি বিরক্ত হয়ে গেছি, সরোজ।

একটু থেমে বললে—আমি কী বিরক্ত হয়ে যে গেছি, তুমি তা ভাবতেও পারবে না। আমাদের যিনি পয়েটি পড়ান, তিনি আবার উকিল। চাপকান পরে ছুটতে ছুটতে হাজির, এক গাদা পানে মুখটা ঠাসা,—কীটসের 'নাইটিঙ্গ্' পড়াবেন। ডাক্তার যেমন ছুরি দিয়ে মড়া কাটে ভাই, তেমনি করে কবিতাটা দলে পিষেত্মড়ে চটকে একেবারে কালাচিংডি করে ছাডলেন। ওঁর ব্যাখ্যা শুনে এত ব্যথা লাগল যে, মনে হল বেচারা কীট্স যদি ছাত্র হয়ে শুনত ওঁর পড়া, তো বেঞ্চিতে क्शान र्ट्टर र्ट्टर बाजारणा कत्रण। की तम तंगानि, शात्मत हिवदफ ছিটকে পড়ছে,—ভয়ে নাইটিলেলের প্রাণ থ হয়ে গেছে। 'রুথ' এর কথা ষেখানে আছে, সেখানটায় এসে ওঁর কী বিপুল হাত ছোঁড়া— ও জামগাটা মুখস্থ করে এসেছিল নিশ্চয়ই। 'রুথ'-এর গল্প কি, বাইবেলের সঙ্গে কোথায় তার অমিল এই নিয়ে তুমুল তর্ক, তুমুল আফালন। 'খুব সোজা' বলে বই মুড়ে কৌটোর থেকে গোটা চার পান মূথে পুরে প্রায় দৌড়েই বেরিয়ে গেলেন আলপাকার পাল তুলে। বোধ হয় অনেক দিন বাদে একটা মোকদ্দমা পেয়েছিলেন ৷—তথনো ভালো ছাত্রেরা বইয়ের ধারে মাস্টারের শব্দার্থ টুকে রাথছে ও পরস্পরে ক্লথের খণ্ডরবাড়ি নিয়ে পরামর্শ করছে। ভাই সরোজ, আর জ্যোৎস্না-त्राटि की छेन পड़ा हलदि ना दकारना पिन।

পরে মাকে তৃই বাহ দিয়ে জড়িয়ে ধরে বললে—তৃমি ভাবছ মা য়ে তোমার ছেলে বি-এ পাশ করতে পারল না বলেই বয়ে গেল ? নয় মা নয়। জান ?—য়ায়া ধুব বড় হয়েছে তাদের শব্দের অর্থ জানতে মার

গমনা বন্ধক দিয়ে কলেজে পড়তে আসতে হয়-নি। এ দিন যাবে, এ কথা তো তুমিই বেশি বিশ্বাস কর। দিন যাবে নিশ্চমই, কিন্তু যদি তাশ্ব পর কালো ঝড়ো রাত্রিই আসে, তাতেও ভড়কাবার কিছু নেই। আমাকে জন্ম থেকে এমন পদু পকাহত করে বানিয়েছেন বলে জবাব-দিহি দিতে হবে বিধাতাকেই।

মা মিছরির জল ছেঁকে তৃই কাঁচের গ্লাসে করে তৃই বন্ধুকে ভাগ করে দিলেন। বললেন—আর একটা গয়নাও তো নেই—

—থবরদার, মা। আমার কলেজে পড়া এইখেনে থতম। আমি এই ফাটা ফুসফুস নিয়েই লড়ব। তুমি আমার মা, আর ঐ তালগাছটা আমার ছেলেবেলার বন্ধু—কতকালের চেনা।

সরোজ জিজ্ঞেদ করলে—কি করবে তা হলে এখন ?

—কবিতা নিথব। তুমি হেসো না, সরোজ। কথাটা ভারি বেতালা শোনাচ্ছে, জানি। কিন্তু আমি সত্যিই নিথব এবার। আমার সমস্ত প্রাণ চেঁচিয়ে উঠতে চাইছে।

সরোজ হেদে বললে—তা হলে আর কবিতা হবে না।

- —না হোক। সোজা সত্য কথা বুক ঠুকে আমি খুলে বলে দিতে চাই। সৌন্দর্ধের আবরণ দিয়ে কুংসিত নগ্নতাকে ঢেকে রাখার জন্মেই না তোমরা ভগবান বানিয়েছ। যে কথা বায়রন, স্বইন্বার্ন বা ছইটম্যান পর্যন্ত পারে নি—
 - —তেমন আবার কি কথা আছে ?
 - --- (मरथा। य कथा (ভবেছিল খালি চ্যাটার্টন।

সরোজ ইন্ধিত ব্রতে পেরে সহসা পাংশু হয়ে বললে—খবরদার,
অমর ! ও রকম মারাত্মক ঠাটা কোরো না।

শ্বমর উদাসীনের মতো বললে—মারাত্মক ঠাট্টাই বটে। জ্বান, বিধাতা যদি তোমাদের প্রকাণ্ড কবি হন, তো এই পৃথিবীটা তাঁর প্রকাণ্ড ছন্দপতন।

কিন্তু না, দত্যি দত্যিই সে রাতে অমর কালি কলম আর কাগজ নিয়ে বদল কবিতা লিথতে। মেটে মেঝের ওপর ছেঁড়া মাত্র বিছিয়ে মা ব্মিয়ে পড়েছে, মান বাতির আলোয় সেই ম্থথানির যেন তুলনা নেই। ঐ মার মুথথানি নিয়েই একটা কবিতা লেখা যায় হয়তো!

সলতে ধীরে ধীরে পুড়ে যাচ্ছে,—কিন্তু একটা লাইনো কলমের মুখে উঁকি মারছে না। 'বিট'-এর পুলিশ খানিক আগে চেঁচিয়ে পাড়া মাং করে' জুতোর ভারী শব্দ করে চলে গেছে। আবার সেই নি:শব্দতা,—প্রকাশ করতে না পারার ব্যথার মতোই অপরিমেয়।

অমরের মনে হল, ভাষা ভারি ত্র্বল, থালি ভেঙে পড়ে। লিথতে চাইছিল—এই জীর্ণ পৃথিবী, এই দানবী সভ্যতা,—সব কিছুই প্রকাশু ভুল বিধাতার,—এ চড়েপাকা ছেলের ছ্যাবলামি। এঞ্জিন-ডাইভার যেমন ভুল পথে গাড়ি চালিয়ে হায় হায় করে ওঠে,—তেমনি অকারণে ভূল করে থেলাচ্ছলে এই পৃথিবীটা বানিয়ে ফেলে ভগবান তারায় তারায় চীৎকার করে উঠেছেন,—অহুতাপে দয় হচ্ছেন।

এত বড় যে ব্যবসাদার,—সেও দেউলে হল বলে। কবে লালবাতি জ্বলবে,—প্রলয়ের ! তারই কবিতা।

লেখা যায় না। থালি সলতেটা পুড়ে পুড়ে নিঃশেষ হলে দীপ নিবে যায়।

বিকেলের দিকে অমর সরোজের বাড়ি গেল। পাশেই বাড়ি,— লাগাও টিনের ঘরে একটা গাড়ি পর্যন্ত আছে।

খেতপাথরের মেঝে,—ছটো দেয়াল প্রায় বইয়ে ভরা,—ছবি ধান তিন চার, শেক্সপীয়র, শেলি আর বার্নাড শ'র। একটা চেয়ারের ওপর বই গাদা করা,—মেঝেতে কাত হয়ে শুয়ে সরোজ এক্জামিনের পড়া পড়ছে। আর ঘরের এক কোণে স্টোভ জ্ঞালিয়ে তার বোন চায়ের জল গরম করছে আর দাদাকে বকছে সিগারেট থায় বলে।

অমরকে ঘরে ঢুকতে দেখে মেয়েটি আরো থানিকটা জল কেটলিতে ঢেলে দিয়ে বললে—যাই বল দাদা, বোহিমিয়াটা আর যাই হোক, আমাদের বহরমপুরের মডোই থানিকটা। নইলে—

সরোজ উঠে পড়ে বললে—এস অমর, বসো। তুই লক্ষী দিদি, পরোটা ভেজে দিবি আমাদের ? দেখন। চট করে— বোন চলে গেলে- দরোজ তাড়াতাড়ি দরজার পরদাটা টেনে দিয়ে তথাল—এমনিই কি এসেছ, না কোনো কাজ আছে ?

অমর সোজা হয়ে বললে—আমাকে কয়েকটা টাকা দাও,—এই
গোটা কুড়ি।

সরোজ হাতের বইটা ছুঁড়ে ফেলে দিয়ে টেচিয়ে উঠল—লুসাই, লুসাই, ও লুসী।

বোন ত্হাতে ময়দার ভ্যালাটা নিয়ে এসে পর্দার ফাঁকে চোথ রেখে বল্লে—কি ভুকুম মশাইয়ের ?

সরোজ বললে— চাবিটা দিয়ে দেরাজ থেকে কুড়িটে টাকা বার করে দে ভো শিগগির।

ঘরে ঢুকে ময়দা চটকাতে-চটকাতে লুদী বল্লে—কিদের জন্মে ভানি ? —উড়োতে। তুই দে খুলে। ফফড়দালালি করিদ নে।

দেরাজ খুলতে খুলতে লুসী বললে—দাঁড়াও না। দিচ্ছি এবার। ঠিক মতো হিসাব দিতে না পারলে রাত্রে ঘুম থেকে উঠে কে চা করে দেয়, দেখব।

वर्त हरन राजा। भर्माछ। थानिक क्र हित हन।

টাকা দিয়ে সরোজ বললে—যদি আবার বিপদে পড় বলতে সক্ষোচ কোরো না।—

চা থেতে-থেতে অমর ভাবছিল সংসারে এ একটা কি চমৎকার ব্যাপার! উজ্জ্বল স্বাস্থ্য,—স্বচ্ছল অবস্থা,—কল্যাণী বোন! নাম তার লুসী!

পেছন থেকে কে অতি কৃষ্ঠিত কণ্ঠে বলছিল—একটা নতুন কাগজ বেরিংগছে, যদি নেন—

সরোজ মৃথ ফিরিয়ে দেখলে—অমর। থালি পা, যে তাকড়া দিয়ে কালি-পড়া লঠন মোছে তেমনি কাপড় পরনে,—হাঁপানির টানে ঝরঝরে পাঁজর তুটো ঝেঁকে উঠছে,—কথা কইতে পারছে না।

সরোজ তক্ষ্নিই কাগজটা নিয়ে দাম দিল, কশা কইল না কোনো। বরঞ্চ ভারি লজ্জা করতে লাগল ওরই।

ট্রাম চলল। চলস্ত গাড়ি থেকে নামতে গিয়ে অমর পা পিছলে পড়ে যেতেই সবাই রোল করে উঠল। হাঁটুটা চেপে ধরে 'কিছু-না' বলে অমর কাগজের বাণ্ডিলটা নিয়ে কাশতে লাগল। পরে ভিড়ের মধ্যে কোথায় উধাও হয়ে গেল। সরোজ নেমে আর খোঁজ পেলে না তার।

क्रमक्रमणे (यन क्र कृत्य ख्य क्रांतिहा।

স্মর একটা গাছতলায় তুটো হাত মাটিতে চেপে টান হয়ে বসে আকাশের বাতাস নেবার জ্ঞাে গলাটা উচু করে ধরেছে। কে যেন ওর টুঁটিটা টিপছে, ভিজা গামছার মতো ফুন্ফুস্টা চিপে ফেলছে।

কাগজের বাণ্ডিলটার ওপর মাথা রেখে ভতে যেতে দেখে— পাশাপাশি হটো বিজ্ঞাপন। একটা এক ছাত্র পড়াবার জন্তে, আরেকটা কোন্ অরক্ষণীয়া পাত্রীর জন্তে পাত্র চাই—যেমন-কে-তেমন হলেই চলে—ঠিক এই কথা লেখা আছে।

টানটা যদি একটু পড়ে বিকেলের দিকে,—অমর ভাবছিল,—ভবে কোথায় গিয়ে আগে আরজি পেশ করবে ? টিউশানির থোঁজে, নাপাত্রীর ?

আংগ ভাবত—একমুঠো ভাত, একখানি কুঁড়ে ঘর, আর একটি নারী। এখন মনে পড়ছে আরো কত কথা। ইাপানিতে ভূগবে না, ঝড়ে কুঁড়ের চাল উড়ে যাবে না, ভাতে রোগের বীজ থাকবে না, নারীর ঠোঁটে কালকুট থাকবে না। এত ! তবে।—

ক্লান্ত কাক কৰায়, আর ককায় ও কাশে মাটির ওপর মায়ের ছেলে। পাঁজরা হটো থানিক জিরোলে তারপর কটে পথ চলে। চলতে চলতে প্রথম ঠিকানাটাতেই ঠিক করে এল—বেখানে মান্টার চায়।

বাড়ির কর্তা ঘাড় বাঁকিয়ে অনেকক্ষণ পর্যবেক্ষণ করে শুধোলেন—
কন্দুর পড়া হয়েছে ?

অমর বললে — বি-এ পড়ছি। —কালকে আই-এর সার্টিফিকেটটা নিয়ে এস দেখা ধাবে।

একদিন খুব জোরে হাঁপানি উঠলে মা রাগ করে অমরের গলার সবগুলি মাত্লি ছিঁড়ে ফেলেছিল, আর অমর রাগ করে ছিঁড়ে ফেলেছিল—ম্যাট্রিক আর আই-এর সার্টি ফিকেট তুটো।

মাত্লিগুলির মধ্যে একটা দোনার ছিল বলে মা তাড়াতাড়ি সেটা কুড়িয়ে বাত্মে রেথে দিয়েছিল, অমরও তালো হয়ে এক সময়ে সার্টিফিকেট হুটোর ছেড়া খণ্ডগুলি কুড়িয়ে রেথে দিয়েছিল একটা চৌকো লেফাফায়। আঠা দিয়ে দেই সার্টিফিকেট আজ জোড়া দিতে বসল।

কর্তা বহুক্ষণ সার্টিফিকেটটা নেড়ে চেড়ে দেখে জ্বাল নয় প্রতিপন্ন করে বললেন—কিসে ছিঁড়ল ?

—একটা ছোট্ট হুষ্টু বোন আছে,—নাম লুদাই—হুষ্টুমি করে ছিঁড়ে ফেলেছে।

কর্তা ঘাড়টা বার চারেক ছলিয়ে বললেন—আছ্ছাবাপু, বানান কর তো থাইসিদ।

পরে বললেন—বেশ। বল তো ডেনমার্কের রাজধানীর নাম কি ? আকবর কত সালে জন্মছিল ? এখান থেকে কি করে ডিব্রুগড় বেডে হয় ?

অমর বললে—আমি তো পড়াব ইংরিজি আর অস্ক। আমাকে এ সব প্রশ্ন কেন করছেন ?

কর্তা থাপ্পা হয়ে বললেন—আজকালকার ছেলেগুলো ত্-পাতা মৃথস্থ করেই পাশ মারে। আমাদের সময় আমরা কত বেশি জানতাম।

কর্তার ছেলে পাশেই ছিল। একটু বেয়াড়া রকমের। বললে—যা যা জানতে তাই বৃঝি জিজেন করছ, বাবা? মান্টারদের যে প্রশ্নটা ভালো করে জানা থাকে, সেইটেই পরীক্ষায় দেয়, আমি বরাবর দেশছি! যেন কাগজ দেখবার দময় অস্থাবিধায় পড়তে না হয়।

বাপ একটু দমে গিয়ে বললেন—আচ্ছা, একটা ইংরিজি রচনা লেখ তো,—দেখি ভোমার ইংরিজির কত দৌড়। একটা কাগজ-পেন্দিল নিয়ে আয় তো, টুহু।

অমর বললে—কি লিথব ? ক পাতা?

কর্তা বললেন—লেখ, মাতা-পিতার প্রতি ভক্তি। এক শ শব্দের বেশি নয়। এ রকমই আদে পরীক্ষায়।

টুরু একটু হেসে বললে—বাবা, ষোলো 'থিয়োরেম' থেকে একটা 'একটা দাও না ক্ষতে।

বাপ চটে বললে—যা, ও সব কি দেব ? দেব মানসাঙ্ক।
টুহু জোরে হেদে বললে—ওটা বুঝি তুমি জান। না ?

কর্তা রচনার কি ব্ঝালেন, তিনিই জানেন,—তবে দেখলেন হাতের লেখাটা বেশ পরিষ্কার। বললেন—বেশ তবে কি জান, ইতিমধ্যে একজন বহাল হয়ে গেছে। নইলে তোমাকে নিতুম।

টুগু অন্ট্রস্বরে বললে,—কিন্তু বাবা, ইনি ভালো, এঁকে আমার— অমর শুধু বলতে পারলে—এ সব কেন লেখালেন তবে ?

কর্তা বললেন—লেখা তো তোমাদের অভ্যেস হয়েই আছে। কালে তো জীবনের পেশাই হবে। বরঞ্চ সাবেক কালের এন্ট্রান্স পাশ করা বুড়োর কাছে একটা রচনা দেখিয়ে নিয়ে তোমার লাভই হল। একট্র প্রাকটিস হল লেখার। তা ছাড়া রচনার 'সাবজেক্ট'টা তো খুবই ভাল, —কি বল? জান হে বাপু, সে-কালের এন্ট্রান্স ভোমাদের এ-কালের পাঁচট এম-এর সমান,—সেটি মনে রেখো।

অমর বললে এবার—উনি কততে পড়াবেন?

- —পনেরো টাকা।
- আমাকে দশটা টাকা দেবেন না হয়। দরকার হয় ছুবেল। এসেই পড়াব তুঘণী করে।

টুহু বললে—হাঁা বাবা, এঁকেই—

কর্তা বললেন—বেশ, আসবে কাল। আর শোন, এ ফোর্থ ক্লাশে পড়লে কি হবে, এদের ইংরিজিটা বেশ একটু দাঁত-কামড়ানো। বাড়ি থেকে একটু পড়ে আসবে রোজ। আর আমি কাল সকালবেলাই একটা রুটিন করে রাথব,—কবে আর কথন কি পড়াতে হবে। ব্রালে? একটু ঝিমিয়ো কম।

রোজ শেষ রাত্রেই টানটা ঠেলে আসে। তাই নিয়েই অমর বেরিয়ে পড়ল তাড়াতাড়ি, পাছে আগের ঠিক করা মাস্টার চেয়ার বেদথল করে নেয়,—দশ টাকা থেকে ন টাকা বারো আনায় নেমে।

কেওড়া-কাঠের একটা থুখুরো তক্তপোশ,—ওপরে একটা চাটাই পর্যন্ত নেই। ফাঁকে ফাঁকে ছারপোকাদের বৈঠকথানা বসেছে।

কর্তা একটা জল-চৌকি টেনে নিয়ে কাছে বসে বললেন—এই ক্লটন করে দিয়েছি, দেখে নাও। ঐ চারঘণ্টা করেই রইল, —সকালে তুই, বিকেলে তুই। নইলে তো সেই মাস্টারকেই রাথতাম,—দিব্যি চেহারা, দেথলেই মনে হয় ছেলে মারুষ করতে পারবে। এম-এ পাশ।

পরে বিভবিড় করে বললেন—এথুনিই এসে পড়বে হয়তো। একটা ভাঁওতা মেরে দিতে হবে।

দরজা ঠেলে ভেতরে যে এল,—অমর তাকে দেখে একেবারে অবাক হয়ে গেল,—মহীন্। বোধ হয় বেচারা অনেকদিন আউটরাম ঘাটে গিয়ে চা থেতে পারে নি, তাই বুঝি এ চাকরিটা বাগাতে চেয়েছিল।

অমর প্রশ্ন করলে—তুই কবে এম-এ পাশ করলি, মহীন ?

মহীন্ সিল্কের রুমাল বার করে ঘাড়ের ঘাম মৃছে বললে—তুই পাশ করিস নি নিশ্চয়। পনেরো তা হলে আর জোটে নি। 'থাইসিস্' বানান পেরেছিলি তো?

वलाई वाहेक करत छूठे मिला।

কর্তা বললেন—দেখলে কাণ্ডটা। ভাঁড়িয়ে জোচ্চুরি করে ঠকাতে এসেছিল,—ভাগ্যিস রাখিনি। পরে চৌকিটা আরো একটু কাছে টেনে বললেন—পড়াও তো বাপু শুনি।

ছেলে বললে—ভূমিও আমার সঙ্গে পড়বে নাকি, বাবা ?

কর্তাবললেন—দেখি না কেমন পড়ায়,—মানেগুলো সব ঠিক বলতে পারে কি না। ই্যা, আরম্ভ করে দাও,—

অমর বললে—কি ভাবে আরম্ভ করব, তাও যদি বলে দেন।
কর্তা ঘাড় চুলকে বললেন—তা হলে আর তোমাকে মাস্টার রেখেছি

—কি হলে আপনার মনোমত হবে, তাও তোএকান্ত জানা দরকার দেখভি। নইলে—

ছেলে রেগে বললে—আজ কিছুতেই পড়ব না বাবা, তুমি এরকম করলে। তুমি যাও চলে।

তৃতীয় পক্ষের ছেলে। বাপ জলচৌকিটা নিয়ে চলে গেলেন।
যাওয়া মাত্রই ছেলে উঠে দরজায় থিল এঁটে একটা বালি-কাগজের
চেঁড়া থাতা বার করে বললে—একটা কবিতা লিখেছি, মাস্টার মশাই।
শুনবেন ? একটা হাঁস ছুই সাদাভানা মেলে জলে ভাসছিল,—কতগুলি
পাজি ছেলে তাকে ধরে কেটেকুটে কাটলেট বানাছে—

স্কুমার ছেলে—হটি কালো চোথে স্থগভীর স্থদ্র কৌতৃহল, যেন হটি মণির প্রদীপ জেলে অন্ধ্বারে কি অনুসন্ধান করছে।

অমর শুধু বললে—এখন ও সব থাক। এবার পড়ি এসো।

ছেলে অবাক হয়ে বললে—কেন বলুন তো,—বাবা কবিতার নাম শুনে দাঁত মুথ থিঁচিয়ে থড়ম নিয়ে তেড়ে আদেন, মা পড়ে পড়ে কাঁদেন,— আর আপনিও কবিতা ভালোবাদেন না? তবে আমাদের বইয়ে এত কবিতা লেখা কেন? শুনেছি, আমাদের দেশে এক প্রকাণ্ড কবি আছেন, তিনি নাকি ছেলেবেলায় আমার মতে। ইস্কুল পালাতেন। আমার ইস্কুল একটুও ভালো লাগে না,—যেন খানিকট। কুইনিন।

গায়ে থাকি রঙের শার্ট, পরনে ফিনফিনে কাপড়, কুচকুচে কালো পাড়,—থালি পা,—চোথের পাতার ওপরে বড় একটা তিল।

অমর জিজ্ঞাদা করলে—তোমার নাম কি, ভাই ?

— কিশলয়। বড়দি রেখেছিল। বড়দিই তো আমাকে কবিতা লিখতে শিখিয়েছিল। ওর মরার পর আমি একটা লিখেও ছিলাম,—দেখবেন দেটা ? উনি দেখে গেলে কত স্থী হতেন যে, অন্ত নেই।

- —তুমি কি আজ পডবে না?
- রোজই তো পড়ি।— দেখুন, ছেলেবেলায় একটা কবিতা পড়ে-ছিলাম,— তারার বিষয়, ইংরিজিতে, আমার ভালো লাগে নি। তারাকে আমার কি মনে হয়, জানেন? যেন কারা অনেকগুলি বাতি জালিয়ে নীচের মান্ত্যদের খুঁজছে, যারা বড়দির মতো কেঁদে কেঁদে মরে গেল। আমার এক এক সময় মনে হয় ঐ বড তারাটা যেন বড়দি। এথান থেকে একজন যায়, আর আকাশে একটি করে বাড়ে। আমি ঐ তারাটাকে নিয়ে কতদিন একটা কবিতা লিথব ভাবছি, পারি না। হয় না।

অমর অঙ্কের থাতাটা মুড়ে রেথে বললে—নিয়ে এলো তো ভাই তোমার কবিতার থাতাটি।

পুরো মাস গুজরানে। হয় নি,—দিন বারো পড়ানো হয়েছে মাত্র। পয়লা তারিথ অমর হাত পাতলে মাইনের জন্ত।

কর্তা বললেন—সাত তারিথের আগে হবে না। হতে হতে সতেরো তারিথে এসে ঠেকল।

অমর অবাক হয়ে বললে—বারো দিনের মাইনে এই তিন টাক। সাডে তিন আনা ?

কর্তা ঘাড বেঁকিয়ে বললে—কেন হিসেবের এক চুলও ভুল বার করতে পারবে না। নিয়ে এসো তো কাগজ, একটা রুল অফ থি ক্ষে ফেল। ছদিন আস নি,—তা ছাড়া এক দিন সাত মিনিট আর ছদিন সাড়ে চার মিনিট লেট করে এসেছিলে—

অমরের ইচ্ছা হল মারে ছুঁড়ে টাকা তিনটা। কিন্তু মার পরনের কাপডটা একেবারে ছিঁড়ে গেছে—পুরোনো বইয়ের দোকানে সস্তায় একটা খুব ভালো বই দেখেছিল, যাবার সময় সেটাও কিনে নিয়ে যেতে পারে। সকাল বেলাতেই হাঁপানি উঠেছিল দেদিন। তবুও কুঁজো হয়ে ঢিকোতে ঢিকোতে পড়াতে চলল। কিশলয় বললে — আপনার খুব কট হচ্ছে ? বুকে হাত বুলিয়ে দেব ?

-- WTY I

কতগুলি বই গাদা করে তার ওপর মাথাটা রেখে অমর শোয় আর কিশলম বকে হাত বলিয়ে দিতে দিতে গল্প শোনে—

শেলিকে কলেজ থেকে তাড়িয়ে দিয়েছিল, বায়রনকে দেশ থেকে।
ন্যট হামসন ট্রাম-কপ্তাক্তারি কর্ত। ডল্টয়ভল্কিকে ফাঁসিকাঠে তুলে
নামিয়ে দিয়েছিল,—গোর্কি থাকত উপোস করে—ম্সোলিনি ভিক্ষা
করত পোলের তলায় বসে—

কিশলয় উৎকর্ণ হয়ে ভনতে ভনতে বুকের আরো আনেক কাছে এগিয়ে আসে।

অমর ঐ স্থকোমল স্থচারু বৃদ্ধিদীপ্ত মুখথানির পানে চেয়ে চেয়ে অনেক কথা ভাবে,—হয়তো এর মধ্যে ভবিয়াতের ঋষি-কবি তরার হয়ে আছেন।

হঠাৎ ছজনে শিউরে আঁতিকে উঠল—জানালায় কার পাকানো ঝাঁঝালো ছই চক্ষ দেখে।

কর্তা বন্ধ দরজায় পা দিয়ে ধাকা মেরে বললেন—খোল্ দরজা শিগণির—

কিশলয় ভয়ে ভয়ে দরজা থুলে দিলে।

কঠা এক ঝাকানিতে অমরের হাতটা টেনে শোষা থেকে তুলে দিয়ে দাঁতে দাঁত ঘষে বলে উঠলেন,—না পডিয়ে শুয়ে শুয়ে উনি কবিতা শোনাচ্ছেন! গ্রচা পয়সা দেওয়া হয় কিসের জন্ম শুনি ? নবাবজাদার মতো তক্তপোশে গা ছড়িয়ে জিরোবার জন্ম, নয় ? যাও বেরিয়ে এক্নি—

অমর বললে—তবে বাকি মাইনেটা দিয়ে দিন—

— মাইনে দেবে না আবো কিছু। যা বাকি ছিল, সমস্ত এই বেয়াদবির জভ্য ফাইন, — কিছু পাবে না, যাও চলে।

(मना छाकाछ। मिरा निम्हा चारतकरात विकायन रमश्रा गारव !

পশলা বৃষ্টির পর ঘোলা আকাশে চাঁদ উঠেছে,—মরা, মিউনো— পথের পাঁককে ঠাটা করতে।

হাঁপানির টানে কাঁকড়ার মতে। কুঁকড়ে অমর নিঃখাসের জন্ম ফুসফুসের কসরত করছিল।

চোথ বুজে খালি একটি ছবি আজ ও দেখছে—বিষণ্ণ অথচ একটি স্থকোমল ছবি।

বন্ধু মৃত্যুশ্যায়। অমর দেগতে গিয়েছিল। শেকালির মতো শাদা ধবধবে বিছানা,—তার ওপর এলিয়ে আছে ক্লান্ত তমুর কমনীয় কান্তি,—ভাটায় জলস্রোত যেন জিরোছে। চারপাশে রাশি রাশি ফুল স্থুপীরুত হয়ে আছে,—বাতাস মন্তর হয়ে গেছে তাই। কারো মুথে একটি রা নেই, স্বাইর মুথে নম বেদনা-শীতল একটি ছায়া,—সমস্ত গৃহে বিষাদপূর্ণ একটি মহাশান্তি। শিয়রের ধারে থান কয়েক বই,—আত্মীয়ের মতো স্তর বেদনায় ঘেঁষাঘেঁষি করে বসেছে, আর কয়েকথানি পুরোনো চিঠি। নিষ্ঠুর ভাক্তার পর্যন্ত প্রতীক্ষা করে আছে—মৃত্যুর পদধ্বনি শুনতে।

শুধু, পাষের ওপর তৃটি হাত রেখে একটি তৃঃখী মেয়ে বোবার মতো বদে আছে—বেন বিদর্জনের প্রতিমা। মুখখানি ভারি মলিন ও উদাস, তাইতে এত স্থলর।—মা নয়, বোন নয়, বউ নয়, যেন আর কেউ।

অমরের সেদিন মনে হয়েছিল,—মৃত্যুও একটা বিলাসিতা। মেয়েটির বুকের ব্যথাটি যেন এক অম্লা বিত্ত। এ তো মরা নয়, মিশে যাওয়া। যেমন মিশে যায় ফলের গন্ধ বাতাসে,—যেমন গলে যায় স্থান্তলালিমা অন্ধকারে।

সন্ধ্যায় টানটা কের পড়লে অমর বালিশের তলা থেকে বিতীয় বিজ্ঞাপনটি বার করে ঠিকানা ঠাহর করতে চলল।

মা প্রশ্ন করলেন—কোথায় যাচ্ছিস?

—পাত্রীর থোঁজে। তোমার কত দিনের ইচ্ছা। অপূর্ণ রাখা অনুচিত মনে হচ্ছে। এক কালে অবস্থা ভালো ছিল; বাড়ির চেহারা দেখলে ব্ঝা যায়। এখন একেবারে গন্ধাযাত্রী বড়ি।

এখনে। পাত্র জোটে নি। অমরের যেন একটু আসান হল।

বছ কথা-বাতার পর ভামাপদবাবু বললেন—ছেলেট কি করেন ? কত চাহিদা ?

—বি-এ পড়ে। এত দিন মার গয়না বাঁধা দিয়ে চলছিল—আর
চলে না। চাহিদা,—পড়া-থরচ ছুবছর,—আর নগদ হাজার খানেক
টাকা।

শ্রামাপদবাবু তাতেই স্বীকৃত ছিলেন। তার কারণ আছে,—
দরাদরি করতে গিয়ে কেবলই দাও ফদকেছে। তা ছাড়া মেয়ের
ইতিহাসও বড় ভালো নয়; দেখতে তো নিতাস্ত কুরপাই,—এত
কুৎসিত, যে, ঘাটের মড়ার পর্যন্ত নাকি দাঁতকপাটি লাগে।

স্মর বললে—ছেলেটির কিন্তু এক ব্যারাম স্মাছে,—ইাপানি। প্রায়ই ভোগে।

শ্রামাপদবার তাচ্ছিলোর সঙ্গে বল্লেন—এমন আর কি শক্ত বায়িরাম। ওতে তো আর কেউ মরে না। ব্যেস কালে দেরেও থেতে পারে। তা, আপনি কি ছেলের বন্ধ, মেয়ে দেখে যাবেন একেবারে ৮

অমর বললে—আজ্ঞে না, আমিই পাণিপ্রার্থী,—ওটা একেবারে বিমের রাতে সেরে ফেললেই চলবে। দিন ঠিক করে থবর দেবেন আমাদের, ঠিকানা রইল।

ভামাপদবাবুর মনে অনেক প্রশ্ন ঘুলিয়ে উঠলেও কোনোটাই আমোল দিলেন না। থালি মেয়ে পার করতে পারবেন,—তাও অবিভিন্ন বাষ্টি বছরের বুড়োর কাছে নয়,—এই থবর গিন্নীর কানে দিতেই গিন্নি উলু দিয়ে উঠলেন। বাড়িতে সোরগোল পড়ে গেল। বাড়ির এক কোণে একটি কুংসিত কালো মেয়ে দীপশিথার মতো কেঁপে উঠল থানিক।

মা বললেন—জানা শোনা নেই, কেমন না কেমন মেয়ে,—একেবারে কথা দিয়ে এলি ? অমর রাগ করে বললে—আর তোমার ছেলেই বা কি গুণধর মা, ষে একেবারে পরী তার ভানা হুটো দগ্গে ফেলে রেথে ফান্ট ক্লাশ ফিটনে চডে তোমার পদ্মবনে এদে দাঁড়াবেন! শাঁথ বাজাও মা। গুনে গুনে হাজারটি নগদ টাকা,—আর ত্ বচ্ছর পভা-খরচ।

মা অপের্যাপ্ত খুশী হয়ে গেলেন। বিয়ে হয়ে গেলে কাশী যাবেন, সহরও সম্ভব হল।

অমর বললে—তোমার ছেলের এই তোচেহারা,—একটা আরম্বলার চেয়েও অধম। তার ওপর বুকের পাঁজিরায় ঘুণ ধরেছে। যা পাও, তাই হাত বাড়িয়ে তুলে নিয়ো।

মা বললেন—মেয়ে যদি থোঁড়া হয় ?

— কি বায় আদে তাতে ? তোমার ছেলে যে কুঁজো। টাকাগুলি তোচকচকে হবে।

সরোজ বললে—কবে প্রেমে পড়লে হঠাৎ ? ফরদা হাওয়ায় পর্দা বেফাস হয়ে গেল বুঝি ?

লুদী সে ঘরে বদেই দেলাইর কল চালাচ্ছিল, বললে—কবে পড়েছেন উনি পাঁজি দেখে তারিথ লিথে রেণেছেন কি না! আর জন্মে পড়েছিলেন, এ জন্ম পেলেন।

সরোজ বললে—পডতে মন যাচ্ছিল না মোটেই, ঘুম পাচ্ছিল।
লুসীকে বললাম,—কল চালিয়ে ঘুম পাড়িয়ে দে, দিদি। এবার থামাতে
পারিস, আমি অমরের সঙ্গে বেরোচ্ছি। দে তো চাবিটা।

पृष्टे वक्त (वित्रिय (गन।

পিঠের ওপর চুল মেলা, মান্দ্রাজি মেয়েরা থেমন করে শাড়ি পরে তেমনি ধরন শাডি পরার, ছটি হাতে সোনার করণ, ছুঁচে স্থতো পরাবার সময় চোধের কি তীক্ষ্ণ দৃষ্টি। ললাটে আভা!

ঘুরে ঘুরে অনেক জিনিসই দওদা করলে তৃজন,—বাক্স বোঝাই করে। টোপর প্রস্থা তিন্টে মুটে।

रकत्रवात भूरथ चारतक वक्तृत मरक रमथा। वয়रम किছू वড়।

অমরকে জিজ্ঞানা করলে—কি করছ আজকাল ?

- —বিমে করছি। চূড়াস্ত। আর তুমি ? টিউশানি পেলে ?
- (भरत्रिक् अक्टो। य< मामाछ। अ गिनत वाँरकत नान वाष्ट्रित।
- -- ও! কত দেয় ?
- —কিঞ্চিং। ল-কলেজের মাইনে সাড়ে সাত টাকা। সরোজ চোথ বড করে বললে—সাডে সাত টাকা?

লজ্জিত না হয়েই বললে বন্ধু—ইাা, তাই সই। মাইনেটা তো চলে যায়। আর কি বেয়াড়া এঁচড়ে-পাকা ছেলেই পড়াতে হয়, ভাই। এইটুকুন্ বয়েদ থেকেই পছা মেলাতে শিথেছে। ভাগিাদ বাপ মার 'নাই' নেই এতে, নইলে উচ্ছেলে যাবার স্বড়ঙ থোঁড়া হচ্ছিল আর কি। মা বলে দিয়েছেন, ফের পছা মেলালে বেত মারতে। তিনটে খাতা প্রায় ভরতি করে ফেলেছে ভাই। সবগুলি পুড়িয়ে ফেলেছি কাল।

অমর বললে—থুব কাদ্লে ?

—বাপের চড়-চাপড়ও তো কম খায় নি। মা তার হাতের নোড়া নিমে পর্যন্ত তেড়ে এসেছিল। কবিতা লিখতে গিয়েই না ছেলেটা এবার অকে একেবারে পোলা পেলে।

অমরের মনে পড়ছিল, সেই থাকি রঙের শার্ট, কোমরে কাপড়ের সেই ছোট আলগা বাঁধুনিটি, —সেই তরল জ্যোংস্থার মতো তৃটি চোধ, সেই বালি-কাগজের ছেঁডা-থোঁড়া থাতাটা, পেন্সিল দিয়ে লেথা কবিতা, নাম—"বড়দি বা বড় তারা",—এক দিন ছোটু কচি হাতথানি দিয়ে বুকটা আত্তে একটু তলে দিয়েছিল—

অমর ডাক্তারের কাছে গিয়ে বললে—রোজ শেষ রাত্রেই হাঁপানিটা চেগে আসে। একটা ইন্জেক্শান দিয়ে দিন, যাতে অন্তত আজ রাতটা বেহাই পাই। আমার বিয়ে কি না।

ডাক্তার বিশ্বিত হলেন বটে। যাবার সময় অমর টেবিলের ওপর একটা নিমন্ত্রণপত্রও রেখে গেল। বউ-ভাতে তো কাউকে খাওয়াতে পারবে না, তাই যার সঙ্গে একটি দিনের জন্মেও প্রীতি-বিনিময় হয়েছিল তাকে পর্যন্ত নিমন্ত্রণ করলে। টাইম-অন্ত্র্সারে একটা ঠিকা গাডি ভাড়া করে বাডি বাড়ি গিয়ে নিমন্ত্রণ করতে কি স্থা

রাজা।

কেন নয় ? সবাইর চেয়ে উচ্ জায়গায় আসন, সামিয়ানা থাটানো, তাতে তিনটে ঝাড়-লগুন ঝুলছে, ফুলদানিতে বিশুর ফুল, গলায় প্রকাণ্ড মালা, গায়ে সিল্কের দামী জামা, জীবনে এই প্রথম পরেছে, পায়ে চৌদ্দ টাকা দামের জুতো,—ত্-মাদ টিউশানি করে যা জোটে নি।

ছেলেরা টেচামেচি করছে, মেয়েরা প্রজাপতির মতো উড়ছে ও বর্ষার জলধারার মতো কলরব করছে। বন্ধুরা এসে ঠাটা ইয়াকি করে বাচ্ছে। চিকের পেছনে বর্ষীয়সী মেয়েদের ভিড় লেগে গেছে,—উল্ দিয়ে দিয়ে গলা ভেঙে ফেলছে। উলু দিতে গিয়ে কণ্ঠস্বরটা বিকৃত হয়ে গেল, দেথে একটি মেয়ের স্রোতের মতো কি স্বচ্ছ হাসি!

এ বাডিতে আজ যেথানে যা হচ্ছে সবই তো অমরের জন্ম। খাবার নিয়ে আঁস্থাকুড়েতে কুকুরগুলি যে লড়াই বাধিয়েছে, তাও। যা কিছু বাজনা, যা কিছু হাসি, যা কিছু কোলাহল!

ঐ যে নিভৃতে দাড়িয়ে একটি কিশোরী চ্টি হাত তুলে চুলের থোঁপাটা ঠিক করে গুছিয়ে নিচ্ছে, চুলের কাঁটাগুলি কের ভালে। করে গুছৈছে—দেও তো তারই জন্ত!——অমর ভাবছিল। নইলে আজ মেয়েটি কথনো এই নীল শাডীটি পরত না, মাথায় কথনো গুজিত না ঐ খেতপদ্মের কুঁডি।

শুভদৃষ্টির সময় সবাই বললে বটে, কিন্তু আমার ঘাড় গুঁজে রইল, মুখ তুলে চাইল না। পাছে ভূল ভেঙে যায়। থালি একটি কথাই মনে পড়ছিল তথন।

লুদী জিজ্ঞাদা করেছিল—কি নাম আপনার বউয়ের গ

অমর বলেছিল-মনোরমা।

নুদী পপ করে বলে ফেলেছিল—ওমা! স্বামারো ভালো নাম যে তাই। বলেই রাঙা হয়ে উঠে মৃচকে হেসেছিল একটু। পাছে তেমনি রাঙা হয়ে উঠতে না পারে। পাছে—

মনোরমা নিজে কুংসিত হলেও আশা করেছিল ছবির পাতায় রাজপুত্রের বেছবি দেখেছিল, পক্ষীরাজ ঘোড়ায় চড়া না হলেও তেমনিই স্কাস্ত হবে তার প্রিয়তম! ভাবলে—কড়ে আঙুল দিয়ে কপালে এক টোকা মারলেই ঘাড় গুঁজে পড়ে যাবে বৃঝি।

তবৃও তো স্বামী। ডাক্রার এদে আর দড়ি দিয়ে কপাল বেঁধে দেয় না, সারারাত্রি মনোরমাই কপাল টিপে দেয়। কখনো অনাবভাক বল প্রয়োগ করে বদে। রাগ করেই হয়তো।

অমর স্বচেয়ে ঘুণা করত নিজের এই কদর্য ব্যাধিটাকে। আর ঘুণা করে, যে মুখটা তার সত্যিই বত্তিশটা দাত আছে কি না অন্তকে গুনে দেখাবার জন্ম সর্বদাই মেলে রয়েছে,—সেই মুখটাকে। মনোরমা নাম বদলে নাম রেখেছে তিলোভ্রমা।

ম। কেঁদেছিলেন বটে একট, এক ফাঁকে এক এক করে নোটগুলি গুনেও নিয়েছিলেন বার চারেক।

হঠাৎ একদিন কয়েকথানি আঁচলের খুঁটে বেঁধে কাশী চলে গেলেন। বলে গেলেন—বউ তে। হযেছে। রেঁধেও দেবে, বুকে মালিশও করবে। আমি দিন কতক ধর্ম করে আসি, জিরিয়েও আসি।

শ্রীমাপদবার এদে মেয়ে নিয়ে যেতে চাইলেন। অমর আপত্তি করলে না। বললে—এ কদিন নাহয় কোনো একটা মেদেই থাকব। কারো হাত বুলিয়ে না দিলেও চলবে। তবে শিগ্রিই য়েন আবে।

বাড়ি ফিরে এসে শ্রামাপদবার মনে মনে বলছিলেন—বাবা কাঁটাটা তো থসেছে গলা থেকে ! বন্ধুদের বললেন—ভূমণ বস্তাও পিঠে করে বওরা যায়-—কিন্ত এই কুৎসিত মেয়েটা কি হায়রানি করেই মেরেছিল তবু যদি —

তারপরের ব্যাপারটা একটু আকস্মিক বটে, কিন্তু অস্বাভাবিক নয়।
সন্ধ্যার দিকে রাস্তাতেই থুব জাঁক করে হাঁপানি উঠে গেল।
একটা গাড়ি ঠিক করতে রাস্তার মধ্যে আসতেই বেহুঁশের মতো একটা
মোটর অতি আচমকা একেবারে হুড়ম্ডিয়ে এসে পড়ল কাঁধের ওপর।
তার পর ঘষড়াতে ঘষড়াতে—

শ্যামাপদবাবুর কাছে থবর গেল। মনোরমা একবার যেতেও চাইল কেঁদে। বাপ ব্ঝিয়ে বললেন—এথন গিয়ে কি আর এগোবে বল? গঙ্গায় না হোক কলতলাতেই শাঁথ। ভাঙলে চলবে। পানটা আর চিবোদ নি, মা।

মার কাছে তার পৌছল না। ঠিকান। বদল করেছেন।

আবো একবার রাজা। স্বাইর কাধের ওপর। ওর জন্তই তো আজকের সূর্য অন্ত যাচ্ছে। ওর জন্তই তো লুসীর চোথে একবিনু অঞ্চ।

অরণ্য

মেসএ আছি।—একটা চাকরি জোটাতে পারি কি না সেই ফিকিরে।

চেষ্টা-চরিত্র করবার মতো চরিত্রে আর বল পাই না, ছেঁড়া তোশকের ওপর একটা রঙ-চটা র্যাপার মৃতি দিয়ে উপুড হয়ে তুপুরটা কাটিয়ে দিই, বিকেলে এ-দিক ও দিক একটু হেঁটে আসি মাত্র,—শ্রহানন্দ পার্ক, নরসিংহ লেনের মোডে চা-এর দোকান,—বড় জোর ওয়াই. এম্. সি. এ। লোকে বলে, কুঁড়েমি করে করেই আমি বৃড়িয়ে যাব,— আমার দ্বারা কিছু হয় নি, হবে না।

আমি মেন্এ তক্তপোশে শুয়ে-শুয়ে আবোল-তাবোল স্থা দেখি!— হাতে কোনোই তো আর কাজ নেই, সিলিঙ পর্যন্ত লম্বা একটা পেন্সিল পেলে বিছানায় চিত হয়ে জি. কে. চেস্টার্টন্এর মতো সিলিঙে ছবি আঁকতাম! চাকরি-বাকরি না জুটলে শেষ পর্যন্ত বেলুড মঠে গিয়ে মাথা তাড়া করব। চাকরি পেলেই বিয়েটা করে বেশ তৈলসিক্ত নিরীহ সংসারী বনে যাই,—কত্টকুই বা আমাদের চাহিদা!

এর মধ্যে একদিন আমাদের মেস্এর ঝি সব বাসন কোসন নিম্নে সরে পড়ল। সবাই বললে, আপনি তো চুপচাপ বসে আছেন, আমাদের খাস গ্রহণ করবারো সময় নেই, যান একটা ঝি-ফি জোগাড় করে আফুন গে!

ঝি খুঁজতে বেরুলাম।

খুঁজতে খুঁজতে এসে গেলাম পাথ্রিয়া-ঘাটা বাই-লেন। মোড়ের ওপর তেতলা বাড়ি,—সদর দরজার কাছে একটি মহিলা একটি ভিদ্রানী মেয়ের কাছ থেকে ঘুঁটে রাণছেন। ছপুর তথনো প্রায় পুরোপুরি-ই।

মাদীমারা যে এখানে আছেন এবং এ-পাড়ায়ই,—এ-রকম-একটা জনশ্রুতি আমার কান এড়ায় নি। কিন্তু তথন বলদেবী বল্শেভিকদের মন্ত্র নিয়ে নয়,—অভিজাত জীবনের ওপর আমার স্বভাবজাত একটা বিতৃষ্ণা ছিল,—তাই মাদীমার দীমাতেও আমি আদি নি। আলামান থেকে দেশে ফিরে এদে যথন মাকে ফিরে পেলাম না, তথন মাদীর দিকে একবার ফিরে চেয়েভিলাম। ভেবেছিলাম, থাক্ গে. মেদোমশায়ের মনোভাব আলাজ করবার মতো বৃদ্ধি আমার আছে।

কিন্তু আশ্চয়, এই চোদ্দ বছর পরেও মাসীমা আমাকে চিনে কেললেন। একেবারে ছই উংস্ক বাছ মেলে পথের কাছে নেমে এলেন,—মা থেন তাঁর দীর্ঘ প্রতীক্ষার করুণাসিক্ত অধীরতাটুকু মাসীমার বুকে রেখে গেছে! রইল পড়ে ঘুঁটে গোনা, মাসীমা আমাকে একেবারে বাছতে জড়িয়ে বারান্দ। দিয়ে বাড়ির মধ্যে নিয়ে এলেন,—নিয়ে এসেই গলা ছেডে ডাক: ও ভ্রমর, ও হেনা,—ভাপ এসে ভোদের ক্ষিতি-দা এসেছে!

ক্ষিতি-দা! যেন তেতলা বাড়ির তেত্তিশটা ঘর থেকে একসঙ্গে তিয়াত্তরটা আওয়াজ বেফল।

মৃহতের মধ্যে তিন দিকের তিনটা সিঁড়ি দিয়ে একসঙ্গে ছোট-বড়ো কত গুলি প্রাণী যে নেমে এসে আমাকে ঘিরে দাঁড়াল তার ইয়ন্তা নেই। মনে হল, এরা যেন এই ঘটনার আগে, নিখাল নেওয়ার আগে পর্যন্ত, ক্ষিতি-দার জন্ম জানলা দিয়ে বাইরে চেয়ে ছিল। যথন দীর্ঘ প্রবাস থেকে প্রথম কলকাতায় এসে পা দিই, তথন কোথায় ছিল এতগুলি ম্থ, স্মেহে স্থকোমল, কল্যাণকামনায় লাবণ্যময়! সেদিন নিজের ভাগ্যকে নিষ্ট্র বলে তিরস্কার করেছিলাম,—কোথায় ছিল মানীমার বাহু-উপাধান! আমার চোথ ভিজে উঠল।

মাসীমা কালামাপা স্থরে বললেন,—খবরের কাগভে কতদিন আগে—

প্রায় ত্বছর হল—জেনেছি তুই ছাড়া পেয়েছিস, কত তোকে থোঁজ,— কোথাও তোর হদিস নেই। আছিস কোথায় ?

হেদে বললাম—মেন্এ। এখন একেবারে মেষ হয়ে গেছি কি না। বলেন,—কেন, তোর মাদিমা কি বাদি হয়ে গেছে ? বলে আদর করে গালে একটি ছোট্ট চড় দিলেন।

বললাম,—মেদ্এর জন্ম ঝি খুঁজতে বেরিয়েছিলাম, ঝি-র বদলে মাসী পেলাম।

আমাকে ঘিরে যতগুলি প্রাণী দাঁড়িয়েছিল, সবাই আমাকে প্রণাম করবার জ্ঞা ভিড় করে এগিয়ে আদতে লাগল। আমি যেন মৃত্যুর মতোই ভয়ন্বর ও মহিমাময়, অথচ মৃত্যুর মতোই দয়ার্দ্র হিদয় অদ্র-আত্মীয়! হটে গেলাম, বললাম,—প্রণাম করে অগ্যুকে প্রভূত্বের মর্বাদা দেবে,—আমি এই দৌবলা সহা করিনে! একটু ছবিনীত হও।

একটি ছোট্ট ছেলে, হয়তে। সবে পাঁচে পৌচেছে কিংবা ছয়ে—ছুই চোথে খুশির ঢেউ ত্লছে—আমার হাত ধরে বললে,—তুমি আমার ক্ষিতি-দা।

বুঝলাম ক্ষিতি-দা-র খ্যাতি এই শিশুটির কাছেও পৌচেছে! ছেলেটির নাম আগে ছিল রুদো—এখন হয়েছে রুফ, ওর মেজদি হেনা ওর নাম রেখেছে।

ক্ষয আমার আদর না নিয়েবললে—আমি তোমার মত হব কিতি-দা!

আমি তাকে কোলে তুলে নিয়ে বললাম,—আমার মতন কি। দ্র বোকা! আমি তো একটুগানি,—আমার চেয়েও চের বড়ো হবে।

রুষ বললে,—তবে আমাকে তোমার কাঁধে চড়িয়ে দাও, তোমার থেকে এক্নি বড়ো হয়ে যাই।

लभत (हरन वनरन-नाम् पृष्टे (हरन !

রুষ বললে,—আর ক্ষিতি-দা বুঝি ছটু নয় ! ছটু বলেই তো তাঁকে এতদিন আটকে রেথেছিল,—ছটুমি করলে আমাকে যেমন তুমি তোমার ঘরে বন্ধ করে রাধ । মেদোমশাইরা তিন ভাই,—বাড়িও তিন-তলা। মেদোমশায় মেজো – আলিপুরের জজ;—বড় যিনি, তিনি গোটা পাঁচেক কয়লার খনির মালিক, ছোটটিও ব্যবদাদার।

একাল্লবর্তী পরিবার,—দেইটেই আশ্চর্য,—প্রতি বেলায় পাত-ও পড়ে একাল। বড়োর হাতে বারটি সন্থান, মেসোমশামের দশটি, ছোটোটি বিয়েতে দেরি করলেও দৌড়ে দাঁড়িয়ে পড়েন নি। তা ছাড়া চাকর-বাকর বয়-খানসামা দারোয়ান-মালি তো কতোই আছে। সব চেয়ে আশ্চর্য, সব কটিই বেঁচে আছে—আয়ু আর বিত্ত এদের আল্ফা এবং ওমেগা!

সন্ধ্যাসন্ধিতে মেসোমশায়ের ঘরে তলব পড়ল। হেসে বললেন,—
শিং ভোঁতা করে এসেছ তো, চরকা নিয়ে? তা বেশ! আমাদের
চরকায় তেল দিতে চাইবে না আশাকরি।

তার পর মাদীমার দিকে চেয়ে বললেন,—যাও একে ঘি-তৃধ পাইয়ে বেশ একটি নধর তাকিয়া বানিয়ে ফেল,—সাপকে দড়ি বানানোটা কম কৃতিজ্যের কথা নয়।

ফের হেদে বললেন,—যাও, কদিন বেশ জিরিয়ে নাও এথেনে, ভ্রমরের এস্রাজ শোনো, ফ্লাই-র গান—মনটাকে ধুয়ে একেবারে সাফ করে ফেল। সিনেমা ভাথ, মুগি কাট, ঘুমাও,—বেশ নিরীহ হয়ে যাও।

বললাম,—তাই হয়ে গেছি। ভাবনা নেই আপনার।

কোথা থেকে কোথায় এসে মিশে গেলাম। ছিলাম ধাবমান নিক'রের ফেনসঙ্গুল ছনিবার থরস্রোত—এখন হয়ে আছি পুন্ধরিণী— শীমাবদ্ধ, নিস্প্রাণ, অগভীর! শেলির স্কাইলার্ক ওয়ার্ড্সার্থের হয়ে গেছি, কিংবা হাডির! যৌবন হারিয়ে বুডো ঘ্যাতি হাই তুলছেন।

প্রত্যেকের জন্ত — মানে যারা বয়স্ক — এক-একটি আলাদা ঘর, — এবং প্রত্যেক ঘরেই আমার নিমন্ত্রণ। তার কারণ এই নয় যে যোলো বছর বয়সে কালাপানি পেরিঘেছিলাম, — তার কারণ, আমি সবাইর চোথে একাস্ত করে আলাদা, সবাইর কাছে তাই একান্ত করে আপন। আমাকে নিয়ে সবাই ব্যস্ত, — আমি ভাতের প্রথম গ্রাস মুথে তুলবার

আবে হাতটা কপালে এনে ঠেকাই, সবাই তাই উৎস্ক হয়ে দেখে,— আমি আমার বাঁ হাতের কড়ে আঙুলের নোখটা অনেক বড়ে: রেখেছি, এবং সেই নোখ দিয়ে অন্ধকারে একজনের চোথ কানা করে দিয়েছিলাম—

সকাল থেকে রাত একটা পর্যন্ত এ-বাড়িকে মনে হয় একটা কারথানা,—যেন অনবরত কল ঘূরছে;—পাঁচ বছরের ছেলে রুষট হচ্ছে এ-কলের কলিজা। আমি রুষেরও বন্ধু বনে গেছি। রুষ মেয়ে-পুরুষ সবাইকে মাতিয়ে রেখেছে,—ছ্-নলা বন্ধুক ছোড়ে, নিজে-নিজে ঘোড়ায় চড়ে, মোটরে ড্রাইভারের কোলে বসে তইল্ না ধরলে ওর কোথাও যাওয়াই হয় না,—ঘডি ভেঙে ফেলে তার কলকক্তা দেখে, কাঠ আর পেরেক দিয়ে এঞ্জিন বানায়, দোরের পাশে লুকিয়ে থেকে সমহ বাড়িকে তোলপাড করে ছাড়ে,—পরে গুটি-স্কটি বেরিয়ে এসে বেমাল্ম প্রেন্ন কাকে খুঁজছ, মেজদি?—রুষ বেন বাংলার পলি-মাটি দিয়ে তৈরি নয়,—রাশ্যার বরফ দিয়ে, কঠিন, হিম ত্রম্মনীয়,—ওর তুই চোথে ধেন বন্ধু দস্যতা আছে,—তীক্ষু, ক্ষরধার!

ইহসংসারে আমিই নিস্পৃহ,—তাই সবার কাছেই স্পৃহনীয়।
আমাকে পেয়ে গুরা সবাই যেন হাঁপ ছেডেছে,—গুদের আহার স্বস্থাত্ত,
পানীয় স্থাতল হয়ে উঠেছে,—গুদেব ঘরের বাতাসে স্থবাস এসেছে, যে
কথা বলবারও নয় ভুলবারও নয়—সেই কথা যেন মৃক্তি খুঁজছে। বন্দী
ভাষা, তুর্বোধ তার রহস্য!

তে-তলা এক-তলা আমি টানা-পোডেন করছি।

মোটমাট সতোরোটি খোপরি,—স্বতরাং হাতে আমার সাতঘণ্টাও থাকে না। আমাকে ওরা বলে: তুমি দিনে ঘুমিয়ো, ক্লিভি-দা,— তুমি তো ঘানি ঘুরিয়েছ দিনেই,—রাতেও ঘোরাও এবার।

ভ্রমর আমার মেদোমশায়ের বড়ো মেয়ে। ভ্রমর তার থাটের ওপর বদে একটা স্কুটকেদ উপুড, উদ্ধাড় করে কি সব জিনিসপত্র নিয়ে একেবারে বিভার হয়ে আছে। আমাকে দেথে থাট থেকে লাফিয়ে সোজা দাঁড়িয়ে পড়ল। যেন বেশ একটু বিত্রত হয়েছে। বল্লে, —আজ আর এস্রাজ নয়, ক্ষিতি-দা—এস্রাজের চেয়েও মিষ্টি বাজনা আছে, শুনবে? বোদো তা'লে।

ভ্রমর মাথার চুলটা ঠিক করতে-করতে ফের বললে,—চা থাবে ?

এই ভাত থেয়ে এলাম। তোমাকেও নেয়ে-থেয়ে নিতে বললেন

মাসীমা। কত বেলা হয়েছে থেয়াল আছে ? তুমি এখন যাও।
তোমার এ-সব জিনিসপত্র আমি পাহারা দিছি। তুমি থেয়ে এলে পর

ভ্রমর আলমারি থেকে শাভি-দেমিজ বার করলে,—তেল নিয়ে পিঠের ওপর সাপের মতো বেণী থদিয়ে একটু এদিক-ওদিক হেঁটে, দোলনায় ঘুমন্ত ছেলেকে একটু আদর করে যেতে-যেতে বললে,— তোমার ওপর এই সবের ভার রইল ঝুঁকি পোয়াবার, উকি দেবার নয়।

নিষ্টি বাজনা শোনা ঘাবে'খন।

বলে একবার ছেলেও আরেকবার খাটের ওপর বিশৃষ্থল জিনিস-গুলির দিকে করুণ দৃষ্টিপাত করে চলে গেল।

ভ্রমর ধেন শরং-মেঘের বিজ্যং দিয়ে তৈরী,—ওর মধ্যে ধেন সেই
নিজল নিরানন্দ উজ্জলতা,—ভ্রমর ধেন মক্তভ্রমির শুক্ষ নিজকণ দিগন্তলেখা,—সেই উদাস্থা ওর ললাটে। এস্রাজের মাঝে ওর অজস্রতা নেই,
গানে নেই প্রাণ,—কোনো উৎসবে নেই উৎসাহ! ও ভ্রমে ভ্রমর নাম
নিয়েছে।

আধঘণ্টা বাদে ভ্রমর এদে হাজির,—হাতে এক বাটি চা। ঘরে পা দিয়েই কলকঠে বলে উঠল: তুমি এ-চেয়ারটিতে বদেছ, ক্ষিতি-দা! বাঃ! চা-টা হাতে করে এইটুকুন আসতে আমাব কী ভালে। যে লাগছিল—

- —তুমি কি পাগল হয়েছ ভ্রমর, এই তুপোর ছটোয় চা,— ভাত খেয়েই ?
- —চার্ষে তোমার অরুচি আছে তা'লে। থাক রেখে দাও।

ভ্রমর স্থন্দর করে সীময়ে সিন্দুর পরলে,—মূথে গোধুলিবেলার নিমলি আভা, ডুট ঠোঁটের কোলে ব্যথিত হুরুতা ঘুমিয়ে আছে,— ছটি হাতে ক্লান্তির কাতরতা। সেই ক্লান্তিই যেন ওকে কমনীয় করেছে!

ছেলের দোলনায় ছোট হটি ঠেলা দিয়ে বললে—গিলে আসছি। এলাম বলে।

ভ্রমর এল পেয়ে। তপুর প্রায় ফুরিয়ে এল। বললাম,—তোমার মিষ্টি বাজনা শোনাবে না?

কাগজের স্তুপ থেকে কি-একটা বের করে ভ্রমর বল্লে,— শুনবে এস । এস এগিয়ে।

এগোলাম। ভ্রমর আমার চোথের কাছে একথানি ফটো এনে ধরল। নষ্ট হয়ে গেছে,—বহুদিনকার নিশ্চয়ই,—কিছুই ভালো চেনা মায়না। তবু আন্দাজ করে বললাম,—নীরেশবাবুর ? এ বাজনা ভো থালি তোমারই কাছে মিষ্টি।

লমর বললে,—তোমারো কাছে লাগবে, শুধু মিষ্টি নয়, মিদ্টিক্!
শ ভিলিট করে' দন্তান বদাও।

অবাক হয়ে বল্লাম,— তাব মানে ?

— এটুকুরও মানে তুমি করতে পারবে না ক্ষিতি-দা? সোজাস্থজি মানে, নীরেন আমার বন্ধ ছিল।

হেদে বললাম, তোমার টেন্স্-জ্ঞান আমার টেন্শান্ কমিছে দিয়েছে, ভ্রমর। 'ছিল',—এখন আর নেই তাহলে ? বাঁচা গেল।

ভ্রমর ফটোটা চোথের কাছে তেমনি ধরেই আছে। অক্টম্বরে বললে,—না, এখন আর নেই। সেইটেই তঃখের।

—কেন নেই ?

--রেপুটেশান ক্ষিতি-দা, রেপুটেশান। তুমি ওথেলো পড়েছ ? ক্যাশিয়োকে মনে পড়ে ?

হেসে বললাম—যদি দন্তা ন তালবা শ হয়ে রুথে ওঠে, সেই ভয়ে দরজায় তালা দিয়ে তাকে বাতিল করে দিলে। এই তোশার মিষ্টি বাজনা, ভ্রমর ?—থাক, এ বিষের চেয়েও মারাত্মক।

ভ্রমর জ্ঞানীর মতো বললে,—এ-বিষ নিরামিষ, ক্ষিতি-দা! সেইটেই

বাচোয়া। আচ্ছা, তুমি এ-ব্যাপারের প্রতি এত নিরুৎদাহ কেন? তুমি তো কোনোদিন ভালোবাদার বেদাতি কর নি, বেহাতও কর নি। তুমি কি একে অন্তায় মনে কর?

মুরুবিবয়ানা করে বললাম,—অন্তায় নয়, মূর্থতা।

- —হাঁা, মূর্থ তা! নইলে তুচ্ছ একটা মেয়ের জন্তে কেউ কুচ্ছু সাধনা করে,—জীবন নিয়ে জুয়ো পেলতে বদে! শুনলাম বুড়ো মাকে ফেলে জাহাজের খালাসি হয়ে সাউথ আফ্রিকা যাবে।
- —তুমি আবার হাসালে, ভ্রমর। এপনো যায় নি তা'লে ? বাঁচা গেল। আছা, আছা, দাঁড়াও, দাঁড়াও ভ্রমর,—তোমার বন্ধুর নাম কি নীরেন চক্রবর্তী ?
- —ই্যা, ই্যা,— ভ্রমর লাফিয়ে উঠলঃ তুমি চেন তাকে ? স্থলর দোহারা চেহারা, পাঞ্জাবি ছাড়া কোনদিন কোট গায়ে দেয় না, মোজা পরে না,—থালি ক্রেভেন্-এ থায়, ডান দিক দিয়ে মাথার আদ্দেক অবধি টেড়ি কাটে! তার সঙ্গে তোমার কবে দেখা হল ? বিষে করে নি এখনো ?
- —মেস্এ দেখা হয়েছিল,—বোধ হয় দিন কয়েকের জন্যে। পরে কোন দিকে যে পাল খুলে দিল কেউ জানে না—
- —কেউ জানে না ? আমার ভারি ইচ্ছা করে, আবার দে আম্বক—
 এমনি নির্জন গুপুরে—ঠিক ঐ চেয়ারটিতে এদে বস্তক,—ভাত থেতে
 এদেই চা চাক্। কেন তা হয় না, ক্ষিতি-দা? জীবনের একটা
 চৌমাথার মোড়ে এদেও দে ট্রাফিক্-পুলিশের মতো আমার গাড়ির গতি
 বন্ধ করে দেবে না,—এ তার কী অমাম্বিক অভিমান!
 - ঘুণাও তো হতে পারে, ভ্রমর।
- —হতে পারে। কিন্তু কেনই বা সে মুণা করবে ?—আমাকে তো সে কোনদিন চায় নি। আমি তাকে বুঝতেই পারলাম না, ক্ষিতি-দা। আমার আঙুলটির সঙ্গে তার আঙ্লটিরও আত্মীয়তা হয় নি,—
 - —তবু; হ্বদয় যে প্রতিবেশী ছিল সেটা আজ বেশি করেই বুঝছ।
- —হাা, থুব বেশি করে। বাড়িব স্বাইর কাছে ছিল সে এন্নাই-ক্লোপিডিয়া, আমার কাছে সে ছিল শুধু সাইক্লোন্!—আমি তার

দে-চেহারা আজো মনে করতে পারি, ক্ষিতি-দা। কিন্তু সত্যিই হয়তো পারি না।

ভ্রমর ছেলেকে দোলা দিয়ে এসে ফের থাটের ওপর বসল।

বললাম,—এও তো হতে পারে, ভ্রমর, যে দে মোটে তোমাকে পাবার মতো করে ভালবাদে নি,—এমনিই তোমার পথের মাঝে ধূলির মতো উড়ে এদেছিল, এমনিই আবার ধুয়ে গেছে।

— স্বাদের মতো, — কীণ হয়ে এদেছে শুধৃ। আমি তো তাকে তাই চাই। দে আমার আ্যাকোয়েন্টেন্স, — তার সঙ্গে ফের চা থেতে ইচ্ছা হয়, একসঙ্গে জর্জ মার পড়ি, এক দিন এক সঙ্গে 'টকি' শুনে আদি। দে সবচেয়ে আমাকে বেশি বোঝে, দে পৃথিবীর আহিক গতির সঙ্গে পা ফেলে চলে, তার মাঝে আমি নিজেকে বেশি করে আসাদ করি বলেই তো সে আমার বয়ু। আমাদের চই পাথির এক পালক! সে নাই বা এল সন্দীপের মতো, সে সৌহার্দের প্রদীপ নিয়ে আন্তক, — আমি তার বয়ু, এও আমার একটা পরিচয় হোক। তা কেন সম্ভব নয়. ক্ষিতি-দা।

—তার উত্তর তো তৃনি আগেই দিয়েছ। এর আরো একটা উত্তর হতে পারে, পুরুষের চাওয়াটা ভারি পুরু, মেয়েদের মিহি।—তোমার আাকোয়েনটেনসে তার প্রয়োজন নেই।

—তুমি আমাকে কি ভাবছ জানি না,—কিন্তু তার দঙ্গে আমার দেখা করার সাজ্যাতিক দরকার আছে।—হয়তো শুধু আজকের জন্তই। তার কথা আমার প্রায়ই মনে পড়ে না,—শুধু আজকে হঠাং, একেবারে হঠাং মনে হল ক্ষিতি-দা, তাকে আমি ভূলি নি। আর একদিন হয়েছিল,—যেদিন হঠাং তুমি এলে। সেই হঠাং আদাটাই দেদিন ভারি রোমাণীক লেগেছিল।

খানিক থেমে হঠাং ভ্রমর বললে,—আমি আমার স্বামীকে থুবই ভালোবাদি, দে-কথা বলাই বাহুলা,—আমি ফোরসাইট সাগা পডলেও বৃঝি নি, আমি Ireneও নই Fleure নই,—কিন্তু জ্ঞান কি ক্ষিতি-দা, আমার স্বামী স্বামীই বটেন, বন্ধু নন—বহু তপস্থার স্বামী, বিনা মূল্যের

বন্ধুনন। কিংবা ঠিক ভার উলটো। আমি ডাক্তার চাই বটে, হাট শেশশালিফ,—কিন্তু সঙ্গে একটি হাটি বন্ধু বেশ হয়।

ভ্রমরের ছেলে তথন কাঁদতে শুরু করেছে। ভ্রমর ভাকে শাস্ত করে।

উঠছি— ভ্রমৰ বললে, তুমি মনে ভেবো না, তার সঙ্গে দেখা হয় না বলে আমার ঘুম হয় না.—তা হয়। শুধু সে যেন বিয়ে করে, যেন ভল্লোক বনে যায়,—এইটকু।

হেদে বললাম—দেখা হলে ভদ্রতা শিখতেই তোমার কাছে পাঠিয়ে দেব'খন।

কে এই নীরেন চক্রবর্তী ? সে একদিন ভ্রমরের নিকটবর্তী হয়তো হয়েছিল, কিন্তু আমি তো তাকে জানি না—আমি ভ্রমরকে ভাঁওতা দিয়েছি।

নীরেনের সঙ্গে আমার কোনোদিন দেপ। হবে না জানি। সে হয় তো এখন কেরানি, হয়তে। বা স্পাই! তবু সে আমার বন্ধ। সে সাধ্যাতীতের জন্ম সাধনা কবেছিল—মন্দিরে পাষাণের বেদীকে সে দেবী বানায়।

তচ্ছ মেয়েই তে। বটে।

স্থাংশুর ঘরে আসি। স্থাংশু মেদোমশায়ের দাদার ছেলে।

- -- কি করছ, স্থগংশু ?
- এদো এসো, কিতি-দা। কি আর করব বল ? সেই ল' সমুদ্র পাড়ি দেবার জন্মে পাড়ে থেকে লগি ঠেলছি। ইকুমিটেব্ল্ সেট-অফ মুগস্ত করতে করতেই অস্ত যাব।

বসি এক পাশে। ভ্রমরের ঘবে একটি বিষণ্ণ দারিন্দ্র আছে, —এর ঘরে একেবারে রৌদ্রের প্রথরতা। হঠাং মনে হয় যেন মিউজিয়নে এসেছি। ছাদ থেকে মেঝে পর্যন্ত ঝাকঝাক করছে,—কাশ্মীর পেকে বর্মা তো আছেই, স্বদূর আইসল্যাণ্ডও তার কিউরিয়ো পাঠাতে

ভোলে নি। স্থধাংশু পড়ে, আর তার চাকর চেয়ারের তলে বদে পায়ের পাতায় স্বভম্বভি দেয়।

হঠাৎ স্থধাংশু বললে,—আমাকে একটা চাকরি জুটিয়ে দিতে পার, ক্ষিতি-দা?

যেন পাছাড় থেকে পডলাম। যার শালের এক ধারের পাড় বেচে একটা লোকের এক মাসের ভাত জোটে সে চায় চাকরি? ঠাট্টা আর কাকে বলে?

কিন্তু ঠাট্টা নয় ! স্থাংশুর মুথে মালিক্ত এসেছে। বললে,—আমার দ্বারা পরীক্ষার সিংহদ্বার উত্তীর্ণ হওয়া চলবে না ক্ষিতি-দা। তিনবার ঘায়েল হয়েছি—আমি আর বৌয়ের কাছে অপমান সইতে পারি না। একটা ছোটথাটো চাকরি নিয়ে কোথাও ভেসে পড়তে ইচ্ছা করে।

—বল কি স্থধাংশু ?

—সব ছেড়ে-ছুড়ে দিয়ে গেরুয়ার লুঙ্গি পরে আমি বেরিয়ে পড়ত্ত্ চাই। বৌকে ছেড়েছিলেন বলেই তো শুদ্ধোধনের ছেলে সিদ্ধার্থ হতে পেরেছিলেন, ক্ষিতি-দা। আমিও আমার বিলাসের বস্তুটিকে কেলে একাস্ত সন্তা হয়ে বিকিয়ে য়েতে চাই,—কেউ নেই আমার,—শুধু আমি, আর আমার অক্ল ভবিয়ং। জেলে গিয়ে পচতেও চাই, কিন্তু, এ-রকম জলো হয়ে য়েতে চাই না।

বললাম,—মাদে তোমার তামাকেই এক শ টাকা লাগে—

- আর, জুতোর কালিতে পঞ্চাশ। তাইতেই তো সব তেতো লাগে, ক্ষিতিলা। আমার একেবারে আলাদা হয়ে যেতে ইচ্ছা করে,— ছোট সংসারে ছোট গণ্ডির মধ্যে একান্ত স্বার্থপর, একান্ত একেলা। একটা ছোটথাটো চাকরি ভোমার হাতে নেই ?
- আছে। রাস্তার ঝাড়ুদারের কাজ। এগারো টাকা মাইনে। স্থাংশু যেন মরীয়া হয়ে উঠল: দাও ঝাড়, সত্যি আমি নর্দমা পরিষ্কার করব,—
 - —তোমার শালের কোণটা মাটিতে পড়ে গেছে তুলে নাও! স্থাংও শালটা কোলের ওপর তুলে নিয়ে শাস্তস্বরে বললে—ঝাড়ু দার

হয়তো সম্ভব নয়, কিন্তু ছোটখাটো একটা ইস্ক্লমান্টারির যোগ্যতঃ হয়তো আমার আছে। এবারেই আমার শেষ চান্স্। এবারে লাফাতে না পারলে আমি চৈতন্ত হয়ে যাব।

- —মালকোঁচা বাঁধবার সময় সেই চৈত্তভূকু থাকলেই তো লাাঠা চুকে যায়।
- —তুমি ঠাটা করছ কিতি-দা, কিন্তু তুমি জান না, আমি কী অসহায়! বাবু বৌ, তিনটে রোগা ছেলে,—এত থায় তবু চেহারায় হায়া নেই। মাদের বরাদ্দ টাকায় আমার চোদ্দ পুরুষের শ্রাদ্ধ হয় বটে তবু সভিয় আমার মনে স্বথ নেই। আমার গরিব হয়ে থেতে ইচ্ছা করে।

বললাম, — এবারে কোলড্ ওয়েত এদেছে, — টেপ্পারেচার একান। তালো করে শালটা বুকে জড়িয়ে নাও। জর্জ দি ফিফথ-এর মতো ফুসফুদে জল জমতে পারে।

স্থাংশু বোকার মতো আবার বইয়ের ওপর ক্রে পড়ে।

হেনার সঙ্গে কার তুলনা দেব ? গৃহস্থের গৃহকোণে ন্তিমিত দীপশিখার, না মেঘমান বিঘাদিত চন্দ্রালোকের ? কি বলে বোঝানো যায় একে ? স্বস্থিপ্ত রজনীগন্ধা, না বৃষ্টিদিঞ্চিত তৃণকণা ? ওকে বোঝানো যায় না,—স্বপ্রেও ধরা দিতে শেথে নি। ও একটা আইডিয়া!

ভ্রমরের সৌন্দর্য তার মৃপের স্থচাক্ষতায়, হেনার মাধুর্য তার করতলে!

কিন্তু তুই চোথে ওর প্রতিভা ও প্রতিজ্ঞার দীপ্তি! ওকে ভাঙা যায়, বাঁকানো যায় না।

ওর ঘরে এলে মনে হয় ঘেন ছায়ায় এসেছি। সমস্ত ঘরে যেন টোয়াইলাট,—সব সময়। ওর ঘরের সব রঙ ফিকা,—ওর চেহারায় একটি মানাভ নির্মলতা আছে। ওকে দেখলে চট করে মনে হয় ঘেন ডিমিত সন্ধ্যালোকে একটি ক্ষীণধারা নদী দেখছি। ও যেন নীল আকাশের একটি সঙ্কেত!

ঘর নয়,— মন্দির। কোথাও এতটুকু আড়ম্বর নেই,—ভূষণস্বল্পতা ওকেও অনিব্চনীয় করে তুলেছে। শুধু তু-টি চেয়ার, পশ্চিমের দেয়ালের গারে একটি ছোট গোল টেবিল, তুথানি বই,—উত্তরের দেয়াল ঘেঁষে একথানি নীচু খাট,—মাটি থেকে হয়তো শুধু বারোই কি উঁচু,— তোশকের ওপর গরদের চাদর পাতা আর তার ওপর কতগুলি ফুল।—হেনা গরদ ছাডা পরে না,—গরদে ওর পাড নেই।

- —কি করছ, হেনা ?
- আরে, এসো ক্ষিতি-দা কি আর করব । পডছি।
- -- আজকে এমন একটা শুভদংবাদ পেয়ে বেরিয়ে পড়ো নি যে গ

হেন। অল্প একটু হেসে বললে,—সেই শুভদংবাদে কোনো উত্তেজনার আখাদ তো পাছি না, ক্ষিতি-দা,—বরং একটি পবিত্রতা পাছি। আমার এই ছোট ঘরটি দূর আকাশের মতো যেনন পরমবিস্তার লাভ করেছে। একটা ভারি স্থলর বই পড়ছি। মেয়েটি বলছে: তুমি হৃংথ কোরো না,—আমার নিঃসঙ্গতার সঙ্গে ভোমার নিঃসঙ্গতার বিয়ে,—ভোমার লাজনার সঙ্গে আমার লাজনার।

—মত না দিলে আমিও তেমনি সেই মেয়েটির মতো তার হাত ধরে বলতাম: আমরা পরস্পরে স্পর্ণ থেকে বঞ্চিত হলাম বটে, কিন্তু এই বিচ্ছেদই আমাদের অন্তরের স্পর্শমণি হোক্! —নারীর সতীত্বকে স্বাই সন্মান করে, সম্ভব বলে বিশ্বাসও করে, কিন্তু নারীর প্রেমের প্রতি-ই যত বিদ্রেপ। তারা বলেন, নারী স্নেহ করতে জানে বটে, কিন্তু ভালবাসতে জানে না,—সে তার গঠনগত অসম্পূর্ণতা। আমি সেই নিয়মের ব্যতিক্রম হতাম,—আমি প্রমাণ করতাম ক্ষিতি-দা, যেমন অভিচারের চেয়ে সতীত্ব বড়ো, তেমনি সতীত্বের চেয়ে বড়ো প্রেম—বে-প্রেমে হুংগদহন আছে, আআতাগ আছে! তুমি জান না, এই হুংগ সন্থ করবার সাহসের অভাবেই সমন্ত স্বাই শীর্ণ, বিবর্ণ হয়ে যাছেছ।

শকুত্বলা বেথানে তপোবনবাদিনী, তার চেয়ে উজ্জ্বল,—শকুন্তলা বেথানে তপশ্চারিণী! পার্বতীর চেয়ে অপর্ণা!

- কিন্তু আই. সি. এস-এর চেয়ে শেষকালে আই-এসসি-কে বরণীয় গনে করলে ?
- —তুমি আমাকে আর হাসিয়ো না, ক্ষিতি-দা! আমি পরীক্ষকদের পার্শালটির দক্ষন একটা এম্. এ.হয়েছি বলেই তো আর জানাগজাইনি। বাবার আপন্তি ছিল তো সেইখানেই। তিনি বলেন—প্রেমে পেট ভরে না।—কিন্তু পেয়ালা তো ভরে,—সেই উত্তরটা সেদিন দিলে ভারি বেখাপ্রাণ্ণানাত; বলিও নি। দিদি এই পেট ভরাবার জন্তেই পাটেরার উদ্দেশ্তে ভাক্তারের দোরে ধন্না দিলে। জাক্তার অবিশ্তি ওর হাট-ভিজ্ঞিক দারিয়ে দিয়েছেন। কিন্তু জান ক্ষিতি-দা, আমার জীবনের চাহিদা ভারি সাদাসিধা,—এখন মনে হচ্ছে কিছুই হয়তো আর চাই না,—নিখাসের জন্ত পরিমিত বায়ু, দেহধারণের জন্ত ক্র আহার! প্রেম দীর্ঘ- ছায়ী হয় না জানি, পরমায়্পু নয়—মানে প্রেমের প্রগাঢ়তা ধোপে টেকেনা,—মানে যেখানে পরস্পর পরস্পরকে পেয়ে ফেলে, পেতে থাকে না। —একটি ছোট নীড়, তুটি কোটা আঁথিনীর,— আর ধরণীর ধূলি! তোমার রবীন্দ্রনাথ পড়া আছে, ক্ষিতি-দা?

লোজা বললাম, --না। সময় হয় নি।

—আমার আজ কবির সঙ্গে স্থর মেলাতে ইচ্ছে করছে:

বহুদিন মনে ছিল আশা
ধরণীর এক কোণে
রহিব আপন মনে;
ধন নয়, মান নয়, একটুকু বাসা
করেছিছ আশা।
গাছটির স্লিগ্ধ ছায়া, নদীটির ধায়া,
ঘরে-আনা গোধ্লিতে সন্ধ্যাটির তায়া,
চামেলির গন্ধটুকু জানালার ধারে,
ভোরের প্রথম জালো জলের ওপারে ১

তাহারে জড়ায়ে ঘিরে
ভরিয়া তুলিব ধীরে
জীবনের কদিনের কাদা আর হাসা;
ধন নয়, মান নয়, এইটুকু বাসা
করেছিয়ু আশা॥

বললাম,—রবীন্দ্রনাথের বাসা একটুকু নয়,—সমন্ত পৃথিবীতে তোমার বাসা দেখলে তে-তলা, না দেখলে পীগৃষের হৃদয়। হেনা হেসে বললে,—ও কবির ideal existence। জান, আমিও একদিন কবিতা লিখেছিলাম, ভ্রুবে ?—

বহুদিন মনে মোর আশা—
চাহি না পাথির নীড়,
আমি নহি ধরণীর;
গৃহতরে স্পৃহা নাই, পথের পিপাসা
করিলাম আশা।
তিমির-স্থিমিত রাত্রি নাহি দীপশিথা,
মৃত্যুর আহ্বান আসে; কে অভিসারিকা,
শ্লথবেণী চলিয়াছ চঞ্চল উধাও,
কাহার অলক্ষ্য লন্ধী, কারে তুমি চাও ?
অজানারে জিনিবারে
নিক্তরে অন্ধকারে
ডুবিলাম, চক্ষে মম স্থান্ত, ভ্রাশা;
গৃহতরে স্পৃহা নাই, ভবিয়্মের ভাষা
করিলাম আশা॥

এ-কবিতাটি বছ দিন আগে লিখেছিলাম। কত দিন আগে বল তো? সংক্ষেপে বললাম, – পীযুবে যখন তোমার গণ্ডুষ ভরে ওঠে নি। হেনার মুখ রাঙা হয়ে উঠল। ওর ছই চোখে কবিতার বাতি জলচে।

বললাম,—কিন্তু সারা জীবন হয়তো তোমাকে দারিদ্রোর সঙ্গে লডাই করতে হবে।

- —আমি তার শক্তি পরীক্ষা করব।—হেনার উত্তরে একটা প্রাবদ্য আছে; আমি অর্থোপার্জনে তো অযোগ্য নই, এবং যিনি আমার অযোগ্য নন তিনিও নিশুয়ই অনর্থক হবেন না।
 - --পীঘুষবাবুর সঙ্গে আবার কবে দেখা হবে ?
- —বোধ হচ্ছে আজকের দিনটা ছাড়া। বোধ হয় আজ সে আমারই মতো ঘরোয়া হয়ে আছে। কংপুরে চাকরি করতে যাব, ক্ষিতি-দা।
 - —সঙ্গে গাধাবোটটি আছে ?
- —হাসিয়ো না বলছি। তোমার উপমাগুলি ভারি কাঠথোট্টা।

 অবাক হয়ে যাই। কঠিন মাটিতে বলে হেনা ফাছুদ ওড়াচ্ছে।

 ওদের বিয়ে হতে এক মাসও দেরি নেই।

সি'ড়ি দিয়ে নামছি—স্থবলের সঙ্গে দেখা। স্থবল মেসোমশায়ের ছোট ভাইর চতুর্থ ছেলে। যোলয় পড়েছে।

ও সব সময় টগবগ করছে। দমকারমতো সব সময়েই ও সজোরে ঝাপটা দিয়ে চলেছে। আমাকে দেখেই বলে উঠল: জান ক্ষিতি-দা, ব্যাপার? হামণ্ড সাটক্লিফের রেকর্ড ভাঙল?

কথাটা মাথায় একেবারে ধাঁ করে লাগল। মনে হল গ্রীক শুনছি।

— হাঁ হয়ে আছ কি ? কোনো থবর রাথ না তালে? টেস্ট ম্যাচ পো ফোর্থ টেস্ট ম্যাচ—ইংলওে অস্ট্রেলিয়ায়। কুড়ি বছরের ছেলে জ্যাকসন জীবনে প্রথম নেমে পাঁচ ঘণ্টার ওপর ব্যাট চালিয়ে এক শ চৌষট্ট করলে—ভাবতে পার ? যাবে জ্যাডিলেড ?

স্থবল আমার হাত ধরে টেনে বললে—এস আমার ঘরে।

স্বলের ঘরটি ছোট—বলতে গেলে হকি-স্টিক আর ব্যাটে বোঝাই। কলকাতায় যখন এম. সি. সি. এসেছিল তখন একখানা ব্যাটের ওপর ও তাদের এগারো জন খেলোয়াড়ের সই নিয়েছে—সেটা দরজার সামনে ঝুলিয়ে রেখেছে।—পড়ার বই ধুলায় গড়াগড়ি যাচ্ছে, টেবিলেও থাটের ওপর থালি কতগুলি পিকচার শো আর ফিয়ার পত্রিকা!

স্থবল কোনো ম্যাচে এখনো সেঞ্রি করতে পারল না—এই ওর স্থাপশোস।

বললাম,—পড়াশুনা কি তোমার রসাতলে গেছে?

- —রস পাই না বলে তাদের সেখানেই পাঠিয়েছি। ম্যাট্রিক পাশ করতে না পারলে বাবা ডিসইন্ছেরিট করবেন বলেছেন। ভারি নিশ্চিস্ত হয়ে আছি। ভালো লাগে না পড়াশুনো।
 - —কি ভালো লাগে ?
- সভ্যি বলব ? সিনারি আর মেশিনারি! সিনারির মধ্যে কি ভালো লেগেছিল শুনবে ? একটি তামিল ভিক্ক্ক-মেয়ে তার বুড়ো স্থামীর জন্ম ভিক্ষা চাইছে, আর একবার দেখেছিলাম ইটের ফাটলে ছোট কচি একটি বটগাছ। দেখবে সেই তামিল মেয়ের ছবি ?

বলে স্থবল এক-ব্যাগ ফটো বার করলে। স্থবলের ক্যামেরার সামনে কে যে না দাঁড়িয়েছে ঠিক নেই। বুড়ো মজুর, ভাঙা বাড়ি, পচা ডোবা—সবই কেমন থাপছাড়া।

- আর মেশিনারির মধ্যে কি আমাকে সব চেয়ে মুগ্ধ করেছিল, জান ? গয়া একস্প্রেস্-এর চৌচির এঞ্জিনটা,— যেন দেশলাইয়ের কাঠি।
 আমামি ছিলাম সেই গাড়িতে,— থালি এই দাঁতটা গেছে। জান কিতি-দা, আমি একটা যম্ভ আবিজার করছি।
 - —कि ^१
- —তাতে করে মান্ত্যের astral body এক সেকেণ্ডে যে কোনো জায়গায় চলে যেতে পারে।
 - —সে তো যাচ্ছেই। উড়ে যেতে মনের এক সেকেণ্ডও লাগে না।
 - —তেমন যাওয়া নয়। এ সত্যি গিয়ে বসবে, শুনবে, দেখবে, কথা

ক্টবে—থালি ছোঁয়া যাবে না তাকে। হিমালয় তার বাধা হবে না; বা আটলাণ্টিক। এ-বিষয়ে কোনান্ ডয়েলের সঙ্গে পরামর্শ করতে পারলে ভালো হত।

কৌতৃহলী হয়ে বললাম,—আর কি ভালো লাগে ভোমার ?

—তিনটি বিশ্বয়কর আবির্ভাব,—একটি আকাশে, একটি জীবনে, আরেকটি ফেঁজে! সহসা একদিন খুব ভোবে জেগে উঠে সমস্ত রাদ্রির ঝডের পর স্থর্যাদয় দেখেছিলাম—তা আজ ভাবলেও আমার আনক্ষেহংকপ হয়। দিতীয়টি—ভোরবেলায় স্নান করে ক্ষোমবাসে রবীক্রনাথ যথন তাঁর জোড়াসাকোর বাড়ির দোতলার বসবাস ঘরে এসে দাড়ান,— তুমি তো ধারণা করতে পারবে না ক্ষিতি-দা,—যেন একটি স্তব মাম্বরেক্ষ মৃতি নিয়েছে। আরেকটি দেখছি—আলমগীরের ভূমিকায় শিশির ভাছ্ডি যথন রঙ্গমঞ্চে এবদা পথম দেখা দেন—কাছাকছি একদিন আলমগীর দিলে দেখে এসো। ও! তুমি তো আবার থিয়েটারের ওপর চটা চিনিমার ওপরও?

—নিশ্চয়।

—কেন নিশ্চয় ? যাও যাও একদিন চালি মারে আর জজ সিডনিকে দেখে এস, হেসে-হেসে স্থস্থ হবে,—দেশের জ্ঞামিটা চাণ্ডা কর দিন কতক। হলিউড স্ট্ডিয়োর ছবি দেখবে একটা ? ভগলাস্ আর পিক্ফোর্ড। বল তো, কেমন স্থে আছে ওরা!

হঠাৎ স্থবল গলাটা সামনের দিকে বাজিয়ে দিয়ে বললে,—তুমি নাচ ভালোবাসো ?

--ভালুক-নাচ ?

—না না, আনা পাভলোভার নাচ। এম্পায়ারে দেখতে গেছলাম সেদিন। স্থার্ব! কিন্তু যাই বল ক্ষিতি-দা, নটার পুজোর কাছে লাগে না! তুমি দেখ নি তো? তুমি কেন আছ তালে,—থালি মৃগুর ভাজবে? পাভলোভা মনকে অভিভৃত করে বটে, কিন্তু প্রীত করে না, ঠিক হুইটম্যান্-এর কবিতার মতো,—মনে একটি বিষাদশ্রী আনে না। আছো, তুমি রেস ভালোবাস ? আমার কাছ থেকে টিপ্স নেবে ? এই

যা, তোমাকে একটা জিনিসই দেখানো হয় নি,—এই দেখ, এই পাখার ওপর পাভলোভা তার নাম লিখে দিয়েছে। আমি গেছলাম দেখা করতে গ্র্যাণ্ড হোটেলে।

বললাম,—আজ তো শনিবার, যাবে না বায়স্কোপ ?

হঠাৎ স্থবলের মৃথ মান হয়ে গেল। বললে,—দেই তো তৃ:থ,—বাবা আর প্রদা দেন না। আজ he who gets slappedটা ছিল, শুনেছি ধাসা ফিল্ম্—আঁল্রিভ-এর ড্রামা, পড়েছ নিশ্চয়ই; দেখেছ লন্ চ্যানিকে?—সহস্রানন!—কিন্তু ট্যাকে আধলাও নেই একটা। সেদিনকার ক্ল্যাশ একেবারে ফতুর করে দিয়েছে। জানই তোচার-আনা আট-আনায় আমার পোষায় না। আমাকে দেবে তিনটে টাকা ধার ? বলে হাত পাতলে।

ধমক দিয়ে উঠলাম। স্থবল থিলখিল করে হেদে উঠল !

থানিক বাদে মৃথ গন্তীর করে বলে, —আজ যদি slumming করতে বেরিয়ে কোনো মজুরের ত্থে দেখ, তাহলে নিশ্চয়ই তাকে তিনটে টাকা দিয়ে ফেলে তার ত্থেকে প্রশ্রেয় দেবে। কিন্তু, আমি আজ বায়স্কোপ দেখতে পাচ্ছি না, সেটা তোমার কাছে একটা ত্থেই নয়। তুমি ভারী সেণ্টিমেন্টাল, ক্ষিতি-দা। আজ উপোস করে সমস্ত রাত্রি তোমার মজুর-hero যে কষ্ট পাবে আমি তার চেয়ে চের বেশিই ক্ষ্ট পাচ্ছি। মোটে তিনটি টাকা, —দেবে ? আরো যদি ত্টো টাকা বেশি দাও, একবার সোডা-ফাউন্টেনে চুঁ মেরে আদি। বলেই আবার হাদি।

উঠছি, স্থবল বললে,— সেজদার ঘরে যাচছ? নিশ্চয়ই কবিতালিখছে এখন। ওঁকে দেখেছ তো?

স্বল স্থাবার হাদলে। বললে,—তুমি কাউণ্টি কালেনের কবিতা পড় নি ?

Yet, do I marvel at this curious thing

To make a poet black, and bid him sing!

যাও যাও, দেজদাকে একবার দেখে এস।—বাংলা কাব্যমন্দিরের
কালাপাহাড়!

চট করে প্রশ্ন করলাম—ওঁর কি তৃ:খ ?

—বাংলা দেশে ওঁর নাম হচ্ছে না,—প্রশংসা-কাঙাল সেজদার এই তৃ:থেই কবিতা অপাঠ্য হয়ে উঠছে। বাংলা দেশে এতগুলো যে থিন্তির কাগজ আছে তার একটাও ওঁকে গালাগাল দিয়ে পরোক্ষে ওঁর অধ্যবসায়ের তারিফ করছে না—এ ওঁর অসহ। তৃমি যাও দেখা করতে, তোমাকে এক্ষ্নি ওঁর কবিতার সমালোচনা লিখে দিতে বলবেন। যদি বল অতি রোথো, থার্ড-রেট কবিতা, তবে একমাত্র রেগেই ওঁর passion দেখাবেন। এ-রকম সত্যিই একটা কাণ্ড ঘটে গেছে।

বললাম,—কবিতা শোনবার মতো আমার অস্বাস্থ্য নেই।

— Eggzactly! বল না ওঁকে দো-কথা, থামচে দেবেন। উনি
নিজেই এক কাগজ বের করে নিজের কবিতার কুকীতি কীর্তন করবেন
ঠিক করেছেন—যদি তাতে অস্তত লোকের চোথ পডে। দেজদার জক্তে
আমার ভারি করুণা হয়, ক্ষিতি-দা! ওঁকে পিঁজরাপোলে কেন পুরে
রাথে না? আমায় যদি বায়স্কোপ দেখতে কিছু টাকা দেন, আমি ওঁর
কবিতার জক্তেপ্রোপাগাণ্ড। করি,—রুপার্ট ক্রক, ড্রিক্সন্থাটার, গিবসন্রা
যেমন করেছিল—

বেরুচ্ছি, স্থবল চেঁচিয়ে বললে—সেজদার আরেক কীতি শুনে যাও, ক্ষিতি-দা।

ফিরলাম।

— সেজদা কবিতায় কুন্তি তো করেনই, এমনিও করেন। এগিয়ো না ওঁর কাছে। ওঁকে তৎক্ষণাৎ সার্টিফিকেট লিথে দিতে হবে। এখানেই আরেকট বোস। আমার অটোগ্রাফের থাতাটা দেখে যাও।

বলে এক থাতা বের করলে। ভাবছিলাম বুঝি মহর্ষি বাল্মীকিরও দত্তথত দেখতে পাব। কেন না স্ববলের পক্ষে কিছুই অসাধ্য নয়!

স্বল বললে—এ সব খুব নিরীহ নগণ্য লোকদের সই—স্মামাদের উড়ে মালির, ঝাড় দারের, দারোয়ানের—

বললাম-ওরা লিখতে জানে নাকি?

—উড়ে মালিটাকে হাত ধরে-ধরে লিথিয়েছি, ঝাড়ুদারটা

আঁকি-বুঁকি দিয়েছে কতকগুলি। এই দেখ, বই-বাঁধানো দপ্তরির, ফোটো-ফ্রেমারের, বাজার-সরকারের, বোতল-বিক্রিওলার,—কার নেই সই ? এই একটা ভিথিরির। এ একটা দামী জিনিস বলতে হবে। আর এই দেখ সেজদার, একজন ব্যর্থ বোকা কবির।

হেদে উঠলাম। স্থবল বললে,—জীবনে যারা পতিত, পরাজিত—এই কটি আথরের আঁচড়ে তাদের দীর্ঘাদ জমা করে রেখেছি। তুমিও তোকত গুণ্ডামি করলে, কিন্তু কিছুই করতে পারলে না।—দেবে তোমার দই ?

চুপ করে রইলাম।

স্বল বললে,—একটা কথা ভূল বলেছি। সেজদা যে-থিন্তির কাগজ বার করছেন, তাতে তোমাকেও গাল দিতে পারেন তুমি ওঁর কবিতার সার্টিফিকেট দাও নি বলে',—যদি তোমাকে গাল দেন তবে তুমিও কোনো কাগজেও কৈ গাল দিয়েও কৈ একটু মহাদা দিয়ো, ক্ষিতি-দা। এত কই হয় ওঁর জন্যে।

রুষের জন্ম আলাদা ঘর নেই—কিন্তু একটি বাক্স আছে। সেই বাক্স নিয়ে ওর দোকানদারি আর ফুরোয় না—সেই বাক্সই ওর সম্পত্তি, ওর শৈশবকবিতা!

ক্ষ বলে---আমি কবে বড়ো হব, ক্ষিতি-দা?

হাত হটো উচুতে ছুঁড়ে লাফিয়ে উঠে রুষ বলে—আমি বড়ো হয়ে কবে আকাশ থেকে সূর্য পেড়ে আনব ? ঐ মেঘটাকে কেড়ে আনবার জন্ম মইর মতো লম্বা হব কবে ?

এ-ছাড়া রুষের মুথে আর কোনো কথা নেই।

ক্ষ সমস্ত বাড়ি মাতিয়ে রেখেছে—ক্ষয ছাড়া কারো থাবার রোচেনা। ভ্রমর ক্ষকে কাপড় পরিয়ে দেয়, হেনা কানে দেয় ফুল গুঁজে, ফ্লাই দেয় চূল ছেঁটে, স্থবল তার অটোগ্রাফের বইয়ে ওর আঁকিব্ঁকি সই নেয়, মোটা সেজনা ওকে নিয়ে কবিতা লেখে।

রুষ ছোট সাইকেল চালায়, ছোট থালায় ভাত থায়—আর বড়ো হবার স্বপ্ন দেখে।

আমি থাকি নীচে একতলায়, ঠিক সদর দরজার পাশে। সকলের সঙ্গে ঘুরে-ঘুরে আলাপ করে শুতে-শুতে রাত হুটো বাজে।

এরা সবাই যখন একদকে থাকে, তখন মনে হয় এদের ঘিরে ফুর্তির ফোয়ারা চলেছে, বিলাসের প্রাচ্র্য ও আড়ম্বরের ক্রন্তিমতার মাঝে এদের হুঃথকে ভোঁয়াই যায় না। মনে হয় না নীরেন চক্রবর্তীর জন্ম ভ্রমরের মন একদিনও উচাটন হয়েছিল, মনে হয় না পীয়্মকে পাবে না জেনে হেনা কোনোদিন হৃঃথের তপশ্চারণের প্রতিজ্ঞা করেছে। একদকে থাকলে মোটা দেজদাকেও মনে হয় না দে কবিষশভিথারী, মনে হয় বডো-বডো হা করে ভাত থাওয়াই ওঁর কাজ।

কিন্তু যথন ওরা একা থাকে, তথন যাও ওদের কাছে। ভ্রমর অতীতের একটি ছায়াশীতল দিনের কোলে এখনো ঘুমোয়, হেনার তুই চোথে এখনো অনিশ্চয়তার অন্ধকার, স্থাংশু স্বার্থপর সন্ধীর্ণচিত্ত হয়ে থেতে চায়, মোটা সেজদা কবিতা ভালো লিখতে পারছে না বলে কপাল কোটে। যদি মেশোমশায়কে গিয়ে জিজেস করি, শুনব হয়তো তিনি ইন্সল্ভেণ্ট্, তাঁর ছোট ভাইকে জিজেস করলে জবাব পাওয়া যাবে আরো লাখ সাতেক ক্যাপিট্যাল চাই হে।

রাত তথন কটা হবে ?—তিনটা প্রায়। সদর দরজায় কে ধাকা দিছে। উঠে দরজা খুললাম। যিনি ঢুকতে পারছিলেন না তিনি মেসোমশাইয়ের দাদার তৃতীয় পুত্র,—নাম ললিত।

ছি ছি, সারা গা ঘিনঘিন করছে। ললিতচক্দ্র দল্পরমতো টলছেন! ঘণার হুরে বললাম,—এ কি ললিত, ছিঃ! এততেও তোমার লজ্জা নেই?

ললিত আমার পাতুটো জড়িয়ে ধরে বললে—আমার পিঠে কয়েকটা

লাথি মেরেও যদি তার আদ্ধেকের আদ্ধেক টাকা দাও, তা হলে আমি আব্যো খানিকটা থেয়ে বেহুঁশ হয়ে যেতে পারি। দেবে না? সত্যি ক্ষিতি-দা, আমি বেহুঁশ হয়ে যেতে চাই, থেমে যেতে চাই—

আমার বিছানায় ওকে শুয়ে দিলাম। ললিত জড়িয়ে-জড়িয়ে বলতে লাগল:

I have been faithful to thee Cynara! in my fashion. বললাম,—তোমার এই হুর্মতি কেন, ললিত ?

- তুর্মতির জন্তই তুর্মতি, ক্ষিতি-দা। পিপাসার জন্তে জল থেতে গিয়ে দেখলাম গলায় কে কলসী বেঁধে দিয়েছে।
 - —আর কোনোদিন থেয়ো না।
- —কে ? তুমি বলছ, ক্ষিতি-দা? সে এসে বললেও থেতাম, পেছ-পাহতাম না।
 - —কে সে ?
 - अवः Cynara ।

ওর চুলে হাত বুলুতে বুলুতে বলনাম,—কাকে ভালোবেসেছিলে?

—মোট্টে না। কোথার স্থােগ ভালােবাসার ? ভালােবাসা তাে একটা air বই কিছু নয়। আমার উচ্ছত্রে যাবার কোনাে ইন্টেলেক্চুয়েল ব্যাথাা নেই,—আমি এমনি ডুবলাম।

বললাম,—তবে কে এই Cynara?

- —চেন না তাকে? যাকে ভগু in fashion-ই পা ওয়া যায়। বললাম,—মিথ্যে কথা।
- —একটা সত্য কথা না শুনলে বুঝি তোমার মন ওঠে না,—
 Cynara আমার ভাবী স্ত্রী, মদ ছাড়বার জন্মে ভালো হয়ে যাবার
 জন্মে যাকে আমার বিয়ে করতে হবে, যাকে কোনোদিন আমি
 হারাতে শিথব না। সেই,—আমার অনাগত প্রেমপাত্রী। তার জন্মে
 বজ্ঞ ব্যস্ত হয়ে উঠেছি কি না—
 - -কত উড়োলে ?
 - বহু ;—রেখেই বা কি হত ? দারিল্রা আর স্বাচ্ছন্দা তুইই

यामात काटह नमान। आब्हा, राजामात मरन इस ना कि जिन्हा, नमछ रिष्ठिं विक्रि नितर्शक वार्षे! मरन इस ना, यामार हत बन्दी विक्रि निहा कि निहा कि प्राप्त कि वामार कि वासा कि वास कि व

বললাম,—তোমাদের মতো মেরুদণ্ড আমার কোমল নয়, ললিত। ললিত বললে,—ক্ষিতি-দা, তুমি একটা ইডিয়ট।

খানিক বাদে ললিত বললে,—ঘুমোচ্ছ ? শুনলে না Cynara কে ? জীবনব্যাপারে তোমার কৌতৃহল এত কম, ক্ষিতি-দা ?

ঘুমোবার ভান করে রইলাম।

ললিত বলতে লাগল: Cynara তো এলেন, রূপ আর বেশের বর্ণনা নাই বা করলাম, এদে ধা বলবার বললেন।

- —মানে ?
- --ना।
- —বলনাম, দাঁড়াও, কাগজ কলম স্ট্যাম্প আনি,—কন্ট্রাক্ট-ফর্মে সই করতে হবে। ছমাদের জন্ত ভালোবাদার কন্ট্যাক্ট, ক্ষিতি-দা।
 - —ছমাস তো ছিল ?
 - —ছমাদের ছদিন কম।

এ-বাড়িতে আমার আর থাকা চলবে না। এদের নির্জীবতা এদের অস্বাস্থ্যকর ভাবাকুলতা আমাকে অসহা পীড়া দিচ্ছে। আমাকে আবার বেরিয়ে পড়তে হবে ঝড়ো হাওয়ার মতো,—আমি পায়রার কোটকে কয়েদ থাকব না।

ভ্রমরের সঙ্গে দেখা। ছেলেকে নিয়ে খুব আদর করছে। বললাম,—আমি যাচিছ, ভ্রমর।

- --কোথায় যাচছ?
- —আপাতত পথে।

—বা রে. আমরা যেতে দিলে তো!

বললাম,—কাউকেই ধরে রাখতে পার নি, নীরেন চক্রকেও নয়। কিন্তু যাবার আগে তোমাকে একটা স্থসংবাদ দিয়ে যাব। তোমার মনস্থামনা পূর্ণ হয়েছে, ভ্রমর।

- আমার আবার মনস্কামনা কি ?
- —তোমার ইচ্ছা ছিল নীরেন যেন ভদ্র বনে যায়। সে তাই হচ্ছে
 —স্মাসচে সপ্তাহে তার বিয়ে।

যেন উল্লাসে ভ্রমর বলল,—বল কি ! সত্যি ?
কিন্তু কথার স্থারে একটা কাতরতা প্রচ্ছন ছিল।
বললাম,—তোমাকে নেমস্তন্ন করতে বলে দিয়েছে।

ভ্রমর সহসা উদাসীন হয়ে গেছে। বললে,—ভালই তো, কিন্তু কে না কে,—তার বিয়েতে আমি যাব কিসের জন্তে? সে আমার কাছে একটা পথের লোক ছাড়া আর কিছুই নয়। কিন্তু ক্ষিতি-দা, তোমরা তো মেয়েদের খুব ঠাট্টা কর, কিন্তু তোমাদেরই বা সেই আদর্শ-আরাধনা কই, তার জন্যে কঠোর কইভোগ কই? নীরেনের এই অধোগতি আমাকে যে কী অপমান করছে বলতে পারি না।

বললাম,—এ মজা মন্দ নয়। তুমি যে ভারি স্বার্থপরের মতো কথা কইছ, ভ্রমর।

- কিন্তু নীরেনকে আমি এত ছোট কোনোদিন মনে করি নি ক্ষিতি-দা। তার থেকে বিচ্ছিন্ন হয়ে গেলেও তার নিষ্ঠার প্রতি আমার আসক্তি ছিল। ছি ছি!
 - —ঠিক অমনি তোমাকে দেও ছি ছি করেছে।
- —তবু, তবু ক্ষিতি-দা নীরেনকে আমি সত্যি-সাত্য কত বড়ো মনে করতাম! আমার সংসার-জীবনের সমস্ত মাধুর্য যেন নিংশেষে ফুরিয়ে গেল আজ। নীরেনের স্থৃতি আমার কাছে আমার সম্ভানের মতোই স্বোস্থাদ ছিল! তুমি আমাকে এ কী শোনালে?

ভ্রমরের ছই চোথ ছলছল করে উঠেছে। করুণ করে বললে,—
আমার জীবনে কবিতার একটি কণাও আর রইল না, ক্ষিতি-দা।

নীরেনের বেদনা আমার জীবনে পরমমধুর একটি লাবণ্য বিস্তাক করেছিল, আমি আজ একেবারে বিরদ, বিগত-সৌরভ, বিফল হয়ে গেছি। কেউ আমার জন্মে মার্টার হয়েছে,—এ ভাবার মধ্যে বেদনা ও স্নেহের সঙ্গে কী প্রকাণ্ড গৌরব ছিল।

ভ্রমর উদাসীনের মতো চুপ করে বসে আছে খাটের বাজুতে কছুই রেখে। ভ্রমরের চোখে জল দেখে মনটা ভিজে উঠল। বেচারা নীরেন!

হেনার ঘরে যেতে-যেতে শুনলাম স্থাংশু আর তার বৌর বাক্যুদ্ধ চলেছে। স্থাংশু কেন এবারও পাশ করতে পারল না,—বৌর আপজি সেইখানে; বৌ কেন বাইবেলের প্রথম উপদেশ বৎসরে বৎসরে পালন করছে—স্থাংশুর আপত্তি অমাস্থযিক।

হেনার ঘরে এদে দেখি হেনা ভারি ব্যস্ত হয়ে জিনিসপত্ত গুছোচ্ছে। ওর হুই উৎস্থক করতলে সেই দিৎসা, সেই চঞ্চল স্নেহাকুলতা!

বললাম,—এত তাড়াহুড়ো কিদের, হেনা ?

হেনা বললে,—আমি রংপুরে বাচ্ছি ক্ষিতি-দা, এক হপ্তার মধ্যেই। আমাকে সেই মাস্টারিটা নিতেই হল।

- —কেন? তোমার বিয়ে?
- —সে আর হচ্ছে না। তুমি বুঝি শোননি কিছু ? পীযুষের টি বি···
 হেনা যেন বলতে বলতে নিজেই শিউরে উঠছে !

वननाम,--वन कि ?

- —তৃমি তার চেহারা দেখলে ভয়ে চেঁচিয়ে উঠবে, ক্ষিতি-দা,
 একেবারে ফ্যাকাশে হয়ে গেছে। আমাদের মিলনের মাঝে মৃত্যুকে
 দেখলাম। মৃত্যুর নিশাসে প্রেম যদি পুড়ে যায়,—আমি যদি আবার
 কোনদিন পীযুষকে ভূলে যাই,—সে কী মারাত্মক ট্যাক্ডেড।
 - —তুমি তাকে ফেলে মান্টারি করতে যাবে ?
- সে-ই তো আমাকে ফেলে যাচ্ছে। মৃত্যুটা হয়তো তত শোচনীয়-নয় ক্ষিতি-দা, মৃত্যুর পরে বিশ্বতিটা ধেমন। আর তাকে মনে রাধক

না, তাকে ভূলে যাব, আবার তেমনি সময়ের চাকা গড়িয়ে চলবে— আমার জীবনের সেই ছ্রিনের চেহারা ভেবে আমি ভারি ভয় পেয়ে গেছি। আমাকে সারা জীবন যুদ্ধ করতে হবে, অথচ পরাস্ত হবার গৌরবটুকুও আমার রইল না।

হেনা ললাটের ঘাম মৃছ্বার ছলে চোথের জল মুছে ফের বললে,—
আমি তো বর্তমান শক্তির তৌলে ভবিশ্বতের জরার পরিমাপ করতে
পারছি না, তাই হয়তো কোনোদিন অবশ্রম্ভাবী ঘটনার কাছে আমার
বশ্রতা স্বীকার করতে হবে—এটুকু দ্রদর্শী হতে গেলেই আমার সমস্ত
অন্তিত্ব সঙ্কৃচিত হয়ে আসে। আমার অতীতকাল মানমুথে প্রার্থীর
মতো চেয়ে থাকে। অতীতের প্রতি সেই অবমাননা কি নিদারুণ,
ক্ষিতি-দা!

বললাম—আশায় একেবারে দেউলে হয়ে গিয়ে লাভ নেই, হেনা।
হেনা কি ভেবে খানিকবাদে বলে উঠল: আশা করব, না? তা
হলে রংপুরের পোস্টা না নিলাম, কি বল? পুরী-ই ষাই তা হলে।
প্রোণপণ দেখি না চেষ্টা করে সে বাঁচে কি না! তবে রইল রংপুর।

বলে হেনা সব জিনিস-পত্র ওলোট পালোট করতে লাগল।

হঠাৎ বললে,—প্রেমের মাঝে মৃত্যুর আবির্ভাব,—একটা এপিক লিথবার বিষয়, না ক্ষিতি-দা? যদি লিথে উঠতে না পারি নিজের জীবন দিয়ে তা প্রমাণ করব! আশা—আশা!

স্বলের ঘরে এসে দেখি দরজায় একটা পিজবোর্ড টাঙানো,— ভাতে লেখা : To Let।

কি ব্যাপার ? বাপের সঙ্গে ঝগড়া করে স্থবল নাকি বাড়ি ছেড়েছে। ও জাহাজের থালাসি হবে, এঞ্জিন-ড্রাইভার হবে, কলের কুলি হবে—তাও স্বীকার, ওর পয়সা চাই, বসে বসে পৈতৃক সম্পত্তি ভোগ করবার মতো আলম্ভকে ও বরদান্ত করে না,—ও থেটে পয়সা কামাবে মাধার ঘাম পায়ে কেলে।

ওকে যেন কেউ না থোঁতে,—দৈনিক কাগতে যেন বিজ্ঞাপন না দেয়।

তারপর একদিন—সেই দিনের ঘটনাটা বলেই পাথ্রিয়াঘাটা বাই-লেনের তেতলা বাড়ির ওপর যবনিকা টানব।

তারপর একদিন—তেতালার ছাদের ওপর দিয়ে একটা ঘুড়ি উড়ে যাচ্ছিল, ক্ব গেল হাত বাড়িয়ে ধরতে।

কৃষ পলকের মধ্যে তেতালার ছাদ থেকে পড়ে গেল বাড়ির দিমেণ্ট-করা উঠোনের ওপর। মাঝের ফাঁকটা কৃষকে ধরে রাখতে পারেনি, অদম্য কৃষের গতি,—উঠোনই ওকে আশ্রম দিলে। শুদ্ধ কৃষ, রক্তাক্ত কৃষ।

সমস্ত অরণ্যে আগুন লেগেছে; প্রকাণ্ড জাহাজ রাত্তির ঝঞ্চাবিদীর্ণ অন্ধকারে সমুদ্রের তলায় ডুবছে; একটা আগ্নেয়গিরি যেন মুহুর্তমধ্যে মরীয়া হয়ে উঠল।

চিরকালের জক্ত রুষ থেমে গেছে—এর চেয়ে স্পষ্ট, এর চেয়ে বোধগম্য, এর চেয়ে অপ্রতিবোধ্য আর কি আছে পৃথিবীতে ?

নীরেন বিয়ে করছে বলে ভ্রমরের আর তিলার্ধ হু:খ নেই, পীযুষের আসন্ধ তিরোধানের অন্ধকার হেনার চক্ষ্ থেকে মৃছে গেছে। Cynara বলে যে কেউ ছিল ললিত তা আজ মনে করতে পারছে না, মোটা সেজদা পর্যন্ত ভাবছে—শিশুর মৃত্যুর অন্ধকার সমৃদ্রের মতোই বিশালবিস্তৃত—কবিতার সন্ধীণ আয়তনে তার স্থান নেই। স্কবল হয় তো ভাবছে ক্ষমের যাত্রা কত স্থান্ত্ব-অভিমুখে, এভারেস্ট ছাড়িয়ে, কামস্কাটকা ছাড়িয়ে! স্থধাংশু ভাবছে—হোক সে ধৃতরাষ্ট্র, কিন্তু তার সব কটি সন্থানই যেন বেঁচে থাকে।

সমস্ত বাড়ির ভিত্তি নড়ে উঠেছে,—যুদ্ধে সমস্ত দেশ যেন উজাড় হয়ে গেল। নির্জন রাত্রির কল্পনামণ্ডিত ছোট-খাটো সমস্ত তঃখ শোকবস্তায় ভেসে চলেছে—মান্থযের স্নেহবন্ধন কত ভঙ্গুর, মান্থযের আশা কত ক্ষীণায়ু, মান্থযের প্রতীক্ষা কি বিশাসঘাতক!

শুধু আমিই বিচলিত হইনি। শুধু আমিই বলতে পারলাম: মাসিমা, রুষকে এবার ছাড়ুন, ওকে এবার নিয়ে যেতে হবে।

ধন্বস্তরি

ছোট ছেঁড়া র্যাপারথানি কোনো রকমে গায়ে জড়িয়ে কাঁপতে কাঁপতে আসে। শীতটা থুব জোরেই পড়েছে।

ঘরে চুকতেই নেপালি চাকরটার সঙ্গে দেখা, ঘর সাফ করছিল। মুখটা অনেকদিন থেকে পরিচিত, পাষাণের মতো নির্বিকার। ঐ উদাসীন মুখটার দিকে চাইলেই ওর ভয় হয়।

তবু, অকারণে বিনীত হয়েই বলে,—ডাক্তারবাবু আছেন?

যেন কত অপরাধী! ঐ নেপালী চাকরটার স্বস্থ দৃঢ় বিস্তৃত বুকটার পাশে ওর শীর্ণ কঙ্কালটা যেন ব্যঙ্গ করে ওঠে। নিজেকে এত অনর্থক মনে হয়!

চাকর বেশ বিরক্ত হয়েই বলে,—সাব সাড়ে আটটার আগে তো কোনোদিনই নামেন না।

জানা কথা। তবু একটি নিদ্রাহীন দীর্ঘ রক্ষনী কাটাতেই যেন কত যুগ কেটে গেছে। অপরিদীম ক্লান্তি।

নির্দিষ্ট বেঞ্চিতি বসে। অনেকক্ষণ। পাশের বাড়ির পাঁচিল টপকে বারান্দার টবের কি-একটা শিশু গাছের নবোদ্গত পাতায় আঙুল বুলিয়ে রৌদ্র ডাক্তারের ঘরে আসে। কত প্রফুল্ল, কত বাঞ্চনীয়!

খবরের কাগজওলা দিনের কাগজ রেথে যায়,—তু-তিন রকম। ও হাত বাড়িয়ে ছোঁয়ও না। সব বিস্বাদ লাগে। চীনে মারামারি,— ফ্রাতে ওর কি? ও কান পেতে ডাক্তারের জুতোর শব্দের জন্ম প্রতীক্ষা করে। ভাবে, সমস্ত চীন যদি তুবড়ির মতে। একদিন ফেঁসে । । যায়, যাক—আর ও যদি আরেকবার বেঁচে ওঠে। কিই-বা হবে বেচে ?—তাও মাঝে মাঝে ভাবে।

চাকরটার দারুণ বিরক্তি লাগছিল নিশ্চয়। এক সময় উপরে উঠে গেল।
পর্দাটা একটু সরিয়ে বললে,—বাব্, সেই লোকটা। অনেকক্ষণ
থেকে বসে আছে।

-- जानाता या, याष्ट्रि। ननरममा

রমার কিন্তু স্বামীর এই আকস্মিক ঘ্ণার কারণ জানবার এতটুকুও কৌতূহল হল না। কি নিয়ে যেন তৃজনে একটা বচসা হচ্ছিল,—তার স্রোতকে আরো মৃথর করে দিয়ে বললে,—এটা আমার চাই-ই, তৃমি ঠাকুরঝিকে আর একটা কিনেদাও গে,—আরো দামী, আরো মজবৃত—

ডাক্তার জুতোর ফিতে বাঁধতে-বাঁধতে বললে,—হ্বার করে খরচ করবার মতো আমার পয়সা নেই।

——আলবত আছে। নইলে আজ কক্ষনো—। যে-হাতে মড়া কাট দে-হাত দিয়ে ছুঁতেও দেব না আমাকে। শোন, যাচ্ছ যে বেরিয়ে, বায়স্কোপে যেতে হবে আজ। আমার আরো একজোড়া ব্রেসলেট চাই-ই।

ডাক্তার বললে,—আর একজোড়া নাকছবি ?

হঠাৎ রমা স্বামীর কণ্ঠলগ্ন হয়ে বললে,—আর একজোড়া—

নেপালি চাকরটার আবার অভ্যাদয় হয়। বলে,—লোকটা একেবারে অভিষ্ঠ হয়ে উঠেছে। বলে, আপিদের বেলা হয়ে যাচ্ছে।

ভাক্তার জুতো মসমসিয়ে নামে। রমা টেচিয়ে ওঠে: রাস্তায়-রাস্তায় রোদ্ধুরে না ঘুরে চট করে চলে এস,— ঢের কথা আছে। পরে চাকরটাকে ধমকায়: ক্লগীর আবার আপিস কি রে? যাক না আপিসে, কে ধরে রাখছে? আপিসে যাবার গাড়ি চাই না?

ডাক্তারের প্রথম সম্ভাষণ: আমার ভিজিট কই ? তিন-দিনেরট। জমে গেছে। দিয়ে দিন এবার। রেবতী পাংশুমুথে বললে,—মাইনে তো এখনো পাইনি। মাদের মোটে সতেরো দিন আজ।

ভাক্তার বললে—রোগ চোদ দিন ছেড়ে চোদ বছর অপেক্ষা করতে পারে, আমরা পারি না। দিন। তা ছাড়া ইনজেকশনগুলোর দাম দিতে হবে একস্টা—

—কিছুই তো নেই—

ডাক্তার বললে,—নাচার ! আমাদের ব্যবসা চলে কি করে তা হলে বল্ন ?

অতিশয় সত্য কথা।—তোমার সামান্ত ব্যবসার থেকে আমার জীবনের দাম ঢের বেশি,—এ অত্যস্ত বাজে যুক্তি। নিরুপায় নিংসহায় ভাবে রেবতী চেয়ে থাকে।

তবু বলে, — কিন্তু কাল রাত্রে যন্ত্রণাটা বড্ড বেড়েছিল। কথাটা নিতান্ত থাপছাড়া শোনায়।

ডাক্তার সিগারেট ধরাতে-ধরাতে বলে,—কিন্তু পেটের যন্ত্রণা বলে আমাদেরও একটা ব্যায়রাম থাকতে পারে। প্রসা যথন কুলোয়না, হাসপাতালে গেলেই তো পারেন—

রেবতী বলে,—কিন্তু আপিদ। চোদ দিন ফুরুলে কয়েকটা টাকার আশা।

ভাক্তার বিরক্ত হয়ে বলে,—বটে! অত বাব্সিরি করলে কি করে চলে ? এই ইসমাইল—

ইসমাইল মোটরে স্টার্ট দেয়।

গাড়িতে উঠে ডাক্তার উপদেশ দেয়,—বিনি পয়সায় বলেই হয় তো: অক্তায় করলে শান্তিভোগ করতেই হবে। বলেছিলেন, পনেরোদিন বাদেই সব চুকিয়ে দেবেন,—আমি বিশ্বাস করেছিলাম। ভুল হয়েছিল।
—এই, চালাও।

টাকার জোগাড় হয়। কেমন করে হয়,—কি কাজ ডাক্তারের জেনে ? টাকায় সাড়ে তিন আনা স্থাল—কাবলিওয়ালা বাঁচিয়েছে। মনে-মনে বিধাতাকে রেবতী প্রণাম করে। কাবলিওয়ালার কর্কশ নিষ্ঠুর বুকের অন্তরালে বসে বিধাতা ওকে অভয় দেন। একবার তো ভালো হোক, —আপিস তো আছেই, ছ্ৰেলা ছেলে পড়াবে,—বাড়তি সময়ে মোট বইতেও নারাজ নয়। নিজের ক্লাস্তকাতর দেহটার দিকে একবার তাকায়। একরকম ছুটেই চলে।

দরজার কাছেই ডাক্তারের সঙ্গে দেখা,—বেরুচ্ছিল হয়তো। অদ্রে একটি মেয়ে,—ভালো দেখা গেল না, রেবতীকে দেখেই সরে গেছে। রেবতী হাঁপ নিয়ে বললে. টাকাটা এনেছিলাম।

ভাক্তার অত্যন্ত কটুকণ্ঠে জবাব দিল: এই কি দেখা করবার সময় নাকি ? জানেন না ? আপনাদের নাড়ী টেপা ছাড়া আমাদের কি আর কাজ নেই ?

তবু না বলে পারে না: ভারি যন্ত্রণা হচ্ছে, অসহ !

—কাল সকালে আসবেন।

ডাক্তার হাত নাড়া দিয়ে চলে যেতে বলে। তবু রেবতী থানিকক্ষণ অন্তমনস্কের মতো প্রতীক্ষা করে।

ভিক্ষ্কই তো বটে। ডাক্তারের কাছে ভিক্ষা করতে এসেছিল এক মুঠো ভাত, ছটি নিস্রাক্রান্ত দীর্ঘ স্থমধুর রাত্রি,—কয়েকটি সহজ নিশিষ্ট নিশাস।

আবার চলতে শুরু করে। জুতোর গোড়ালিতে একটা লোহা ক্ষ্ণার্ড দাঁত দিয়ে ওর বাঁ পা-টা ক্ষতাক্ত করে দিচ্ছিল। ফুটপাতের ওপর বসে জুতোটা খুলে ফেলে একটা ইট দিয়ে রেবতী লোলুপ লোহাটাকে ঠুকতে লাগল।

শীতের দুপুরে রাস্তায় স্বভাবতই ধুলো জমে। তার ওপর একটা মোটর যদি হুন্ধার দিয়ে চলে যায়,—দিখিদিকে ধুলোর ঝড় উঠবেই। মতিযোগ করবার কি আছে ?

তবু রেবতীর মনে হয়,—সামাত্ত একটা মোটর পর্যন্ত ওর বিরুদ্ধে চীংকার করে উঠেছে,—নেই, নেই, বাঁচবার অধিকার নেই তোমার—

উদ্ধত লোহাগ্রকে বশীভূত করা যায় না।

একটা পড়ো জমিতে কতকগুলি হিন্দুখানী মেথর জড় হয়ে হল্লা করছিল। কেউ বাজাচ্ছে ঢোল,—কেউ করতাল। কারো গলায় গাঁদাফুলের মালা,—কারো কাঠগোলাপের। নেচে হেলে টেচিয়ে পাড়াটাকে মাত করে তুলেছে। এপারের বস্তির বারান্দায় কতগুলি নোংবা মেয়ে দাঁড়িয়ে-দাঁড়িয়ে এই নৃত্য ও সঙ্গীত সস্ভোগ করছে।

রেবতী এক পাশে বসে পড়ল। কোথা থেকে একটা ঘেয়ো কুকুর ইাচতে হাঁচতে ওরই কাছটিতে এসে বসেছে। রেবতী এই গানের একটি বর্ণও বোঝে না,—পথের অন্ত লোকেরা বধির উদাসীনের মতো চলে যায়, কেউ কেউ বা বিরক্ত হয়,—তবু রেবতী তয়য় হয়ে এই আনন্দহিল্লোল দেখে, ওর হুংপিণ্ডের ক্ষীণ রক্তশ্রোত চঞ্চল হয়ে উঠতে চায়। মনে হয় ও-ও য়েন এই সঙ্গে হঠাং পা কেলে নেচে উঠবে। এমনি অকারণ আনন্দেচীংকার করে উঠবে।

হঠাৎ পাশের রুগ্ন বৃদ্ধ জরাজীর্ণ কুকুরটাকে অসহা লাগে। মনে হয় ও যেন এই আনন্দোৎসবকে ব্যঙ্গ করছে। একটা ঢিল কুড়িয়ে কুকুরটাকে ছুঁড়ে মারে,—কুকুরটা গোঙাতে-গোঙাতে থানিকটা দূরে সরে গিয়ে বসে,—যেন বেশি দূর হাঁটতে পারবে না আর।

যত দোষ কুকুরটারই! রেবতীর নিজের মনে হয়, ওর শরীরে আর কোন যন্ত্রণা নেই, জুতোর কাঁটাটা তো অদৃষ্ঠ হয়েছে। ও থানিকক্ষণ চোথ বুজে থাকে, চোথ মেললেই ও দেখতে পাবে ওর পঙ্গু কুঁজো দেহটা দীর্ঘায়তন, সবল ও সতেজ হয়ে উঠেছে, মনে এসেছে অগাধ সাধ, হুটো হাতে বিপুল কর্মপ্রবণতা, হুটো পায়ে অনস্ত পথপ্রেম!

চোথ খুলেই দেখে সামনের থেজুর গাছটার আড়ালে একটি তারা কাঁপছে। বেশ লাগে দেখতে! কখন যে উৎসব থেমে গেছে, সভা ভেঙে কখন যে সবাই বিদায় নিয়েছে, রেবতীর খেয়াল নেই। দ্রে ট্রাম-লাইন থেকে থেকে-থেকে চাকার অস্পষ্ট আর্তনাদ ভেদে আসছিল। কুকুরটাও চলে গেছে।

রেবতীও উঠল।

পাথির নীড়---

আকারে ছোট হলেও এ উপমা চলে না।—একটা গর্ত—বেমনি দ্যাতসেঁতে এঁদো তেমনি অন্ধকার। একটা একতলা বাড়ির একটি দালি,—ঘর মোটে একটিই, এক পাশে শোয়া, শুয়ে-শুয়েই খুন্তি নেড়ে শাক-চচ্চড়ি রাঁধা যায়।

একটি ভাঙা তব্ধপোশ, একটি ভাঙা লগ্ঠন, একটি ছেঁড়া ছাতি— হুখানি কাপড়, হুটো থালা, হুটি বালিস—

আর প্রাণী তিনটি। স্বামী স্ত্রী ও তাদের একটি প্রতিনিধি। তাদের কামনার, তাদের প্রেমের, তাদের ব্যর্থতার।

কুপিটা জালানো হয়নি। গলির গ্যাসের আলো যেটুকু এসেছে, তাই! রেবতী ঘরে চুকে জুতোটা খুলে তক্তপোশটার ওপর বদল।

শিপ্রা বললে,—থোকার জ্বর থুব বেড়ে গেছে। তোমাকেই এক্স্নিই আবার বেক্সতে হবে,—যে করে হোক একটা ডাক্তার আনতেই হবে। একেবারে বেহুঁশ হয়ে পড়ে আছে,—টুঁশকটি নেই। তুনছ ?

অনেকটা পথ হেঁটে এসেছে বলে রেবতী দেয়ালে হেলান দিয়ে বিসে হাঁপ নেয় একটু। মুখে কোনো কথা আসে না, চুপ করে থাকে।

শিপ্সা আবার বললে,—হাতে-পায়ে ধরে যেমন করে হোক কাউকে আনা চাই-ই। বাছা আমার এতক্ষণ কি রকম ছটফট করছিল। যাও, ওঠ—

তবু রেবতীর হুঁশ নেই। কান পেতে কি যেন শোনে—

বাসর-রাত্রে ও ওর স্ত্রীর নাম রেখেছিল শিপ্রা। না-জানি কোন কবির কবিতায় এই নদীটির কথা পড়ে ও মৃগ্ধ হয়েছিল। দ্বিতীয়বার মৃগ্ধ হয়েছিল তথন একটি ভীতু কিশোরী তার প্রথম অবগুঠনের অন্তর্গাল থেকে ওর পানে ছটি অর্থহীন ও অসম্পূর্ণ দৃষ্টি ক্ষণেকের জন্ম প্রদারিত করে ধরেছিল। অর্ধ কৃটিযৌবনা পার্ধবর্তিনী প্রেয়সীর দেহে ও যেন কোন নদীর অতিমধুর কলগুল্পন শুনতে পেয়েছিল: আমার কাছে তুমি শিপ্রা! আর স্বাইর কাছে যাই কেন না হও—

শিপ্রা এবার তারস্বরে চেঁচিয়ে উঠেছে: বাপ হয়ে ছেলেটাকে

এমনি অচিকিৎসায় মারবে নাকি ? ছেলেকে পথ্য দিতে পারবে না তবে বিয়ে করেছিলে কেন ?

রেবতী নিঃশব্দে উঠে পড়ে। ছেঁড়া ছোট র্যাপারটি কোনো রক্ষে গায়ে জড়িয়ে নেয়, জুতো আর পায়ে দেয় না। আত্তে বেরিয়ে পড়ে। শিপ্রা ফের বলে.—শিগ্রির ফিরো, কেমন করছে থোকা।

রেবতী যেন কেউ নয়,—ওকে একবার জিজ্ঞাসাও করে না,— কেমন আছ ? ছেলেই সব। এর চেয়ে বড়ো আর কিছুই নেই শিপ্তার কাছে।

তবুরেবতী একরকম দৌড়েই চলে। মাঝে-মাঝে ছটো হাঁটুতে ছ হাতের ভর রেখে পথের মধ্যেই হাঁপায়। ভাবে,—আমি শিপ্রার কেউ নই, শিপ্রারও না।

শশুরের প্রসাতেই ভিদপেনসারি, ল্যাবরেটরি—সব কিছু সরঞ্জাম। বাড়িখানা পর্যন্ত। ত্রটো চাকর, একটা বেয়ারা, ত্রটো কম্পাউগ্রার— সবই শশুরের দৌলতে। মোটরখানাও।

রমা পেয়ালায় চা ঢালতে ঢালতে বলছিল,—একদিন এস পাস্তাড়ি শুটোই। দরজা জানালা সব বন্ধ করে কাউকে না-বলে-কয়ে এস একদিন টুপ করে বেরিয়ে পড়ি। কি হবে এই সব মাথা মুণ্ডু করে ?

ডাক্তার রমার তৃটি স্বচ্ছ ও চঞ্চল চোথের পানে চেয়ে বললে— কোথায় যাবে ?

ষেথানে কেউ যায় না, এমনি একটা গগুগ্রামে। যেথানে সব গগুমুর্থের বাস। যাবে ? চল না,—

ভাক্তার বলে,—তুমি খুব ফাজিল হয়েছ।

রমা ঘাড় ছলিয়ে বললে, থেতেই হবে কোথাও। আচ্ছা, বল সিমলে—

—এই শীতে ?

—হাঁা, তাই তো মজা। আচ্ছা একবার নিউজেলাওে যাবে? না না, ঠাটা না, সত্যিই স্ইজারলাও-এ গেলে ভারি চমৎকার হয়। দম্ত্র-গামিনী হতে আমার এত ইচ্ছা করে। আমাকে কে একজন বলতেন, আমার চোথে নাকি তুই অগাধ নীল দম্ত দেখা যায়। সভ্যি? তুমি কি দেখতে পাও বলবে ?—যাক দে কথা, সভ্যি কোথাও চল।

ডাব্রুনার বললে,—তোমার মতো লক্ষীছাড়া হলে তো আমার চলবে না।

রমা হেনে ঢলে পড়ে বললে,—লক্ষ্মীছাড়া হতেই দেব না তোমাকে। অঞ্চলে বেঁধে রাথব।

যথাসম্ভব মৃথ গঞ্জীর করে ডাক্তার বললে,—স্থামার স্থানক কাজ। তুমি মেয়েমাকুষ, কি বুঝবে ?

ঠোঁট কুঞ্চিত করে রমা বললে,—বটে ? কতগুলো নিরীহ নিরপরাধ প্রাণীকে অকারণে যমের বাড়ি পাঠানো। এ-বাড়িতে একটি কৈকেয়ী থাকত! তোমার সঙ্গে সঙ্গে তা হলে আমি পরম সতীর মতো বর্নবাসে যেতাম। মোটরটাকেও নিয়ে যেতাম অবিশ্রি।

নেপালি চাকরটা পর্দার ওপার থেকে ডাক দেয়।

ডাক্তার বলে,—চললাম নিচে। তোমার দঙ্গে বদে বদে গল্প করার বাড়তি সময় আমার নেই।

টুপিটা মাথায় দিয়ে গটগট করে নেমে যায়। রমার ছটি গাঢ় গভীর চোথে ক্ষণেকের জন্ম একটি মন্থর মেঘ ভেসে আসে। টেবিল পরিষ্কার করে,—পরে একটু চিঠিপত্র নিয়ে বসে,—রান্নাঘরে গিয়ে হিন্দু-স্থানি ঠাকুরটার সঙ্গে ভাঙা হিন্দিতে একটু বচসা করে,—একটা বই নিয়ে ইজিচেয়ারে শোয়,—

অনন্ত অবকাশ,—ন্তন্ধ হয়ে একটি মূহুর্ত কাটালেই ওর মনে হয়।
কিন্তু মোটেই চুপ করে বেশিক্ষণ বসে থাকতে পারে না। নিজে
স্টোভ ধরিয়ে কিছু একটা রাধতে বসে। মনগড়া নানান রকম থাবার
তৈরি করে,—স্বামীকে অবাক করে দেবে।

শামী হয়তো বলবেন, বেড়ে হয়েছে তো! এ অভুত থাবার কোখেকে এল ?

ও বলবে--- আকাশ থেকে।

স্বামী থেতে-থেতে হঠাং থেমে গিয়ে বললেন,—তুমি বৃঝি ফের রান্নাঘরে চুকেছিলে? তোমাকে—কতবার বলব কয়লার ধোঁয়ায় তোমার চোথ আরো থারাপ হয়ে য়াবে। চোথ ছটো গেলে থেয়ে ফেলতে চাও নাকি?

ও বলবে,—মোটেই না। কিন্তু খুব গাঢ় নীল আকাশ বা ভীষণ গাঢ় নীল সমুদ্র না দেখলে আমার চোথ কিছুতেই ভালো হবে না। খালি-খালি তোমার ঘরের চারিদিকের এই অসভ্য যন্ত্রপাতিগুলো দেখে-দেখে আমার চোথ ক্ষয়ে গেল।

সামী গন্তীর হয়ে বলবেন,—এ তোমার অত্যন্ত অন্তায়, রমা। তুমি দিন-কে-দিন বড্ড অবাধ্য হচ্ছ।

বলে তিনি রাগ করে থাওয়া ছেড়ে উঠে পড়বেন।

রমার তা থুব ভালো লাগবে। ছুটে স্বামীর কণ্ঠলগ্ন হয়ে বলবে— তোমার জত্যে রাঁধলে কথনই আমার চোথ নষ্ট হবে না। স্মার, তোমাকে সেবা করে যদি আন্ধই হই—

বলে ও ওর ভীরু বাঁ চোখটি স্বামীর ঠোঁটের কাছে রাথবে। স্বামী তা গ্রাহ্মও করবে না। ওকে ঠেলে দিয়ে আঁচিয়ে নিচে চলে যাবেন।

রমার আরো ভালো লাগবে। কাজকর্মের মধ্যে স্বামী একবারও অন্তঃপুরে এদে তাঁর অবকাশরঞ্জিনীর সঙ্গে মধুরালাপ করবেন না। এক প্রাশ জলের দরকার হলে চাকরকেই ভাকবেন,—ওপর থেকে টেচিয়ে নিজে ঠাকুরকে তাড়া দেবেন শিগগির রান্না করতে। থেয়ে-দেয়ে অঘোরে ঘ্মিয়ে পড়বেন, নিজেই মশারি ফেলবেন। সংসারে তাঁর যেন কেউ নেই,—কেবল ঠাকুর আর চাকর।

রমাও রাগ করে থাকবে। খাবে না, চুল বাঁধবে না,—ঠাকুর জিগগেস করতে এলে বলবে—থিদে নেই। জীবনে যা কোনোদিন বলে নি। মশারি তুলে আগের মতো সন্তর্পণে স্বামীর পাশে শুতে যাবে না, ইজিচেয়ারটা দক্ষিণের বারান্দায় টেনে এনে চুপ করে শুয়ে থাকবে।

ঘরে বাতিটা জলতেই থাকবে। ঘুমের ব্যাঘাত হচ্ছে দেখে স্বামী

বিরক্ত হয়ে এক সময় উঠে আলোটা নিবিয়ে দেবেন। ওকে বারান্দায় গ্রান্তায় পড়ে থাকতে দেখে একবারও ঘরে গিয়ে শুতে বলবেন না। তেমনি লেপের নিচে গিয়ে শোবেন, একাই।

রমা চোথ বুজে পড়ে থাকবে। তাই বেশ।

ওর স্বামীর সঙ্গে এমনি ঝগড়া করতে ইচ্ছা করে। দৈনন্দিন ভালোবাসার এক্ষেয়েমি আর ভালো লাগে না।

যেমন-কে-তেমন—সেই লোকটা আছেই। অপয়া, অনাম্থো। দেখেই ভাক্তারের সমস্ত গা রি-রি করে উঠল।

কোনো কিছু ভূমিকা না করেই হাঁকলে: এবারে দিয়ে দিন টাকাটা— রেবতী মৃথ কাঁচুমাচু করে দাঁড়িয়ে পড়ল, ঠোঁট হুটো বারকয়েক চেটে ভিজিয়ে নিয়ে বললে—টাকাটা থরচ হয়ে গেছে।

ভাক্তার বললে—তবে অন্তত্ত দেখুন। আঙুল দিয়ে রাস্তা দেখিয়ে দিল।

বেঞ্চিতে অন্ত একটি ক্লী বদে ছিল, গৌরবর্ণ—কিন্তু সমন্ত গায়ে বীভংস একটা বিবর্ণতা এসেছে। তার দিকে চেয়ে ডাক্তার জিজ্ঞাসা করলে—কদিন ভূগছেন?

রেবতী তেমনি দাঁড়িয়েই ছিল। নবাগত ৰুগীর সঙ্গে প্রশ্নোন্তর সারা হয়ে গেল। দরে বনল না দেখে ৰুগীটি চলে গেল। তুটো ছেঁড়া চটি পায়ে দিয়ে এসেছিল তা হয়তো ভূলে ফেলে গেছে।

ডাক্তার রেবতীকে বললে—আপনিও পথ দেখুন।

রেবতী বললে—ছেলেটা রাত্রে হঠাৎ হাত-পা নীল হয়ে মারা গেল। আপনাকে দেব বলে যাজোগাড় করেছিলাম সব সেই রাত্রেই ডাক্তারের পিছে ফুরিয়ে গেল।

ভাক্তার এতেও বিচলিত হয় না। বলে,—সেই ভাক্তারের কাছেই যান। এখানে জোচ্চোরদের জায়গা হবে না।

রেবতী তবু খানিকক্ষণ চূপ করে দাঁড়িয়ে থাকে। পরে সেই ছেঁড়া ছোট র্যাপারের তলা থেকে শীর্ণ একথানি হাত ডাক্তারের দিকে বাড়িয়ে দেয়। বলে,—আপনার কাছে একটি ভিক্ষা চাই— ভাক্তার টেবিলের থবরের কাগজের ওপর চোথ রেথেই বলে,— এথেনে ভিক্ষে-টিক্ষে মেলে না, মশায়!

রেবতী বলে,—আমাকে এমন একটা সহজ ওষ্ধ দিতে পারেন হা সন্ধ্যাবেলা পেয়ে শুলে সকালবেলা আর ঘুম থেকে উঠতে হয় না? লোকে কেমন করে ট্রেনের তলায় বৃক পেতে মরে আমি তা ভাবতে পারি না। ভয়ানক ভাবে আত্মহত্যা করতে আমার ভারি ভয় করে। বেশ আরামে ঘুমিয়ে-ঘুমিয়ে আমার মরে যেতে ইচ্ছে করে। টুঁশক্টি পর্যন্ত না। তেমনি একটা ওষ্ধ আমাকে দেবেন, ডাক্তারবাবু?

ভাক্তার এবার রেবতীর মুখের দিকে তাকায়, বলে—স্থাপনি পাগল হয়েছেন ?

স্বরটা যেন তত রুগ্গ নয়।

রেবতী বেঞ্চির ওপর বসে পড়ে। বলে, মোটকথা, মরতে আমি চাই না হয়তো। কিন্তু বাঁচবারও অধিকার নিশ্চয় নেই। তবু এমনি এই অস্থ্য নিয়েও এই শোক ও দারিজ্যের মধ্যে দিনের পর দিন কাটিয়ে দিতে ভালো লাগে। কিন্তু কত দিন ? স্বাইরই তো একটা সমাপ্তি চাই।—আপনাকে খুব বিরক্তি করছি। যাচ্ছি এখুনি, কিন্তু একটা কিছু ওযুধ দেবেন ?

ভাক্তার নিরুত্তর। রেবতী দরজার দিকে পা বাড়ায়।

পরে হঠাথ ফিরে এদে বলে,—আছা আপনি আমাকে ভালে। করতে পারেন না? দেখুন না একবার চেষ্টা করে? জগতে এর চেয়ে আর বড় কীতি কী আছে? একজন আপনার কাছ থেকে জীবন ভিক্ষা করে চেয়ে নিল—আপনি তা পরম গৌরবে দান করলেন। আপনি বিধাতার চেয়েও বড়ো। পারেন না ভালো করতে? সংসারে কত অল্পই চাই আমরা—শুধু টিকে থাকার, শুধু বুক ভরে নিশ্বাস নেবার সহজ ও সাধারণ আনন্দটুকু। দিনের পর রাত, আবার রাতের পর দিন—ঘুমোবার রাত আর থাটবার দিন,—এর বেশি আর কিছুই চাই না—আমাকে ভালো করা সভ্যিই কি যায় না, ভাক্তারবাবু?

রেবতী পথে নেমে পড়ে। ডাক্তার কি ভেবে ওকে ডাকে। পরে নেপালি চাকরটাকে জল গরম করতে ছকুম দেয়, আরো নানা ফরমাজ করে। দরজার পর্দাটা টেনে দিয়ে যেতে বলে।

রেবতীর চিকিৎসা চলে।

রেবতী বিদায় নেয়। ডাকুনরই বলে,—কালকে আবার আসবেন। ভয় করবেন না, ভালো হয়ে যাবেন।

রেবতী প্রফুল্লম্থে ডাক্রারেব দিকে তাকায়। এই একটি কথায় ও বৃকের মধ্যে প্রকাণ্ডবল পায়, মৃহূর্তের জন্মে রৌদ্রের প্রথরতাটি পর্যন্ত ভালো লাগে। এমন ভাবে চলতে চেষ্টা করে যেন ওর কিছুই হয় নি।

ঘরে ফিরে এসে শোকাকুলা শিপ্রার মাথার কাছে বদে একটু।
শিপ্রা দিনরাত ছেলের জত্তে অশ্রুবিসর্জন করছে। রেবতী একসময়
ওর একথানি হাত শিপ্রার মাথার ওপর রাখল—একটি শীতল শিথিল
স্পর্শ। কোনো সান্তনার কথা মুখে আসে না, চুপ করে বসে ঘরের
চারপাশের ঝুলগুলি দেখে আর ভাবে। মৃত ছেলের কথাই নয়—একদিন
ও আবার ভালো হবে, একদিন শিপ্রার তুই চোথ জলভারে এমনি
ফলিন থাকবে না—

মেটে মেঝের ওপর বুকটা পেতে শিপ্রা কাঁদতেই থাকে। রেবতী উঠে আফিসে যাবার জন্ম তৈবী হয়।

রেবতী বিদায় নিলে ডাক্তার খানিকক্ষণ সিগারেট ফুঁকতে-ফুঁকতে বিমনা হয়ে বসে রইল। পরে নেপালি চাকরটাকে ডাকিয়ে কতকগুলি বই পেড়ে কতক্ষণ পাতা উল্টোল, একটু পড়লও বুঝি। পরে বললে,— এই, ইদ্মাইলকে বল তো বেক্সব।

ডাক্তার গাড়ি নিয়ে বেরিয়ে যায়।

আশ্চর্য ব্যাপার। রমা চাকরকে ডেকে বললে,—বলিস কি রে, বারু বেরিয়ে গেছে?

এমন কাণ্ড ঘটে নি কোনদিন। এর আগে সুর্যের পশ্চিমে ওঠা

উচিত ছিল। এই বেলায় ভাক্তারের বেরিয়ে যাওয়াটা রমার কাছে যেমন অস্বাভাবিক, তেমনি যেন কতকটা অপমানস্চক। ডুেদিং টেবিলের আয়নায় নিজের রুত্তিম কোপক্ষরিত ঠোঁটের পানে চেয়ে ভাবলে—সত্যিই রাগ করব আজ।

সাহেব-ভাক্তারকে বাড়িতেই পাওয়াগেল। বাঙালি ভাক্তার বলনে,
—তোমার সঙ্গে একটু পরামর্শ আছে। একটা সিরিয়াস কেস এসেছে
হাতে।

তৃজনে থানিকক্ষণ প্রামর্শ হয়। সাহেব-ডাক্তার বাঙালি ভাক্তারকে তৃই একটা নতুন ওয়ুধ বাতলে দেয় হয়তো।

বাড়ি ফিরে ডাক্তার তথুনিই রমার ত্থানি করপল্লব স্পর্শ করবার অভিলাষে উন্মৃথ হয়ে অন্তঃপুরে ছোটে না। ল্যাবোরেটরিতে বদে কি থানিকক্ষণ পরীক্ষা করে। ওর কেবলই মনে হয়, — ত্থানি ব্যাধিজীণ ত্বল হাত ওর দিকে কে প্রসারিত করে দিয়েছে, ঘোলাটে তুই চোণে কি বিবর্ণ বেদনা, ওকে বলছে: আপনার কাছে আমি আমার জীবন ভিক্ষা করছি,—আপনি বিধাতার চেয়েও বড়ো!

অনেকক্ষণ বদে পরীক্ষা করে। পরীক্ষায় কৃতকার্য হয় না।

তার পরে থ্ব আন্তে-আন্তে সিঁ ড়িগুলি ভেঙে ওপরে আসে। মানিনী রমা থাটের ওপর শুয়ে আছে,—চুল আলুলিত রুক্ষ,—তন্থ-লতায় একটি বিপর্যন্ত শোভা,—মুথে একটি বিনম্ভ উলাক্ষ। শুয়ে-শুয়ে একটা বই দেখছে। ডাক্তার পাশে বদে বললে,—একটা সিরিয়াদ কেদ হাতে এসেছে, তাই দেরি হয়ে গেল। ভারি ক্লান্ত হয়েছি।

তবুরমা কোনো কথা কয় না। ক্লান্তি নিরাকরণের অমোঘ ওয়ুধ কি আজ ওর ফ্রিয়ে গেল! ডাক্তার একটু বিস্মিত হয়ে বললে—কি গো, অস্থ করেছে বৃঝি? শোও আরো জানলা খুলে!

বলে ওর নাড়ী দেখে, কপালে ও বুকে হাত দিয়ে উত্তাপ অন্তব করতে চায়।

রমা একটু সরে শোষ।

ডাক্তার আরো বিশ্বিত হয়। বোতাম খুলতে-খুলতে বলে,—

ভোমার জন্তে কি আমার ব্যবসা ছাড়তে হবে নাকি? এদিকে কণী মরবে আর আমি—

রমা ঠোঁট তুটো কৃঞ্চিত করে মাত্র। বলে—এমনি শাস্তিতে মরত; শেষকালে কতগুলি অমাত্র্যিক যন্ত্রণা পেয়ে যাবে আর কি। বেচারা। ডাক্তার বলে,—তোমার কী হল আজ?

রমা কথা কয় না, চুপ করে বইএর দিকে চেয়ে থাকে। ডাক্তারও জামা-জুতো ছেড়ে চুপ করে বদে—ওরই পাশে। সময় গড়িয়ে চলে। একটি বিষাদক্লিষ্ট ম্থের ওপর ছটি বাথাতুর নিপ্পভ চোথ, মনে হয় সেই বিশীর্ণ ছ্থানি হাত বাড়িয়ে দেওয়া। সেই ক্ষুদ্র শতছিয় নোংবা আলোয়ানটা,—পায়ে জুতো নেই, কাল রাত্রে ওর ছেলেটি মারাগেছে!

রমা উঠে পড়ে; স্থান করে আসে। ডাক্তার ও স্থান করে থেয়ে নেয়। ছপুরটা তেমনি মদকলকৃজনে অতিবাহিত হয় না—ডাক্তার নিয়মিত অভ্যাসের ব্যতিক্রম করে নিচে ল্যাবোরেটরিতে চলে যায়, রমা শিশিরমথিত মান পদ্মকোরকের মতো চুপ করে শুয়ে-শুয়ে অদূরবর্তী রাস্তাটা দেখে—

সমস্ত ঘরে যেন আসল্ল বিরহের স্থমগুর একটি শোকচছায়া ঘনায়িত হয়ে উঠেছে।

ডাক্টারের পরীক্ষা তথনো সফল হয় নি। অনেক রাত্রে শুয়ে অন্ধলারে ডাক্টারের চোথে রেবতীর সেই ক্লিষ্ট বিপাণ্ডর মৃথ ভেসে আসে, সেই বিক্লত দেহটা যেন একটা উদ্ধত তর্জনীর মতো ওকে শাসায়, সেই প্রসারিত ছটো হাত যেন ওকে নিষ্ঠর মৃষ্ট্যাঘাত করবার জন্মে উম্থ হয়ে ওঠে। ও সহসা পার্যচরী রমাকে ছই বাহু বন্ধনে অন্তল্ভব করে, ভাবে—ভাগ্যিস ঐ ক্লগী রমা নয়,—ওর কোনো আত্মীয়-বন্ধু নয়, একজন অপরিচিত পথিক! যেন স্বন্থি পায়। ওর পাশে সত্যিই রমা,—বছকান্তি, অভিনবযৌবনা, অভিমানিনী।—ও নিজে স্কন্থ, সবল, অর্থশালী। তৃপ্তির নিশাস ফেলে।

রমা আজ আর ভালো করে কথা কয়নি, হাদেনি। ভাবে, চঞ্চা রমার চেয়ে এই মানিনী অবনমা রমার মধুরতা কোনো অংশে হীন নয়। ভাক্তার নিয়মভঙ্গ করে একটু আগেই নিচে নামল আজ। থেন রেবতীর বেশিক্ষণ বদে থাকতে না হয়, কেমন আছে না জানি! রুমা স্বামীর তাড়াতাড়ি চলে যাওয়ার দিকে চেয়ে থেকে একটা দীর্ঘনিশ্বাস ফেললে।

তথনো রেবতী এসে পৌছোয় নি,—কেউই নয়। বিশেষ কেউ আসেও না। শেষ পর্যন্ত ভাক্তারিই করতে হবে এ-সম্বন্ধে ভাক্তারেব কোনোই স্থিরতা ছিল না। ভাক্তার হওয়াটা ওর জীবনে একটা আক্ষিক ছুর্ঘটনা। তব্ ভাবে,—তব্ যদি একজন এল, শুধু টিকেথাকার আনন্দের কাঙাল হয়ে ওরই দোরে,—ওকে বিমৃথ করে কীলাভ?

ভাক্তার জানলা দিয়ে বেবতীর সেই গুলিলিপ্ত ব্যাধিজীর্ণ পা-ছটো দেখবার আশার রাস্তার দিকে চেয়ে থাকে।

রেবতী আদে,—অতি কষ্টে। ডাক্তার চেয়ার ছেড়ে উঠে ওকে সম্বর্ধনা করে। বলে,—কেমন আছেন ?

রেবতী অত্যন্ত কাতর-স্বরে বলে,—যন্ত্রণা আরো বেড়েছে। আজকে আর আপিস যাওয়া হবে না।

ডাক্তার ওকে চেয়ারে বসতে বলে বলে,—থুব কি ?

<u>—খুব।</u>

ডাক্তার ওকে প্রবোধ দেয়: ও কিছু নয়, সেরে যাবে।

মুহুতের জন্ম রেবতী আবার ওর সমন্ত যন্ত্রণা ভূলে যায়। বলে,— আর কতদিন ?

- এই মাসথানেকের মধ্যেই ভালো হয়ে উঠবেন।

রেবতী ভারি তৃপ্তি অন্থভব করে। ভাবে,—একমান! বিস্তীর্ণ আয়ুর সমৃদ্রে একটা মান তো একটা ক্ষণিক বৃদ্ধু দ! এক বংশর বাদে ও কোনোদিন হয়তো এই পরম তুঃখদায়ক পরম কুংসিত মাসটার কথা মনেও করবে না। একবার একটা মান কোনোরকমে কাটাতে পারলেই

हम् । এটা মাঘ,— চৈত্র মাদে যথন দক্ষিণ থেকে হাওয়া দেবে, দে হাওয়া ওরই জন্ম বিধাতা পরম ক্ষেহে পাঠিয়ে দেবেন—ভাবতে চোথের কোণে জল আদে।

বাজি এসে রেবতী দেয়ালে-টাঙানো বাংলা ক্যালেণ্ডারটা নেড়ে চেড়ে দেখে। চৈত্র মাসের একটা তারিথ পেন্সিল দিয়ে দাগ দেয়,—
সাতাশে চৈত্র। সে-দিন হয়তো ওর শরীরে এই ত্ংসহ ক্লান্তি থাকবে
না,—বিশীর্ণা শিপ্রা আবার কলধ্বনি করে উঠবে। ডাক্তারের সময়
নির্ণারণ করে দিতে কিছু ভূল হতে পারে,—একমাসে না হোক বড় জাের ত্মাসে ও সেরে উঠবেই। ও মনে-মনে সেই আগামী সাতাশে চৈত্রের বেলা বারোটার কথা মনে করে,—ক্যালেণ্ডারে চেয়ে দেখে সে
ভারিথটায় রবিবার পড়েছে, আপিস য়েতে হবে না! সেদিন রৌজ
কত প্রথর হবে, কত ধুলাে উড়বে—কে জানে? সেদিন ও আবার
স্ফলেন হেঁটে বেড়াতে পারবে, অতি সহজে নিরাস নিতে পারবে,—
এই ওর স্থে! হয়তে৷ সেই রৌজেই ও বেরিয়ে পড়বে,—কিংবা হয়তাে
আর কিছু করবে যা মােটেই অসাধারণ নয়।

তবু, কিছু না থেয়েই আপিদের দিকে রওনা হয়। কিছুই রাঁধা হয় নি। ভাবে, পথের থেকে এক পয়দার মৃড়ি-মৃড়কি কিনে নিলেই হবে। দিন কয়েক পরেই তো মাইনেটা পাবে,—আরো কয়েক দিন পরে,—যাকই বা না এ রোথো চাকরি,—যদি আবার স্বাস্থ্য ফিরে পায়, মোট বইতেও নারাজ হবে না।

কিন্তু কত দ্র গিয়েই রেবতী ফিরে এল। শিপ্র। তথনো কাঁদছে। ওর মাথার কাছে বসে বললে,—ব্যথাটা বড্ড বেড়েছে। য়েতে গারলাম না।

শিপ্সা তবু মৃথ তোলে না। যে-জায়গাটায় ওর সন্থান শেষ চোপের পাতা ত্টি বন্ধ করেছে, সেইখানেই বুকটা দিয়ে পড়ে আছে। এখন মার একটুও আওয়াজ করতে পারছে না।

রেবতী চুপ করে বসে ভাবে,—সাতাশে চৈত্ত্বেও এমনি আপিস যাবে না। কিন্তু আন্তকের সঙ্গে সেদিনের কত তফাত! আবো অনেকগুলি দিন গেল। যে-পথ আসতে আগে রেবতীর পনেরো মিনিট লাগত, এখন সেই পথটুকু ভাঙতেই ওর একঘণ্টার ওপর লাগে। আসে,—অতি আন্তে আত্তে লাঠি ভর দিয়ে,—তবু ডাক্তারকে তার করুণার জন্ম মনে-মনে ধন্মবাদ দেয়। নিজের কইটাকে বেশি বলেই মানে না, ডাক্তার যে ওকে বিনা পয়সায় চিকিৎসা করছে, সেইটেই বেশি।

দিন-কে-দিন ওর অবস্থা ভয়ন্বর হয়ে উঠছে। হলদে দাঁত, চোধ পাঁশুটে, বরাবর দেই ছোট র্যাপারটাই গায়ে দিয়ে আসে,—থালি পা —বিকট, বীভংস।

তবু যদি বলে: কবে ভালো হব ? ডাক্তার জবাব দেয়: সবই সময় লাগে মশায়।

আবার যদি বলে: ভালো হব তো? ডাক্তার স্বাভাবিক মৃক্ধিয়ানা করে বলে: বড্ড দেরি হয়ে গেল বলেই এতটা বেগ পেতে হচ্ছে। তা, আমার হাতে যথন আছেন, ভালো হয়ে যাবেন বৈকি। এ তো আর হাতুড়ে চিকিংসানয়।

ক্ষণিক মৃত্ একটি হাসিতে রেবতীর ঠোঁট হুটো একটু বিস্ফারিত হয়। সেই হাসি দেখে ডাক্তারের বুক শিউরে ওঠে।

এক-এক সময় ডাক্তারের মন দারুণ ঘুণায় কিলবিল করে ওঠে। ইচ্ছে করে, শক্ত মৃঠি ভূটো দিয়ে বকের ঠ্যাং-এর মতো রেবতীর গলাটা টিপে ধরে। কিংবা এমন একটা ওষ্ধ দেয়, যাতে যেতে-যেতে মাঝপথেই—

পারে না তা। নিজের টাাঁকের পয়দা থেকেই ওয়্ধ-পত্তের খরচ জোগায়। থেতে শুতে দব দময়েই ভিক্ষার্থীর ছটি প্রদারিত হাত ওকে যেন অফুদরণ করে। ও মনে একটুও স্বস্তি পায় না।

দিন-রাত্রি পরীক্ষা চলে। শরীর অবদন্ন হয়, মন বিমুথ হয়ে আদে, তবু ল্যাবোরেটরিতে রাত জেগে বদে-বদে নানান রকম তথ্য আবিদ্ধারের আশায় প্রহর গোনে। রমার নিশাসপতনের অস্পষ্ট শব্দ শোনবার জন্ত ওর আর এতটুকুও কৌতুহল নেই। ও ভাবে, একটা

ভষ্ধ ও বের করতে পারত—আর রেবতী যদি থালি একটি দাগ সেই ভষ্ধ থেয়েই ভালো হয়ে যেত,—ওর চোথের স্থম্থে রোজ ভোর বেলা এমনি পাংশু মুথে জীর্ণ বেশে ভিক্ষ্কের মতো, অপরাধীর মতো আর দাঁডাত না—

রাত বেশি করেই ওপরে যায়। রমা এক পাশে ঘুমিয়ে থাকে, কোনো-কোনোদিন ইজিচেয়ারেই,—ডাক্তার থানিকক্ষণ থোলা ছাদে পায়চারি করে, আর কেবলই রেবতীর সেই কুংসিত রোগবিক্ষত ব্যথিত মুখটা ওর মনে পড়ে। মনে হয়, কে যেন ওর পিছে-পিছে একান্ত নি:শক্ষে, একান্ত অলক্ষিতে হেঁটে বেড়াচ্ছে, যেন তুই হাত মেলে কী ভিক্ষা চাইছে,—কী কাহিল ছটো হাত! ডাক্তার তথ্নি ঘরে এসে শোয়, ঘুমন্ত রমাকে একটু স্পর্শপ্ত করে না। চোথ বৃজে থাকে, মনে হয় সমন্ত বাড়িতে যেন রেবতীর ক্ষ্পিত মৃতি অন্থির হয়ে ঘুরে বেড়াচ্ছে,— যেন ভিক্ষকের বেশেই নয়, দন্তার বেশে। যদি যেতে না পায়, তবে যেন চুরি করে, জোর করে ছিনিয়ে নিয়ে যাবে।

এক-এক সময় ডাক্তার ভাবে, শহরের একজন সেরা ডাক্তার দিয়ে ওর চিকিংসা করানো যাক। নিজের ওপর ওর একটা দারুণ ঘুণা হয়। ভাবে, এতদিন বিলেতে থেকে পয়সা থরচ করে ডাক্তারি শিথে আসার এই কি পরিণাম? ও দৃঢ্ভার সঙ্গে বলে ওঠে: আমিই ভালো করব। খাটের ওপর উঠে বসে। দেথে পাশে রমা নেই। কথন যে বারান্দায় চেয়ারটা টেনে নিয়ে ভয়েছে, কে জানে? ডাক্তার অস্থির হয়ে খোলা ছাদে টহল দিতে লাগল। আপন মনে বলন,—মৃত্যুর সঙ্গে আমারই এ যুদ্ধ। কথনই জিভতে দেব না ওকে।—থুব জোরে পা ফেলে ভাডাভাডি হেঁটে বেডায়।

পরে আবার ভাবে,—কে এ রেবতী ? কোথাকার কে নাকে একটা কেরানি, তাকে নিয়ে এত মাথাব্যথা কেন ? ওর জন্যে এত বরচপত্র করা, বিনামূল্যে এত পরিশ্রম করা,—কি বোকামিই না হয়েছে! ও মরে গেলে ডাক্তারের কী-ই বা ক্ষতি, চিকিৎসাশাল্লের কী-ই বা অপমান ? যে ভূল করবে, শান্তিভোগ করতেই হবে তাকে,—তার

জ্বন্থে পরের কী এদে যায় ? রেবতীর কাছে ডাক্তারের কী দায়িছ আছে ? পৃথিবীতে এত বড়ো দয়ার সাগর না হলেও তো চলে ! ভগবানের ইচ্ছা, ও কষ্ট পাবে, মরবে,—তাতে ডাক্তারের কিছুই করবার নেই। কী হবে এ-সব পরের ঝিক মাথায় নিয়ে ? ডাক্তার তো আর রেবতীর কাছে ধারে না কিছু। ওর ইচ্ছে নেই আর ডাক্তারি করবার, তাতে রেবতীর অভিযোগ করবার কিছুই নেই। নিশ্চয়।

ভাক্তার হঠাৎ রমাকে ঠেলে তুলে বললে,—চল, কাল ভোরেই শামরা কোথাও বেরিয়ে পড়ি। আর ভালো লাগছে না কল্কাতা—

রমাও হঠাৎ তার অভিমানের ঘোমটা টেনে ফেলে উৎস্ক উৎফুল্ল-স্বরে বললে,—যাবে ?

ভাক্তার থানিককণ চুপ করে থেকে বললে,—কিন্তু হাতে যে প্রকাণ্ড একটা কগী, কেমন করে যাই ?

রমা ঘাড় ফিরিয়ে ফের চোথ বুজে পড়ে থাকে। ভাক্তার বললে,— বাঁচবার কি অদম্য ইচ্ছা ওর! সমন্ত ইচ্ছার চেয়ে প্রচণ্ড। কালই যাওয়া হতে পারে না।

বিনিত্র রাত্রি রমার অসহ লাগে। যেন কোন একটি অপরিচিত বেদনা, কোন একটি আদয় মৃত্যুর ঘনায়মান অন্ধকার ওর আর স্বামীর মধ্যে কি একটি অদৃশ্য যবনিকা বিস্তার করেছে। এই অভিমানের ভার কবে ঘূচবে ? রমার চোথ জলে ভরে আদে। ভাবে, স্বামীর থেকে ও যেন কত দ্রে সরে গেছে। এই নিষ্ঠ্র অকারণ বিচ্ছেদ আর ও সইতে পারে না।

ভাক্তার আবার গিয়ে শোয়। ভাবে,—ভোর হলেই আবার বেবতীর সঙ্গে দেখা হবে। ভাবতেই ভয় হয়। সারা রাত আর ঘুম হয়না। রমারও না।

একদিন সত্যি-সত্যিই রেবতী আর এল না। ডাক্তার ঘুমথেকে উঠেই নিচে নেমে এসেছিল রেবতীর প্রত্যাশায়। পুবের জানলাট। দিয়ে বছক্ষণ রাস্তার দিকে তাকিয়ে রইল,—এই বুঝি
রেবতী আদে! যে যায় তারই মুখের দিকে তাকাতে চেষ্টা করে
ইচ্ছে করে ডেকে সবাইকে শুধায় কাক কোনো ব্যাধি আছে কি
না, সমস্ত ব্যাধির মুখোমুখি দাঁড়িয়ে সংগ্রাম করবার অদম্য স্পৃহা
ভাগে।

হঠাং এক সময় নেপালি চাকরটাকে শুধায় : সেই বাব্**টি** এনেছিল রে ?

চাকর উত্তর দেয়: না তো!

আর কথনই বা আসবে ? এসে ফিরে যাবার মতো অসহিঞ্ সেনয়। তবু রেবতী আসছে না দেখে ডাক্রার একটুও স্বস্তি বোধ করছিল না। এটা ওটা করে আরো থানিকক্ষণ কাটাল, আবার চুপ করে চেয়ারটায় বসল। ভাবল, আজ যদি রেবতী আদে, তবে নিশ্চয়ই ওকে ওর মনোমত ওযুধ দিয়ে দেবে। ও সতি।ই এবার যাক, ছাক্রারকে মৃক্তি দিক।

কিন্তু, কেন বেবতীকে ভালো করা যাবে ন। ?—ভাক্তার নিজের ভৌকতা ও অক্ষমতাকে সহসা মনে-মনে কশাঘাত করে সজাগ হয়ে উঠল। আবার হেলান দিয়ে ভাবতে বসল—বয়ে গেছে! ছ্নিয়ার শবাইকে যদি ভালোকরতে হবে তা হলে এগানে মালুষের পাফেলবারও জায়গা হত না। রেবতী মরবে, সে একটা বেশি কথা কি ? ও তো একটা না-থেতে-পাওয়া গরিব কেরানি মাত্র।

ভাক্তার আরো থানিকক্ষণ বসে থেকে কি ভেবে ওপরে উঠে গেল।
রমার ঘুম ভেঙেছে বটে, কিন্তু বিছানা ছেড়ে তথনো ওঠে নি।
ভোরের রোদ একটুখানি চুলে এসে পড়েছে, তুই চোথে সভ-জাগরণের
একটি প্রশান্ত আভা! উঠে কি-ই বা করবে ভেবে ওঠেনি, ভরে-ভরে
কিছুনা-ভেবে সময় কাটানোটা বেশ উপভোগ করছে।

ভাক্তার ঘরে এদে চেয়ারে বদল। রমা ভাবছিল তেমন দিন থাকলে এই বিছানায় এদেই উনি বদতেন, গুকে চুমু থেতেন, এখনো ওঠে নি দেখে একটু বকতেন, হয়তো বা হাত ধরে টেনে তুলে দিতেন—

ভাক্তার অপরাধীর মতে। কিছুক্ষণ চুপ করে থেকে বললে,—দেই
কণীটি আজ এখনো এল না।

त्रभा खराय-खरावे वनातन,--- (वाध द्य दराय त्राह्य।

—না না, হতেই পারে না তা।— ডাক্তার একরকম টেচিয়ে উঠল: আমি ওকে ভালো করবই। ওকে আমার ভালো করতেই হবে।

রমা ঠাট্টা করে বললে,—হঠাং এত পরার্থপরতা ?

ভাক্তার ততোধিক ব্যঙ্গ করে বললে,—মেয়েমামুষ, তুমি তার কি বুঝাবে? এ হচ্ছে যুদ্ধ, আমি জয়ী হতে চাই।—কিন্তু কেন দে এল না!

রমা উঠে বদে একটা ফাঁস থোঁপা বাঁধতে বাঁধতে বললে,— চিকিৎসার হাত থেকে সরতে পারলেই হয়তো ও বাঁচে।

ক্ষেপে গিয়ে ভাক্তার বললে,—ওর মৃত্যু ব্ঝি এতই সন্তা,—কেন না ভালো করে চিকিৎসা করবার ওর টাকা নেই, ওর পথ্য জোটে না,ও পাপী? বাঁচবার অধিকার যদি কারু থাকে, তো থালি ওর আচে। আমার তোমার নয়।

রমা ভুরু কৃঞ্চিত করে বললে,—কেন না ওর আপিস করতে হয়, না খেতে পেয়ে ওর ছেলে মরে,—ওর জীবনে কোনো উদ্দেশ্য, কোনো আনন্দ, কোনো আকাজ্ঞা নেই,—তাই ?

নিচে কিসের আওয়াজ শুনে ডাক্তার উৎক্ষিত হয়ে বলে উঠল: ঐ বৃঝি ও এল। ওকে আজ আর বাড়ি যেতে দেব না, এখানে রেখেই চিকিৎসা করব। দেখি সারে কি না।

বলে তাড়াতাড়ি নেমে যায়। ঘরে চুকেই চেঁচিয়ে ডাকে: ঝুনটু, ঝুনটু!

নেপালি চাকরটা পর্দা সরিয়ে এসে দাঁড়ায়। ডাক্তার বলে,—বাব্টি এসে ব্ঝি ফিরে গেল ? আমি ওপরে ছিলাম, ডেকে আনলি না কেন ? বোকা!

यूनि वलल,—त्कारे वात् चारम नि।

— আবে নি? তাক্তার জানলার কাছে এসে একটু দাঁড়ায়। পরে চাকরটাকে টাকা দিয়ে বলে, — সিগারেট নিয়ে আয় কিনে। একটা

কাগৃজে সিগারেটের নাম লিখে দেয়। আরো বলে,—রান্তায় যদি সেই বার্টিকে দেখিস, বলিস যে ডাক্তারবার এখনো বাড়িতেই আছেন। ব্রালি ?

বিকেলেও রেবতী এল না। দিনের মুম্র্ আলো দেখে রেবতীর রোগক্লিষ্ট পাণ্ডর কুংসিত মুথ মনে পড়ে।

ভাক্তার ওপরে উঠে গিয়ে রমাকে বলে.—চল, কার্নিভালে যাই।

পরে বলে,—চিরকাল আমার ডাক্তারি করতেই হবে এমন কথা কুটিতে আমার লেথে নি। ছেড়ে-ছুড়ে একদিন পরম বৈষ্ণব হয়েও বেতে পারি। যথন যা মন চায় তাতেই মন দেব,— তাই স্থে। একটাকে নিয়েই চিরজীবন আঁকড়ে থাকতে হবে এ-কথা মানায় বোকা বা প্রতিভাবানের মুখে। আমি ও তুটোর কোনটাই হতে চাই না। নাও, চটপট সারো।

রমা সাদাসিধে একথানি শাড়ি পরে। রুচি নিয়ে ভাক্তারের আজ্জার কোনো প্রশ্নই ওঠে না। এ-বাড়িটা থেকে কোনো স্থায়েশে বেরিয়ে পড়তে চায়,—রমাকে একলা ফেলে য়েতেও মন যেন কিছুতেই সরে না।

গাড়িতে রমার একথানি হাত নিজের ত্হাতের মধ্যে কঠিন করে চেপে ধরে ডাক্তার বলে,—আমরা কত ছোট, আমরা একটি মাহুষের. গামাল চোথের জলও মুছে দিতে পারি না। কত অক্ষম আমরা।

কানিভাল রাজোভানের মতো শোভা পাচ্ছে। রমা আর ভাকার ডজনেই অন্তমনক্ষের মতো হেঁটে বেড়ায়, যেন পথ ভূলে এসে পড়েছে এগানে, কোনো উদ্দেশ্য নেই। ভাক্তার বলে,—হুইপ-এ চড়বে ?

त्रमा वत्न,-ना, शाक।

সমস্ত উৎসবের আলোকমালা মান করে ডাক্তারের চোথে একটি রোগবিবর্ণ বিক্বত ও বিষয় মুখ ভেনে বেড়ায়,—ছই চোথে তার কি নিঃশন্দ ব্যাকুল যাক্ষা! স্বামীর ব্যর্থতা-বোধের বেদনা অমুভব করে রমা নিজেকেও বার্থ মনে করে, হেসে কথা কইতে চায়, নিজের হাসি নিজের কাছেই অত্যন্ত করুণ লাগে।

ফিরে যাবার সময় গাড়িতে কেউ একটিও কথা কয় না।

বাড়ি এসে অন্ধকারে ডাক্তার যেন কার বিষাক্ত দীর্ঘনিখাস শোনে, যেন কার হাহাকার রাশীক্ষত হয়ে আছে। ও তাড়াতাডি ভয়ে পড়ে, শোবার আগে একটা ঘুমের ওষ্ধ থেয়ে নেয়, যাতে রাতে আর ঘুম না ভাঙে।

রমা তক্ষ্নিই শুয়ে পড়ে না, ড্রেসিং টেবিলে আয়নায় নিজের ম্থের দিকে চেয়ে থাকে। নিজেকে হঠাৎ অত্যস্ত বিফল ও নিরাশ মনে হয়। অস্পষ্ট করে অতীতের একটুথানি আবার মনে পড়ে।

সকাল বেলা উঠে ডাক্তারের অত্যন্ত ক্লান্তি লাগছিল, তবু দেরি না করেই নিচের ঘরে গিয়ে বসল।

ঝুনটুকে জিগগেস করে জানা গেল,—দে-বাবৃটি আজে। এখন-তক আসে নি।

রোদ যত চড়া হয়, ডাক্তারের মন ততই হতাশ, চঞ্চল হয়ে ওঠে।
তার পর এক সময় মোটর নিয়ে বেরিয়ে পড়ল, সঙ্গে কতগুলি
টাকা নিয়ে। সাহেব-ডাক্তার্বকৈ তাঁর বাড়ি গিয়ে পাওয়া গেল। তাঁকে
তার প্রাপ্য ভিজিট আগে দিয়েই ডাক্তার বলে,—তোমাকে আমার
সঙ্গে এক্ট্নি এক জায়গায় যেতে হবে। বোধ হয় আর নেই।

সাহেব টাকাটা ডুয়ারে রেখে বলে,—আগে দেখেই আসি।

এঁদো গলি, এক পাশ দিয়ে একটা কাঁচা নর্দমা, সাহেব নাকে ৰুমাল দিয়ে দাঁড়াল। ডাব্রুগর ঠিকানাটা আবেকবার মিলিয়ে দেখলে। পরে চেঁচাতে লাগল: রেবতীবাব্, রেবতীবাব্।

ভেতর থেকে কোনো সাড়া আসে না, একটা কালার শব্দও না।
ভগু ত্পুরের রৌজের প্রথরতা নির্ণয় করবার জন্মই যেন একটা কাক
নিদারুণ কর্কশ স্বরে চীংকার করছে।

অগত্যা দরজা ঠেলেই জাক্তার চুকে পড়ে,—পিছনে সাহেব। এই পথ দিয়েই হয়তো মৃত্যু এসেছে, কিন্তু নিঃশব্দ পদস্কারে, কী অলক্ষিতে

কাপুরুষের মতো।

একেবারে ঘরে ঢুকে পড়েই ভাক্তার বলে,—রেবভীবাব কেমন আছেন ?

তক্তাপোশটার ওপর রেবতীশোয়া,—হিকা উঠেছে। এবারে যাবে, বড় জোর ঘণ্টা ত্রেক আছে। দেখেই ডাক্তারের মন হাহাকার করে উঠল। পাশে বসেই নাডী পরীক্ষা করলে। সাহেবকে বললে,— হোপলেদ।

সাহেব কি-একটা ওষ্ধের কথা বলে চলে গেল।

মুম্ধ্র শিররে একটি স্ত্রীলোক বদে মৃত্-মৃত্ পাথার হাওয়। করছে,
—ডাক্তার অন্নমানে বৃঝলে, মেয়েটি রেবতীর স্ত্রী। ভারি শীর্ণ, মলিন
—কোলের ওপর কার ছোট একটি লাল জামা, একটি ভাঙা ঝুমঝুমি।
ওদের দেখে সম্ভস্ত হয়ে ঘোমটা টেনে দিয়েছিল, এখনো ঘোমটার
ফাঁক দিয়ে সেই ছোট লাল জামাটিই দেখতে।

মেঝের ওপর কতগুলি বমি—কতগুলি মাছি ভন-ভন করছে। ডাক্তার বললে,—বমিটা কখন হয়েছে ?

প্রথম কিছু বলতে চায় না, পরে বহু অভয় পেয়ে শিপ্রাবললে—কাল। —এথনো নিকোন নি কেন ?

শিপ্রা উত্তর দেয় না।

ডাক্তার বললে, আপনাদের আর কেউ নেই ? বহুন, আমি এই ওয়ুধটা নিয়ে আসছি।

ওষ্ধ এনে রেবতীকে খাইয়ে দেয়। রেবতীর আর খাবার শক্তি নেই, কষ গড়িয়ে পড়ে। ভাক্তার ভাবে, শেষ পর্যন্ত অপেক্ষা করেই যাবে নাকি ? কী লাভ থেকে ? কে ওর রেবতী ?

সমন্ত ঘরে দারিদ্রোর কী কদর্য বীভংগতা। বাসনপত্র ওলোট-পালোট, এঁটো তোলা হয় নি কত দিন থেকে কে জানে, নোংরা জামাকাপড় আর পোড়া কয়লার ছাই, রোগীর বমিতে আর জামাতে একাকার। আর রেবতীর মুখটা কি বিকট, ভয়ন্বর, হাঁ-করা ঠোঁট তুটোর মাঝে কি ক্ংদিত ঘূণা। ডাক্তারের সমস্ত শরীর রি-রি করে উঠল। আবার বললে,—আপনাদের কেউ নেই আর ?

শিপ্রা তেমনি ঘাড় নেড়ে জানালে—কেউ নেই। ডাক্তার তারপর আর কিছু না বলেই টুপ করে বেরিয়ে এল।

মোটরে করে অনেকক্ষণ বিমনার মতো ঘুরতে লাগল। ভাবে,— এই বৃঝি রেবতীর নিশাস থেমে গেল, কি হবে তারপর? ঐ মেয়েটিব কি হবে? কোথায় যাবে? রেবতীই বা কোথায় গেল? হয়তো এখনো যায় নি, হয়তো এখনো আরেকবার শেষ চেষ্টাকরে দেখলে হয়।

কিন্তু কেন? যাক না।

বাডি এসেই ডাক্তার বমাকে বললে, ও গেল! পারলাম না বাঁচাতে।

রমা আর্ত্রেরে চেঁচিয়ে বললে,—গেছে ?

—এখনো হয়তো একেবারে যায় নি। কিন্তু যাবে। কেউ নেই,— একা স্ত্রী। কোথায় যে ভাগবে কে জানে। মেয়েটি কিছুই হয়তো বুঝতে পারছে না।

পরে বললে,—সত্যিই ও আর ভালো হল না, রমা। ইয়া, ঐ অস্থ হলে ভালো হয়ও না, এমনি বেয়াড়া অস্থ। আমি চেষ্টা করতে আর কস্থর করলাম কই ? এই রোগে প্রতি বছরে আমাদের দেশে হাজার হাজার লোক মরে। হাজার হাজার রেবতী। কে কার থোঁজ রাথে ?

পাইচারি করে আর বলে, — ধাক, বেঁচে থাকলে একদিন না একদিন কের ভূগত। বাঁচাটা বিজ্ঞ্বনা বই আর কিছুই মনে হত না। এই বেশ হল—শাস্তি পেলে। আমার কাছ থেকে একদিন আত্মহত্যা করবার জন্ম বিষ পর্যন্ত চেয়েছিল। যাক, আত্মহত্যার পাপ তো আর করে নি—

চেয়ে দেখে, রমা ছই হাতে মৃথ ঢেকে আছে। কেন? রেবতী মরল বলে দেই ছঃথে, না ডাক্তার তাকে ভালো করতে পারল না—
নেই লক্ষায়?

আবার অন্ধকার জনে উঠেছে। কনকনে শীতের হাওয়া বইছে।

একট মেঘও করেছে বৃঝি!

ভাক্তার ছাদে পাইচারি করে বেড়ায়,—মনে হয় ওর অপরাধের যেন অন্ত নেই। মনে হয়, রেবতী যেন লক্ষ লক্ষ করতল প্রসারিত করে ওর কাছে তার জীবন ভিক্ষা করছে। যেন বলছে—যে জীবন আমার নিলে, ফিরিয়ে দাও, ফিরিয়ে দাও।

ডাক্তার ঘূমের ওষ্ধ থেষে তাড়াতাড়ি শুয়ে পড়ল। রমাও। বাতাদের বেগ বেড়েছে—অন্ধকারে মরা কান্নার মতো। হঠাৎ রমা ঘূমের মধ্যে উৎকট চীৎকার করে উঠল: ওগো. কে

ডাক্তারও অকস্মাং ঘুম ভেঙে আর্তনাদ করে উঠল: কে ? রবতী ?

এবং উঠেই জানলা দিয়ে নিচে মুখ বাড়িয়ে দিয়ে দেখলে, রেবতীরা সন্ধান পাওয়া যায় কিনা। কিছুই দেখা গেল না। থালি, এই শীতের রাতেও ফুটপাতের ওপর কতগুলি গৃহহীন পথিক শুয়ে আছে।

আর কিছু না।

্যন ডাক্চে—

রুদ্রের আবির্ভাব

বিবাহের পর ব্যোমকেশ কয়দিন হইতে আমার কাছে একটা চাকুরির জন্ম ঘূরিতেছে। বলিলাম,—এখানে আমি চাকরি পাব কোথায়? তবে কলকাতায় যেতে চাও তো মামার কাছে লিখে দিতে পারি।

বড়োবাজারে পিপুলের দোকান করিয়া মামা বিস্তর পয়দা করিয়াছেন। তাঁহাকে লিখিয়া দিলাম। উত্তরে তিনি লিখিলেন: পরের জন্ম মাথা না ঘামাইয়া নিজেই দোজা চলিয়া এদ। গ্রামে বসিয়া কী কেবল পচিয়া মরিতেছ? চাকরি করিতে চাও তো একটা বন্দোবস্ত অনামাসেই করিয়া দিতে পারিব। লোক আমারও চাই বটে, কিন্তু অনাত্মীয় অপরিচিতকে আমার একেবারেই ভরদাহয় না। কি করিব, ব্যবদা করিতেছি। কতো লিখিব, নিজে তুমি একবার আদিতে পারো না?

মামার চিঠি পাইয়া মনে মনে হাদিলাম। গ্রামে বদিয়া পচিয়া মরিতেছি বটে !

ব্যোমকেশকে বলিলাম,—চাকরি করে কী হবে? তোমাকে কিছু জমি ছেড়ে দিচ্ছি, চাষ করো! থাজনা বাবদ কিছু চাই না, ফদল হলে কিছু ভাগ দিয়ো না-হয়। কেমন, রাজি?

ব্যোমকেশ লাফাইয়া উঠিল। গোরু-লাঙল কিনিবার পয়সা নাই, আমি ধার দিলাম। কিছু মহৎ কীর্তি অর্জন করিতেছি এমনি ভাবে কহিলাম,—জমিতে স্থবিধে না করতে পারো তো এই ধার ভোমার শোধ করতে হবে না।

মহাসমারোহে ব্যোমকেশ লাঙল ঠেলিতে লাগিল। জাঁকালো ভাষার থবরের কাগজে এক রিপোর্ট পাঠাইয়া দিলাম। বি-এ পাশ-করা ছেলে চাকুরির থোঁজে ফ্যা-ফ্যা না করিয়া নিজ হাতে জমি চ্যিতেছে— বড় বড় হেডলাইনে থবরটা দিয়িদিকে রাষ্ট্র হইয়া গেল। ব্যোমকেশ ভাবিল, কী যেন একটা করিতেছি! আমি ভাবিলাম, মামার উপর থ্ব একটা প্রতিশোধ নেওয়া হইল ষা হোক!

বাসন্তী প্রথমে এখানে আসিতে রাজি হয় নাই। কিন্তু চারিদিকের খোলা মাঠ, দূরে নদী ও নতুন ছবির মতো ঝকঝকে বাড়িখানি দেখিয়া দে অবাক হইয়া গেল। ছেলেবেলা হইতে শহরে মামুষ হইয়াছে, গ্রামের কথা শুনিতেই তাহার মনে গোকর গাডির চাকার একঘেয়ে করুণ আত্নাদের মতো একটা ক্লান্তিকর অবদাদ আদিত। কিন্তু অপ্র্যাপ্ত বাতাসে আঁচল ফুলাইয়া নদীর পাড়ে যথন সে আসিয়া দাঁড়াইল, তথন ম্পষ্ট অত্মত্তব করিলাম তাহার চোথের দৃষ্টি আরো কালে! ও গভীর এবং শরীরের শহরে রুক্ষ শ্রী সবুদ্ধ ও ঠাওা হইয়া উঠিয়াছে। এতো বড়ো শামাজ্যে তার কর্ত্রীত্ব অসীম: তাহার মুখের একটি কথায় জন-মজুর একশোখানা কাজ নিমিষে সমাধা করিয়া আনে। দেখিতে-দেখিতে তাহার হুকুমে দামনের জমিটা ফুলস্ত বাগান হইয়া উঠিল: তুইটি দিস্ক গাছ যেখানে ঘেঁসাঘেঁ দি হইয়া ছায়া করিয়া দাঁড়াইতেছে, তাহার নিচে বাশের একটি মাচা বাঁধা হইল—দেখানে দকাল বেলা দে পড়িবে ও বিকেলে বেড়াইয়া আসিয়া বিশ্রাম করিবে। বেড়ার গা বাহিয়া মালতীর নত। উঠিন, লোক লাগাইয়া আগাছা দূর করিয়া ছোট উঠানটি দে ভাহার পাষের তলার মতো নরম ও তকতকে করিয়া তুলিল। দিল্লীর দেওয়ানি থাদএর দিলিঙের মতো বাসন্তীও এইথানে ফুলের অক্ষরে লিখিয়া দিল যে, স্বৰ্গ বলিয়া যদি কিছু থাকে তো এইখানে, এইখানে!

বিবাহের দান-সামগ্রীর যাবতীয় জিনিস আসিয়া পৌছিল—দক্ষিণের ঘরটাকে ছোটখাটো একটা ভুয়িং-রুম বানাইয়া ফেলিলাম। বন্ধু- বাদ্ধবের বালাই নাই, আমরাই পরস্পরের নির্জনতা কথায় ও স্পর্ধে, হাসিতে ও দৃষ্টিতে সম্পূর্ণ করিয়া তুলিয়াছি। বাসন্তী যথন একা ঘরে বিসিয়া রালা করে ও আমি যথন একা ঘরে বিসিয়া গল্প লিখি, তখনো আমরা নির্জন নই—যথন কিছু নেহাত করি না, তখনো আকাশ ও আলো, তারা ও অন্ধকার মিলিয়া আমাদের পরিপার্শের শৃহাতাকে সংপ্রের মতো আচ্ছন্ন করিয়া রাখে।

মা মারা যাইবার পর বাবা একা-একা এইখানে বসিয়া বিস্তৃত আকাশের সঙ্গে অপরিসীম বিরহ ভোগ করিতেছিলেন। আমি তথন কলিকাতায় মেদ-এ থাকিয়া কলেজে পড়িতেছি ও উনবিংশ শতানীর শেষ দশকের যুবকের মতো কলেজ ঠিক না পালাইলেও শনিবার-শনিবার শগুরালয়ে নিয়মিত আতিথ্য নিতেছি। এবং আশুর্য এই, গল্পে-গুজবে থাওয়া-দাওয়ার অসাবধানে রাত্রি যথন বেশি করিয়া ফেলিতাম ও জোরে ঘণ্টা বাজাইয়া লাস্ট ট্রামকে যথন অনায়াদে চলিয়া যাইতে দিতাম, তথন চট করিয়া মনে পড়িয়া যাইত যে আজ রাত্রে মেদ-এ যাইবার কোনো পথ-ই আর ধোলা রাথি নাই। এবং শনিবারের রাতটাই যথন যাই-কি-না-যাই এমনি মিথাা উত্তেজনার মধ্য দিয়া কাটাইয়া দিলাম, তথন নিশ্চিম্ভ হইয়া রবিবারের রাতটাই বা যুমাইয়া লইতে কী হইয়াছে! এমনি এক দোমবার ভোরে অনিভাঙ্গিই চক্ষ্ লইয়া মেদ-এ ফিরিয়া আদিয়া দেখি আমার নামে একটা টেলি কথন হইতে পড়িয়া আছে। থবর আর কিছু নয়, বাবা সন্ধ্যাদ রোগে মারা

সে বৰ অনেক কথা। শশুর-মহাশয় এথানেই একটা কাজ দেখিয়া
লইতে বলিলেন—মেয়েকে চোথের কাছে রাখিবেন ও পচা পুকুরের
জল ঘাঁটিতে দিবেন না এমনি একটা অজুহাতে আমার জল্মে বাড়িভাড়ার টাকা গুনিতে রাজি হইয়া গেলেন। কিন্তু গ্রামে যাইবার কী
ষে গোঁধরিয়া বিদলাম, মনে হইল, ত্রেভা যুগে রাম হইয়া অবতীর্ণ হইলে
সেই জোরে অনায়াদে হরধয় চূর্ণ-বিচূর্ণ করিয়া ফেলিতে পারিভাম।
গ্রামে তো আদিলামই, বাসস্ভীকে সঙ্গে লইয়া আদিলাম। সে যতোই

কেন না নাসাগ্রভাগ কুঞ্চিত করুক, এতো বড়ো আকাশ ও মাঠ-নদী ভরিয়া এতো প্রচুর জ্যোৎসা তাহার ছই চোথে আর কুলাইয়া উঠিতেছে না। বাপের বাড়িতে নিতাস্থই সেপরগাছা ছিল, কিন্তু এইখানে সে সর্বময়ী কর্ত্রী হইয়া উঠিয়াছে। জীবনে কোথায় যে তাহার আসন, এতো দিনে তাহা আবিষ্কারের পর তাহার আনন্দের আর সীমা নাই।

বাসন্থীকে লইয়া আদিবার সময় শুন্তর-মহাশয়ের সঙ্গে ছোটখাটো একটা বচদার হক্ত ধরিয়া ভীষণ কলহের অগ্নুঃংপাত হইয়া গেল। তিনি সরাসরি বলিয়া বিদলেন: বাসন্থী যদি আমার কথার অবাধ্য হয়, তবে ওর মুখ আমি কখনো দেখবো না। বাসন্থীর মুখের দিকে তাকাইলাম,—দে ধীরে আমার পাশে সরিয়া আসিল। মেয়ের এই ত্বিনীত উদ্ধতা তিনি সহ্য করিতে পারিলেন না, মুখ বিক্বত করিয়া অস্ট্ট একটা চীংকার করিয়া উঠিলেন। বামন্তীকে লইয়া ট্যাক্সি করিয়া দেখনের পথে আসিতে-আসিতে কহিলাম,—তুমি রামায়ণের সীতার মতোই একটা অসমসাহসিক সভীর দৃষ্টান্ত দেখালে।

রিক্তহন্তে আসিয়াছিলাম বটে, কিন্তু বিষের সময় শশুর মহাশয় শথ করিয়া যাহা যৌতুক দিয়াছিলেন, স্পট রুচ কঠে তাহা দাবি করিয়া বিসলাম। থাট-টেবিল আলনা-দেরাজ বাসন-কোসন হইতে শুরু করিয়া বাসন্তীর চুলের পিন ও আমার ফাউন্টেন-পেনএর ক্লিপটি পর্যন্ত আসিয়া পৌছিল। সঙ্গে শশুরমহাশয় কড়া করিয়া একটা চিঠি দিয়াছিলেন বটে, যে, এই সব জিনিস ঘরে পুঁজি করিয়া রাখিতেও তাঁহার ঘুণা হইতেছে, কিন্তু নিজের ঘরে পুঁজি করিয়া রাখিবারও যে কোনো কালে তাঁহার অধিকার ছিল না সবিনয়ে এই কণাটাও তাঁহাকে জানাইয়া রাখিলাম। যাহা হোক, সেইখানেই যবনিকা পিছল। কিন্তু বাসন্তী এতেও ক্লান্ত হইল না.—সময়ে-অসময়ে কেবল নানাজাতীয় ক্যাটালগ লইয়া নাড়া-চাডা করে, আর এটা-ওটা ফরমাজ করিয়া কলিকাতার সাহেব-পাড়ার দোকানগুলিকে ব্যতিবান্ত করিয়া তোলে। বিয়েতে নগদ য়াহা কিছু পাইয়াছিলাম তাহা দিয়া বইয়ে-আসবাবে ঘর-ত্য়ার ভরিয়া ফেলিলাম। পা-পোশের মতো পুরু কাপেটি হইতে শুরু করিয়া দেয়াল-জোড়া

বড়ো-বড়ো দিশি-বিলিতি ছবিতে ঘর-হ্যার গমগম করিতে লাগিল।

নিজের শরীর সম্বন্ধে যতোটা না হোক, গৃহ-প্রসাধনে বাসন্থী একেবারে মন্ত ইইয়া উঠিয়াছে। আমি কিন্ত গৃহ ছাড়িয়া গৃহস্বামিনীকেই শুরু দেখিতেছি। বাসন্থীকে দেখিতে এখন কতো যে স্থানর হইয়াছে ভাবিয়া তৃপ্তির কুল পাইতেছি না। প্রত্যেক ছবির প্রকৃত আবেদন যেমন তাহার পটভূমিতে, তেমনি অন্তরালহীন আকাশের প্রতিবেশের মধ্যে এতোদিনে তাহার সত্যিকার রূপ উদ্যাটিত হইল ! পায়ের রক্তাভ নথকণা হইতে শুরু করিয়া কৌতূহলাবিষ্ট ভূক ঘটির চঞ্চল সঙ্কেতে লাবণার তরল একটি নদীরেগা নিঃশকে উচ্ছেদিত হইয়া উঠিয়াছে।

বলিতাম—এতো সব জিনিস-পত্তে ঘর বোঝাই করছ, এ তোমার দেখবে কে? লোককে দেখাতে না পারলে বিলাসিতায় স্থ্য কী!

বাসন্তী কোমরে আঁচলটা জড়াইতে-জড়াইতে কহিত, কে আবার দেখবে ? আমি আর তুমি।

হাসিয়া বলিতাম,—নিজেদের দেখার জন্মে নিজেরাই তো যথেই আছি। এ-সব বাজে আডম্বরে নিজেদের খালি সঙ্কীর্ণ করে রাখা!

বাসস্থী সেই সব কথা শুনিবারই মেয়ে বটে। ততোক্ষণে পেটোমাাক্সটা ফিট কবিলে তাহাব কাজ দিবে।

জীবনে নৃতন একটি আবহাওয়া আসিয়াছে। প্রত্যেকটি মৃহুর্ত গাঢ়, প্রথম চৃষনের মতো রোমাঞ্চময়। চারিদিকে কেমন একটা মৃক্তির নিমন্ত্রণ পাইতেছি, আকাশের প্রত্যেকটি তারা বাসস্তীর দেহের প্রত্যেকটি স্পর্শের মতো পরিচিত, ঘনিষ্ঠ হইয়া উঠিয়াছে। বাসস্তীর দেহে নতুন স্বাদ, আমার অমুভৃতিতে নতুন তীব্রতা! গ্রামের বিরাট সঙ্গহীনতায়ও নিজেদের কিছু নির্জন লাগে না: যথন আমি ঘরে বসিয়া লিখি ও বাসস্তী রান্নাঘরে বসিয়া রান্না করে. তথন প্রকৃতি শব্দে ও নিঃশব্দে আমাদের মতো পরস্পরের কাছে অন্তরঙ্গ ইইয়া উঠে। অ্থচ শহরের জন-বহুল বিপুল উৎসব-আয়োজনের মধ্যেও নিজেকে কতো একা ও অনর্থক মনে ইইয়াছে। এই নতুনতরো নেশা ছাড়িয়া আমি শহরে গিয়া চাকুরি করিব ও রান্তায় চলিতে প্রতিমূহুর্তে গাড়ি-ঘোড়ার উৎপাত হইতে বাঁচাইয়া চলিবার স্নায়বিক উত্তেজনায় দিনের পর দিন ক্লান্ত হইতে থাকিব— শগুর-মহাশয় আমাকে কী ভাবিয়াছেন!

বাবা নগদ টাকা কিছু রাখিয়া যান নাই বটে, কিন্তু এই ছোট স্থলর বাজিখানি, বিঘে পাঁচ-সাত আবাদি জমি, কয়েক ঘর প্রজা—এই দিয়াই আমি আমার জীবনকে স্থানীর্ঘ একটি রবিবারের স্থরে ভরিয়া নিতে পারিব। চাকুরি করিব কোন ছঃখে? জীবিকা-নির্বাহের ক্ষমাহীন কঠিন প্রতিযোগিতার হন্দ এড়াইয়া এই যে অবারিত একটি আলস্ম ভোগ করিতেছি, কী বলিয়া ইহার তুলনা দিব! আমার এই অবকাশের আকাশ হইতে তারার ফুলিঞ্চের মতো কতো কাহিনী, কতো ঘটনা কতো চরিত্র মৃতিময় হইয়া উঠিবে কে বলিতে পারে!

রাত করিয়া গাছ-পালা ঝাপদা করিয়ার্ষ্ট নামিয়া আদিল। শিয়রে মোমবাতি জালিয়া নতুন একটা গল্প লিখিতেছি। ইজিচেয়ারের গভীর কোলে ড্বিয়া গিয়া বাদন্তী কথন ঘুমাইয়া পডিয়াছে।

কান পাতিয়া দূরে নদীর তরল কোলাহল শুনিতেছি।

আবছা অন্ধকারে বাসস্থীকে কেমন যেন ক্লান্ত বলিয়া মনে হইল।
মনে হইল গ্রামের এই অজস্র প্রশাস্তি ধীরে ধীরে তাহাকে জীর্ণ করিয়া
কেলিতেছে। সে হয়তো গভীরতার বদলে বিস্তার কামনা করে—প্রচুর
বৈচিত্রের মাঝে নিজেকে সেপ্রকাশিত, বিকীর্ণ করিতে চায়—এইপানে
তাহার আর ভালো লাগিতেছে না। একটানা বৃষ্টির শব্দে তাহার
দীর্ঘদাস্টি স্পাই কানে বাজিল।

় পায়রার বুকের মতো তাহার নরম, তপ্ত দেহটিকে কোলে করিয়া[।] বিচানায় শোষাইয়া দিলাম। জাগিয়া উঠিয়া সে আমাকে আঁকড়াইয়া[,] ধরিল। ক**হিল,—আমার বড়ঃ ভয় করছে**।

विनाम, -- ७४ ? ७४ किरनत ?

আর সে কথা কহিল না: আমার বুকের মধ্যে মৃথ গুঁজিয় ঘুমাইতে লাগিল।

মোমবাতিটা নিবাইয়া শুইয়া পজিলাম। চারিদিকের রাশি রাশি কোলাহল যোজনব্যাপী বিরাট স্তরতাকে বিদীর্ণ করিয়া দিতেছে। এই কোলাহল বাসন্থী সহু করিতে পারে না, তাহার ভয় করে। জনবিরল মাঠের মধ্য দিয়া ঝোড়ো হাওয়ার উদ্দাম দীর্ঘশাস তাহাকে অস্থির করিয়া তোলে, সারারাত ঘুমাইতে দেয় না।

কিন্তু ভোর হইতেই আবার সেই নিঃশব্দতা। বাসন্থী পরিচিত জগতে নামিয়া আসিয়া হাঁফ ছাড়ে। হাসিমূথে জিনিস-পত্র ঝাড়ে পোঁছে, ঘর-তুয়ার ছুরির ফলার মতো ঝকঝকে করিয়া তোলে।

নদী কাল রাত্রে নাকি অনেকদূর ভাঙিয়া আদিয়াছে—ব'দ্রুটকে
লইয়া তাহাই দেখিতে চলিলাম।

বৃষ্টি পাইয়া ব্যোমকেশের ক্ষেত মাতামাতি শুরু করিয়াছে ! গাঢ় সবুজে ফিকে সোনালির আভা দিয়াছে দেখা যায়। ব্যোমকেশের ক্ষুতি আর ধরে না !্সেও আমাদের সঙ্গে চলিল।

বেশি দ্র যাইতে হইল না—নদীই যা-হোক অনেকটা আগাইয়া আসিয়াছে। এখনো তাহার আর্তনাদ থামে নাই। সর্বাঙ্গ ভরিয়া এখনো তাহার উত্তাল উৎসাহ। ভীষণ থাডা পাড়, নিচে চাহিলে দস্তরমতো পা কাঁপিতে থাকে। দাঁডাইয়া আছ, অমনি তোমাকে বেষ্টন করিয়া মাটিতে প্রকাণ্ড একটা চিড় ধরিয়া গেল, সাবধান না হইলেই অমনি তোমাকে স্বন্ধু গ্রাস করিয়া বসিবে। দ্রে চাহিলে মনে হয়, একটা ফিনফিনে সাদা সিন্ধ এর আঁচল ফাঁপাইয়া কে যেন সাঁতার কাটিতেছে—থালি পাড়ের কাছেই তাহার দিগবসনা রাক্ষ্সি মৃতি! কাল শেষ রাত্রের দিকে নটবর ভ্যালির ঘরটা নিয়াছে—অল্পের জন্ত ছেলেপিলে লইয়া সে বাহির হইতে পারিয়াছিল; চালের কুটাটি পর্যন্ত বাচাইতে পারে নাই। নদী একটু জুড়াইলে সে একবার চেষ্টা করিয়া দেখিবে অন্তত তাহার প্রীর গলার হাস্থলিটা সে উদ্ধার করিতে পারে কিনা। স্ত্রী মারা গিয়াছে পর এই একটিয়াত্র চিক্তই সে কোনোক্রমে

ধাকড়াইয়া ছিল,—শত অভাবে পড়িয়াও তাহা সে বিক্রিকরে নাই।
কাহারো বাধা সে মানিবে না, জলটা একটু জুড়াইলেই সে নামিয়া
াড়িবে। অমাবস্থা ছাড়িতে আর ঘণ্টা ছুই মাত্র বাকি।

বাসন্তী বেশিক্ষণ সেইখানে আমাকে দাঁড়াইতে দিল না। গর্জমান বিরাট নদীর ম্থোম্থি দাঁড়াইয়া থাকিতে তাহার ভয় করে। মনে হয় ক্ষেনময় বাছ বাড়াইয়া অলক্ষ্যে সে আমাদের ত্জনকে ডাকিতেছে। পায়ের কাছের মাটিতে একটা চিড় ধরিতেই সন্ত্রস্ত হইয়া বাসন্তীকে লইয়া পলাইয়া আসিলাম।

. বিকেল হইলেই মার কোলে ঘুমন্ত থুকিটির মতো নদীর জল স্তিমিত হুইয়া আসিক। বাসন্তী এতোক্ষণে হাসিয়া কথা কহিতে পারিতেছে। জন্ম আবার বেডাইতে বাহির হইলাম—ব্যোমকেশ অব্**শু** এইবার সঙ্গে আসিল না। চলিতে-চলিতে শাশান ছাডিয়া একটা নির্জন মাঠের উপর আসিয়া পড়িয়াছি। নদী-ভাঙা প্রকাণ্ড একটা অশ্বখের গুঁড়ির উপর পাশাপাশি তৃজনে বসিলাম। সামনেই নদী-এখন দেখিতে নিতান্তই বাঙালী মেয়ের মতো নিরীহ: রুপালি গলায় মৃত্-মৃত্ কথা কহিতেছে। যতো ভাবি নদীর দিকে বেড়াইতে স্থাসিব না, ততোই নদী আমাদের কাছে টানিয়া আনে। আর ঘাইবারই বা জায়গা কোথায়? যেখানে যাইব, দেইপানেই নদী তাহার চঞ্চল ও অনীল চকু মেলিয়া রাখিয়াছে। দেখিতে-দেখিতে কতো কাছে যে আগাইয়া আদিল ! আমাদের বাড়ির দক্ষিণে যে ঝাউগাছের সারি ঘন হইয়া দাঁডাইয়া আকাশকে সঙ্কীর্ণ করিয়া রাথিয়াছিল, দেখি তাহা হঠাৎ কোনদিন ফাঁকা হইয়া গেছে ! এখন দক্ষিণটা একেবারে সাদা, সবুজ বা নীলের কোথাও এতোটুকু বাধা নেই—যেন অবিনশ্বতার গাঢ় রঙ। এত বড়ো মুক্তির চেহারা দেখিয়া তুইজনে মনে-মনে ভীত হইয়া পড়ি, কিন্তু সেই ভয় পরস্পরের থেকে লুকাইতে গিয়া আরো সহজে ণরা পডিয়া হাই।

· যে-জায়গাটায় আসিয়া বসিলাম তাহা গাছ-পাতার আড়ালে কার একটি কুটিরের নিভূত আভিনা। কোনো চাষা-ভূষোর বাড়ি হইবে, নদী কাছে আসিয়া পড়ায় আগেই বিদায় নিয়াছে। ছোট উঠানটি ঘিরিয়া সংসারের ছোট-ছোট চিহ্ন এখনো এখানে-সেথানে ছড়ানে আছে দেখিলাম। তাড়াতাড়ি সব জিনিস হয়তো সরাইতে পারে নাই — মান্ত্যের প্রাণের চেয়ে কতোগুলি ডালা-কুলোর দাম তো আর বেশি নয়। তবু সেই পরিত্যক্ত, শৃত্য ঘরের নিরানন্দ চেহারা দেখিয়া মন ভারি বিমর্থ হইয়া উঠিল। এখন তাহারা কোথায় উঠিয়া গেছে নাজানি!

বাসন্তী হালক। হুরে অনেক সব কথা কহিতে লাগিল। সম্প্রতি এখানে সে ছোটখাটো একটা পাঠশালা করিতে চায়—বিনে মাইনের ছোট-ছোট ছেলেমেয়ে পড়াইয়া তবু যা-হোক করিয়া দিন তাহার কাটিবে। আমি উহার আবদার চিরকাল পালন করিয়াছি, আজে কহিলাম,—সরকার-মশায়কে বলে দেব, সামনের বাগানের ধারে ভালপাতার ছাউনি দিয়ে একথানা ঘর তুলে দেবেন।

বাসন্তী ঠোঁট ফুলাইয়া কহিল,—একটুথানি তো ঘর, তা আবার ভালপাতার কেন ? রানীগঞ্জের টালি দেবে।

- —একটুথানি বলেই তো তালপাতার বলছি।
- —গরিব ছেলেমেয়েরা পড়বে বলেই বুঝি এমনি হেনন্তা করতে হয়? বেশ পাকা দালান হবে—উঁচু ক্লাসের ছাত্র জুটলে তুমিং মাস্টারি করতে পারো,—অবশ্রি আমি যদি দর্থান্ত মঞ্র করি ছন্ধনে কাজ পেয়ে বেঁচে যাব। এমনি আর পারিনে।

विनाम, --थानि भाका मानान श्लाहे हनत्व ?

- —বা, বেঞ্চি-চেয়ার কিনতে হবে না? শ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড আলমারি—সে-সব ফর্দ আমি ঠিক করে রাথব। সরকার-মশায়কে বলে তুমি কেবল টাকা জোগাড় করে দেবে।
 - —সে যে অনেক ধরচ।
- —টাকা তবে আছে কী করতে? এতো আর বাজে কাজে উড়োচ্ছিনা, দক্ষরমতো দেশের কাজ।
 - —কি**ন্ত** টাকা পাব কোথায় ?

—সরকার মশায়কে বললেই তিনি বন্দোবন্ত করে দেবেন

হাড়া আমি বাঁচি কী করে বলো? ওদিকে আমার ভারি-হাতে একটা

অহথ করুক, তখন তো উঠে পড়ে ধরচ করতে শুরু করবে! কেমন,

ঠিক কি না।

তাহার একটি হাত নিজের মৃঠির মধ্যে চাপিয়া ধরিলাম। মাথার উপর দিয়া এক ঝাঁক গাঙ-শালিক উড়িয়া গেল। পাথার চাঞ্ল্যে সমস্ত নিঃশন্দতাটা হঠাৎ স্বচ্ছ, তরল হইয়া আসিল। দূরে থেজুর গাছে দীর্ঘ পাতার ফাঁকে একটি তারা উঠিয়াছে। স্থ্য কথন ডুবিয়া গিয়াছে থেয়াল করি নাই।

অন্ধকার ঘন হইয়া আসিতেই নদীকে পিছনে রাথিয়া বাড়ির দিকে অগ্রসর হইলাম। যতো এগোই, ততোই মনে হয় নদীও যেন নিঃশব্দে আমাদের অন্নসরণ করিতেছে! পিছন ফিরিয়া চাহিয়া দেখি নিরুম কালো নদী বালির বিছানায় গা এলাইয়া ঘুমাইতেছে —কোথাও যেন একটুকু নিশাসের স্পন্দন নাই। দেখিয়া ভারি নিশ্চিম্ভ হইলাম। বাসন্তী আমার দিকে চাহিয়া কেমন করিয়া যেন হাসিল।

দিন পনেরো-কুড়ির মধ্যে বাসন্তীর স্থলের বাড়ি উঠিয়া গেল।

বাসস্ভীর আনন্দ দেখে কে! নিতাই কামারের ছুইটি ছেলে নিয়া সে অ-আ শুরু করিয়া দিল। ইহাদের একটিও যে ভবিয়তে হাইকোর্টের জ্জ হইবেন না এমন কথা হলফ করিয়া বলিবার আর শাহস রহিল না।

ত্পুরের আগেই বাসন্তী থাওয়া-দাওয়ার পাট তুলিয়া 'মান্টার' হয় ও থড়ি লইয়া ইস্কুলে গিয়া ঢোকে, আর নিতাই কামারের ত্রস্ত ত্ই ছেলে অক্ষর ভুলিয়া যতোই ঘরময় দাপাদাপি করিতে থাকে, বাসন্তীর উৎসাহ ততোই বাড়িয়া য়য়। শাসন করিবার পদ্ধতিটা ভাহার অতিমাত্রায় আধুনিক। একটুও রাগে ভো সে না-ই, বরং ত্রস্ত ছেলে তুইটাকে বুকে চাপিয়া ধরিয়া চুমায়-চুমায় চোথ-ম্থ আছের করিয়া উহাদের সায়েয়তা করিতে চেষ্টা করে।

দক্ষিণের কোঠায় বসিয়া আমি তাহা দেখি ও লিখিবার কিছু প্লট

খুঁজিয়া না পাইয়া অবশেষে একটি সন্তানকামনাত্রা নারীর নিষ্ঠ্র নিঃসক্তালইয়া গল্প লিখিবার ভাষা খুঁজিয়া বেড়াই।

গ্রামে সম্প্রতি কে-একজন সন্ত্যাসী আসিয়াছে। যাগ-যজ্ঞ করিয়:
নদী শুকাইয়া দিবে বলিয়া আমাদেরই সন্মুখে মাঠে তাঁবু গাড়িয়াছে।
সেখানে আজ বড়ো ভিড়। পুজা যখন একটা হইবেই, প্রসাদ নিশ্চঃ
আর বাদ পড়িবে না—অতএব সেইখানে না গিয়া এইখানে বসিয়া
ভালুকের মতো ভাষণ তইটা অক্ষরের দিকে নিনিমেষে চাহিয়া থাকিয়।
তাহাদের অবয়বের অলোকিক গঠন-প্রণালীটা আয়ন্ত করিতে হইবে,
নিতাই কর্মকারের ছেলেরা তাহা বরদান্ত করিতে পারিল না।
বাসন্তীর আঁচলের তলা হইতে কথন ছুটিয়া পলাইল।

বাসন্তী বিরত হইবার মেয়ে নয়। কথন আবার ইন্ধুলের জন্ম উমেদারি করিতে বাহির হইয়া পডিয়াছে।

মাসথানেক কাটিয়া গেল। এত করিয়াও ছেলেতে-মেয়েতে মিলাইয়া চার-পাঁচটির বেশি সে যোগাড় করিতে পারিল না। নদীতে গ্রাম লোপাট হইতে চলিল, বাসন্তীর হাতে দিগ্গজ হইবার জন্ম কে এখানে শথ করিয়া বিসিয়া থাকিবে ?

সম্ভানকামনাত্রা নারীর সেই গল্পটা আজ রাত্রে ঘুমাইবার আগে বাসন্তীকে শুনাইব ভাবিয়াছিলাম, কিন্তু নদীর গর্জনের সঙ্গের রাত্রির অপার নিঃশন্ধতা মিলিয়া তাহাকে এমন অভিভূত ও ক্লান্ত করিয়া ফেলিয়াছে যে, প্রস্তাবটা পাড়িবার আগেই সে ঘুমাইয়া পড়িল। তাহার শুইবার ভিন্নিটা এত করুণ ও কুশ যে মায়া করিতে লাগিল। ছুইয়া পড়িয়া তাহার দেহে—রাত্রির নিঃশন্ধতার মতো শীতল দেহে—চুমা খাইলাম, কিন্তু সে একটুও সাড়া দিল না। ভাটার নদীর মতো নির্জীব হইয়া পড়িয়া রহিল। আশ্রুর্য, আমার কেবল এই কথাই মনে হইতে লাগিল, নদীর এই ক্ষিপ্ত উদ্বেলতা বাসন্তীর যৌবনকে ক্রমে-ক্রমে ম্লান স্তিমিত করিয়া আনিয়াছে। নদীর লবণাক্ত, তিক্ত স্থাদের কাছে বাসন্তীর দেহের মদিরা অনেকাংশে জলীয়, তাহাতে আর সেই আনন্দময় জ্ঞালা নাই। নদী এখন এত প্রত্যক্ষ, এত নিদারুল, এত

মঙ্গ্র-উচ্ছুদিত যে বাদস্ভীকে দে অনায়াদে আড়াল করিয়া দাঁড়াইল।
প্রকৃতির কাছে মাছুদের এই অপ্রতিবাদ পরাভব ইহার আগে আর
কগনো দেখিয়াছি বলিয়া মনে পড়ে না।

বাসন্তীর আর দেই লীল। নেই, দেই আবেগের আগুন তাহার নদীর ছলে নিভিয়া গেছে। আমি বোধ হয় দিনে-রাত্রে নদীর এই উত্তেজনায় আছের হইয়া রহিলাম—বাসন্তীকে আর চোপে ধরিল না।

গফুর তরি-তরকারি বেচিয়া দিন গুজরাইত, একদিন সপরিবারে সে অাসিয়া আমার কাছে ইস্কল-ঘরে থাকিবার মিনতি জানাইল,—কাল ধাত্রে তাহার ঘর-বাড়ি, ক্ষেত-খামার নদীর জলে উজাড হইয়া গেছে। আজ রাতটা কোনো রকমে কাটাইয়া সে অগু কোথাও চলিয়া যাইবে---কোথায় যে ঘাইবে এথনো তাহা ঠিক করে নাই। বাসন্তীর থেকে চাবি চাহিয়া সরকার-মহাশয়কে দিয়া দরজা খুলাইলান। উহাদের জায়গা হইল-এবং দেখিতে দেখিতে ইস্কল-ঘর্টা বিচিত্র ধর্মশালার চেহারা নিয়া বসিল। কাহারো নডিবার নাম নাই। শেষে কেবল মনে হইতে লাগিল, নদী এই হতভাগাদের খুঁজিয়া ফিরিতেছে—উহাদের না দরাইলে হয়তো আমারই দরজার কাছে আদিয়া হানা দিবে। গোরুর গাড়ি ভাকাইয়া পোঁটলা-পুঁটলিতে চি'ড়ে-চাল বাঁধিয়া উহাদের পথ দেখিতে বলিলাম। রাজী না হওয়া ছাড়া উহাদের উপায় ছিল না-উহাদের তাডাইবার জন্ম বাসন্তী এমন বিজাতীয় গোঁধরিয়াছে। যদি শ্বার তাড়নায় একদিন সকলে মিলিয়া লুঠ-তরাজ করিয়া আমাদের गर्वश्रास्त्र कतिया (कटन! छेशाता এक-এक विनाय निन वटि, किस নতুন গৃহপ্রবেশের সম্ভাবনায় কেহ যে বিশেষ খুশী হইল এমন মনে হইল ন।। রাজা মিঞা তো ঝাঁজালো গলায় দস্তরমতো শাদাইয়া গেল যে, এমন করিয়া যে গৃহহীনদের তাড়ায়, রাক্ষ্মী নদী তাহাকেও তাড়াইয়া কিরিবে।

আমাদের অতিথিবংসল না হওয়া ছাড়া আর উপায় ছিল না।

*য়য়৵দিন পরেই আরেক দল লোক আসিয়া হাজির—ইয়ুল-ঘরে আঞ

রাত্রের জন্ম তাহাদের ঠাই দিতে হইবে। ম্যলধারে বৃষ্টি পড়িতেছিল,
—কণ্ঠস্বরটা যে কাহার প্রথমে ঠিক চিনিতে পারিলাম না। জানলা
ফাঁক করিয়া দেখিলাম লোকটার পিছনে একটি স্ত্রীলোক ও তাহাকে
ঘন করিয়া ঘিরিয়া কতকগুলি শিশু ভিজা কাপড়ে হি-হি করিয়া
কাপিতেছে—এত বড়ো আকাশের তলে কোথাও তাহাদের এতটুক্
আশ্রয় নাই। লগুন জালিয়া ছাতা মাথায় দিয়া বাহিরে আদিলাম।
দেখিলাম এ আর কেহ নয়, আমারই প্রজা—নবীন মাইতি। ব্রিতে
বাকি রহিল না, নদী আমারও জনিতে থাবা বসাইয়াছে!

विनाम,--- घत-(नात नव (नन ?

নবীন গড় হইয়া প্রণাম করিয়া কহিল,—সব বাবু, কোনো রক্ষে সেরে আসতে পেরেছি। আজই এমন ঝড়-রৃষ্টি করে না এলে আরো কিছুদিন থাকতে পারতাম। এখন আপনি জায়গা না দিলে ছেলে-পুলে নিয়ে কোথায় যাই বলুন।

পরিষার ব্ঝিলাম, তাহার কাছে যে বাকি-থাজনা পাওনা ছিল, নদী তাহাও কাড়িয়া নিয়াছে।

ধমক দিয়া উঠিলাম : সময় থাকতে সরতে পারিস নি ? জিনিসপত্র কতক তো অস্তত বাঁচত।

কিন্তু ধমকাইয়া তাহাকে কী করিব ? স্ত্রী-পুত্র লইয়া যে বাঁচিতে পারিয়াছে, এই ঢের—তুচ্ছ কতগুলি জিনিদ দিয়া তাহার কী হইবে ?

নবীন মৃথ কাঁচুমাচু করিয়া কহিল,—তাড়াতাড়িতে এই মাহর আর বালিশ হুটো ভাগু নিতে পেরেছি—

ও-দিক হইতে নবীনের ছোট ছেলে বলিয়া উঠিল: আর আমি আমার নাটাইটা, বাবা!

মুখ-চোথ বিবর্ণ করিয়া সরকার-মহাশয় ভয়ে-ভয়ে কাছে আসিয়া দাঁড়াইলেন। লেখা হইতে মুখ তুলিয়া প্রশ্ন করিলাম: আজকে কী নতুন খবর? সরকার-মহাশয়ের মৃথে তক্ষ্নি ভাষা জুয়াইল না। আনেক ঢোঁক গিলিয়া পরে কহিলেন,—আমগাছগুলি কাল গেছে।

বিশ্বিত হইব না ভাবিয়াছিলাম, কিন্তু থবরটা এমন মর্মান্তিক ষে মনে হইল যেন এইমাত্র কোনো আত্মীয়তম পরমবন্ধুর মৃত্যুর থবর শুনিতেছি। চমকাইয়া উঠিলাম : কোন আমগাছ ?

-- সব। সরকার-মহাশয় ব্যাখ্যা করিয়া বলিতে পারিলেন না। মনে আছে গত বংদর এমনি বৈশাপের সন্ধ্যায় বাসন্থীকে লইয়া এই আমবাগানে বেড়াইতে গিয়াছিলাম। বিন্দুমাত্র আভাস না দিয়া নির্লজ্জ এই নদীর বন্থার মতো অক্সাং আকাশে তুমুল ঝড় উঠিয়াছিল। জোরে বাতাদ ছাড়িতেই কচি-কচি আম অজল শিলাবুষ্টির মতো এখানে-ওখানে ঝরিয়া পড়িতে লাগিল.—কোঁচড বাঁধিয়া বাদস্তীর দে কী আম কুড়াইবার ঘটা! ধুলায় সমস্ত মাঠ-বাড়ি একাকার হইয়া ণেছে, থানিকটা গ্রম থাকিয়া সমস্ত শৃত্ত পাণরের মতো ঠাওা হইয়া আসিল, কোথায় কাহাদের গোক-ছাগল ভয় পাইয়া চীৎকার পাড়িতেছে —বৃষ্টি এই আদিল বলিয়া! আর আকাশের যেমন চেহারা, বৃষ্টি একবার আসিলে সহজে থামিবাব নাম করিবে না। কিন্তু কথা শুনিবার মেয়ে বাসন্তী নয়। হাওয়ায় চুল ও আঁচল এলো করিয়া প্রাণপণে সে আম কুড়াইতে লাগিল। ঝড় এমনি হুদান্ত যে তাহাকে প্রবল পরুষ স্পর্শের আলোডনে একেবারে বিপর্যন্ত ছিল্ল-ভিন্ন করিয়া ফেলিতেছে। বলিলাম,— কেন এতো ব্যস্ত হচ্ছ ? ঝড় থামলে চাকরকে পাঠিয়ে দেব. দব আম কুড়িয়ে নেবে। বাগান তো আমাদেরই—ভাবনা কিদের १ বাসন্তী তবুও কথা ভনিল না। উন্মত্ত বাতাদে কাপড়ের প্রান্ত উড়াইয়া পিঠময় চলের ঢেউ তুলিয়া দিগুণ উৎসাহে আম কুড়াইতে লাগিল। আবহাওয়াটি এত গম্ভীর ও এত ভয়ন্ধর যে তাহাকে আমার অত্যস্ত মণরিচিত ও অপরিচিত বলিয়াই প্রথরতরব্ধপে ফুলর বলিয়া মনে रहेल।

বাসস্ভীকে বলিলাম,—চলো, একবার দৃষ্ঠটা দেখে আসি। নিজে তো হাইবেই না, আমাকেও সে জোর করিয়া আঁকড়াইয়। রহিল। খবরটা ভাহার কাছে এত নিদারুণ যে শতপুত্রশোকে গান্ধারীর মতো দেও বোধহয় অন্ধ হইয়া যাইবে।

আজকাল আমরা আর বেড়াইতে বাহির হই না, স্থানের ও সময়ের সমস্ত পরিধি নদী অনায়াদে লুপ্ত করিয়া দিয়াছে। ঘরে বিসিয়াই নদী দেখি, প্রচুর হাওয়ায় দেয়ালের প্রকাশু ছবিগুলি মেঝের উপর ভাঙিয়া পড়ে। বিস্তৃত জলরাশির কিনারে মর্তের তুইটি প্রাণী মৃত্যুর প্রলোভন এড়াইয়া কোন রক্ষে একের পর এক মুহূর্ত শুনিতেছি!

তারপর আসিল ব্যোমকেশ। খবরটা ব্যাখ্যা করিয়া বলিবার দরকার ছিল না, সময় থাকিতে বৃদ্ধিমানের মতো হাটে গিয়া সে য়ে লাঙল ও বলদ বিক্রি করিয়া আসিয়াছে তাহার জন্ম তাহাকে তারিফ করিলাম—পয়সাটা ঠিক তাহারই প্রাপ্য কিনা তাহা আর বিচার করিয়া দেখিলাম না। কেবল এই-ই তৃঃখ হইতে লাগিল য়ে, তাহাকে এইবার সত্যি-সত্যিই চাকরির জন্ম দরধান্ত করিতে হইবে। কিন্তু খবরের কাগজের সম্পাদক সেই কথা জানিতে আসিবেন না, জানিলেও এত বড়ো ব্যর্থতার কথা সসমাবোহে ছাপিবার আর তাঁহার আগ্রহ থাকিত না। প্রকৃতির কাছে মামুষের এই পরাভবের ব্যর্থতার মধ্যে মহিমা নাই, এই পরাজয় মামুষের নিজের স্পষ্ট নয় বলিয়া! এত তৃঃথেও ব্যোমকেশ তাই স্বথী হইতে পারিল না।

এইবার সময় হইল। শত-লক্ষ হাত মেলিয়া নদী স্কুল-ঘরটাকে স্বাক্রমণ করিয়াছে।

নবীন আগেই সরিয়াছে, এতএব তাহার জন্ম বিশেষ ব্যস্ত হইবার নাই।

বাসন্তী বুকের কাছে সরিয়া আসিয়া কহিল,— অমনি-অমনি বেতে দেবে নাকি?

এত বড়ো বিপদের সমুথে পড়িয়াও যদি বাসন্তী দার্শনিক না হয় তবে কী করিতে পারি? বলিলাম,—কোন জিনিস তুমি আঁকড়ে ধরে রাথতে পার শুনি? যা যায়, যাক। বাসন্তী কহিল,—কিন্তু টুল-চেয়ারগুলিও তো বেচতে পারতে ?

—কোথায় বেচব ? কিনবে কে ? কতোই বা দাম পাওয়া
যাবে ? প্রসা যা পাবে তাও কি অমনি যাবে না খরচ হয়ে ? ও
নিয়ে মিথ্যে মন খারাপ কোরো না—দেখ, মৃত্যুর এমন চমংকার চেহারা
আর দেখেছ কথনো ?

দক্ষিণের কোঠায় পাশাপাশি চেয়ারে তৃইজনে বসিলাম। দেখিলাম সরকার-মহাশয় লোক লাগাইয়া স্থল-ঘরের জিনিস-পত্র বাহির করিতেছেন। মনে-মনে হাসিলাম, কোথায় এগুলি তিনি সরাইয়া রাখিবেন—কে ইহাদের বোঝা টানিয়া বেড়াইবে ? তবু নিশ্চিত ধ্বংসের মুথে ইহাদের তুলিয়া দিতে সরকার-মহাশ্যের মন যেন কেমন করিতেছিল।

হাওয়ায় বাসন্তীকে একেবারে উড়াইয়া নিতেছে। নদী যত তাহার আবরণ কাড়িয়া লইবার জন্ম কাড়াকাড়ি করিতেছে, ততই সে কুন্তিত, মিয়মাণ হইয়া এতটুকু হইয়া যাইতেছে। ঝড়ের মুথে শুকনো পাতার মতো তাহাকে এমন তুর্বল লাগিল—এই বিরাট সৌন্দর্য-সমারোহের মাঝে সব এমন অকিঞ্চিংকর মনে হইল যে, সেই মুহুর্তে বাঁচিয়া থাকিবার কোনো অর্থ খুঁজিয়া পাইলাম না!

আমাদের চোথের সম্থে স্থল-ঘরের একটা ধার নদীর মধ্যে ধ্বসিয়া পড়িল। বাসন্তী সভয়ে একটা চীৎকার করিয়া উঠিতেই তাহাকে ব্কের কাছে টানিয়া কহিলাম,—ভয় কী!

বুকে মুথ গুঁজিয়া বাসন্তী কাঁপিতেছে; চাপা গলায় কহিল,—একে-বারে আমাদের পায়ের কাছে এসে দাঁড়াল যে।

আহক। বাজি নিতে এখনো দেরি আছে! পুব দিক ঘেঁসে চরও পড়ছে শুনছি—সবাই তো বলছিল এই বর্ষাটা কোনো রকমে কাটিয়ে উঠতে পারলেই বেঁচে গেলাম। ভয় কী, বাসন্থী? আর যদি যায়-ই, যাবে—জিনিদ-পত্র ন্তুপাকার করে রেথে লাভ কী? তুজনে আবার ফাঁকা হয়ে ধাব।

বাসন্তী তেমনি মুখ গুঁজিয়া কহিল,—আমি চোথ মেলে তা দেপতে পারব না। তার আগেই আমরা এধান থেকে পালাব। আন্তে-আন্তে তাহার পিঠে হাত বুলাইতে লাগিলাম। ঘণ্টা খানেকের মধ্যেই স্কুল-ঘরটা নিশ্চিক হইয়া গেল। নিতাই কর্মকারের ছেলে মুন্সেফ-কোর্টের সামান্ত একটা পেশকারও আর হইতে পারিল না।

এখন একেবারে নদীর কোলে শুইয়া আছি। ফুলের বাগানটাও গেছে। এখন এক পাড়ে আমি আর বাসস্তী, আর আমাদের সম্থে নদী—সোতম্থর, ফেনিল, লালায়িত, —সমস্ত বন্ধন ছিঁড়িয়া, কাড়িয়া ভাহারই মতো আমাদের সে বস্তুর জগতে একবারে উলঙ্গ করিয়া দিবে।

কোর হয় নাই। কার্পেটিটা জায়পায়-জায়পায় ফুটা হইয়া গিয়াছে— গৈই দিকে কাহারো লক্ষ্য নাই। টিপয়ের উপর পিতলের বড়ো ভাবরে পাতাবাহারের গাছ হুইটা কবে মরিয়া গেছে—কে আর উহাদের আদর করিয়া জল দিবে! দেয়ালের বড়ো ক্লকটা বন্ধ, চাবি দিতে ভুলিয়া গেছি। অনেক দিন ধোপা আগিতেছে না—বিছানার চাদর ও বালিশের ওয়াড়গুলি এত ময়লা হইয়া গেছে যে, যেন তাহারই জন্ম আমাদের চোথে ঘুম আদে না। ক্যালেগ্ডারের তারিথ বদলানো হয় নাই কতদিন —জানিবার কিছু প্রয়োজন বোধ করি না। পরম্পরের মুথের দিকে চাহিয়া কেবল সেই পরম ক্লটির প্রতীক্ষা করিতেছি।

বাসন্তী অস্থির হইয়া বলিল,—এখানে থেকে কী হবে—চলো, পালাই।

বলিলাম,—নাটকের শেষ অকটাই নাটকের সমস্ত। একেবারে ষবনিকা পড়লে তবে উঠব। এমন একটা চমৎকার দৃষ্ঠ দেখতে তোমার কুঠা কিসের ?

—এ আমি সইতে পারব না।

—যা কিছু অসহ, তাইতেই তো তীব্র আনন্দ আছে। বলিয়া বাসন্তীর মৃথে চুমো থাইলাম। যেন ভালো লাগিল না। উহার চেহারা এই ঘর-বাড়িরই মতো কেমন রুক্ষ, বিবর্ণ হইয়া গেছে। কতদিন উহাকে একটু আদর পর্যন্ত করি নাই। মৃত্যুর এই অপরিমেয় এশুর্যের মার্কে কণভন্নর প্রেমের অভিনয় করিতেও হাসি পায়। ভিতরের উঠান ছাড়াইয়া থানিক দ্বে সরকার-মহাশয় সময় থাকিতে ছোট-থাটো একথানি ঘর বাঁধিয়া রাখিয়াছেন। সময় আদিলে এই বাড়িছাড়িয়া সেথানে উঠিয়া ঘাইব। তাহার পরেও যে নিস্তার নাই তাহাও সরকার-মহাশয় ভালো করিয়া জানিতেন; তরু আবশ্রকীয় জ্ঞিনিস-পত্র সরাইয়া রাখিবার জন্ম হাতের কাছে একটা আশ্রয় থাকা উচিত। কোন জিনিসগুলি যে অধিকতর আবশ্রকীয়, ঘরের চারিদিকে চাছিয়া চট করিয়া ভাবিয়া নিতে পারিলাম না। বাসস্তীকে জিজ্ঞাসা করিয়া কোনো লাভ নাই—সবগুলি জিনিসই একাস্ত প্রয়, একাস্ত আপনার—কোনটা ছাড়িয়া কোনটার প্রতি যে সে পক্ষপাতিত্ব দেখাইবে সে একটা কঠিন সমস্থা। অতএব মাত্র শুইবার থাটখানা, বিছানা-পত্র, কাপড়-চোপড় ভরিয়া একটা বড় ট্রাঙ্ক, লিখিবার ছোট একটি টেবিল, এমনি, মোটাম্ট কয়েকটা জিনিস সরাইয়া রাখিলাম। আমার গল্পের থাতা ও বাসস্তীর গহনার বাক্সটা হাতের কাছেই রহিল—নদী আসিয়া পড়িলে সেগুলিও সঙ্গে নিতে হইবে।

ছোট ঘরখানি—রানীগঞ্জের টালিতে নয়, উল্থড়ে কোনোরকমে ছাওয়া হইয়াছে! চাকর দেই ঘরে একটি বাতি জালিয়াছে দেখিলাম। বিপুলকায় গর্জমান নদীর পাড়ে বদিয়া ঐ মৃত্ব শিথাটিকে ভারি কক্ষণ মনে হইতে লাগিল। বাসন্তী বলিল,—চলো, ঐ ঘরে আজই উঠে ধাই। অভয় দিয়া বলিলাম,—আজই কী! এখনো হাত পঞাশ দূরে

আছে। আজ রাতটা অনায়াদে এখানেই ঘুমিয়ে নিতে পারব।

জল, জল, ক্ষ্রের মডো ধারালো, বিহাতের মতো জ্রুত,—ধাবমান ঘোড়ার মতো ঢেউগুলি পাড়ের কাছে আছড়াইয়া পড়িতেছে! কোথাও এতটুকু বিশ্রাম নাই, স্তর্নতা নাই—কুঁ দিয়া-কাজিয়া ছিঁ ড়িয়া-কাড়িয়া জনড়, স্থবির মৃত্তিকাকে একেবারে চূর্ণ-বিদীর্ণ করিয়া দিবে। অমন চূপ করিয়া বিদিয়া থাকিতে দিবে না। সেই নিয়তবেগবান বিরাট শক্তির কাছে আমাদের অন্তিম কেমন মান, সঙ্কৃতিত হইয়া গেছে। পরিমিত নিশাস ফেলিয়া আমাদের এই জীবনধারণের তুক্ততাকে নদী ঘেন চারিদিকের উগ্র খলহাস্তে বিদ্রূপ করিয়া উঠিল।

জল আর জল—সাদা, গাঢ় জল। বেগের প্রাবল্যে কোথাও এতটুকু বিশ্রামের রঙ নাই—ফেনান্বিত, প্রথর সাদা! অমন তীব্র শুন্রতা চকু মেলিয়া সহাকরিতে পারি না।

রাত্রে কথন একটু ঘুমাইয়া পজিয়াছিলাম—ঘুমের মধ্যেও নদীর দেই ডাক শুনিতেছি। তাহার ঘুম নাই, প্রবল আর্তকঠে কী যেন সে চাহিতেছে! তাহার ভাষা ব্বিতে পারি না, কী যেন সে চাহিতেছে! দেই ভাষা আমরা কি করিয়া ব্বিবে!

হঠাং কোথায় কী একটা শব্দ হইল—হয়তে। এক জাল মাটি পড়িল—সঙ্গে সেই শিম্লগাছটাও। ধড়মড় করিয়া জাগিয়া উঠিলাম— দেথি পাশে বাসন্ত্রী নাই। চারিদিকে প্রবল শব্দে ঝড় বহিতেছে— চীংকার করিয়া উঠিলাম: বাসন্ত্রী।

কোথাও এতটুকু সাড়া মিলিল না।

তাড়াতাড়ি থাট হইতে নামিয়া পড়িলাম। আলো জালিবার কথা মনেও হইল না। দেখি, দক্ষিণের দরজাটা গোলা, প্রচুর উচ্ছুদিত হাওয়ায় ঘরের মধ্যে ধূলা উড়িতেছে—এত বাতাদে ও ধূলায় নিশাদ টানিতে কট হইতে লাগিল। আবার ডাকিলাম: বাসন্তী। অজস্র কঠে নদী বাঙ্গ করিয়া উঠিল। স্পষ্ট মনে হইল, নদীর ডাকে বাসন্তী কথন দরজা খুলিয়া বাহির হইয়া পড়িয়াছে বুঝি।

পাগলের মতো সামনের জমিতে ছুটিয়া আদিলাম। ঝাপদ। অন্ধকারে থেজুর-গাছের নিচেকি-একটা কাপড়ের মতো চোথে পড়িল। কাছে আদিয়া দেথি—বাদস্তী নদীর পাড়ে চুপ করিয়া বদিয়া আছে।

वाख श्रेषा कशिनाम,—এशान छेर्छ এम्ह व !

সে যেন কেমন করিয়া হাসিল; কহিল—এক্টুও ঘুম আসছে না! বলিয়া আবার শুক হইয়া নদীর দিকে চাহিয়া রহিল। প্রবল চাঞ্চল্যের তীরে তাহার এই ধ্যানময় শুক্তা অত্যন্ত ভয়য়র মনে হইল। তাহাকে বেইন করিয়া এই নির্জনতা এমন ভয়াবহ হইয়া উঠিয়াছে যে তাহাকে আমার অতি-পরিচিত বাসস্তী বলিয়া যেন চিনিতে পারিলাম না। গায়ে ঠেলা দিয়া কহিলাম,—এখানে বদে আছ কী করতে ? ঘরে চলো!

বাসন্তী কহিল,—এই বেশ লাগছে। তৃমিও আমার পাশে এসে বোসো না।

তাহার পাশে বসিলাম; কিন্তু তাহার পর কী যে বলিব বা বলা ঘাইতে পারে—সমস্ত ভাষা নীরব হইয়া গেল। উহার সঙ্গে দৃষ্টি মিলাইয়া আমিও জল দেখিতেছি। তাহার পর জল কথন চোথ হইতে মিলাইয়া গিয়াছে—বাধাহীন অশরীরী বেগ ছাড়া আর কিছুই চোথে গভিতেছে না।

বাসস্তীকে এত কাছে রাখিয়াও নিজেকে এই নদীর মতো অত্যস্ত নিঃসঙ্গ মনে হইতে লাগিল। আগে তবু এখানে সেখানে কয়েকখানা নৌকা দেখা যাইত, ছইয়ের তলায় বসিয়া মাঝিদের রাল্লা ওগল্প-গুজবের শব্দ কানে আসিলে কতকটা যেন নিশ্চিস্ত বোধ করিতাম। সামনের রাস্তাটা ভাঙিয়া গেছে বলিয়া একটা গোকর গাড়ির চাকার শব্দও আর শুনিতে পাই না। সব যেন বিরাট গতির ঘূর্ণিতে পড়িয়া কোখায় নিশ্চিহ্ন হইয়া গেছে!

একটা শকুন অন্ধকারে পাখার শব্দ করিয়া উড়িয়া গেল। সচেতন হইয়া চাহিয়া দেখি বাসস্থীও কেমন অসাড়, উদাসীন হইয়া বসিয়া আছে। উহাকে আমার যেন কেমন ভয় করিতে লাগিল। গায়ে ঠেলা দিয়ে কহিলাম,—এখান থেকে উঠে চলো, নইলে এবার ভেঙে প্ডব।

বাসন্তী তবু নড়িল না। চকিতে মনে হইল, উহার চোথে মৃত্যুর স্পর্শ লাগিয়াছে, এমন শুরূ-মত্তায় তরায় হইতে আর কথনো উহাকে দেখি নাই। নদী খেন এখুনি উহাকে আমার বাছবন্ধন হইতে ছিনাইয়া নিবে! আর দেরি নাই!

আমাদের ঘিরিয়া সত্য-সত্যই অনেকথানি জায়গা লইয়া চিড় ধরিল। তুই বলিষ্ঠ হাতে মাটি হইতে উহাকে বুকের মধ্যে কাড়িয়া লইলাম। কোনোদিকে না চাহিয়া বাসন্তীকে বুকে ধরিয়া ঘরের মধ্যে ছুটিয়া আসিলাম,—দেখি আমারই বুকের উপর কথন সেম্ছিত হইয়া পড়িয়াছে!

অবশ ভাবটা কাটিলে জিজ্ঞাসা করিলাম,—এখন কেমন লাগছে, বাসন্তী ?

তুর্বল হাত তুইটি দিয়া আমার গলা জড়াইয়া সে কহিল,—ভীষণ ভয় করছে। আমাকে তুমি ধরে রাখো। আমায় ছেড়ে দিয়ো না। আমার ক্ষেহ দিয়া তাহাকে আর্ত করিয়া রহিলাম। কহিলাম,— কেন তোমায় ছেড়ে দেবো ? কার সাধ্য তোমাকে আমার কাছ থেকে কেডে রাখে ?

লক্ষ লক্ষ ঢেউ তুলিয়া নদী আমাদের গভীরতম মিলনের মৃহুর্তকে বিদ্রেপ করিতে লাগিল। বেন উদ্দাম প্রবাহে এই মৃহুর্তটিকে সে ভাসাইয়া নিয়া যাইবে।

তাহার পর আমাদের জীবনে সেই পরম লগ্নের আবির্ভাব হইল। রাত অনেক হইয়াছে—অকূল আকাশ ভরিয়া জ্যোৎস্নার আর অবধি নাই। সেই পরিপূর্ণতম প্রশান্তির নিচে নদীর এই লেলিহান উন্মন্ততার কোথাও এতটুকু সঙ্গতি খুঁজিয়া পাইতেছি না।

সময় থাকিতেই ছোট থড়ের ঘবে উঠিয়া আসিয়াছি। চাকর ছোট টেবিলের উপর তেমনি বাতি জালাইয়া থাট জুড়িয়া বিছানা করিয়া রাথিয়াছে। কিন্তু রাতে আজ গল্প লিথিবার বা ঘুমাইবার কথা ভাবিতে গেলেও শিহরিয়া উঠিতে হয়।

লিথিবার থাতা ও গয়নার বাক্সটার সঙ্গে আরে। কিছু থুচরা জিনিস সরাইয়া ফেলিব ভাবিয়াছিলাম, কিন্তু শেষকালে কেন জানি না আর হাত উঠিল না। কী ফেলিয়া কী নিব, নিয়াই বা কী করিব, কোথায় রাথিব, এমনি একটা মৃচ সন্দেহে বা বৈরাগ্যে স্তম্ভিত হইয়া রহিলাম। তাহার চেয়ে বাসস্তীকে লইয়া মৃক্তির এই উচ্ছল ও প্রথর উলঙ্গতা দেখিতে শরীরে রোমাঞ্চ হইতে লাগিল।

লক্ষ-লক্ষ অমিতবিক্রম খেতহন্তী আমাদের বাড়িটার উপর ঝাঁপাইয়া পড়িল—যে বাড়িতে বাসন্তী কার্পেট ও কোঁচ বিছাইয়া ডুয়িং ক্ষম তৈরি করিয়াছিল, যে-বাড়ির ছোট একটি নিভৃত কোঠায় বিসিয়া আমি যতো না লিথিয়াছি তাহার চেয়ে ভাবিয়াছি ও অফুভব করিয়াছি বেশি, যে বাড়িতে প্রকৃতির পরিবেশে পরস্পর ছই জনের নিগৃঢ় রহস্থ সন্ধান ও সমাধান করিয়াছি, যে-বাড়িতে বাবা মার অপুর্ব বিচ্ছেদ-শ্বতির স্বপ্লটি রাথিয়া গিয়াছেন।

অথচ, আকাশে যে এখন প্রচুর নির্মেঘ জ্যোৎক্ষা—এই জ্যোৎক্ষা-রাতে আমরা ত্ইজনে যে সিহ্ন-গাছের তলায় বাঁশের মাচার উপর বসিয়া কতো গল্প করিয়াছি—এ কথা কে বিশাস করিবে ?

অসহায় চোথের সামনে বাড়িটার মৃত্যু দেখিতে লাগিলাম।

বড়ো বড়ো ছবি, কোচ-টেবিল-চেয়ার-আলমারি, বাসন-কোসন, থেলনা-পত্র, বিম-বরগা, ইট-কাঠ, জানলা-দরজা—সব যেন একসঙ্গে কানের কাছে আর্তনাদ করিয়া উঠিল। সমস্ত কিছুর যেন প্রাণ আছে, তৃঃথ অহুভব করিবার তীব্র ক্ষমতা আছে—আর আছে মৃত্যুর আক্রমণে আমাদেরই মতো কঠিন পরাজ্ম্থতা। কিছুতেই আশ্রম ছাড়িবে না, মাটি আঁকড়াইয়া পড়িয়া থাকিবে, সাধ্যমতো সংগ্রাম করিবে, বাধা দিবে, আর্তনাদ করিবে। সহজে হার মানিবে না। বেগের সঙ্গের বস্তুর সেই অপরূপ যুদ্ধ দেখিতে দেখিতে সারা দেহে ভয় ও বিশ্বয়ের রোমাঞ্চ হইতে লাগিল।

কিন্তু মৃত্যুর সঙ্গে কে কবে পারিয়াছে ? ঘণ্টাখানেকের মধ্যে বাড়িটার আমার চিহ্ন পর্যন্ত রহিল না।

মুহূর্তমধ্যে প্রকাণ্ড একটা মৃক্তির আকাশে আদিয়া উত্তীর্ণ হইলাম। সমস্ত কিছু আকাশের মতো সাদা হইয়া গেল।

সকালবেলার দিকে সরকার-মহাশয় গোরুর গাড়ি ভাকিয়া আনিলেন। যাহা কিছু অবশিষ্ট ছিল, তাহা গাড়িতে বোঝাই হইল। বাসস্তীকে লইয়া ঘুরপথে রেল ইক্টিশানএর দিকে রওনা হইলাম।

ধড়ের ঘরে সরকার মহাশয় কিছুকাল আরো থাকিবেন ও বর্ধার শেষেও যদি পুরদিকের চর মাথা চাড়া দিয়া না উঠে, তবে একদিন বাড়ির দিকে রওনা হইলেই চলিবে। ট্রেনে চড়িয়া এতক্ষণে বাসস্তী সহজ করিয়া কথা কহিতে পারিল।
আমরা কলিকাতায়ই ষে যাইতেছি ও আশ্রয় ভিক্ষা করিতে ফে
বাগবাজারে তাহার বাপের বাড়িতে গিয়া উঠিব না, ইহাতে সে অত্যন্ত নিশ্চিম্ভ বোধ করিল। তাহার বাবা যে আমাদের এই পরাজয়ের
লজ্জাকে সগৌরবে ব্যঙ্গ করিবেন, আমার স্ত্রী হইয়া তাহা তাহার
অসহা।

বলিতে কি, মামার কাছে গিয়াও হাত পাতিলাম না। কালীঘাটের অঞ্চলে একটা বাড়ির একতলাটা ভাড়া লইলাম। তুইখানি মাত্র ঘর— একটিতে সামান্ত কয়টি রায়ার সরঞ্জাম ও অন্তটিতে মেঝের উপর মাত্র বিছানো শ্যা ছাড়া আর কোনো উপকরণ নাই। দেয়ালে একটিমাত্র ল্যাম্প জলে ও গল্প লিথিবার কথা মনে না আনিয়া সেই আলোতে বিদিয়া কর্মথালির বিজ্ঞাপন দেখিয়া-দেখিয়া দর্থান্ত লিথি।

নদী-স্রোতের মতে। সময়ও উত্তাল বেগে সমানে আগাইয়া আসিতেছে।

একটা ছোটখাটো চাকরি জোগাড় করিয়াছি—নিজেরই একাব চেষ্টায়। সেই অহঙ্কারে কিছু দরকারি জিনিস-পত্র কিনিবার ইচ্ছা হইল। বউবাজারে কোথায় খুব সন্থায় নিলাম হইতেছে—চার টাক। দিলে অনায়াসে ঘরে একখানা করিয়া টেবিল ও চেয়ার আসে। কথাটা ভয়ে-ভয়ে বাসন্থীর কাছে উত্থাপন করিলাম। বাসন্থী মান হইয়া হাসিয়া কহিল,—ভাড়াটে বাড়ি, কখন উঠে যেতে হয় ঠিক নেই, জিনিসপত্র কাঁধে করে কোথায় ঘুরে বেড়াবে ? এই বেশ আছি।

টেবিল-চেয়ার আর কেনা হইল না। চার টাকা দিয়া ঠিকে একটা ঝি রাখিলে ববং কাজ দিবে।

ভাড়াটে বাড়ি! কথাটা ভূলিয়া গিয়াছিলাম। তীরের বন্ধন হইতে নদী আমাদের বিরাট অনিশ্রতার মধ্যে লইয়া আসিয়াছে।

নদী আমাদের বাড়ি ভাঙিয়াছে, কিন্তু স্ময়ের স্রোত আমাকে ও বাসস্তীকে ধীরে ধীরে জীর্ণ করিয়া ফেলিতে লাগিল।

গেল সোমবার হইতে ছোট খোকাটার জ্বল-ডাক্তার একজন

চাকিয়া আনিলে হয়। কিন্তু হোমিওপাাথিতে যদি সারে, মিছামিছি কয়েকটা টাকা থরচ করিয়া এমন আর বিশেষ কী লাভ হইবে ? আরো কয়েকদিন যাক।

বি-র সঙ্গে বাসন্তী নিতান্ত খেলো শহরে ভাষায় ঝগড়া করিতেছে।
উন্থনের ধোঁয়ায় ঘর-ত্যার সব আচ্ছেল হইয়া গিয়াছে। কে যেন কাছে
আসিয়া দাঁড়াইল। ঝি-কে ভাড়াইবার জন্ম তাগিদ দিতে বাসন্তী
আসিল, না, বাকি মাসের মাহিনা লইয়া বিদায় হইতে ঝি আসিল,
সহসা বুঝিতে পারিলাম না।

আপিদে বাইবার জামাটা বাসস্তীকে কত দিন সেলাই করিয়া রাগিতে বলিয়াছি, তাহাতে তাহার গ্রাহ্ম নাই। রোদে তোশক মেলিবার জায়গা নাই বলিয়া ছারপোকার কামড়ে রাত্রে একটু ভালো করিয়া ঘুমাইতেও পারি না। চাহিয়া-চিস্তিয়া তাজমহলের ছবিওয়ালা স্থলর একটা ক্যালেণ্ডার আনিয়া দেয়ালে টাঙাইয়া রাথিয়াছিলাম, গবস্থ ছেলে তুইটা কাড়াকাডি করিয়া ছি ড্যা দিয়াছে।

নদীর হাত হইতে রক্ষা পাইলেও সময়ের হাতে আমাদের <mark>আর</mark> নিজাব নাই।

শুনিতেছি আপিদে কর্মচারীদের চাঁটাই শুরু হইয়াছে। আমি এগনো কোনো রকমে টি কিয়া আছি—তবে বলা যায় না। নদী আনাদের বিরাট অনিশ্চয়তার মধ্যে লইয়া আসিয়াছে।

তবু রাশি-রাশি ফেনিল জলের থেকে এ অনেক ভালো। টাইম্পিস্
ঘটিটির মতো হৃৎপিও মৃত্-মৃত্ ধৃক-ধৃক করিতেছে—কোনো রকমে যে
নিধান নিতেছি এই একরকম ভালো লাগিতেছে। তীব্র স্থথের মধ্যে
এই যে, শত দারিজ্যেও শশুরের কাছে গিয়া হাত পাতি নাই—
বাোমকেশের সঙ্গে দেখা হইলে তাহাকেই না হয় আরেকবার মামার
পিপুলের দোকানে পাঠাইয়া দিব। সে না-জানি এখন কী করিতেছে

অমর কবিতা

নির্মলা কী সম্পর্কে আমার মাসি হত। হাটথোলার ওদিকে তার খণ্ডর-বাড়ি। বড়ো বেশি আনাগোনা নেই। মাঝথানে শুধু উড়ো একটা থবর পেয়েছিলুম যে তার বছর থানেকের প্রথম খুকিটি এক দিনের জরে হঠাং কবে মারা গেছে।

জগং সংসারে সেটা এমন-কিছু বিচিত্র ঘটনা নয় যে তাকে নিয়ে
কারণ দীর্ঘাসে একটি মূহুর্তও ভারাক্রান্ত করে তুলব। খবরের
কাগজের টুকরো সংবাদের মতোই ঐ খবরটার উপর ক্ষণিক চোগ
বুলিয়ে গিয়েছিলুম মাত্র। তলিয়ে দেখলেও এর বেশি নিশ্চয়ই দেখতে
পেতৃম না যে, নির্মলার নতুন বিয়ে হয়েছে, তার শরীরে বয়সের সবে
বসন্ত, তার সময়ের সমৃদ্রে এক-বছরের সামান্ত একটা খুকির কী বা
হান, কতোটুকু বা মূল্য!

হারিয়ে যেতে দিয়েছিলুম ঘটনাটাকে। এর মধ্যে একদিন, প্রায়
মাস খানেক পরে, নির্মলা আমাদের বাড়িতে এসে হাজির। ভেবেছিলুম
একটা কুংসিত কারাকাটির অভিনয় শুরু হবে। মার সঙ্গে নির্মলার
এই প্রথম দেখা—তার খুকি মারা ঘাবার পর। কিন্তু উলটোটা দেখে
যেমন আশন্ত হলুম, তেমনি, তারো চেয়ে বেশি হলুম বিশ্বিত।
শুনলুম, আমার পাশের ঘর থেকে শুনলুম, নির্মলা একবারে সে কথার
কাছ ঘেঁসছে না, এটা-ওটা নিয়ে অবাস্তর কথা কইছে, টুকরো-টুকরো
কথায় হেসে উঠছে টুকরো-টুকরো করে। তার কথার বিষয় হচ্ছে,
বাসএর রাস্তা যেন আর ফুরোতে চায় না : যা গরম পড়েছে,

ুষ্টি কবে নামবে: আমাদের সংসারে মাসে ক মণ করে লাগে কয়লা!

মা-ও কথাটা ছুলন না টের পেলুম। বললেন ভনতে পেলুম: এই ভর-তৃপুরে, এতো রোদে—

নির্মলার স্বর হাসিতে পিছলে পড়ছে: না এসে স্থার কী করি বলো? করবার মতো কান্ধ তো একটা কিছু চাই হাতের কাছে।

মা বললেন,—পিছকে কভোদিন থেকে বলছি ভোকে একবার দেখে আসতে—

— সেই আমিই এসে একদিন সশরীরে উদয় হলুম। হাসিতে তার কথাগুলি যেন রোদ-লাগা রঙিন ঝিত্মকের মতো ঝিকমিক করে উঠল: পিন্ন, পিনাকী কোথায়? আমি ওর কাছেই এসেছি। ওর সঙ্গে আমার ভীষণ একটা জরুরী কথা আছে।

আমি তথন টেবিলে মাথা নিচু করে বসে লিথছিলুম। হঠাৎ আলো-নেবানো অন্ধকার ঘরে জ্যোৎস্নার মলিন, দীর্ঘ একটি রেপার মতো নির্মলা আমার ঘরে, আমার সামনে এসে দাঁড়াল। তার সারা গায়ে বীতবর্ষণ আকাশের স্থনীল, সম্মিত প্রথরতা। ছটি চোথ খুশিতে যেন অগাধ হয়ে উঠেছে। তার শাড়ির সব কটি ঝিলমিলে রেথায় যেন এই খুশির মৃত্, মদির অনুষ্ঠারণ।

বলে রাথা ভালো, নির্মলা আমার চেয়ে বছর ছয়েকের ছোট। তার সঙ্গে আমার সম্পর্কটা নেমে এসেছে অবন্ধুর বয়সের সমতায়।

আমার টেবিলের উপর ঝুঁকে পড়েসে জিগগেস করলে: কী লিখছ ?

বললুম,--একটা গল।

নির্মলা পাশে নিচু একটা বেতের চেয়ার টেনে এনে বসল। বসবার সঙ্গে-সঙ্গে তার সমস্ত ভঙ্গিটা যেন ক্লান্তিতে কোমল হয়ে এল। ভালো করে তার দিকে চোথ ফেরালুম। তার আকম্মিক, বিচ্ছিন্ন মাবির্ভাবের সঙ্গে তার এই ঘন, বিস্তৃত উপস্থিতির যেন কোনো স্থাম্য

নেই। শাডির কুঞ্চিত সব রেখায় যেন কেমন একটা করুণ আলক্ত এলোমেলো হয়ে আছে।

মান গ্লায় দে বললে, —গ্ল, —কেন, কবিতা আজকাল আর লেখোনা?

শুটাও-এর গায়ে কলমটা হেলিয়ে রেখে চেয়ারে পিঠটা ছেড়ে দিয়ে বললুম,—কথনো সথনো। খুব কম।

লাজুক হাসিতে নির্মলার সমস্ত মুখ ভিজে গেল। গাঢ়, অথচ করুণ গলায় বললে.—আমি একটা লিখেছি।

ভীষণ অবাক হয়ে গেলুম। বললুম,—বলো কী, তুমি কবিতা লিখেছ ?

কথাটা যেন বিখাদযোগ্য নয় আমার কথা বলার ধরনে তাই বোধ করি নির্মলার মনে হল। দেখলুম গাঢ় লজ্জায় তার চোখের নিয় প্রান্ত ছটি কালো, ঈষং সজল হয়ে উঠেছে। সে চেয়ারের মধ্যে যেন আরো ডুবে গেল; নিতান্ত অপরাধীর মতো ভীত, তুর্বল গলায় বললে —ই্যা, একটা শুধু লিখেছি—শুধু একটা—তা-ও কতো কটে, কতো কটাকুটি করে।

অনাবিষ্ট, নির্লিপ্ত গলায় বললুম,—একদিন দেখিয়ো।

—হাা, তোমাকে দেখাব বলেই তো নিয়ে এসেছি। নির্মনা হঠাৎ সর্বাঙ্গে মর্মরিত হয়ে উঠল। ছটি ভূক প্রসারিত প্রতীক্ষায় ধন্ধকের মতো ধারালো।

এতোটা অবিভি আশা করি নি। কবিতা সম্বন্ধে, বিশেষত প্রথমতম কবিতা সম্বন্ধে, লেথকমাত্রেরই একটি স্বাভাবিক সংলাচ থাকে। লোকচন্ধ্র কাছে তা প্রকাশিত করা যেন দৈহিক আবরণোনোচনের মতোই ভয়াবহ লজ্জাকর মনে হয়। অন্তত আমার তো তাই হত। কিন্তু নির্মলার এই নির্ভীক, নির্মল নির্লজ্জতায় মর্মে-মর্মে কণ্টকিত হয়ে উঠলুম।

ব্লাউন্জের তলা থেকে দে কয়েকটা আলগা কাগজের টুকরো বার করল। পৃষ্ঠাগুলির নম্বর মিলিয়ে গুছিয়ে দিতে-দিতে এগিয়ে এল টেবিলের কাছে। গলা নামিয়ে, যেন গভীর কোনো পাপ স্বীকার করছে, নির্মলা বললে,—কাউকে বোলো না কিন্তু। এই একটা মাত্র লিখেছি—আজ প্রায় এক মাস ধরে। দয়া করে তুমি শুধু একটু জায়গায়-জায়গায় দেখে দাও। সব জায়গায় সমান মেলাতে পারি নি। কাগজের টুকরোগুলি হাতে নিয়ে কৌত্হলী হয়ে জিগ্গেস করলুম: সমস্টটাই একটা কবিতা?

নির্মলা তার চেয়ারে ফিরে গেল। বললে,—ইটা। তবুও তো সব কথা এখনোলিখতে পারিনি। তুমি দেখনাপড়ে। বলোনা কীকথা আর লেখা যায়।

ক্ষ নিশাদে কবিতাটা পড়তে লাগলুম। নির্মলার প্রতি আত্মীয়তার থাতিরেই সেটাকে কবিতা বলছি। নিতান্ত সে কাছে, নাগালের মধ্যে বসে আছে: নিতান্তই সে মেয়ে, সমস্ত শরীরে তার এমন স্নেহশীতল শোকের শীর্ণতা: তার বসবার উদাস ভঙ্গিতে ধৃদর প্রেভফ্রায়া—তাই সে কবিতা পড়ে প্রবল উচ্চ কণ্ঠে হেসে উঠতে পারলুম না। নইলে এ-কবিতা এমনি হাতে এসে পড়লে, শপথ করে বলতে পারছি, আজ আমাদের বৈকালিক সাহিত্য-আড়ায় প্রচুর একটা হাদির ভোজ দিতুম।

অনেক পরিশ্রম যে দে করেছে তাতে দদেহ নেই, করেছে অনেক কাটাকৃটি, তার অনেক প্রসাধন,—কিন্তু ছন্দ বা মিল দূরে থাক, একটা বানান পর্যন্ত স্কে করে লিখতে পারে নি। বিষয়টা মিল্টনের প্যারাডাইজ্ লস্ট্-এর মতোই গুরু-গঙীর: তার খুকির মৃত্যুর উপর এক প্রকাণ্ড শোক-গাথা। কোথাও পার দেখা যাছে না, একটা বক্তা-আবিল উদ্বেল সমুদ্র যেন দিগন্ত থেকে দিগন্ত পর্যন্ত প্রসারিত।

তবু সব কথা নাকি সে লিখতে পারে নি। আর কী কথা লেখা যেত তাই ভেবে আমি অন্থির হয়ে উঠলুম। তার খুকি দিব্যি হামাগুডি দিয়ে চৌকাঠ পেরিয়ে যেত, আলনায় তার জন্মে জুতো সাজিয়ে রাখা যেত না, জলের কুঁজোটা সে ছ-ছবার ভেঙেছে—কোনো কথাই সে বাদ দেয় নি। তার উপর-মাড়িতে ছোট-ছোট ছটি দাঁত উকি মারত, দাঁত ওঠবার সময়টায় তার কী রকম অন্থ্য হয়, কোন ভাক্তার আদে—সব কথা সে খুঁটিয়ে খুঁটিয়ে পছাকার করে তুলেছে।
তাকে কে কী নামে ডাকত, দিয়েছে তার একটা লম্বা ফিরিস্তি: শুধ্
নির্মলার দেয়া 'বৃড়ি' বলে ডাকলেই সে বেশি সাড়া দিত, তার বা
কাঁধের উপর ছোট একটা জড়ুল ছিল, কবে ও কতোবার সে বসতে
গিয়ে টাল সামলাতে না পেরে মেঝের উপর পড়েগেছে—এমনি দিনের
পর দিন, পর্বের পর পর্ব, নির্মলা এক বিরাট মহাভারত লিখে এনেছে।
তার অশিক্ষিত শোকের এই উচ্ছৃভাল আড়ম্বর দেখে, বলতে কি, তার
প্রতি বিশেষ শ্রদ্ধালু হতে পারলুম না।

বলনুম, চাপা বিরক্তির স্বরে বলনুম,—এটাকে কী করতে হবে ?
নির্মলা উৎসাহে জলে উঠল; নরম গলায় জিগগেদ করলে,—
কেমন লাগল ? চলবে ?

ভীষণতর অবাক হলুম: বললুম—কোথায় ?

যে কোনো মাসিকপত্তে। তোমার সঙ্গে অনেকেরই তো চেনা-শোনা। কোথাও চালিয়ে দিতে পারবে না?

কী বলা যায় কিছু ভেবে না পেয়ে বলে বদলুম,—বড্ড বড়ো হয়েছে যে।

— কই আর বড়ো! ছাপলে এই একটুখানি হয়ে যাবে। নির্মলা তার মায়মান ছটি চোখ আমার ম্থের উপর তুলে ধরল: তবু তো আরো কতো কথা লেথবার ছিল, আরো কভো কথা লিখলে তবে বুকটা ঠাণ্ডা হত।

এবার অপরিমাণ কঠিন হতে হল। বললুম,—কিন্তু কিছুই কবিতা হয় নি যে।

—সেই জন্মেই তো তোমার কাছে আসা। নির্মলা লঘু গলাং হেসে উঠল: জায়গায়-জায়গায় মিলগুলি একটু ঠিক করে দাও না তোমার পাকা হাতে কতোক্ষণ আর লাগবে?

— তথু মিল ঠিক করলেই কি হবে? তার দিকে তাকিয়ে হঠাং অসহায়ের মতো বলে ফেললুম: তোমার এ-লেখা সম্পাদকরা কেট ছাপবে না।

- —কেন ? নিৰ্মলা যেন শতথান হয়ে ভেঙে পড়ল।
- —কেনই বা ছাপবে বলো ? তোমার মেয়ে মরেছে তাতে বাংলা দেশের পাঠকদের কী এসে গেল ? তাকে কে চিনবে ?

নির্মলা প্রথব, ঝাঁঝালো গলায় বললে,—তবে এতো যে রাশিরাশি প্রেমের কবিতা বেরোয় মাদে মাদে, তাতেই বা আমাদের,
পাঠকদের কী এদে যায়? তাদের মধ্যে কাকে আমরা চিনি?
সব তো আগাগোড়া মিথো কথা, কেবল কতোগুলি কথার মারপাঁচ।

হেদে বললুম,— কিন্তু ওগুলোর মাঝে ব্যক্তিক সীমা পেরিয়ে একটা বিশ্বলৌকিক আবেদন থাকে।

নির্মলা আমার দিকে হতভম্বের মতো চেয়ে রইল।

বললুম ব্ঝিয়ে: ওগুলো এমনভাবে লেখা হয় যাতে পাঠকরা সবাই লেখকের সঙ্গে সমান অন্থভব করতে পারে।

নির্মলা ফের উজ্জ্ব হয়ে উঠল; বললে,—আমারটাও তো তাই।
এমন কোন বাড়ি পাবে তুমি বাঙলা দেশে, যেখানে কোনো না কোন
মার বুক থালি করে তার শিশু গেছে না পালিয়ে? আমার কবিতা
পডে সে-সব মেয়েরা নিশ্চয় ভাদের তঃথে সাম্বনা পাবে।

তর্ক করা রুথা। কাগজের টুকরোগুলির উপর একটা বই চাপা দিয়ে রেখে বললুম,—ও থাক। আমি ভোমাকে আরেকটা নতুন কবিতা লিখে দেব।

নির্মলা পাংশু মৃথে বললে—দে কবিতায় তুমি আমার এতো কথা কগনোই লিখে দেবে না।

- —ত। একটু ছোট হবে বৈ কি। কিন্তু আশা করি, কবিতা হবে।
- —থাক আমার দে কবিতা। যে কবিতায় আমার 'বুড়ি' নেই, আমি তা দিয়ে কী করব ? বলে ক্ষিপ্র হাতে কাগজের টুকরোগুলি কুড়িয়ে নিয়ে নির্মলা ঘর থেকে ছুটে বেরিয়ে গেল।

হাসলুম, মনে মনে হাসলুম। নির্মলা তার বাড়ি ফিরে গেলে, শবাইর সঙ্গে এ বিষয়টা নিয়ে আলোচনা করতে গিয়ে উচ্চগ্রামে গলা ছেড়ে দিলুম। ঠাট্টায় আর-সবাইও শানিয়ে উঠল। ভাগ্যিস ভার মেয়ে মরেছিল, তাই তো নির্মলা মাসাস্তে এমন একটি জলজ্ঞান্ত কবি হয়ে উঠতে পেরেছে। সেই নির্মলা, নিজের নামের বানান করতে পর্যন্ত যে হোঁচট খায়। বাঙলা-সাহিত্যের সৌভাগ্য বলতে হবে।

সবাই মত স্থির করলে এই বলে যে এটা ভীষণ বাড়াবাডি:
শোচনীয় প্রায় হাস্তাম্পদের কোঠায় এসে পডেছে। অল্প জলের
পুঁটিমাছই বেশি ফর্ফর করে,—এ হচ্চে এক রক্মের চঙা হংগটা
স্তিকারের হলে তা নিয়ে আর এমন সে জাঁক করে বেড়াত না,
চুপ করে যেত। যেগানে যতো বেশি ফাঁপা, সেইখানেই ততো
বেশি বাজনা বাজে। যেখানে যতো বেশি কথা, সেখানে ততো কম
গভীরতা। কেউ চলে গেলে নাকি তার জন্তে কবিতা করে কাঁদতে হয়।

তারপর অনেক দিন নির্মলার সঙ্গে দেখা নেই।

একদিন বিকালের দিকে ও পাড়ায় গিয়ে পড়েছিলুম বলে নির্মলাকে একবার দেথে যেতে ইচ্ছে হল। বাড়িতে লোকজন বিশেষ নেই, তার স্বামী নারায়ণের তথনো বাড়ি ফেরবার সময় হয় নি। এজমালি ঝি নিচে কাজ করছিল, দরজাটা খোলা। সটান উপরেই উঠে গেলুম।

শিঁড়ি দিয়ে উঠতেই বাঁ হাতি নির্মলার ঘর। এ-পাশে ও-পাশে অস্তান্ত ভাড়াটেদের এলেকা, পরদা ও পার্টিশনে থণ্ড-বিথণ্ড। যে হুয়েকবার এসেছি তাতে ওদের বাড়ির চৌহদ্দিটা আমার মুখস্থ।

দরজার সামনে সম্মোহিতের মতো থানিকক্ষণ দাঁড়িয়ে রইলুম।
নিচে, মেঝের উপর দরজার দিকে পিঠ করে, উবু হয়ে আধথানা শুয়ে
নির্মলা গভীর অতন্দ্র মনোযোগে কী ষেন একটা স্ক্ষ্মতাস্চক কাজ
করছে। পিঠময় চুল রয়েছে বাস্ততায় এলোমেলো, বিপর্যন্ত শাড়িতে
কী ষেন তীক্ষ্ম অসহিফুতা। যেন আর অপেক্ষা করা যাচেছ না—তার
সমস্ত ভিকতে সেই তুঃসহ ওৎস্কা।

ডাকলুম: নির্মলা।

যেন কতোগুলি শিহরায়মাণ, বিশীর্ণ রেখ। নির্মলার সারা শরীরে ছিটিয়ে পড়ল। এ কদিনে তার চেহারার যে এতোটা পরিবর্তন হবে আশা করতে পারিনি। আমাকে দেখে দে সহজ সৌজন্তো হেসে উঠল বটে, কিন্তু সেই হাসি ধুয়ে দিতে পারল না তার চোখের অনিদ্রা, তার শরীরের ক্লান্তি, তার পরিপার্শের এই গুমোট নির্জনতা।

तम अक्ठो टिम्नांत अभित्य मित्य वलत्न,—त्वातमा।

वनन्म,-की कत्रिंदन वरम-वरम ?

অদকোচ হাসিমুখে সে বললে,—ছবি আঁকছিলুম !

- —ছবি আঁকছিলে? অবাক হয়ে জিজেন করলুম,—কার?
- —কার আবার! দেয়ালের দিকে জত চোথ বুলিয়ে দে সগর্বে বললে,—দেখছ না, এরি মধ্যে একা-একা কতো ছবি এঁকে ফেলেছি। চারদিকের দেয়ালে অগুন্থি ছবি টাঙানো। তার চোথ অন্সরণ করে বললুম,—আনেক রকম ছবি আঁকতে শিখেছ যে। একটাখরগোস, একটা ইত্র—ক্যাকাকর ছবিটা কিন্তু চমৎকার হয়েছে।

অনর্গল কণ্ঠে নির্মলা থিলখিল করে হেলে উঠল; বললে— কোনোটাই ধরগোস ইত্বরের নয়!

- —নয় ?
- —না, সব আমার সেই থুকির ছবি। নির্মলার মুখে সেই হাসি কিন্তু এখনো অন্ত যায় নি: তার নানা ধাঁচের নানা ভঙ্গির ছবি ওগুলো, —কোনোটা বসে, কোনোটায় হামাগুড়ি দিছে, কোনোটায় বা চিত হয়ে শুয়ে হাত পা ছুঁড়ে খেলা করছে। ওর কোনো ফটোগ্রাফ তুলে রাখি নি কি না, বড়ো অন্থবিধে হয়। কোনোটা হয় খরগোস, কোনোটা হয় ক্যাঙ্গাক। নির্মলা আরেক পশলা হাসল।

অপ্রতিভ হয়ে বললুম,—না, না, মন্দ হয়েছে কী!

—মন থেকে আঁকতে হয়, অথচ মন হাতড়ে দেখি তার চেহারার এক কণাও আর মনে নেই। নির্মলা স্লিগ্ধ গলায় বললে,—তার কপালটা চওড়া ছিল না ছোট ছিল মনে করতে পারি না। নাকটা চোধা করব না তুপাশে একটু ফুলিয়ে দেবো ভেবে-ভেবে আমার দিন কেটে যায়। তার পায়ের গোড়ালি ছটোর গড়ন শত মাথা খুঁড়লেও মনে আদে না। মহা মুশকিলেই পড়া গেছে।

বললুম,—অনেক ছবিই তো আঁকলে, আর কেন?

—তবু একটাও মনের মতো হচ্ছে না। নির্মলা হাসিতে ঝিলিক দিলে, তুমিও তো গল্প-কবিতা আর কম লেখো নি, তবু থামতে পাছ কই ? জীবনের শেষ মৃহূর্ত পর্যন্ত লিখেই ষেতে হবে—কী বলো ?— বাঁচতে হবে তো ?

চেয়ার থেকে উঠে দাঁড়ালুম: তোমার সেই কবিতাটা কী করলে?

—ছাপিয়ে তো আর দিলে না, তাই, মৃচকে হেদে নির্মলা বললে,—
তাই ওটাকে বাঁধিয়ে দেয়ালের ঐথানটায় টাঙিয়ে রেখেছি। আমি
একাই পড়ি, কা আর করব বল, আমার হৃঃথ তো আর পৃথিবীর
সম্ভানহারা মায়েরা কেউ ব্ঝল না, আমিই ওটা পড়ে-পড়ে তাদের
স্বাইকার হৃঃথ বৃঝি।

বিভূষ্ণ গলায় বললুম—মিছিমিছি তুমি এ-সব করছ কেন ?
—বললুম না, বাঁচতে হবে তো ?

তার ম্থের উপর কটাক্ষের তীব্র একটা প্রহার করলুম: বাঁচতে গিয়ে শরীরের যা হাল করেছ, নম্নাথানা একবার চেয়ে দেখেছ আয়নায় ?

নির্মলা তেমনি তৃঃথলেশহীন, প্রশান্ত মুথে হেদে উঠল। বললে,— আমি গেলে যাব, কিন্তু আমার খুকি তো বাঁচবে। অন্তত আর সব লেখক বা শিল্পীর মতো আমিও তো এই স্পর্ধা নিয়ে মরতে পারব।

এবার আরো অন্তরক হয়ে এলুম। আর্ড্র, নিম্ন স্বরে বললুম,—থে সারা জীবনের মতো চলে গেছে তার ছায়া আঁকড়ে থাকবার এই আড়ম্বরে লাভ কী, নির্মলা ?

—চলে গেছে বলছ কী! নির্মলা রৌদ্রঝলকিত অসির মতো উদ্দীপ্ত হয়ে উঠল: তাকে আমি থেতে দিলুম কই? এখন সে দিব্যি ভাঙা-ভাঙা পায়ে হাঁটতে শিখেছে, আধো-আধো গলায় স্পষ্ট সে আমাকে এখন 'মা' বলে ভাকে। তার জয়ে এখন দস্তরমতো আমি ফ্রাক সেলাই করছি। ঐদেধ, রাত্তির বেলা সে আমার কাছে এসে শোয়। বলে থাটের পাতা বিছানাটার দিকে ইশারা করে সে হঠাৎ হাসিতে ফেটে পড়ল।

দেখলুম ছোট একটা বালিদে মাথা দিয়ে বড়ো একটা ডল শুয়ে আছে, গলা পর্যন্ত তার একটা কাঁথা টানা। শিয়রের কাছে ছোট-ছোট কতকগুলি কাঁথার স্তুপ। খাট থেকে যাতে না পড়ে যায় সেই জন্মে মোটা একটা পাশ-বালিশের ভার চাপিয়ে তাকে নিজীব, আর্ত করে রাখা হয়েছে।

চমকে উঠলুম: এ की?

নির্মলা আরেক চোট হেদে উঠল: বুঝছ না? ও আমার থুকি। একা-একা শুলে কিছুতেই আমার ঘুম আদে না।

নির্মলার শাশুড়ীর সঙ্গে কথা হল। তিনি নির্মলাকে ব্যক্ষেপ ভংসনায় জর্জর করে তুললেন। লক্ষ্য করল্ম নির্মলার তাতে ভ্রক্ষেপ নেই, ফিকে-হয়ে-আসা দিনের আলোয় একমনে তার ছবি এঁকে চলেছে। এদিকে সংসার গেল উচ্ছন্নে, শাশুড়ী বকে যেতে লাগলেন: আর উনি কিনা হাতা-খুন্তি ফেলে রঙ আর তুলি নিয়ে বসেছেন! সমস্ত-কিছুরই একটা সীমা আছে, শ্রী আছে—তা প্রথই বলো, আর শোকই বলো। তোমার কিসের হুংথ জিজেন করি ? এই উজোন বয়েস, একটা ছেড়ে কতো ছেলের তুমি মাহবে, পাছড়িয়ে কাঁদবার তোমার সময় কোথায়? যার জন্তে শোক করছ তার জন্তে তো হুংথ পায় না, পায় যে শোক করছে তাকে দেখে হাসি। যাও, উন্থনে এবার আঞ্চন দাও গে যাও।

— এই যাচ্ছি মা, নির্মলা তার ছবির উপর ঝুঁকে পড়ল: আর একটুখানি শুধুবাকি।

নারায়ণ এল, আফিস ফেরত। দেয়ালের পর দেয়ালের আভালে
দিন গেছে তথন হারিয়ে। ঘরের মধ্যে অশরীরী অবান্তবতার একটা
দীর্ঘ ছায়া পড়েছে। সেই সঞ্চরমাণ নিঃশব্দ ধ্সরতায় নির্মলাকে যেন
আর পৃথিবীর মানুষ বলে মনে হচ্ছিল না।

নারায়ণ বেশ বিষয়-বৃদ্ধিতে আঁটোসাটো, নিরেট ভন্তলোক। তার

একটা সহজ পরিমিতিবোধ আছে। গোড়ায়-গোড়ায় তৃ:খটা তাকেও লেগেছিল প্রচণ্ড, কিন্তু যা পুরুষের ধর্ম, ক্ষতিকে সে বৃদ্ধি দিয়ে মীমাংদ। করে, হৃদয় দিয়ে নিম্পরিমাণ করে তোলে না। গোড়ায়-গোড়ায় নির্মলার প্রতি সম-মমতায় সে-ও উচ্চুদিত ছিল, কিন্তু এখন একেবারে বিরক্তির অসহনীয়তার শেষ প্রান্তে এসে পৌচেছে। এখন তৃজনেই তারা একা: তাদের শ্যারে মাঝখানে খুকির মৃত-মৃতি।

শ্লেষে, কটু ক্তিতে নারায়ণ নিষ্ঠর হয়ে উঠেছে। আমাকে লক্ষ্য করে নির্মলাকে শুনিয়ে দে বললে,—দিন-রাত কেবল খুকি আর খুকি। খুকি ছাড়া ওর জীবনে যেন আর কোনো জগং নেই।

—তা ছাড়া আবার কী। হাওয়ায় বেঁকে-যাওয়া ছবিগুলি দেয়ালেব উপর সোজা করে বসাতে-বসাতে নির্মলা বললে,—খুকিকে পাব বলেই তো আমি—আমার সব।

—তাই আমার একেক সময় শথ হয়, পিন্নবাবু, নারায়ণ হেদে বললে,—মরে যদি এমনি দেবা পাই। না মরলে তো আর আমরা মূল্যবান হতে পারি না।

সেই ঈষং-ঘনিয়ে-আদা থমকে-দাড়ানো অন্ধকারে নির্মলা হঠাং ভয়ার্ত চীংকার করে উঠল: তা হলে বলতে চাও থুকিকে আমি একেবারে হারিয়ে যেতেদেব ? মেঝে-দেয়ালে কোথাও তার একটা চিহ্ন পর্যন্ত থাকবে না ? তা হলে দেই ভীষণ শূন্যভায় আমি বাঁচব কী করে ?

নারায়ণ বললে, — কিন্তু সব কিছুরই একটা শেষ আছে। এমন কি সময়ের পর্যস্ত। আতিশ্যাকে আমরা কক্ষনো বিশ্বাস করি না।
ব্রোমার এই শোকের উৎসব দেখে সবারই সন্দেহ হয়, নির্মলা, সত্যিসত্যি তুমি এখনো খুকিকেই ভালবাসছ কিনা, না, নিজের এই দম্ভকে।

—না, খুকিকে আমি কোনোদিনই ভালোবাসিনি তো। নির্মলা আন্ধকারে অন্তুত করে হেনে উঠল: তুমি তো সে-কথা বলবেই। ভাকে হারিয়ে আমার কতো এখার্গ, কতো স্বথ।

অন্ধকারের অবরুদ্ধ একটা দীর্যখাদের মতে। নির্মলা ঘর থেকে ধীরে-ধীরে বার হয়ে গেল। —পাগল! একেবারে ছেলেমাহ্য। নারায়ণ অসহায়ের মতো বললে,—কে তাকে বোঝাবে, কে বা করবে বারণ? আমার কাছে প্রন্থ সে আজকাল প্রচ্ছন্ন। আমাকে মনে করে সে তার খুকির শক্র, ভার খুকির কথা আমি ভূলিয়ে দিতে চাই।

वलन्म,--- এখান থেকে ওকে নিয়ে যান না-হয়।

—পাগল! কে ওকে সে-কথা বলবে? এই ঘরে ও শেকড় গজিমে বসেছে। বাড়ি বদলানোর কথা পর্যন্ত বরদান্ত করতে পারে না। নারায়ণ গলা নামাল: আর-আর বাসিন্দাদের কাছ থেকে কম গলনা, কম বিদ্রূপ তো ওর সহা করতে হয় না—তাতেও ওর হুঁশ নেই।

যাবার উল্লোগ করতে-করতে বললুম,—এতো বাভাবাড়ি দেখলে লোকে ঠাট্রা-বিদ্রূপ করবেই।

—বাইরের লোকের কথা ছেড়ে দিন, এমন কি আমার প্রয়ন্ত আর সহাস্থৃতি দেখাবার প্রবৃত্তিহয় না। নারায়ণের গলা রুক্ষ হয়ে এল র থানিকক্ষণ পর্যন্ত সহাস্থৃতি দেখানো য়য়, তারপরেই সেটা বিরক্তিতে বিষিয়ে ওঠে। নইলে ভাবুন, য়ৢয়ের মধ্যে বারে-বারে উঠে সে পুতুলের কাথা বদলায়, সময়মতো রোজ স্নান করায় লুকিয়ে, নিজের থাবার সময় ওটাকে কোলে নিয়ে বসে। পাশের বাডির একটা য়রে ওটাকে এক সময় রেখে এসে বাইরের থেকে দরজায় য় মারে: আমার য়ুক্ কি ভোমাদের বাড়ি এসেছে ? নারায়ণ উচ্চ কর্পে হেসে উঠল: কিছু বলতে য়ান, কেঁদে বাডি মাথায় করবে। প্রীর অনেক রকম ফ্যাশান ধোগাতে হয় শুনেছি, কিন্তু আমার কপালে হয়েছে এ নতুন রকম।

নামছি, সিঁড়ির উপর নির্মলা আমাকে ধরে ফেলল। বললে— তোমাকে একটা জিনিদ কিন্তু এখনো দেখানো হয় নি।

वनन्य,-की ?

—একতাল কাদা দিয়ে খুকির একটা মূর্তি গড়ছিলুম। সেটা এথনো শেষ হয় নি। আরেক দিন এসে দেখে যেয়ো।

বাড়িতে ফিরে আত্মীয়-মহলে সবিস্তারে সেই কাহিনী বলনুম। খুকি আঁকতে ইত্র এঁকেছে, পুতুলের সে কাঁথা বদলায়! হেসে সবাই কুটপাট। এমন চঙের কথা বাপের জ্ঞান্মে কেউ কোনোদিন শোনেনি।

অথচ এরাই একদিন তার সস্থানবিয়োগে গভীর সান্তনা দিয়েছিল। সেই শোকের যাথার্থ্য সম্বন্ধে স্বাই এখন সন্দিহান হয়ে উঠেছে।

আশ্রুর্গ, তারপর, অনেক দিন পর, একদিন থবর পেলুম নির্মলা শোকের সমস্ত সাজসজ্জা বিসর্জন দিয়ে একাস্তরূপে হালকা. সহজ হযে উঠেছে। ছিঁছে কেলেছে সে দেয়ালের সব ছবি, পুডিয়ে দিয়েছে সেই কবিতাটা, পুতুলটা ভেঙে টুকরো-টুকরো। খুকির কথা আজ যে তাকে বলতে আসবে তার উপর সে থজাহন্ত। তথুনিই দেবে তাকে আঁচডে কামড়ে, ক্ষতবিক্ষত করে। খুকিকে সে আজ নিশ্চিহ্ন ভূলে গেছে।

তাকে দেখতে গিয়েছিল্ম। একতাল কাদা দিয়ে দে একদিন থুকির মুর্তি গড়বার কল্পনা করেছিল, গিয়ে দেখি, তাতে সে নিজেরই মৃতি তৈরি করে বসেছে। ঘরটা বাইরে থেকে শিকল দেয়া। নারায়ণ বললে, এ সময়টা সে কিছু ভালো থাকে, হয়তো আপনাকে চিনতেও পারে বাঃ

নারায়ণের সঙ্গে পা টিপে-টিপে সেই ঘরে চুকলুম। শুদ্রতায় উলন্ধ সে ঘর। শৃন্ত মেঝের উপর এক পিণ্ড মাংসের মতো তালগোল পাকিয়ে নির্মলা বলে আছে। আঙুলের স্ক্ষানগ দিয়ে একমনে মেঝেটা চিবে ফেলবার চেষ্টা করছে, আমাদের উপস্থিতিতে তার চারপাশে কোথাও এতোটুকু আবর্ত উঠল না। উদাসীনতায় সেও অথও।

নারায়ণ বললে,—একে চিনতে পার, নির্মলা? চেয়ে দেখ দিকি।
নির্মলা চোখের একটি পলকও তুলল না। মেঝের দিকে
তাকিয়ে আপনমনে নি:শব্দে হেদে উঠল। তার ঠোটের উপর হাদির
সেই অশরীরী, বিশীর্ণ রেথার দিকে তাকিয়ে থাকতে ভয় করতে
লাগল। তবু সাহস করে তার কাছে গিয়ে ডাকলুম: নির্মলা।

এবারো তার সাডা নেই। শুধু হাসির সেই বন্ধিম রেথাটি আলস্থে আরো প্রসারিত হয়ে পড়ল। কী ভঙ্গি দেখে নারায়ণ হঠাৎ ব্যস্ত হয়ে বললে,—এবার পালাই চলুন, এখুনি আবার ভায়োলেন্ট হতে শুরু করবে। পালিয়ে এলুম। নারায়ণ দরজাটা বন্ধ করে দিল।

তিরশ্চী

5

দ্বাইর ম্থের উপর দটান বলে বদলুম: বিষে যখন আমিই করছি, মেয়েও আমিই দেখতে যাব। তোমরা দব পছন করে এলে পরে আমি গিয়ে হয়কে নয় করে দিয়ে এলুম—দেটা কোনো কাজের কথা নয়। মাথার দিকে হোক, ল্যাজের দিকে হোক, পাঁঠাটা যখন আমার, আমাকেই কাটতে দাও। যা থাকে কপালে আর যা করেন কালী।

প্রস্তাবটায় কেউ আপত্তি করলে না। তার প্রধান কারণ আমি চাকরি করছি, আর সেটা বেশ মোটা চাকরি।

বাবা দিন ও সময় দেথে দিলেন, আমার মামাতো ভাই রাধেশ আমার সঙ্গে চলল।

বলা বছলতরো হবে, দেদিনের সাজগোজের ঘটাটা আমার পক্ষে একটু প্রশস্তই হয়ে পড়েছিল। ইদানীং বিষের কথাবার্তা হচ্ছিল বলে আমি আমার কোঁচার ঝুলটা পঞ্চাশ-ইঞ্চিতে নামিয়ে এনেছিলুম, কিন্তু সেদিন যেন পঞ্চাশ ইঞ্চিতেও আমার পায়ের পাতা ঢাকা পড়ছিল না। চাকরকে বিশাস নেই, জুতোয় নিজেই বুরুশ করতে বসলুম। এবং রাধেশ যথন আমাকে তাড়া দিতে এল, দেখলুম মুখটা নিম্লি নির্মল করে এক মুঠো কিউটিকুরা ঘযে আমি তার ছায়ায় এসেও দাঁডাতে পারি নি।

ব্যাপারটা নির্জনা ব্যবসাদারি, তবু মনে নতুন একটা নেশার আবেশ মাসছিল। বলতে গেলে, বইয়ের খেকে মুখ তুলে সেই আমার প্রথম বাইরের দিকে তাকানো। শরীরে-মনে এত সচেতন হয়ে জীবনে এর আগে কোনোদিন কোনো মেয়ের ম্থ দেখেছি বলে মনেপড়ে না। বিয়ে করব এই ঘটনাটার মধ্যে তত চমক নেই, কিন্তু ম্থ ফুটে একবার একটি 'হা' বললেই এত বড়ো পৃথিবীর কে-একটি অপরিচিতা মেয়ে এক নিমেষে আমার একান্ত হয়ে উঠবে—এটাই নিদাকণ চমংকার লাগছিল। আমি ইচ্ছে করলেই তাকে সঙ্গে করে আমার বাড়ি নিয়ে আসতে পারি, কারুর কিছু বলবার নেই, বাধা দেবার নেই। অহরহই তো আমরা 'না' বলছি, কিন্তু সাহস করে একবার 'হা' বলতে পারলেই সে আমার।

গ্রহ-নক্ষত্রদের চক্রান্তে অন্ধ, অভিভৃত হয়ে রাধেশের দঙ্গে কালী ঘাটের ট্রাম ধরলুম।

ভাগ্যিস রাধেশ গোড়াতেই আমাকে ক্যাপক্ষীয়দের কাছে চিহ্নিত করে দিয়েছিল, নইলে, তার সাজগোজের যে বহর, তাকেই তাঁরা পাত্র বলে মনে করতেন, অস্তত মনে করতে পারলে স্থী যে হতেন তাতে সন্দেহ নেই। তবে পুরুষের শোভাই নাকি তার চাকরি, সেই ভরসায় রাধেশের ভ্রাতৃভক্তিকে ভূয়সী স্তুতি করতে-করতে ভদ্রলোকদের সঙ্গে দোতলায় উঠে এলুম।

যবনিকা কথন উঠে গেছে, রঙ্গাঞ্চে আমাদের আবির্ভাব হল। প্রকাণ্ড ঘরটা যেন ক্ষশাস নিঃশব্দভায় পাথব হয়ে আছে। মেবের উপর ঢালা ফরাস, ভারই মাঝখানে ছোট একটি চেয়ার। টিপয়ের উপর কড়া ইন্ত্রির ফর্সা একটি ঢাকনি: একপাশে দোয়াত-দানিতে কালি-কলম, অক্সদিকে স্থূপীকৃত কতকগুলো বই। অদূরে ছোট একটি অর্গ্যান। সেটিটো নিখুত। ওধারে লম্বাটে একটা খালি টেবিলের হ্যারে যে অবস্থায় ম্থোম্থি কখানা চেয়ার সাজিয়ে রাখা হয়েছে, মনে হল, ওখানে উঠে গিয়েই আমাদের মিষ্টিম্থ করবার অবশ্রুকগুটো পালন করতে হবে। মনে হল, রিহার্স্যাল দিয়ে-দিয়ে ভদ্রলোকদের পার্টগুলি আগোগোড়া মুথস্থ।

টিপয়টার দিকে মৃথ করে পাশাপাশি ত্থানা চেয়ারে ত্জন বসল্ম।

অভিনয় দেখবার জন্মে দর্শকের, সত্যি করে বলা যাক, দর্শিকার অভাব দেখলুম না। জানলার আনাচে-কানাচে মেয়েদের চোথের ও আঙুলের সঙ্কেগুলি রাধেশের প্রতি এমন অজস্র ও অবারিত হয়ে উঠতে লাগল যে হাতে নেহাত চাকরিটা না থাকলে তাকে জায়গা ছেডে সটান বাড়ি চলে যেতুম। রাধেশ যে বছর ত্য়েক ধরে বি-এ প্রীক্ষায় থাবি থাচ্ছে সেইটেই আমার পক্ষে একটা প্রকাণ্ড বাচোয়া।

ই্যা, মেয়েটি তো এখন এদে গেলেই পারে। ভদ্রলোকের সঙ্গে প্রাথমিক কথাবার্তা সেরে কখন থেকে হাঁ করে বদে আছি।

চক্ষু থেকে শ্রবণে দ্রিটাই এখন জ্রত ও তীক্ষ্ণ কাজ করছে। অসপষ্ট করে অন্থত্তব করলুম পাশের ঘরেই মেয়ে সাজানো হচ্ছে—বিস্তৃত্ত শাডির খশথশ ও চুড়ির টুকরো-টুকরো টুং-টাং আমার মনে নতুন বৃষ্টির শক্ষের মতো বিবশ একটা তন্দ্রার কুয়াশা এনে দিচ্ছিল। তার সঙ্গে অনেকগুলো চাপা কণ্ঠের অন্থনম্ম ও তারো অন্থচারিত গভীরে কার যেন রঙিন খানিকটা লজ্জা। সেই লজ্জা গায়ের উপর স্পশের মতো স্পষ্ট টের পেলুম।

রাধেশের কফুইয়ের উপর অলক্ষ্যে একটা চিমটি কাটতে হল। কব্দির থডির দিকে চেয়ে ব্যস্ত হয়ে রাধেশ বললে—বড্ড দেরি হয়ে যাচ্ছে। সাডে নটা পর্যস্ত ভালো সময়।

তাড়া থেয়ে ভদ্রাকেদের একজন অন্তঃপুরে প্রবেশ করলেন। ফিরতে তাঁর দেরি হল না; বললেন: এই আস্চুছে।

এবং নতুন করে প্রস্তুত হবার আগেই মেয়েট চুকে পড়ল। ঠিক এল বলতে পারি না, যেন উদয় হল। আনেকক্ষণ বদে থাকার জত্যে ভিকিটা শিথিল, ক্লান্ত হয়ে এদেছিল, তাকে যথেষ্ট রকম ভদ্র করে তোলবার পর্যন্ত সময় পেল্ম না। সবিস্ময়ে রাধেশের ম্থের দিকে তাকালুম।

দেখলুম রাধেশের মৃথ প্রসন্ধতায় বিশেষ কোমল হয়ে আসে নি। তা না আহক, আমি কিন্তু এক বিষয়ে পরম নিশ্চিস্ত হলুম। আর ষাই হোক, মেয়েটি রাধেশের যোগ্য নয়। আর যাই থাক বা না-থাক, মেয়েটির বয়েস আছে।

টিপয়ের সামনের চেয়ারটা একেবারে লক্ষ্যই না করে মেয়েটি ফরাসের এককোণে হাঁটু মুড়ে বসে পড়ল। তার আসা ও বসাব এই স্বরাটা একটা দেখবার জিনিস। তার শরীরে লজ্জার এতটুক একটা ত্বল আঁচড় কোথাও দেখলুম না। প্রাণশক্তিতে উজ্জ্বল, চঞ্চল সেই শরীর একপাত নিষ্ঠুর ইম্পাতের মতো ঝকঝক করছে। কোনে কিছুকেই দেন সে আমলে আনছে না, সব কিছুর উপরেই সে সমান উদাসীন।

বৃথাই এতক্ষণ উৎকর্ণ হয়ে তার সাজগোজের শব্দ শুনছিলুন, আমার জীবনের আজকের ভোরবেলাটির মতোই মেয়েটি একাফ পরিচ্ছন্ন, বোধহয় বা বিষাদে একটু ধূসর। পরনে আটপৌরে একথানি শাড়ি, পাটো আঁচলে ছই কাঁধ ঢাকা, হাতে ছ-এক টুকরো ঘরোয়া গয়না, কালকের রাতের শুকনো থোঁপাটা ঘাড়ের উপর এখন অবসন্ন হয়ে পড়েছে। এই তো তাকে দেখবার। এড়িয়ে এসেছে সে সব আয়েয়য়ন, ঠেলে ফেলে দিয়েছে সব উপকরণের বোঝা: সে য়া, তাই সে হতে পারলে যে বাঁচে। কিছু কেন এই উদাত্ত ? মনে-মনে হাসলুম। আমি ইচ্ছে করলে এক মৃহুর্তে তার এই বিষাদের মেঘ উড়িয়ে নিয়ে যেতে পারি। আর তাকে লোলুপদৃষ্টি পুরুষের সামনে রূপের পরীক্ষা দিতে এসে ক্লান্ড, বিরক্ত, কলুষিত হতে হয়্মনা।

গায়ের রঙটা যে রাধেশের পছন্দ হয় নি তা প্রথমেই তার ম্থ দেখে অহমান করেছিলুম। বিনয় করে লাভ নেই, মেয়েটি দস্তরমতে কালো। চামড়ার তারতম্য-বিচারের বেলায় এমন রঙকে আমর সাধারণত কালোই বলে থাকি। শুদ্ধ ভাষায় শ্রামবর্ণ বলতে পারে বটে, কিন্তু টুইডল্ডায় ও টুইডল্ডিতে কোনো তফাত নেই।

ভদ্রলোকের পাট সব মৃথস্থ। একজন অযাচিত বলে বসলেন: এমনিতে গায়ের রঙ ওর বেশ ফর্সা, কিন্তু পুরীতে চেঞ্চে গিয়ে সমৃদ্রে স্থান করে-করে এমনি কালো হয়ে এসেছে। কিন্তু, মনে-মনে ভাবলুম, এর জন্মে এত জবাবদিহি কেন? মেয়েরা যেমন শুধু আমাদের অর্থোপার্জনের দৌড় দেখচে, তাদের বেলায় আমারও কি তেমনি শুধু তাদের চামড়ার বুনট দেখব।

ভদ্রলোকের একজন আমাকে অন্থরোধ করলেন: কিছু জিগ্রেদ কফন না।

একেবারে অথই জলে পড়লুম। এমন একথানা ভাব করলুম ধেন আমাকেই যদি আলাপ করতে হয় তবে ঘরে রাজ্যের এত লোক কেন?

ভদ্রোকদের আরেকজন টিপয় থেকে একটা বই তুলে বললেন— কিছু পড়ে শোনাবে ?

আমার কিছু বলবার আগেই রাধেশ এগিয়ে এল: ন। কার্সট চিভিশনে যে ন্যাট্রিক পাশ করেছে তাকে পড়ান্ডনার বিষয় কিছু প্রশ্ন করাটাই অবান্তর হবে। চেয়ারের মধ্যে রাধেশ উশখ্শ করে উঠল, গলাটা খাখরে মেয়েটিকে জিগ্গেস করলেঃ তোমার নাম কি ?

কী আশ্চর্য প্রশ্ন! ম্যাট্রিক পাশের খবর পেয়েও তার নামটা কিনা সে জেনে রাখে নি।

দেয়ালের দিকে মৃথ করে মেয়েটি নিলিপ্ত গলায় বললে,—হ্মিতা গোন।

মনের মধ্যে যুগপথ ছটে। ভাব পেলে গেল। প্রথমত, দিন ক্ষেক পরে নাম বলতে গিয়ে দেগবে তার ঘোষ কথন আমারই মিত্র হয়ে উঠেছে—দেহ-মনে এমন কি নামে পর্যন্ত তার সে কাঁ অন্তুত পরিবর্তন। দ্বিতীয়ত, রাধেশের এই ইয়াকি আমি বার করব। ভার মাস্টারের এই সম্মানিত, উদ্ধৃত ভঙ্গিটা যদি স্থমিতার পায়ের কাছে প্রণামে না নরম করে আনতে পারি তো কাঁ বলেছি!

আলাপের দরজা থোলা পেয়ে রাণেশের সাহস যেন আরো বেড়ে গেল। বললে,—থবরের কাগজ পড় ?

স্থমিতা চোথ নামিয়ে গম্ভীর গলায় বললে-মাঝে-মাঝে।

তবুরাধেশের নির্ভক্তার সীমানেই। জিগ্গেস করলে: বাঙলা গভন্মেন্টের চিফ সেক্টোরির নাম বলতে পার ? ভুক হটি কুটিল করে স্থমিতা বললে,—না।

· —উনিশ শো বাইশে গয়ায় য়ে কংগ্রেস হয়েছিল তার প্রেসিডেন্ট কে ছিল ?

স্থমিতা স্পষ্ট বললে,—জানি না।

রাধেশের তবু কী নিদারুণ আম্পর্ধা! জিগ্গেস করলে: আলা-মালায়ে যে একটা নতুন ইউনিভাসিটি হয়েছে তার থবর রাখো? জায়গাটা কোথায়?

স্থমিতা বললে,—কী করে বলব?

রাধেশ যেন তার তু-বছরের পরীক্ষা-পাশের অক্ষমতার শোধ নেবার জ্ঞােমবিয়া হয়ে উঠেছে। সেথানে বদে তার কান মলে দেয়। সম্ভব ছিল না, গোপনে আরেকটা চিমটি কেটে তাকে নিরস্ত করলুম।

সত্যিকারের দেখাটা মাস্ট্রের স্থদীর্ঘ উপস্থিতিতে নয়, তার আকস্মিক আবির্ভাবে ও অন্তর্ধানে। স্থমিতাকে তাই লক্ষ্য করে বলনুম,—এবার তুমি যেতে পার।

যা ভেবেছিলুম তাই, তার দেই শরীরের নিঝ রিণীতে ভঙ্গুর, বিশীর্ণ কটি রেথা মৃক্তির চঞ্চলতায় ঝিকমিক করে উঠল। বসার থেকে তার দেই হঠাং দাঁড়ানোর মাঝে গভির যে তীক্ষ্ণ একটা হ্যাতি ছিল তা নিমেযে আমার হুচোথকে যেন পিপাসিত করে তুললে। স্থমিতা আর এক মৃহুত্ও দ্বিধা করল না, যেন এখান থেকে পালাতে পারলে বাঁচে, এমনি তাড়াতাড়ি পিঠের সংক্ষিপ্ত আঁচলটা মৃক্তিতে আলুলায়িত করে ঘর থেকে বেরিয়ে গেল। ঠিক চলে গেল বলতে পারি না, যেন গেল নিবে, গেল হারিয়ে।

মনে মনে হাসলুম। দিন কয়েক নেহাত আগে হয়ে পড়ে, নইলে ঐ তার পাথির পাথার মতো মুক্তিতে বিক্লারিত উড়ক্ত আঁচলটা মুঠিতে চেপে ধরে অনায়াসে তাকে স্তর্ধ করে দিতে পারতুম, কিংবা আমিও বেতে পারতুম তার পিছু-পিছু। আজ যে এত বিম্প, সে-ই একদিন অবারিত, অজল্র হয়ে উঠবে ভাবতেও কেমন একটা মজা লাগছে। যে আজ পালাতে পারলে বাঁচে, সে-ই একদিন

নামার কণ্ঠতট থেকে তার বাহুর চেউ ছটিকে শিথিল করতে চাইবেনা।

আমি যেন ঠিক তাকে চলে যেতে বলন্ম না, তাড়িয়ে দিল্ম— ভদ্রলাকের দল চিস্তিত হয়ে উঠলেন। একজন বললেন,—অস্তত গানটা ওর শুনতেন। স্কুলে ও উপাধি পেয়েছে গীতোমিমালিনী।

আরেকজন বললেন,—এই দেখুন ওর সব সেলাই। স্বাফ, মাফলার, টেপেট্রি—যা চান।

আরেকজন যোগ করে দিলেন: অস্তত ওর হাতের লেধার নম্নাটা একবার---

ক্ষমাল দিয়ে ঘাড়টা সবলে রগড়াতে-রগড়াতে বললুম,—কোনো দরকার নেই। এমনিতেই আমার বেশ পছল হয়েছে।

রাধেশের মুখের দিকে চেয়ে দেখলুম, তার চেয়ে তার পিঠে একটা ছরি আমূল বসিয়ে দিলেও যেন সে বেশি আরাম পেত।

পুরান্দনারা, যারা এথানে-ওথানে উ কি-ঝুঁকি মারছিল, সমমূহতে গবাই কলধ্বনিত হয়ে উঠল। তার মাঝে স্পষ্ট অহভব করন্ম একজনের স্থান্দর শুক্তা।

তারপর শুরু হল ভোজনের বিরাট রাজস্ম। এতো বড়ো একটা ভোজের চেহারা দেখেও রাধেশের মুখ উজ্জ্বল হয়ে উঠল না।

ঽ

আমি যে কী ভীষণ উদ্ধর্ক ও আনাড়ি, বাড়িতে ফিরে রাধেশ দেইটেই সাব্যস্ত করতে উঠে-পড়ে লেগে গেছে। এক কথায় মেয়ে পছল করে এলুম, অথচ থোঁপা খুলে না দেখলুম তার চুলের দীর্ঘতা, না বা দেখলুম হাঁটিয়ে তার লীলা-চাপল্য। সামাশ্য একটা হাডের লেখা পর্যস্ত তার নিয়ে আসি নি।

— তারপর, রাধেশ মৃথ টিপে হাসতে লাগল: এমন তাড়াতাঞ্চি ভাগিয়ে দিলে যে মেয়েটার চোথ তুটো পর্যন্ত ভালো করে দেখতে পেলুম না। দেখবার মধ্যে দেখলুম শুরু একখানা গায়ের রঙ।

বাড়ির মহিলারা ব্যস্ত হয়ে উঠলেন: কী রকম? আমাদের মিনির মতো হবে ?

রাধেশের একবিন্দু মায়া-দয়া নেই, অভন্ত, রুঢ় গলায় বললে,—
apologeticallyও নয়।—আমাদের মিনি তো তার তুলনায় দেবী।

আমার ফচিকে কেউ প্রশংসা করতে পারল না। বাড়ির মহিলারা, বাঁরা তাঁদের যৌবদশায় এমনি বছতর পরীক্ষার ব্যহ ভেদ করে অবশেষে আমাদের বাড়িতে এসে বহাল হয়েছেন, টিপ্পনি কাটতে লাগলেন: এমন মেয়ে-কাঙাল পুরুষ তো কখনো দেখি নি বাপু। এমন কী ছভিক্ষ হয়েছে যে থাতাখাতের আর বাছবিচার করতে হবে না। সাধে কি আর পাত্রকে গিয়ে নিজের জত্যে মেয়ে দেখতে দেয়া হয় না? ভবকা বয়দের একটা য়েমন-তেমন মেয়ে দেখলেই কি এমনিধারা রাশ ছেড়ে দিতে হয় গা?

প্রশ্রম পেয়ে রাধেশ তার রসনাকে আরে। থানিকটা আলগা করে দিল: মা হয়তো বা কোনোরকমে পার হলেন, কিন্তু তাঁর মেয়েদের আর গতি হচ্ছে না, এ আমি তোমাদের আগে থাকতে বলে রাধছি।

সে অপরিচিতা মেয়েটির হয়ে শুধু আমি একা লড়াই করতে লাগলুম। তাকে পছন্দ না করে যে আর কী করতে পারি কিছুই আমি ভেবে পেলুম না। আমার চোথ না থাক, অস্তুত চক্ষুলজ্জা তো আছে।

মা প্রবল প্রতিবাদ শুরু করলেন: কালো বলেই ওরা অতো টাকা দিতে চায়। কিন্তু তোর টাকার কী ভাবনা? আমি তোর জ্ঞে টুকটুকে বৌ এনে দেব।

হেদে বলল্ম,— টাকা অবিশ্বি আমি ছেড়ে দেব, মা, কিন্তু মেয়েটিকে ছাড়তে পারব না। তাকে যথন আমি দেখতে গেছল্ম, তথন তাকে বিয়ে করব বলেই দেখতে গেছল্ম। একটি মেয়েকে তেমন আত্মীয়তার চোথে একবার দেখে তাকে আমি কিছুতেই আর ফেরাতে পারব না। তোমরা তাকে পরীক্ষা করতে পার, কিন্তু আমার তাধু পছন্দ করবার কথা।

এই যে আমার কী এক অক্তায় খেয়াল, আমার মন্তিকের সুস্থতা

मद्राक्ष मवारे मिल्यान शर्म छेठेन। किन्छ वावा आमार्क क्रका क्रतरनन। वनरनन: अत्र यथन अथारनरे मछ श्रम्माहरू, छथन अथारनरे अत्र विरम्न शर्म।

তোমরা ঠাট্টা করতে পার, কিন্তু বলতে আমার দ্বিধা নেই, স্থমিতাকে আমি ভালোবেদে ফেলেছি। কথাটা একটু হয়তো রুঢ় শোনাচ্ছে, কিন্তু ভালো লাগার একটা বিশেষ অবস্থার নামই কি ভালোবাদা নয়? তাকে এতো ভালো লেগেছে যে তার দমস্ত ক্রটি, দমস্ত অসম্পূর্ণতা দরেও কাকে আমি বিয়ে করতে চাই, এইটেই কি আমার ভালোবাদার প্রমাণ নয়?

স্থমিতা কালো, এবং তারি জন্মে সমন্ত সংসার প্রতিক্লতা করছে, মনে হল, এ-ব্যাপারে সেইটেই আমার কাছে প্রধান আকর্ষণ। স্থমিতাকে যে আমি এই অপমান থেকে রক্ষা করতে পারব, সেইটেই আমার পুরুষত।

वावा मिन-क्रम ठिक करत अस्तत िठि निरथ मिरलन।

পাশাপাশি সে কটা দিন-রাত্রি আমার একটানা একটা তন্ত্রার মধ্যে দিয়ে কেটে গেল। কে কোথাকার একটি অচেনা মেয়ে পৃথিবীর অগণন জনতার মধ্যে থেকে হঠাৎ একদিন আমার পাশে এসে দাঁড়াবে তারি বিশ্বয়ের রহস্থে মুহূর্তগুলি আচ্চর হয়ে উঠল। তার জীবনের এতোগুলি দিন শুধু আমারই জীবনের একটি দিনকে লক্ষ্য করে তার শরীরে-মনে স্তুপে-স্তুপে সঞ্চিত হয়ে উঠেছে। পুরীতে যথন সে সম্ত্রে ডুব দিত, তথনো সে ভাবে নি তীরে তার জ্বন্তে কে বসে আছে। ঘটনাটা এমন নতুন, এমন অপ্রত্যাশিত যে ক্লামা অক্সন্থ হয়ে উঠতে লাগল্ম। কাজের আবর্তে মনকে যতোই ফেনিল করে তুলতে চাইলুম, ততোই যেন অবসাদের আর কূল খুঁজে পেলুম না।

হয়তো স্থমিতারো মনে এমনি দক্ষিণ থেকে হাওয়া দিয়েছে। বাইরে থেকে কে কোথাকার এক অহঙ্কারী পুরুষ নিমেষে তার অস্তরের অঙ্গ হয়ে উঠবে এর বিশ্বয় তাকেও করেছে মৃহ্যমান। হয়তো সেদিনের পর থেকে তার চোথের দীর্ঘ দুই পল্পবে কপোলের উপর ক্ষণে-ক্ষণে লক্ষার শীতল একটু ছায়া পড়ছে, হয়তো আয়নাতে চুল বাঁধবার সময় তার ভাল সীমস্তরেখাটির দিকে চেয়ে সে একটি নিখাস ফেলছে, হয়তো আমারি মতো রাতের অনেককণ সে ঘুমুতে পারছে না।

9

বলা বাহুল্য, নইলে এ কাহিনী লেপার কোনো দরকার হত না, স্থমিতার সঙ্গে আমার বিয়েটা শেষ পর্যন্ত ঘটে ওঠে নি।

কেন ওঠে নি, সেইটেই এখন বলতে হবে।

বাবা সাকোপান্ধ নিয়ে মেয়েকে পাকা দেখতে বেরোবেন, সকাল-বেলার ডাক এসে হাজির। আমারই নামে খামে মোটা একটা চিঠি। মোড়কটা ক্ষিপ্রহাতে খুলে ফেলে নিচে নাম দেখলুম: স্থমিতা।

বলতে বাধা নেই, সেই মুহূর্তটা আনন্দে একেবারে বিহ্বল হয়ে গেলুম। বিয়ের আগে এমন একখানি চিঠি যেন বিধাতার আশীর্বাদ।

তারপরে লুকিয়ে একটা জায়গা বেছে নিয়ে বসে গেলুম চিঠিটা পড়তে। মেয়ের চিঠি, তাই চিঠিটা একটু বিস্তারিত। স্থমিতা লিখছে:

মাক্তবরেষু,

আপনাকে চিঠি লিখছি দেখে নিশ্চয়ই খুব অবাক হবেন, কিন্তু চিঠি না লেখা ছাড়া সত্যি আর আমার কোনো উপায় নেই। রুচ্তা মার্জনা করবেন এই আশা করেই চিঠি লিখছি।

আপনি যে আমাকে পছন্দ করবেন, কেউই যে আমাকে এইভাবে পছন্দ করতে পারে, একথা আমি ঘৃণাক্ষরেও ভাবতে পারি নি। আপনার আগে আরো অনেকের কাছে আমাকে রূপের পরীক্ষা দিতে হয়েছিল, কিন্তু সব জায়গাতেই আমি সম্মানে ফেল করে বেঁচে গিয়েছিলুম। শুধু আপনিই আমাকে এই অভাবনীয় বিপদে ফেললেন। কভিপুরণস্বরূপ ভ্যাবহ একটা টাকা পর্যন্ত দাবি করলেন না। সব দিক থেকেই আমার পালাবার পথ বন্ধ করে দিলেন। এর আগে আর কাউকে চিঠি বেথার আমার দরকার হয় নি, একমাত্র আপনাকে লিখতে হল। জানি আপনি মহামুভব, তাই আমি এতো সাহস দেখাতে সাহস পেলুম।

আপনি আমাকে মৃক্তি দিন, এই বিপদ থেকে আপনি আমাকে উদ্ধার করুন। বিয়ে করে নয়, বিয়ে না করে। পরিবারের সঙ্গে দংগ্রাম করে-করে আমি ক্লান্ত, প্রায় পঙ্গু হয়ে পড়েছি—কী যে আমি করতে পারি, কোনোদিকে পথ খুঁজে পাচ্ছি না। জানি, এই ক্লেত্রে আপনিই শুধু আমাকে বাঁচাতে পারেন, তাই কোনোদিকে না চেয়ে শেষকালে আপনার কাছেই ছুটে এসেছি।

কেন বিষে করতে চাই না, তার একটা স্থূল, স্পর্শসহ কারণ না পেলে আপনি আশস্ত হবেন না জানি। সে কারণ আপনাকে জানাতে আমার সকোচ নেই।

আমি একজনকে ভালোবাসি—কথাটা মাত্র লিখে আমি তার গভীরতা বোঝাতে পারব না। তার জল্ঞে আমাকে আরো কিছুকাল অপেকা করতে হবে, যতোদিন না সে নিজের পায়ের উপর দাঁড়াতে পারে, ততোদিন, তারি জল্ঞে, আমাকে নানা কৌশল করে এই সব ষড়যন্ত্র পার হতে হচ্ছে। রূপের পরীক্ষার চাইতেও সে কী কঠিনতর সাধনা।

আশা করি, আপনি একজন উচ্চশিক্ষিত ভদ্রলোক, আপনার কাছে আমি সহায়ভৃতি না পেলেও করুণা পাব। আমার এই অসহায় প্রেমকে আপনি মার্জনা করুন। একজন বন্দিনী বাঙালী মেয়ে আপনার কাছে তার প্রেমের প্রমায় ভিক্ষা করছে।

তবু এতোতেও ধনি আপনি নিরস্ত না হন তো আমার পরিণাম বে কী হবে আমি ভাবতে পারছি না। ইতি। বিনীতা স্থমিতা

চিঠি পড়ে প্রথম কিন্তু মনে হল স্থমিতার হাতের লেখাটি ভারি স্বন্ধ, লাইন কটি সোজা ও পাশাপাশি ছটো লাইনের অন্তরালগুলি

সমান। বানানগুলি নিভূল, এবং দম্ভরমতো কমা, দাঁড়িও প্যারাগ্রাফ বজায় রেখে চিঠি লেখে। তার উপর শ্রদ্ধা আমার চতুগুণ বেড়ে গেল এবং যে-পাত্রী আমি মনোনীত করেছি সে যে নেহাত একটা যা-তা মেয়ে নয়, সে-কথাটা বাড়ির মহিলাদের কাছে সভ-সভ প্রমাণ করতে এ-চিঠিটা তাঁদেরকে দেখাবার জন্তে পা বাড়ালুম।

কিন্তু পরমূহুর্তেই মনে পড়ল, তার চিঠির কথা নয়, চিঠির ভিতরকার কথা। স্থথ হল না তৃঃথ হল চেতনাটার ঠিক স্বাদ ব্রাল্ম না। থানিকক্ষণ স্তম্ভিতের মতো সামনের দিকে তাকিয়ে রইলুম।

ওদিকে বাবা দলবল নিয়ে প্রায় বেরিয়ে যাচ্ছেন। তাড়াতাড়ি চোথ-কান বুজে তাঁর কাছে ছুটে গেলুম। বললুম,—থাক, ওথানে গিয়ে আর কাজ নেই। ও-মেয়ে আমি বিয়ে করব না।

বাবা তো প্রায় আকাশ থেকে পডলেন: সে কী কথা?

— হাা, আমি আমার মত বদলেছি।

সে একটা বীভংস কেলেঙ্কারিই হল বলতে হবে, কিন্তু স্থমিতার জন্মে সব আমি অক্লেশে সহা করতে পারব।

কথাটা দেখতে-দেখতে ছড়িয়ে পড়ল। সবাই আমাকে আষ্টেপ্টে ছেঁকে ধরলে: মত বদলাবার কারণ কী ?

হাসবে না কাঁদবে কেউ কিছু ভেবে পেল না। বললে,—বা, এই কালো জেনেই তো এতো ভড়পেছিলি! এই কালোই তো ছিল ওর বিশেষণ!

কী যুক্তি দেব ভেবে পাচ্ছিল্ম না। বলল্ম,—বিয়েতে আমার টাকা চাই।

—বেশ ছেলে যা হোক বাবা। তুইই না বলতিস বিয়েতে টাকা নেয়ার চাইতে গণিকাবৃত্তিতে বেশি সাধৃতা আছে। ভদ্রলোকদের কথা দিয়ে এখন পিছিয়ে যাবার মানে কী?

বলনুম,—বেশ তো, তাঁদের অকারণ মনস্তাপের দক্ষন না হয় ষ্পাযোগ্য থেদারত দেয়া যাবে। সবাই বিজ্ঞপ করে উঠল: এদিকে পণ নিয়ে বিয়ে করবার মতলব, ওদিকে গরচা থেসারেত দেয়া হচ্ছে। মাথা তোর বিগড়ে গেল নাকি?

কিন্তু এদের পাঁচজনকে আমি কী বলে বোঝাই? শুধু নিজের মনকে নিভৃতে ভেকে নিয়ে গিয়ে চূপি-চূপি বোঝাতে পারি: স্মিতাকে আমি ভালোবেসেছি।

স্থমিতাকে আমি ভালোবেদেছি, নিশ্চয়, ভালোবেদেছি তার ঐ প্রেম। তাই, তাকে অপমান করি, আমার দাধা কী! তাকে যে আমার কেন এতো পছন্দ হয়েছিল, এ কথা এখন কে ব্রবে ?

আমার সঙ্গে তার বিয়ের সম্ভাবনাটা সম্লে ভেডে দিলুম। নিরীহ একটি মেয়ের অকারণ সর্বনাশ করছি বলে চারিদিক থেকে একটা নিদারুণ ধিকার উঠল, কিন্তু আমি জানি, ঈশ্বর জানেন, আমার এই আত্মবিলোপের অন্তরালে কার একথানি বেদনায় স্থলর মৃথ স্থথে উদ্ভাসিত হয়ে উঠেছে। কাউকে ভালো না বাসলে আমরা কথনো এতোথানি স্বার্থত্যাগ করতে পারি না। স্থমিতাকে এতো ভালোবেসে-ছিল্ম বলেই তার জল্যে নিজের এতো বড ঐশ্বর্থ অনায়াসে ছেড়ে দিয়ে এলুম। আমার ত্যাগ তার প্রেমের মতোই মহান হয়ে উঠক।

প্রাগবিচার করা বৃথা, জীবনে দত্তিই স্থমিতা স্থী হতে পারবে কিনা; কিন্তু প্রেমের কাছে স্থের কল্পনাটা স্থের কাছে দেয়াশলাইর একটা কাঠি। তার সেই প্রেমকে জায়গা ছেড়ে দিতে আমি আমার ছোটো স্থপ নিয়ে ফিরে এলুম।

8

তারপর বছর তিনেক কেটে গেছে, আমি বারাসত থেকে
^{হবরা}জপুরে বদলি হয়ে এসেছি।

বলা বাহুল্য, ইতিমধ্যে আমার বৈবাহিক ব্যাপারটা সম্পন্ন হয়ে গৈছে, এবং এবার অতি নিবিন্নে। বলা বাহুল্য, এবার আমি নিজে আরু মেয়ে দেখতে যাই নি, মা তাঁর কথামতো দিব্যি একটি টুকটুকে বৌ এনে দিয়েছেন। নিতাস্থ গ্রীবলেই তাঁর সম্বন্ধে বিশেষ উৎসাহিত হতে পারছি না।

আমার স্ত্রী তথন তাঁর বাপের বাড়ি, আসল্লসন্তানসন্তবা। আমার কোয়ার্টারে আমি একা, নথি-নজির নিয়ে মশগুল।

এর মধ্যে যে কোনো উপন্থাসের অবকাশ ছিল তা আমি স্বপ্নেও ভাবতে পারতুম না।

সেরেন্ডাদার তার এক অধীন কেরানির নামে আমার কাছে নালিশের এক লম্বা ফিরিন্ডি পেশ করলেন। পশুপতির চুরিটা অবিশ্রি আমিই ধরে ফেলেছিল্ম। আমারই শাসনে এতোদিনে সেরেস্ডাদারের যা-কোক ঘুম ভাঙল।

নতুন হাকিম, মেজাজটা সাধারণতই একটু ঝাঁঝালো, পশুপতিকে আমি ক্ষমা করলুম না।

আমারই খাদকামরায় পশুপতি তৃহাতে আমার পা জডিয়ে ল্টিয়ে পড়ল, অঞ্চকদ্ধকণ্ঠে বললে—হজুর মা-বাপ, আমার চাকরিটা নেবেন না। এমন কাজ আর আমি কক্ষনো করব না—এই আপনার পা ছুঁয়ে শপথ করছি।

পা ছটো তেমনি অবিচল কঠিন রেখে রুক্ষ গলায় বলল্ম,—
তুমি যে-কাজ করেছ, আর শত করবে না বললেও তার
মাপ নেই।

পশুপতি আমাকে গলাবার আরেকবার চেষ্টা করল: ভয়ানক গরিব হুজুর, তারি জ্বন্তে ভূল হয়ে গেছে।

আমারো উত্তর তৈরি: ভুল যখন করেছ, তখন ভয়ানক গরিবই থাকতে হবে।

কিন্তু পশুপতি আরো যে কতো ভূল করতে পারে তা তথনো ভেবে দেখে নি।

রাত্রে শোবার ঘরে লগুনের আলোতে খুব বড়ো একটা মোকদমার যোজনব্যাপী রায় লিথছি, এমন সময় দরজায় অস্পষ্ট কার ছায়া পড়ল, জ্রীলোকের মতো চেহারা। অকুণ্ঠ পায়ে ঘরের মধ্যে সোজা চুকে পড়েছে। কোনো অফিশারের স্ত্রী বেড়াতে এসেছেন ভেবে সমস্রমে চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়ে অপ্রতিভ হয়ে বললুম—আমার স্ত্রী তো এখানে নেই—

ন্ত্রীলোকটি পরিষ্কার গলায় বললে,— আমি আপনার কাছেই এসেছি। লগ্ঠনের শিথাটা ভাড়াতাড়ি উস্কে দিলুম। গলাথেকে আওয়াজটা ধানিক আর্তনাদের মতো বেরিয়ে এল: এ কী ? তুমি, স্থমিতা ? তুমি এথানে কী করে এলে ?

তাকে চিনতে পেরেছি দেখে যেন থানিকটা নিশ্চিন্ত হয়ে স্থমিত। সামনের একটা চেয়ারে বসল। ঘরের চারদিকে বিষণ্ণ চোথে তাকাতে লাগল যেখানে খাটে পাতা রয়েছে আমার বিছানা, যেখানে দেয়ালে টাঙানো রয়েছে আমার স্ত্রীর ফোটো।

খাবার জিগগেদ করলুম: তুমি এখানে কি করে এলে?

স্থমিতা আগের মতো তেমনি চোধ নামিয়ে বললে,—ভাদতে-ভাসতে!

তার এই কথায় চারপাশে মৃহুতে যে আবহাওয়া তৈরি হয়ে উঠল তারই ভিতর দিয়ে তার দিকে তাকালুম। দেগলুম সেই স্থমিতা আর নেই। যেন আনক ক্ষয় পেয়ে গেছে। আগে তার শরীরে বয়দের যে একটা বোঝা ছিলো তা-ও যেন বদে শিথিল হয়ে পড়েছে। সে আছে ওপু কালো নয়, কুংসিত। পরনের শাড়িটাতে পর্যন্ত আটপৌরে একটা সোঁধর নেই। হাত ত্থানি তৃটি মাত্র শাঁধায় ভারি রিজ্ক, অবসল্ল দেখাছে।

গলা থেকে হাকিমি স্বর বার করলুম: স্বামার কাছে তোমার কী দরকার ?

মিয়মাণ ছটি চোথ তুলে স্থমিতা বললে,— আমার স্বামীকে আপনি বক্ষাকক্ষন।

মনে মনে হাসল্ম। একবার তাকে রক্ষা করেছিলুম, এবার তার সামীকে রক্ষা করতে হবে। আদালত সাক্ষীকে যেমন প্রশ্ন করে তেমনি নিলিপ্ত গলায় জিগগেস করলুম: তোমার স্বামী কে ?

স্মিতা স্বামীর নাম মুখে আনতে পারে না, চোথ নামিয়ে চুপ করে রুইল।

শেষে নিজেকেই অনুমান করতে হল: তোমার বামীর নাম বি পশুপতি ?

----हैंगा ।

চিত্রার্পিতের মতে। তার মুখের দিকে চেয়ে রইলুম। সেই স্থাতি আর নেই। হাসি মিলিয়ে যাবার পর সে যেন একরাশ শুরুতা। তার ভিন্নতে নেই আর সেই তীক্ষতা। মুগের ভাবটি তৃপ্তিতে আর তেমন নিটোল নয়। তার জতো মায়া করতে লাগল।

জিগগেস করলুম: কদ্দিন তোমরা বিয়ে করেছ ?

থেন বহুদ্র কোনো সময়ের পার হতে উত্তর হল: এই তিন বছর

কথাটার বলবার ধরনে চমকে উঠলুম,—শেষ পর্যন্ত তোমার সেই
নির্বাচিতকেই পেলে ?

- -- ना ।
- —না? তবে প**ভ**পতি তোমার কে?

স্থমিতার চোধ ছটো জলে ঝাপসা হয়ে উঠল। বললে,— স্থামার স্বামী।

- হুঁ। একটা ঢোঁক গিলে ফের প্রশ্ন করলুম: ওকে বিজে করলে কেন প
 - —না করে পারলুম না।
 - —ওকেও চিঠি লিখেছিলে?
 - लिएथि छिनुम, किन्ह अनत्तन ना।
 - —ভনলেন না ?
 - --না।

চোথ ছটো অন্ধকারে জালা করে উঠল: শুনলেন না কেন? স্থমিতা বললে—তাঁর দৃষ্টি ছিলো তাঁর নিজের স্থথের দিকে। —নিজের স্থধ? — हा, টাকা। বিষে করে কিছু তিনি টাকা পেয়েছিলেন।

কৃক গলায় বললুম—তুমিই বা নিজের স্থুখ দেখলে না কেন? কেন
গলে ওকে বিয়ে করতে ?

—পারলুম না, হেরে গেলুম। একেক সময় মাহুষে আর পারে না। গমিতা নিচের ঠোঁটটা একটু কামড়াল।

বলল্ম—আমার বেলায় তো মরবার পর্যন্ত ভয় দেখিয়েছিলে, তথন
য়রলে না কেন ?

—না, না, তোমার এই ফ্যাশানেবল মরা নয়, সত্যি-সত্যি মরে গ্রহা। প্রেমের জন্মে তবু একটা কীতি রেখে যেতে পারতে।

রুচ আঘাতে স্থমিতা যেন আমূল নড়ে উঠল। কথার থেকে যেন মনেক দূরে সরে এসেছে এমনি একটা নৈরাশ্রের ভঙ্গি করে সে বললে, —কিন্তু সে-কথা থাক, আমার স্থামীকে আপনি বাঁচান।

—তোমার স্বামীকে বাঁচাব ? তোমার স্বামীকে বাঁচিয়ে আমার লাভ!
তবু কী আশ্চর্য। স্থমিতা হঠাৎ ত্হাতে মুথ ঢেকে ঝরঝর করে
কলৈ ফেলল, বললে,—অবস্থার লোযেই এমন করে ফেলেছেন।
বারটি তাঁকে মাপ করুন। তাঁর চাকরি গেলে আমরা একেবারে পথে
গাসব। জলে ভরা চোথ হুটি সে আমার মুখের দিকে তুলে ধরল।

নথির দিকে চোথ নিবিষ্ট করে বললুম—তোমার মতে। আমারো

রে মধ্যে অনেক পরিবর্তন হয়ে গেছে। আমি আর তেমন উদার ও

রাসভব নই।

—না, না, আপনি মৃথ তুলে না চাইলে—

বাধা দিয়ে বললুম,—কার দিকে আর মুখ তুলে চাইব বল ? ইমি আমাকে যে অপমান করলে—

- অপমান ? স্থমিতা যেন ভেঙে টুকরো-টুকরো হয়ে গেল।
- —ই্যা, এতোদিন অন্ত সংজ্ঞা দিয়েছিল্ম, কিন্তু একে অপমান ছাড়া শার কী বলব ? তোমার জ্ঞানে, তোমার প্রেমের জ্ঞানে, আমি যে

স্বার্থ ত্যাগ করল্ম তুমি তার এতোটুকু স্থবিচার করলে না, এতোটুকু সমান রাথলে না। শেষকালে পশুপতি কিনা তোমার স্বামী। তোমার স্বামী কিনা শেষকালে পশুপতি! এরপর তুমি আমার কাছ থেকে কী আশা করতে পার ?

— কিন্তু, স্থমিতা আমার পায়ের কাছে বলে পড়ল: তবু, আপনি
দয়া না করলে—

চেয়ার ছেড়ে এক লাফে উঠে দাঁড়ালুম। বললুম,—কেন দয় করতে যাব ? তুমি আমার কে ?

-- (कर्छ ना इटल कि आत म्या कता याय ना ?

—না। তৃমিই বল না, কী দেখে আমার আজ দয়া হবে ? কঠিন কটু গলায় বললুম—তোমার মাঝে দেখবার মতো আর কী আছে ?

স্থমিতা উঠে দাঁড়াল। আজ তার বসার থেকে এই দাঁড়ানোর মাঝে কোনো দীপ্তি নেই। সঙ্কোচে নিভাস্ত মান হয়ে প্রায় ভয়ে ভয়ে বললে,—সেদিনই বা কী দেখেছিলেন ?

উত্তপ্ত গলায় বললুম—সেদিন দেখেছিলুম তোমার প্রেম।
নথি-পত্তের মধ্যে ভূবে যাবার আগে একটা হাকিমি ডাক ছাড়লুম:
নগেন।

নগেন আমার পিওন।

বলনুম,—এঁকে আলো দিয়ে পশুপতিবাবুর ওথানে পৌছে দিয়ে এম। দেরি কোরোনা।

মৃম্ব্ দীপশিথার মতো স্থমিতা একবার কেঁপে উঠল। কী কথা বলতে গিয়ে চমকে বলে ফেললে,—না, আলোর দরকার হবে না। আমি একাই ষেতে পারব।

দরজার কাছে এদে স্থমিতা তবু একবার থামল। ঘরের চারদিকে মৃত, শৃক্ত চোথে চেয়ে একবার চোথ বুজল। কী যেন আরো তার বলবার ছিল, কিন্তু একটি কথাও দে বলতে পারল না।

তার সঙ্গে অস্পষ্ট চোধাচোধি হতেই তাড়াতাড়ি চোধ ফিরি^{রে} নিশুম।

ন যথো ন তম্ভো

হঠাং সেদিন সকাল-বেলায়ই শচীনের নামে এক টেলিগ্রাম এমে হাজির।

মা শুকনো মুখে শুধোলেন: কে করলে টেলি? কার কী হল?

শচীন পিওনের হাতের কাগজে নম্বর মিলিয়ে সই করে দিতেই
পিওন সাইক্লে করে অস্তহিত হল—মাতা-পুত্রের কাছে সে কী
রদয়-বিদারক হঃসংবাদ বহন করে এনেছে তা জানবার জন্যে সেথানে
সে আর দাঁড়াল না।

টেলির মোড়কটা খ্লতে গিয়ে শচীনের হাত কাঁপছে। মার মৃথ রটিং-কাগজের মতো সাদা। থবরটা শোনবার অধীর আগ্রহে ছচোথ তাঁর ঠিকরে পড়ছে।

টেলিটা পড়ে শচীন একেবারে পাথর হয়ে গেল। একবার—
হবার, তিনবার সে পড়লে—কথাটার ঠিক অর্থবোধ হচ্ছে কি না
শব্দেহ হওয়াতে আরো একবার। খুঁটিয়ে-খুঁটিয়ে আরো একবার।

মা ব্যস্ত হয়ে জিগ্রেদ করলেন,—কী থবর ? বলছিদ না কেন কিছু ?

কী যে বলবে, কেমন করে যে বলা যায়, শচীন কিছুই ভেবে পেল না। বলতে গিয়ে টের পেল গলা দিয়ে স্বর ফুটছে না, মাথা কেমন গ্রতে শুরু করেছে,—অথচ পৃথিবীর কোথাও একটু পরিবর্তন হচ্ছে না।

তাকে তথনো চূপ করে দাঁড়িয়ে থাকতে দেখে মা শোকাকুল কণ্ঠে বলে উঠলেন: শিগগির বল, কোথায় কী সর্বনাশ হল—

^{১8}—(অচি-শ্ৰেষ্ঠ)

শচীনের এতক্ষণে হয়তো ছঁশ হল। তাড়াতাড়ি দে সদর দরজার কাছে এদে রাস্তায় উঁকি মেরে বললে—পিওনটা বেরিয়ে গেল বুঝি?

भा वनत्नम-जामात्मत वाष्ट्रित (हेनि नम् ?

শচীনের বুক কেঁপে উঠল। তাড়াতাড়ি আবার সে টেলিটা পড়লে, মোড়কের গায়ে পেন্সিলের লেখাটুকুও—না, না, পিওন ভ্ল করেনি। নিশ্চয় নয়। ভূল অমনি করলেই হল।

মা ছেলের উদ্ভ্রান্ত চেহারা দেখে অস্থির হয়ে উঠলেন, বললেন,—
আমাকে কিছু বলছিদ না কেন? তোর দিদির টেলি নাকি? কেন
পিওনকে থঁজছিদ—

শচীন বললে,—কাছাকাছি দেখতে পেলে কিছু বকশিশ দিতাম। মা অবাক হয়ে বললেন,—বকশিশ!

—হাা। শচীন আরেকবার অক্ষরগুলির উপর চোথ বুলিয়ে নিলে: আমার চাকরি হল, মা। দিনাজপুর ডিস্ট্রিক্ট বোর্ডের সেই চাকরিটা।

থবরটা শচীন নিতাস্তই সহজ, সাদা গলায়, অন্তচ্ছুসিত, উদাসীন কথে মাকে জানালে। এ থবরে বিশেষ যেন উৎসাহিত হবার কিছুনেই। এ সংবাদ যেন তার জীবনের থবরের কাগজে পৃষ্ঠা-জোড়া প্রকাণ্ড হেড-লাইন নয়, মাল-পাইকায় ছাপা নিতাস্তই মাম্লি একটা ছোট থবর,—পৃষ্ঠা উলটে গেলেও চোথে পড়বে না। এ-চাকরি পেয়ে সে যে বাবার ঋণ শোধ করে বাড়িটাকে মৃক্ত করতে পারবে, ছোট ভাইটাকে স্থলেও বোনটাকে সংপাত্রে দিতে পারবে, আসন্ধ অনশন থেকে এতগুলি গ্রাসকে স্বছন্দে রক্ষা করতে পারবে—থবরটা পেয়ে আনন্দে সে একটা আর্তনাদ করে উঠল না। চোথ কচলে আবার সে টেলিটা পড়ল। রান্তার দিকে একবারটি শুধু দেখল—পৃথিবীর কোথাও এতটুকু পরিবর্তন হচ্ছে না।

ষ্পাচ এই একটা চাকরির জন্মে সে ব্যক্তির মতো স্বর্গ-পাতাল ষ্পান্থেবন করেছে। উত্তরমেক্স-স্থাবিধারের একাদিক্রম বৈফল্যের চেয়ে তার পরাক্ত্য কম মহন্তর ছিল না। দরখান্ত টাইপ করে-করে সে এখন দম্ভরমতো টাইপিন্ট-এর কাজের জন্মে দরখান্ত করতে পারে—
এত তার স্পিড! চাকরির জন্মে কীনা করেছে দে! দেবজ্পাপ্ত
কোনো বটের ঝুরিতে দে কাপড়ের পাড় ছিঁড়ে স্থতো বেঁধে দিয়েছে,
শেকড় বেটে থেয়েছে, গলায় মাছলি ধারণ করে দ্রিসন্ধ্যা ছেড়ে বাকি
তিরিশ বছরই হয়তো তাকে দেই মাছলি-ধোয়া জল থেতে হত।
করতলের ভাগ্যরেখাটা গ্রহবৈগুণ্যে নিস্তেজ, ক্ষম্বুদ্ধি হয়ে আছে,
কোনো স্থগোপন শুভলয়ে সেটা উপ্রম্থে অভিযান করল কি না
দেখবার জন্মে দেই করতলের উপর কম অত্যাচার হয় নি—মাঝেমাঝে কপালকেও দেই অত্যাচার ভাগ করে নিতে হত।

সেই চাকরি! সেই চাকরি আজ এলো—একেবারে অনায়াসে, হাতের মুঠোর মধ্যে, রুঢ়, প্রত্যক্ষ দিনের আলোয়।

অথচ সে কি না পাথরের মতো নিশ্চল, গলা দিয়ে তার স্বর ফুটছে না।

আশ্চর্য,—শচীন পরম উদাসীনের মতো, রুগীর শ্যাপার্থে বিচক্ষণ ডাক্তারের মতো, পরিষ্কার থরথরে গ্লায় বলে যাচ্ছে:

— সেই যে ডিখ্রিক্ট-বোর্ডের কেরানির চাকরিটা, মা। পঞ্চাশ টাকায় শুরু,—বছরে ত্-টাকা করে বেড়ে চুয়াত্তর টাকা পর্যন্ত। মনে নেই ? সেই দিন অন্তুক্ল-দাদা যে-ধ্বরটা দিলেন—তোমার কিছু মনে গাকে না. মা।

चार्क्षः भात-७ (म-कथा मत्न तनहे।

বিপুলা পৃথী নিরবধি কাল ধরে অচলা থাকুন ক্ষতি নেই, কিন্তু
মার মৃথ—আমাদের মার মৃথ—যে-মৃথ ছাইয়ের মতো লালা ছিল,
সহলা আগুনের মতো দীপ্ত হয়ে উঠল। তাড়াতাড়ি তিনি ছেলের
একান্ত কাছে দরে এলে চীংকার করতে গিয়ে শিশুর মতো হেলে
উঠলেন: সেই চাকরিটা ? হাা, ব্যুতে পেরেছি বৈ কি ! পঞ্চাশ
টাকা মাইনে ? তারা টেলি করে জানিয়েছে ব্যাং দেখি—দেখি
টেলিটা।

বলে মা টেলিটা ছেলের হাত থেকে কেড়ে নিয়ে আঁকাবাকা

আক্ষরগুলির দিকে ফ্যালফ্যাল করে তাকিয়ে রইলেন। বললেন,— কোখেকে না এসেছে বললি টেলিটা ?

मठीन वलतन,-- मिना ज्यूत थित ।

—হাা, হাা, দিনাজপুর থেকেই তো। পঞ্চাশ টাকা মাইনে দেবে তো—সত্যি ?

শচীন গন্তীর হয়ে বললে,—বি-এটা তো যে-করে-হোক পাশ করেছিলুম—কি বল ?

—না, না, তা তো করেছিলি। আর কী লিখেছে তারা? তর্জম। করে বল না আমাকে।

টেলিটা হাতে নিয়ে ফের আরেকবার পড়ে শচীন মানেটা মাকে বৃঝিয়ে দিলে। মা ততক্ষণ নিশাস রোধ করে মাথার চুল থেকে পায়ের নথ পর্যন্ত উৎকর্ণ করে সে-ব্যাথ্যা আয়ত্ত করলেন। পরেই দীর্ঘ-নিশাস ছেড়ে নিমেযে তাঁর শরীর বন্ধনমৃক্ত হল—পাথির ডানার মতো হালকা হয়ে গেল।

শচীন বললে,—কিন্তু আজ রাত্তের টেনেই রওনা হতে হবে। পরশু গিয়ে জয়েন করা চাই-ই।

যেন তাতে কত অস্থবিধে! দাঁডাও, সে-সব ব্যবস্থা পরে হবে। এখন ভো মোটে সকাল। মা হাত বাডিয়ে বললেন, দে, দে, টেলিটা আমার হাতে দে—তোর পিসিমাকে শুনিয়ে দিয়ে আসি—

টেলিটা মার হাতে ছাডবার আগে শচীন আরেকবার পড়ে নিল। মা একটু থামলেন। না, ঠিকই আছে—কোথাও এতটুকু ভ্লচুক নেই।

মা ঘরের মধ্যে ঢুকেই টেচিয়ে উঠলেন: শাঁক বাজাও, ঠাকুরঝি, থোকার চাকরি হয়েছে। বলেই তিনি ছোট খুকির মতো কলকল করে উলু দিয়ে উঠলেন।

পিদিমা রান্নাঘর থেকে বেরিয়ে এদে ব্যস্ত হয়ে প্রশ্ন করলেন : কী হল, বৌঠান ?

টেলিটা শৃষ্টে নাড়তে-নাড়তে মা বললেন, আমার থোকা গো ৰোকা— আনস্থে কথাটা আর তিনি শেষ করতে পারলেন না।
পিসিমা উঠোনে নেমে এসে বললেন,—কি হল? আ্যান্দিনে
বিয়ে করবে বলে মত দিলে বৃঝি ?

—না গো না, খোকার চাকরি হয়েছে। এই টেলি এসেছে দেখ।

—হয়েছে ? দেখি, দেখি—

বলে আর দ্বিরুক্তি না করে পিদিমাও উলু দিয়ে উঠলেন।

মা বললেন,—সত্যনারায়ণকে দিল্লি দেবার ব্যবস্থা কর আজ।

পিদিমা বললেন,—তুমিও এবারে বৌ ঘরে আনবার বন্দোবস্ত

সকাল বেলায় শচীন যে টিউশানিটা করে, আজ দেখানে যাবার প্রয়োজন নেই। থানিকটা সময় সে একেবারেই কিছু করলে না— ক্লান্তের মতো ভক্তাপোশটার উপর শুয়ে রইল।

খানিকক্ষণ। মনে হল আজ থেকে তার ছুটি।

এখুনি উঠে পড়ে, দিনাজপুর যাবার সব বন্দোবন্ত তার ঠিক করতে হবে। তার এখনো দেরি আছে। আরো খানিকক্ষণ সে বিশ্রাম নিতে পারে। খানিকক্ষণ চোখ বুজে থেকে পরে চোখ চাইলেই সে-খবর আর মিথা। হয়ে যাবে না।

বাইরে বারান্দায় ননদ-ভাজে তথনো জটলা করছে। উহন বসে আছে, তরকারি কোটা হয় নি। হোক না একটু দেরি।

শচীন এদে বললে,—মা, কিছু টাকা লাগবে যে। ট্রেন-ভাড়া, জিনিস-পত্রও তো কিনতে হবে কিছু। টাকা এখন পাই কোথায়?

मा मानमूर्थ वनरलन-जुड़े आं कहे गांवि नाकि ?

- —বা, আজই না গেলে পরত চাকরিতে গিয়ে জয়েন করব কীকরে?
- —তাই একেবারে আজই বেতে হবে? কিছুই তোর তৈরি নেই। গিয়ে উঠবি কোথায় ?

শচীন বললে—ও পরের কথা। এখন আপাতত কিছু টাকা চাই তো। কে দেবে!

মা ঘরের মধ্যে এসে বললেন,—আমার কাছে একখানা গিনি ছিল। সেইটেই বেচতে হবে দেখছি। উপায় নেই। পারবি নে? এখন সোনার দর কত?

মা তাঁর ট্রাক্ক খুলে বছদিনকার পুরোনো একটি কাঠের বাক্স বার করলেন। তার মধ্যে থেকে বেরুল সিঁত্র-কোটো—তার ভেতরে ময়লা ন্যাকড়ার একটা থলি—তাতে চকচকে একথানি গিনি—ভিক্টোরিয়ার আমলের। আজকে মার আনন্দের মতোই ঝকঝক করছে।

মা বললেন,—টেন-ভাডা বাবদ রেখে বাকিটায় দরকারি যা ছ-একটা লাগে কিনে ফ্যাল। এই নে।

এই গিনি দিয়ে বিয়ের সময় মাকে আশীর্বাদ করা হয়েছিল। জীবনের প্রথম যৌবন-স্বপ্লটিকে মা এ-যাবৎ স্বত্বে রক্ষা করে এসেছেন।

- —দিনাজপুরের ভাডা কত ? কি-কি তোর কিনতে হবে ?
- —তাই ভাবছি।
- —এক জোড়া জুতো কেন, ধুতি, জামা—
- —না, না, ও সব যা আছে তাতেই চলবে। তুমি কেচে একবারটি ফরসা করে দিলেই চলে যাবে। জামাগুলোর বোতাম লাগিয়ে দিয়ো। জুতো একজোড়া নেহাত না হলেই নয়।

মা আখাদ দিয়ে বললেন,—না, কিনবি বৈ কি। ফিতে-বাঁধা জুতো কিনিদ বাপু, ও-দব ভূঁড়-তোলা জুতোয় ছ্মাদও চলে না। একটা মশারি নিবি নে?

- -- मनाति पिरम की श्रव ?
- কি-জানি, যদি ম্যালেরিয়া ধরে। তা, আমাদের ঘরেরটাই দিয়ে দেবখন। চাল-এর ওপরে একটা কাপড় ঝুলিয়ে নিলেই চলবে। দেলাই করবার পথ নেই।

नहीन दलरल,--मनाति नागरव ना।

—না, না, একটি মোটে মাস তো, তার পরেই তো মাইনে পাবি— আমরা কাটিয়ে দিতে পারব। তোশকই নেই—ছোট লেপথানা পেতে শুতে পারবি নে ?

— স্বচ্ছন্দে। শোবার আবার কী ভাবনা।

মা বললেন,—তবে ঐ লেপথানাই দিয়ে দেব। গায়ে দেবার জন্তে একথানা চাদর নিস।

- --- ও-সব বাবুগিরি করে লাভ কী ?
- —না, না, গায়েও দেওয়া যাবে, দরকার হলে বিছানায়ও পাততে পারবি। একটা ছাতা নিস কিন্তু। নতুন রোদ—জর-জারি হতে পারে। যা তোমার স্বাস্থ্য। টোটকা-টাটকি যা ছ-চারটে ওষ্ধ লাগে
 —নিস মনে করে। একটা ফর্দ করে ফ্যাল।

পেন্সিল-কাগজ আনবার কথা মনে হতেই মা সহসা চোথ-মুথ বিবর্ণ করে—গভীর অরণ্যের পুঞ্জীকৃত বিপুল অন্ধকার দেখে অসহায় কঠে বলে উঠলেন: আঁটা, টেলিটা কোথায় ফেলে এলাম!

বলেই ছুটে বাইরে বারান্দায় বেরিয়ে গেলেন। মাটির উপর নিতান্ত অবহেলায় সেটা পড়ে আছে। দূর থেকে মনে হয় সামাক্ত একটুকরো কাগজ।

টেলিগ্রামটার থেকে কাল্পনিক ধুলো মৃছতে-মৃছতে মা বললেন,—
ভাগ্যিস হাওয়ায় উডে যায় নি। লালাদের গরুটাও আবার উঠোনে

চুকেছে—থেয়ে ফেলতেও পারত। ভাগ্যিস। ট্রাকেই রেথে দি—বাবা।

ট্রাকে রাথবার আগে শচীন আরেকবার থবরটা পড়লে। মা আবার একটু থামলেন। না, থবরটা অতি-মাত্রায় সত্য—কোথাও এতটুকু ভূলচুক নেই।

লালাদের গরুটা যে উঠোনের এক কোণে পালং শাকের কেডটা শাবাড় করছে, সে দিকে মার পরে নজর দিলেও চলবে।

টেলিটা ট্রাঙ্কে বন্ধ করে রেথে মা বললেন,—কোন বাক্সটা নিবি ? আছেই তো মাত্র হুটো—ওটা তো একেবারে ভাঙা। আমার বড়োটাই তা হলে নিস। শচীন বললে,—দরকার কী? ভাঙাটাতেই চলবে। কিছ আর কীকেনা যায় বল দেখি।

- —তুইই ভেবে ছাথ না কী আর লাগবে।
- আমার আবার কী লাগবে! আমি ভাবছি তোমার জ্ঞান্তে এক জ্যোদা কাপড়—পিদিমাকে না-হয় একথানা দিয়ো—আর ঘুনি সেদিন আমার কাছে চাকরি হলে একথানা বাগেরহাটি শাড়ি নেবে বলে বায়না ধরেছিল—ওর জ্ঞান

মাধমক দিয়ে উঠলেন: দ্র পাগল! এ-সব এখন থাক। ত মাস হোক আগে চাকরি। আমার এত কষ্টের গিনি ভাঙিয়ে কাপড কিনতে হবে! শোন কথা!

ছেলের সঙ্গে ত্-পা এগিয়ে এসে ফের বললেন,—একটা ছাতা আনিস কিন্তু অবিভি। একটা লগ্ন লাগবে না? ভাগ ভেবে। রাত্রে আলো চাই ভো।

मठीन वनतन,-की श्रव!

শচীন এগোচ্ছিল, মা কাছে এদে গলা নামিয়ে বললেন,—চাকরির কথা স্বাইকে যেন বলে বেড়াস নে। কে জানে কে কোথা থেকে ভাঙচি দিয়ে বসবে। আমাদের শক্তর তো আর অভাব নেই—

শচীন আমতা-আমতা করে বললে,—অহুকূল-দাদাকে তো অন্তত বলতে হবে।

—হাা, অমুক্লকে বলবি বৈ কি। আর পারিস তো কামিনী-ভাক্তারকেও বলে আসিস। তোকে সেই মন্ত অমুখটা থেকে ভালো করলে। আর—আর, হাা, সে আমিই গিয়ে বলতে পারব।

বাজার করে শচীন যথন বাড়ি ফিরলে, মা তথন ঘরে নেই। ঘুনি বললে, পিসিমাকে সঙ্গে করে কেদারবাব্র বাড়ি গেছেন, সেথান থেকে যাবেন চণ্ডী-দাদামশায়ের বাড়ি। অহকুল আর কামিনী-ভাক্তারকে তো শচীনই থবর দেবে।

ঘুনি দাদার বাক্স গুছিয়ে দিতে বসল।

মা উঠোনে চুকে বললেন,—ওদের স্বাইর আক্রেলটা একবার দেখলে, ঠাকুরঝি। পরের ভালো চোথ মেলে কেউ সইতে পারে না। চাকরিটা পেতে-না-পেতেই স্বাই ধুয়ো ধরেছে—পাকা বাড়ি তুলছ কবে, থোকার মা! তুলব বৈ কি—একশো বার তুলব। রাজলন্দ্রী বৌ ঘরে আনব। দেখতে-দেখতে পায়ের তলার কাঁচা মাটি সোনা হয়ে উঠবে।

পরে শচীনের দিকে চোথ পড়তেই তিনি এগিয়ে এলেন, প্রসন্ন ম্থে বললেন,—এদেছিদ ? কত দর পেলি গিনিটার ? কই, ছাতা আনিস নি ?

শচীন বললে,—ছাতা দিয়ে কী হবে ? এই এক বাক্স সাবান এনেছি, মা।

- —তাবেশ করেছিস। লঠন?
- —লঠন লাগবে কিসে ? তোমারো সব যেমন ! আর, এই একটা হাফ-প্যাণ্ট।

মা अनावारम माव मिल्लन : शांक-भांके ! जा मन्द नव ।

শচীন বললে,—এই সাবানের বাক্সটা ঘূনির, আর—এই টুরু, তোর জন্ত থাকির এই হাফ-প্যাণ্ট এনেছি ভাধ। ইস্কুলে যাবি নে ?

ধক্সক-বাণ ছেডে টুম্ব লাফিয়ে এল। মালকোঁচা মেরে কাপড়ের উপর দিয়েই প্যান্টটা চালিয়ে দিলে। আর সাবানের বাক্স খুলে নতুন টাটকা গন্ধে ঘুনি বিভোর হয়ে গেল।

মা বললেন,—ছালায় বেঁধে কিছু বাসন দিই সঙ্গে। যদি দরকার হয়—বলা যায় না।

শচীন বললে,—একা মাতৃষ, থাকব গিয়ে মেস্-এ, বাসন দিয়ে কীহবে?

পিসিমা বললেন,—ইয়া, বিয়ে করে নতুন যথন সংসার পাতবে, তথন ও-সব বেঁধে-ছেঁদে দিয়ো।

ভাবতে গিয়ে মার চোথ ছলছল করে উঠল। ভারাতুর কঠে

বললেন,—তৃজনকেই ছেড়ে দিয়ে একলা আমি তথন থাক্ব কীকরে?

ঘূনি সাবানের ভ্রাণ নিতে-নিতে বললে,—আমরাও থাকব গিয়ে। পিসিমা বললেন,—তুই তো যাবি খণ্ডরবাড়ি।

টুমু লাফিয়ে বললে,—আর আমি থাকব ইস্কুলে।

চোথের জল মৃছে মা বললেন,—এই ভিটে-কোঠা ছেড়ে যেতেও যে বৃকটা ফেটে যাবে, ঠাকুরঝি।

শচীন বললে,—দেজতা এখন থেকেই ব্যস্ত হয়ে লাভ নেই। সেরটাক মাংস এনেছিলাম, মা। রাল্লাঘরে রেখে এসেছি। কি রে টুম্ব, মাংস খাবি নে ?

টুম্কে তথন দেখে কে ! আর ঘুনি গেল আলু কুটতে।

যতই বেলা পড়তে লাগল মার মন ততই অবসন্ন হয়ে আসতে লাগল। তাঁর খোকা আজ চলে যাবে—নির্বান্ধব, অপরিচিত জায়গায়—কোলাহলাকীর্ণ বৃহৎ জনতার মধ্যে। এই ঘর-বাড়ি, মাঠ-আকাশ তাঁর খোকার বিরহে নিমেষে শৃত্য হয়ে যাবে। আজ মাঝরাতে উঠে ঠাণ্ডার ভয়ে খোকার শিয়রের জানলাটা চুপি-চুপি আর তাঁর বন্ধ করে দিতে হবে না।

মা বললেন,— আজকে তোর না গেলেই নয় ? এক দিন দেরি করে গেলেই কি চাকরিটা ফসকে যেত ? শেষের কথাটা বলে ফেলেই মা তাড়াতাড়ি সামলে নিলেন : থবর পেয়েই তো আর দৌড়োনো যায় না ! এটুকু ওরা বুঝাবে।

শচীন হেসে বললে,—ওরা ব্ঝলেও আমি-তুমি কী করে ব্ঝিবলো! বিকেল হতেই মেঘ করে এল—তারপর এল বৃষ্টি। গাছপালা অন্ধকার করে—আকাশ আছের করে প্রবল, প্রগাঢ বৃষ্টি। আর রৃষ্টি নিয়ে এল মার মনে অসীম ব্যাক্লতা।
মা বললেন,—ওই রৃষ্টি মাথায় করেই যাবি ?
শচীন বললে—আমি তো নৌকো নিচ্ছিনা, যাব ট্রেনে। ট্রেন
দেই রাত বারোটায়। ততক্ষণ ফরদা হয়ে যাবে।

- —গাড়ি বলেছিস **?**
- —গাড়ি লাগবে কী করতে? মিছামিছি থরচ করে লাভ কী ।
 একটা ট্রান্ধ আর বিছানা—হরলাল স্টেশনে পৌছে দিয়ে আসতে পারবে
 না ? খুব পারবে। ওকে বলে রাথ আগে থাকতে। আর জল না
 ধরলে তথন দেখা যাবে। গাড়ি করলেই বারো গণ্ডা পয়সা।

মা ছেলেকে কাছে নিয়ে বসলেন। বৃষ্টিতে সান্নিধাটি আরো করুণ ও শোকাবহ হয়ে উঠেছে। শচীন মার কোল ঘেঁসে শুয়েছে অসহায় শিশুর মতো, আর মা তার চুলে হাত বুলুচ্ছেন ও নতুন জায়গায় কেমন গে থাকবে বা থাকবে না, কার সঙ্গে মিশবে বা মিশবে না, আফিস থেকে ফিরে কী সে থাবে বা খাবে না—এই নিয়ে অসংখ্য উপদেশ দিয়ে যাছেন। বৃষ্টির সঙ্গে মিলিয়ে-মিলিয়ে শচীন মার কথা শুনছে।

যাবার সময় কাছে এল। মেঘ কেটে গিয়ে ফিকে একটু জ্যোৎস্মা উঠেছে। হরলাল লঠন ও লাঠি নিয়ে তৈরী। মোট-ঘাট প্রস্তুত। অবিশ্রাস্ক ঝিঁঝিঁ ডাক্ছে।

মা সম্ভর্পণে শচীনের হাতে টেলিটা তুলে দিয়ে বললেন,—কোটের ভেতরের পকেটে রেথে দে। বারে-বারে নাড়াচাড়া করিদ নে।

কোটের ভেতরের পকেটে রাথবার আগে শচীন আরেকবার টেলিটা পড়লে।

তারপর মাকে প্রণাম করল। পিসিমাকে প্রণাম করল। ঘুনি উঠে দাদাকে প্রণাম করতে এসে প্রায় কেঁদে ফেললে। টুফ্ ঘুমিয়ে পডেছিল—কাল্লা থামাতে গিয়ে ঘুনি তাকে ঠেলে জাগিয়ে দিলে। আড়মোড়া ভেঙে ত্টো কাঁইকুঁই করে টুফ্ও এসে দাদাকে প্রণাম করলে।

মা ধরা গলায় বললেন,—পৌছেই কিন্তু চিঠি দিন।

—নিশ্চয়।

শচীন রান্তায় নামল—হরলাল চলেছে আগে-আগে, কাঁথের উপর লাঠির ডগায় লঠন বেঁধে। চারদিক নিঝুম—ঝিঁঝিঁর ডাকে দেই নিংশক্তা আরো বেশি গাঢ় হয়ে উঠেছে।

লঠনটা আর দেখা গেল না। এতক্ষণে মাঠ পেরিয়ে ওরা কৌশনের রাস্তা নিয়েছে।

পথে জল আর কাদা। সোঁ-সোঁ করে হাওয়া বইছে। স্টেশনে পৌছুতে আর কতক্ষণ না-জানি লাগবে!

ঘরের অন্ধকারে এসে মা আর চোথের জল চেপে রাথতে পারলেন না। ঘুনিও বালিশের কোণে চোথ মুছছে। পিসিমা কাছে এসে বসলেন।

মা বললেন, — কী বিচ্ছিরি ঠাণ্ডা পড়েছে দেখেছ। কোটের ওপর চাদর কিছুতেই জড়িয়ে নিলে না। যা কিছু জিনিদ-পত্র—সব আমাদের জন্মেই রেথে যাবে। এখন ঠাণ্ডা লেগে জ্বর-জারি নাহলে হয়—

পিসিমা বললেন,—ছেলের যা স্বাস্থ্য!

—এই স্বাস্থ্য নিয়েই এত বড়ো হল! স্বাবার মেঘ করল বুঝি ? ফেশনে পৌছুবার স্বাগেই বুষ্টি এদে যাবে নাকি ?

পিসিমা জানলা দিয়ে আকাশের দিকে চেয়ে বললেন,—না, আসতে আসতে ঘণটাথানেক।

— ও! ততক্ষণে পৌছে যাবে। কি বল ? বাইরে অন্ধকারের দিকে শৃন্ত দৃষ্টিতে চেয়ে থেকে মা বললেন,—ছাতা একটা কিছুতেই কিনলে না—নিয়ে এল কি না টুম্বর জন্তে একটা হাফপ্যাণ্ট! নিজের জন্তে পারতপক্ষে একটা আধলাও খরচ করবে না—তুমি তো তা নিজ চোখে দেখছ ঠাকুরঝি, যা-কিছু কুড়িয়ে-মুড়ির পায় সব ঢালবে এনে এই সংসারে।

পিসিমা বললেন,—সভ্যনারায়ণের কুপায় দিন ভো এবার ফিরতে চলল।

মা মনে-মনে প্রণাম করে বললেন,—ঠাকুরের রূপায় শরীরটা ভালো থাকে—শুভে-লাভে গিয়ে পৌছতে পারে—পথ তো আর একটুথানি নয়! তুমি শুয়ে পড়ো—ইাা, তুমি আর জেগো না—রাত কি**ন্ত কম** হয় নি। আমার এখুনি ঘুম আদবে না। থোকার ট্রেনটা আগে ছাড়ুক।

রাত্রির বিস্তীর্ণ স্তব্ধতা বিদীর্ণ করে বহু দূর হতে কখন এঞ্জিনের বাশি বাজ্ববে তা শোনবার জন্মে মা কান পেতে বসে রইলেন। এতো দূর থেকে শোনা অবশ্যি যায় না, কিন্তু মা শুনতে পান।

পিসিমা ওয়ে পড়লেন। মা তথনো তাঁর খোকার কথাই বলে চলেছেন—একেবারে ওর সেই ছেলেবেলাকার কথা,—যথন ও হয়, য়থন ও নতুন কথা বলতে শেখে, য়খন ও প্রথম প্রাইজ পায়।

মা হঠাং পিসিমার গায়ে ঠেলা দিয়ে বললেন,— ঘূমিয়ে পড়লে নাকি, ঠাকুরঝি ? শুনতে পাচ্ছনা, এতোক্ষণে ট্রেন ছেড়ে দিয়েছে। ঘুমোবার একটু জায়গা পেয়েছে কি না কে জানে!

महीन यि पूरमावात आयुशा ना शाय, ज्र विष्टानाय शा एफिरम. मा-हे वा की करत पूरमान ?

মেঘ ভাকছে—আহক এবার বৃষ্টি। শচীন নিশ্চয়ই গাড়িতে জানলা তুলে দিয়ে নিশ্চিস্ত হয়ে বসেছে—গোয়ালন্দের স্টীমার তো সেই সকালে। স্টীমারে ওঠবার পথটুকু পেরবার সময় বৃষ্টি না হলেই হয়।

না, মার জন্মে, ছোট ভাই-বোনের জন্মে কট কিসের! চাকরি করে শবাইকে সে কাছে নেবে—একদিন এ-শহরেও তো বদলি হতে পারে, পারে না? এখন একটু ঘুমা, থোকা। আজকে আর রাত জাগিস নি।

মার একটু তন্ত্রা এসেছিল,—দরজায় কে যেন ধাকা মারছে, ভাকছে: মা, মা, ওঠ, দরজা থোল।

মা ধড়মড় করে উঠে বসলেন।

গাছপালা কাঁপিয়ে সোঁ সোঁ করে হাওয়া বইছে।

স্বপ্লের মধ্যেও মা শচীনের ডাক শুনছেন। জানতেন ও কিছু নয় — তবু মা দরজা খুললেন।

এবং দরজা খুলতেই দেখতে পেলেন—চোথের সামনে অবারিত শুক্ত মাঠ নয়, সশরীরে শচীন দাঁড়িয়ে। পেছনে মোট-মাথায় হরলাল, হাতের লঠন্টা তার নিবে গেছে। আলোটাকে এতোটা সময় পর্যস্ত বাঁচিয়ে রাখবার জন্মে পর্যাপ্ত তেল ছিল না।

শচীন কেমন মান, অপরাধী। গলা দিয়ে তার স্বর ফুটছে না।
মা-র সমস্ত শরীর কাঁপতে লেগেছে—টেচিয়ে উঠলেন: কী হল
ফিরে এলি যে ?

শচীন বললে,—ট্রেনটা মিস করলাম। স্টেশনে থেতে-থেতেই চোথের সামনে দিয়ে বেরিয়ে গেল।

— সে কি ? মা বদে পড়লেন: এতো আগে গিয়েও ট্রেন ধরতে পারলি নে ? তথন বললাম গাড়ি নিতে—মার কথা তো গ্রাহ্ করিল নে তোরা।

ঘরে চুকে ভিজে কোটটা ছাড়তে-ছাড়তে শচীন বললে,—কে জন্তে নয়, মা। এই মে-মাস থেকে ট্রেনের সময় বদলে দিয়েছে। গাড়ি আজকাল ছাড়ছে সাড়ে-এগারোটায়। অনেকেই ধবর পায় নি, অনেকেই ফিরে এসেছে।

মা নিম্প্রাণ কঠে বললেন,—ওরা তো সব আর চাকরি করছে যাচ্ছিল না। কিন্তু কী হবে ?

শচীন অন্থির হয়ে ঘরের মধ্যে পাইচারি করতে লাগল। মা আর্তনাদ করে বললেন,—চাকরিটা তা হলে গেল?

শচীন থমকে দাঁড়াল। বললে,—না, না, যাবে কেন? গেলেই হল আব কি! কাল যাব। থবর পেয়েই তক্ষুনি যাওয়া যায় নাকি? ওরা তা বুঝবে না? ওরা চাকরি করছে না?

মা বললেন,—আজ রাত্রে আর কোনো ট্রেন নেই ?

—আৰু আর আবার ট্রেন কোথায় ? কাল আবার সেই রাভ বারোটায়।

भा धमरक छेर्रलनः वादताणेष ?

—না, সাড়ে-এগারোটায়। কাল ঠিক মনে থাকবে। কিন্তু কেঁশন থেকে ফিরে আসতে জলে কাপড়-জামা প্রায় ভিজে গেছে। বাইরে যা জোলো হাওয়া! মা অব্বের মতো বললেন,—আজ রাত্রেই কোনো উপায়ে আর

যাওয়া যায় না ?

শচীন বললে, — তুমি যে এখন আমাকে তাড়াতে পারলে বাঁচো।
—ও দিকে সব যে গেল—

মার অস্টু আর্তনাদ শুনে শচীনের গায়ের রক্ত হিম হয়ে এল।

সব সত্যি গেল নাকি ? বাড়িটাকে ঋণের দায় থেকে মুক্ত করা যাবে
না, ছোট ভাই-বোন হুটো শীতের পাতার মতো শুকিয়ে মরবে, মা বুড়ো

বয়দেও হুবেলা হাড়ি ঠেলবেন—আর, আর শচীনের কল্পনাতীত নববধৃটি

মারো বছদিন অপরিচয়ের কুল্লাটিকার আড়ালে অক্তাতবাস করবে!

শচীন দীর্ঘ নিশ্বাদে বৃকের পাথরটা নামিয়ে দিয়ে বললে,—না, চাকরি যাবে কী করে? তা কি কথনো হয়?

মা অসহায়ের মতো বলে উঠলেন: পরভ কাজে যেতে না পারলে বদি তারা অহা লোক নিয়ে নেয় ?

- -- नित्वहे जा चात हन ना।
- --- श्ल ना की ! यि तिय, पूरे की कत्रा भातिम ?

শচীন বললে—দে পরে দেখা যাবে, তুমি এখন আমাকে একখানা ভকনো কাপড় দাও দিকি। বেশিক্ষণ ভিজে কাপড়ে থাকলে অমুখ করবে।

সেই কথা সম্পূর্ণ উপেক্ষা করে মা বললেন—আর কোনো টেনে অক্ত রাস্তা দিয়ে যাওয়া যায় না? সত্যি?

- बानि ना। शिल इयरण पृषिन भरत शिख भौहरण इरव।

মা তৃই হাতে মৃথ ঢেকে বললেন,—তবে আর কি ওরা তোকে নেবে? ওদের কথামতো পৌছুতে পারলি না—ওরা কড়া লোক নিশ্চয়ই—কথার একটুমাত্র নড়-চড় হলে কাজ ছাড়িয়ে দেয়। য়ে দিনকাল পড়েছে—কাজ ছাড়াবার ছুতো একবার ওদের পেলেই হল। আর,—আর কোনো উপায়েই যাওয়া যায় না আজ? ছাথ না ভেবে। অফুকুলকে একবার ডেকে পাঠাব?

শচীন বললে,—কাজ ছাড়াবে কী! দস্তরমতো টেলি করেছে না?

মা হঠাৎ উৎসাহিত হয়ে উঠলেন, বললেন,—হাা, টেলি— খাছে তো ওটা পকেটে ?

শচীন তাড়াতাড়ি পকেট হাতড়াতে লাগল।

মা ভকনো গলায়—বিশাল সমুদ্রের মধ্যে ডুবে গিয়ে বললেন,—
কী ? নেই ?

—কী বে বল তুমি, মা। আছে বৈ কি। কোথায় যাবে?
দক্ষরমতো ভেতরের পকেটে রেখেছি। আলোটা জাল।

মা বালিদের তলা থেকে দেশলাই বার করে কুপিটা জ্বালালেন।
শ্বানিন বললে—এগিয়ে আন আলোটা।

পকেট থেকে টেলিগ্রামটা বেরুল। সামাক্ত থানিকটা ভিজে কাগজটা একটু নরম হয়েছে বটে। মোড়ক থেকে টেলিটা বার করে শচীন আরেকবার পড়ল—আরো একবার।

মা নিশাস বন্ধ করে বললেন,—ঠিক আছে তো? দে আমার কাছে দে—ট্রাঙ্কে রেথে দি। দেখিস, ঠিক আছে তো?

বলে মা নিজেই কুপির আলোতে তীক্ষ দৃষ্টিতে টেলিটায় একবার চোপ বুলিয়ে নিলেন।

শচীন বললে—হাা, ঠিক আছে বৈ কি। খবর কি আর মিথো হতে পারে ?

মা বললেন-পরভই ঠিক হাজিরা দিতে বলেছে?

—তা বলুক। দেখি আরেকবার। বলে শচীন টেলিটা আরো একবার পড়লে।

হাা, ঠিকই আছে। কোথাও এতোটকু ভুলচক নেই।

আমি ষে কেন এখনো বিষে করি নি তার একটা খুব সহজ কারণ আছে। কারণ আর কিছুই নয়, যতোই আয়ু যাচ্ছে পিছিয়ে, মেয়েরা ততোই যাচ্ছে এগিয়ে। আর আমি উত্ততম মূহুর্তে অগ্রসরতম মেয়ে চাই।

কাজে-কাজেই ঘূর্ণমান পৃথিবীতে বিষেটা ঘটে ওঠে নি। সমস্ত কুমারিত্বের উপর একাধিপত্য করছি এমনি একটা গর্বে মনে-মনে বিক্ষারিত ছিলুম। মানে ষে-কাউকে যে-কোনো মুহূর্তে বিষে করতে পারি এই যে একটা দিগন্তবিস্তৃত স্থথ এটা পুরাকালের বহুপত্মিত্বের চেয়েও রোমাঞ্চকর।

এই পর্যন্ত থাতো জায়গায় বদলি হয়ে গেছি, কতো যে মেয়ে দেখে বেড়িয়েছি তার ইয়ত্তা নেই। বলা বাছল্য, আমার চাকরিটা মেয়ে দেখে বেড়ানোর পক্ষে ভারি অমুক্ল ছিল। আর সেটা এমন চাকরি, যেখানে আমার মতটাই প্রথম ও আমার মতটাই শেষ। তাই যেখানে পা দিয়েছি দেখানেই কল্যা-কণ্টকিত বাপের দল অনর্গল আমার দারক্ষ হয়েছেন। বিয়ে করব না আমার এমন কোন নীচ প্রতিজ্ঞা ছিল না। তাই বছ মেয়েই আমাকে দেখতে হয়েছে। এবং আশ্বর্ধ, ববাইকেই আমি অকায়য়েশে একে-একে পছল করে এসেছি।

প্রশন্ত রাস্তাটা যদি আমার মন:পুত না হয় সেই জল্মে অনেক মেয়ে অন্ধনার সন্ধার্শ পথে আমার অন্তঃপুরে প্রবেশ করতে চেয়েছে। অবিশ্রি তাদের মায়েদের মত নিয়ে। কিন্তু নিত্রি বিয়েই যথন করব তথন কাকে ভালোবাসল্ম কি বাসল্ম না, কবিত্ব করল্ম কি করল্ম না, বিপদ ঘটাল্ম কি ঘটাল্ম না, কিছুতেই কিছু যায় আসে না। মোদা কথা হচ্ছে এই, বিয়ে ষেই করল্ম অমনি বিস্তীর্ণ পৃথিবী একটা তক্তাপোশ হয়ে উঠল আর প্রকাণ্ড আকাশটা হয়ে দাঁড়াল একটা মশারি।

এই চমৎকার আছি—আমি আর আমার সাইকেল।

কিন্তু বিধাতার চক্রান্তে এমন এক জায়গায় এসে পড়লুম, য়েখানে পাট-শাক আর তামাক-পাতা ছাড়া আর কিছুই পাওয়া য়য় না। মাধার উপর আকাশ নেই তা আমি বরং কল্পনা করতে পারত্ম, কিন্তু দিন-রাত্রে ঘূণাক্ষরেও একটি তরুণীর দেহ-রেখা দেখতে পাব না এ একেবারে হংসহ ছ্র্দিনেও ধারণার অতীত ছিল। জায়গাটা এমন বিশ্ববিভূতি যে মাইনর-ইন্ধুলের উপর মেয়েদের এখানে ক্লাশ নেই। এমন একটা কোনো হল্লা বা হুজুগ নেই য়েশাড়ির হুটে। চঞ্চল অসথসানি অন্তত শোনা য়ায়। কৌশনে যেতে হলে ঘোড়ার গাভিটা এদের কাঠের একটা সিন্দুক হয়ে ওঠে। কারু বাড়ি থেকে কারু বাড়িতে বেডাতে যাবার যে এদের রাস্তা সে আর-কারুরই বাড়ির ভিতর দিয়ে। এখানে এখনো এমন একটা ঝড় উঠল না য়ে মেয়েরা ত্রন্ত হয়ে ক্রন্ত হাড়ে ঘরের জানলাগুলো বা বন্ধ করে দেবে। এখানকার অফিসারগুলোও এমন প্রাদেশিক, সন্ত্রীক বেডাতে বেরুবার পর্যন্ত কারু সাহস নেই। রোদ্ধুরে হলদে-হয়ে-য়াওয়া শুকনো মাঠের উপর দিয়ে কেবল সাইকেল চালিয়ে চলেছি।

এমন যে মহিমাময় স্থোদয়, জীবনে তা কথনো দেখি নি: তাতে বিশেষ কোনো ক্ষতি হয়েছে বলে মনে হয় নি। কিন্তু আজ তিন মাস এই মহকুমায় এসেছি, সাইকেলে করে কত চক্র আবর্তন করলয়, কিন্তু ঘাটে, জানলায় বা উঠানে এমন একটি মেয়ে দেখলুম না য়াঞ্চেক্পকালের জন্তেও তার ইহজনের ঘোরতর ত্তাগ্যের কথাটা মনেকরিয়ে দিতে পারি। কেননা এমন মেয়ে দেখতেই আমার ভালোলাগবে যে সক্লোপনে একবার ভাববে, অন্তত আমি ভাবব সে ভাবছে, এর যদি মিসেস হতে পারতাম—এবং তথুনিই সচেতন হয়ে ভাববে

অন্তত আমি ব্ঝাব দে ভাবছে, এখনো তো তার সময় যায় নি ! আমি বে হব না, কিন্তু আমি যে হতে পারি—এই দর্পণের ভিতর দিয়ে একটি সাধারণ মেয়েকেও আমি আজ অপরূপ ফুল্বর করে দেখতে পারত্ম, কিন্তু ম্থোম্থি না হলে দেই বা ভাববে কী, আর আমিই বা ব্ঝাব কী!

লাল-ফিতে-বাঁধা ফাইলগুলো অনিদ্রাক্লান্ত রাত্রির কর্দর্য ক্লেদের মতো অসহ হয়ে উঠল, বৈকালিক ক্লাবটা একটা পিঞ্চরাবদ্ধ চিড়িয়া-গানা, সাইকেল-ঘূর্নিত রান্তাগুলি একটা ক্রমান্থিত কর্তব্য। এমন ষে এখানে প্রসারিত প্রকৃতি, নীলে আর স্থামলে, তাতে পর্যন্ত এভটুকু প্রাণ নেই। কেননা, আমি ভেবে দেখেছি, অস্কুচ্চারিত মনে কোনো রমণীর স্থৃতির স্থ্যমা না থাকলে প্রকৃতিকে সম্পূর্ণ সম্ভোগ করা যায় না, সে নিভান্তই তথ্ন একটা মানচিত্র হয়ে ওঠে।

এমনি যথন কচ্রিপানাধ্বংস ও পাটচাষ্নিয়ন্ত্রণ নিয়ে ঘোরতর বাপুত আছি, হঠাং একটা অসম্ভব কাণ্ড ঘটে গেল। ইাা, সেটাকে ঘটনাই বলতে হয়। অবাক হয়ে ভাবলুম্, এ আমি এতদিন ছিলুম কোথায়।

বেল ওয়ে স্টেশনটা শহর থেকে প্রায় মাইল ত্যেক দ্রে। বসতিবিবল ক্ষেত্রে উপর দিয়ে ডিষ্ট্রিক্ট-বোর্ডের স্থাকির রাস্ভাটা কেটান

ইয়ে লোকাল-বোর্ডের কাঁচা রাস্তা হয়ে গ্রামের মধ্যে চলে গেছে।
শেই সন্ধিতনের কাছাকাছি ছোট একটা মুদি-দোকান। দোকানটা
এর আগে কোনোদিন আমার চোথে পডেছে কিনা মনে করতে
পাংলুম না, যদিও টুর শেষ করে বহুদিন এরই পাশ দিয়ে বাড়ি
কিরেছি। আছ হঠাৎ সেই দোকানটা চৌর্দির শো-কেসের চেয়েও
ভাকালো মনে হল।

নিচু দোচালায় বাঁশের মাচা বেঁধে এই দোকান—ভিতরের দিকে
দরজা দেখে বোঝা যায় অন্তরালে দোকানির অন্তঃপুর আছে। মাচার
উপরে কতকগুলি মাটির গামলায় নানারক্মের তাল, হুন, শুক্নো লক্কা,
আদা-হলুদ থেকে এলাচ, স্থারি, জাপানি কিছু থেলনা, গৃহস্থালির

টুকিটাকি জিনিস, গ্রাম্য প্রসাধনের সন্তা সাজ-সরঞ্জাম। দোকানের লাগোয়া থানিকটা জমিতে ঘোড়ার একটা আন্তাবল, সজের ট্রেনের সময় হয়ে এসেছে বলে কোচোয়ান গাড়ি জুতছে।

দোকানে ভিড় দেখে হিসেব করে দেখলুম আজ হাট-বার।
পদারিরা শহরের বাজারে কেনা-বেচা করে বাড়ি ফেরবার মুখে এখান
থেকে কেউ রানী-মার্কা তেল, কেউ বা কড়াইয়ের ভাল কেউ বা এটাদেটা কিনে নিয়ে যাছে। এত সব খুটিয়ে-খুটিয়ে না দেখে আমার
উপায় ছিল না, যদিও দৃশাত দেখানে আমি নেমে পড়েছিলুম কাউকে
দিয়ে একটা দেশলাই কেনাবার জন্যে।

এই ছোঁড়া, শোন। রান্তার একটা ছোকরাকে ভাকলুম।

আমার ভাক শুনে গ্রামিক ক্রেভার দল ব্রস্ত হয়ে উঠল।
নিরুপায় স্তব্ধ হয়ে গিয়ে এ ওর গা-টেপাটেপি করে নিমু ভীত কঠে
বলাবলি করতে লাগল: সাহেব, বড়ো সাহেব।

বড়ো ভালো লাগে নির্বোধ জনতার এই সভক্তি ভীতি দেখে।
কিন্তু মাচার উপর বসে কালো ফিতেয় কেশম্ল দৃঢ় আবদ্ধ করে যে
মেয়েটি আনত আয়নার উপর ঝুঁকে পড়ে ক্ষিপ্র আঙুলে বেণী বাঁধছে,
তার ভঙ্গিতে এতটুকু একটু স্বরা বা কুঠা এল না। শুধু কটাক্ষকুটিল
কালো ছটি আয়ত চোথ তুলে আমার দিকে তাকিয়ে আবার কেশরচনায় মনোনিবেশ করলে।

ছোকরাটা কাছে এলে তার হাতে একটা পয়সা দিলুম। বললুম, একটা দেশলাই নিয়ে আয় তো। বলে কেস থেকে একটা সিগরেট বের করে বুড়ো আঙ্লের নথের উপর ঠুকতে লাগলুম।

মেয়েটি কিছুমাত্র সঙ্কৃচিত না হয়ে, মুথ না তুলে, তেমনি অনাড় ছ ভিক্তিত ছোকরাকে বললে, এ তুকানে দিশালাই নেই।

ছেলেটা পয়সা ফিরিয়ে দিল।

হঠাৎ মনে হল, সাইকেলের শেকল বা ত্রেক কোথায় যেন কী বিগড়েছে। তাই এটা-ওটা নাড়াচাড়া করে ওটাকে মিথ্যে সজুত করবার চেষ্টা করতে লাগলুম। দেখলুম এর মধ্যে মেয়েটি একবারো শারনার থেকে চোথ তুলল না, অমনি নির্নিপ্ত বলে-বলে হালকা হাসির ফোড়ন দিয়ে কারু-কারু সঙ্গে পরোক্ষে ফাট্ট-নাষ্ট করছে। ভনল্ম, স্পষ্ট শুনতে পেল্ম, কোচোয়ানকে সংঘাধন করে ও বললে, এই জামাল, সাহেবের কল থারাপ হয়ে গেছে, গাড়ি করে কুঠিতে পৌছে দিয়ে আয় না। বলেই দীর্ঘপক্ষজাল তুলে ও আমার দিকে ভীক্ষ দৃষ্টিক্ষেপ করল।

এর পর আর সাইক্লে করে ফেরা যায় না। তাই গন্তীর মুখে কোচোয়ানকে উদ্দেশ করে বললুম, এই লাও গাড়ি।

ছকুম শুনে গাড়ি এসে দাঁড়াল। সাইকেলটা নিজেই ছাদে তুলে দিলুম। গাড়িতে গিয়ে বসতেই সিগারেট ধরালুম। নিজের চার পাশে একটু নিভৃতি খুঁজে পেয়ে সন্তর্পণে তাকালুম মেয়েটি যদি একবার দেখে। কিছু তার অবজ্ঞাটা চমংকার।

দেদিন কী ভাগ্যিস, ক্লাবে যেতে হল না, আটটার আগেই ডিনার থেয়ে বাইরে লনে, ইজিচেয়ারে শুয়ে পডলুম। ছই চোথ ভরে একসকে কত যে তারা দেখলুম, কত যে আশা আর বার্থতা, তার ইয়ভা নেই। ভাবলুম, এ কী করে সম্ভব হতে পারে।

মেয়েটি হিন্দুস্থানি, বয়েস আঠারো থেকে বাইশের মধ্যে। গায়ে পীডাদায়ক আঁট একটা কাঁচুলি, সাদার উপরে কালোর ছাপ-তোলা ফুরফুরে পাতলা একটা শাডি পরনে। রজনীগন্ধার পুস্পদণ্ডের থেকে জক্ষ করে রৌজ্রঝলকিত নিক্ষাশিত তলোয়ারের সঙ্গে নারীদেহের বহু উপমা দেখেছি, কিন্তু ওর সেই ছন্দোবদ্ধ ভঙ্গিময় শরীর কথাক্ষ বোঝাতে পারি এমন কথা মাহুষের ভাষায় তৈরি হয় নি। ওর সমস্ত অসাধারণত্ব ছিল ওর তুই চোঝে—সে কী আশ্চর্য চোঝ—যেন গায়ের চামড়া ভেদ করে হাড় পর্যন্ত এসে বিদ্ধ করে। সেই চোঝে এতটুকু স্থকোমল মোহ নেই, যেন কঠিন নিষ্ঠুর একটা বিদ্ধেপ। যার দিকে তাকায় তাকেই মেন সে চোঝ শানিত সঙ্গেত করে : ধরা পড়ে গেছ।

তারপর আবো তৃ-তিন দিন নিতান্ত থাপছাড়া ভাবে দোকানের গেকে দ্রে দাঁড়িয়ে আমাকে এটা-ওটা ফরমাজ করতে হয়েছে, কিঙ

ভতোবারই মেয়েটি শ্বস্থাভাবিক নির্নিপ্ততায় গন্তীর খবর পাঠিয়েছে— এ দোকানে তা পাওয়া যাবে না।

দোকানের ধারে ছোট পঙ্কিল একটা ডোবা ছিল। সেদিন সর্টদ প্রে হান্টার হাতে নিয়ে অনাবশ্যক প্রাতর্ত্র মণে বেরিয়ে পড়েছিল্ম। দেখি, মেয়েটি একটা গুঁড়ির উপর বদে এক পাঁজা বাসি বাসন মাজভে। আক্ষম অনাবৃত তৃই বাহু, মাথার ঘোমটাটা পিঠের উপর বিশুভাল, সমস্ত ভঙ্গিটা কেমন যেন অসহায়।

স্মানাকে দেখতে পেয়ে উচ্চ কলহাস্থে ও ডেকে উঠল: ও লখনারে।

ছ-সাত বছরের একটা ছেলে কোখেকে এল ছুটে। তাকে চাপা গলায় কি-একটা ইসারা করতেই তুই হাতে মেয়েটির মাথায় সে পিঠের আঁচলটা অগোছাল করে তুলে দিল। বাছ দিয়ে টেনে টেনে সেটাকে স্বাস্থ্য করে মেয়েটি তার বসায় একটা কাঠিল আনলে। ছেলেটাকে সামনে দাঁড় করিয়ে রাখলে উদ্ধত প্রহরীর মতো। মনে-মনে প্রচণ্ড একটা মার খেলুম।

অথচ তার সাধারণ যা হাব-ভাব তাতে তার এই কঠিন গান্তীর্ধের কোথাও কোনো সমর্থন পাওয়া যেত না। তাকে যথন প্রথম দেখেছি, দেখেছি তরল হাসির টেউয়ে উছলে পিছলে পডছে, এর-ওর সঙ্গে লাকা চটুলতায় মৃথর হয়ে উঠছে, ওর বসা ও দাঁড়ানো, ভেতরে চলে যাওয়া ও দোকানে মাচার উপরে উঠে বসা ছোটখাটো সমস্ত ভঙ্গিতেই এমন একটা চাপলা ছিল যেটা সাদা চোথে ঠিক স্থচারুসকত মনে হবার মতো হয়তো নয়, অথচ আমাকে দেখেই কিনা সে গান্তীর্ধে নিটোল বা বিজ্রপে ধারালো হয়ে ওঠে। হতে পারে, আমাকে সেভয় করে; কিন্তু তার দোকান থেকে অপ্রাপ্য জিনিস কেনবার অনাবক্ষক ব্যন্ততা দেখে আমাকে আর তার ভয় করা উচিত ছিল না। এবং, আমি যে কত বড়ো অন্থগ্রহক এ-কথা তার অন্ধানা নেই। সার্কেল-ইনস্পেক্টারকে গোপনে ডেকে জিগগেস করলেই ওর এই দোকান সম্বন্ধে অনেক রোমহর্ষক ইতিহাস হয়তো শোনা যায়; অন্তত

কতবার ও-দোকান দার্চ হয়েছে এবং কত রাতে ওখানে 'বি-এল' কেদএর গোড়াপত্তন হয়েছে। এ-দোকান যে কিদের দোকান তা বৃঝতে
দামাগ্রতম কৌতৃহলেরও হয়তো অবকাশ ছিল না। দোকানের এই
পরিবেশ, মেয়েটির এই সাজ-গোজ, ছলা-কলা, চাল-চলতি, দব চেয়ে
তার এই অভূত একাকিও—দব কিছুতেই দে অতিমাত্রায় স্পষ্ট ও
উদ্ঘাটিত। বলতে গেলে, এ-জানাটাই কিন্তু আমাকে দব চেয়ে
বিধেছে! অথচ তার তুই চোথের দেই অদৃশ্য রহস্যের দক্ষে তার
এই বিলসিত দেহসজ্জার কোনো দক্ষতি পেতুম না। মনে হত
কোথাও একটা মন্ত বড়ো ভূল করে বসেছি।

ভাবলুম, দৃত পাঠাই। নির্জন রাতে অন্ধকার বাঙলোয় বসে তাকে অভিসারিণী করে তুলি। কিন্তু পাঠাই কাকে? যে আজ্ব আমার অহচর, আমি বদলি হয়ে গেলে সে-ই আবার আমার গুপ্তচর হয়ে উঠবে, অতএব কাউকে বিশাদ নেই। আমরা দব হারাতে পারি, খ্যাতি হারাতে পারিনে। কোনো ক্ষতিই ক্ষতি নয়, যদি খ্যাতি থাকে অব্যাহত। আর, এই খ্যাতি হচ্ছে আমাদের কাঁটার মুকুট। যতো সে শোভা ততো সে প্রতিবন্ধক।

অর্ডারলিকে বললুল, পায়ের রগে কেমন-একটা ব্যথা হয়েছে, সাইক্লে থেতে পারব না। একটা গাড়ি টাই।

অর্ডারলি জিগগেস করলে: ইক্টিশান?

না, চালনায় যাবো। মাইল আষ্টেকের পথ। ডি**ট্রিক্ট**বোর্ডের পাকা রাজা আছে।

নিয়ে আসি।

আর, শোনো। তাকে বাধা দিল্ম: জামালের গাড়িতে নতুন বং কয়েছে, নতুন টায়ার বসিয়েছে চাকায়। ওটা আনতে পারবে না? পারব।

পর্ডারলি জামালের গাড়িই হাজির করলে। একটা পোর্টফোলিও নিয়ে বেরিয়ে পড়লুম। সঙ্গে কাউকে নিলুম না।

জামালকে যদি ভিতরে বসিয়ে গল্প করি তবে গাড়ি চলে না, অভএব

শহরের দীমানা পেরিয়ে যেতে আমিই কোচবাক্সে উঠে বদল্ম। খ্ব একটা মজা হচ্ছে এমনি একথানা ছেলেমানিষি ভাব দেখিয়ে লাগামটা তুলে নিলুম। জামাল পাশে বদে পরম আপ্যায়িত বোধ করতে লাগল।

জিগণেদ করলুম, গাড়িটা বুঝি তোমার ?
জামাল কৃষ্ঠিত হয়ে বললে, আমার নয়। গৌরীয়ার গাড়ি।
কে গৌরীয়া ? ঐ যার মুদি-দোকান ?
ছাঁ। আমি ঠিকে থাটি। মাইনে পাই। পনেরো টাকা মাইনে।
বটে। ওর তো তা হলে অনেক পয়দা!

তা হয়েছে অল্প-বিস্তর। আগে ছাগলের ত্থ বেচত, কিছু-দিন ইষ্টিশানে ঝাড়াপোছারো নাকি কাজ করেছে।

জিগগেদ করলুম: ওর বাড়ি কোথায়?

कष्रकाराम ना मकःकत्रभूतत ।

এখানে এসেছে কেন ?

স্বামীর সঙ্গে ঝগড়া করে।

वरना कि, अत्र विरय शर्याहिन नाकि?

আজ ত্বছর। স্বামী ওকে একদিন নাকি খুব মেরেছিল উন্নর রান্না বসিয়ে ঘূমিয়ে পড়েছিল বলে। তাই সে রাগ করে পালিতে এসেছে।

আর ফিরে যাবে না?

তা একবার দেখুন না বলে। মারতে আসবে।

ঠিকই তো। কেনই বা ফিরে যাবে বলো, যখন এখানে ওর কোনো ছংখ নেই। ঘোড়ার পিঠে টেনে একটা চাবুক কসলুম, বললুম, কিঃ ওর স্থামী ওকে নিতে আসে না ?

পাছে সে আসে সেই জন্মে বালিসের তলায় ও প্রকাণ্ড একটা ছুরি নিয়ে শোয়।

একটু ভয় পেলুম বোধ হয়। বললুম, অক্টের বেলায় দে-ছুরি বৃঝি ভার চোখের ভারায় ঝিলকিয়ে ওঠে। কথাটা আন্থাদ করবার মতো জামালের ততো স্ক্ষতা ছিল না। তাই ফের বললুম, ভেতরে তো ছোট্ট একটুথানি খোপরি, এথানে তোমাদের জায়গা হয় কি করে?

কী দর্বনাশ, জামাল দর্বাঙ্গে শিউরে উঠল: আমি থাকব ও-ঘরে ? বলেন কি বার্দাব, আমি যে ওর চাকর, মাইনে খাই।

অন্তত্ত করলুম যুবক জামালের বলদৃগু কঠিন শরীর যেন মৃহুর্তে সঙ্গুচিত, পাংশু হয়ে উঠল।

তবে ওথানে থাকে কে ? ওর দেশের বুড়ো এক ঝি আর ওর ঐ ছুরি। আর কেউ না ?

আমি তো কখনো দেখি নি। বলে জামাল আমার হাত থেকে লাগাম তুলে নিল। আমি পরাভূতের মতো গাড়ির ভিতরে গিয়ে বসলুম।

দেদিন সন্ধ্যা উত্তীর্ণ হয়ে যেতেই ঘোরতর মেঘ করে এল। কলেজ ছাড়বার পর সেই প্রথম দেদিন ধৃতি-পাঞ্চাবি পরল্ম। অমাবক্সাবলতে যেমন অন্ধকার, আমাকে বলতেও তেমনি হাট-কোট বোঝাত। চিতেবাঘ যদি তার দাগগুলো মৃছে ফেলে, সে একটা শেয়াল হয়ে ওঠে, আমিও তেমনি টাই-ট্রাউজার্স ফেলে মফস্বলে শশুরবাড়ি-করতে-আসা শহরের ফুলবাব্টি হয়ে উঠলুম। নিজেকে চিনতে নিজেরই অত্যক্ত দেরি হয়ে যাচছে, অত্যে পরে কা কথা।

ঈশ্বর সদয় ছিলেন, তাই তথুনিই বৃষ্টি নামল যথন প্রায় দোকানটার কাছে এসে পড়েছি। বৃষ্টির থেকে ক্ষণিক পরিত্রাণ পাবার জ্বন্তেই যেন সাশ্রয়ের বাছ-বিচার না করে দোকানের মধ্যে ঢুকে পড়লুম।

দেখলুম, আগেই দেখেছিলুম, ঝোলানো লগুনের আলোতে গৌরীয় মাচার উপরে পা টান করে বলে স্থর করে কী পড়ছে। বুড়ো-মতন কে-একটা স্ত্রীলোক, বোধহয় ওর দেশের সেই ঝি হবে, মাটিতে বলে ভাই শুনছে গদগদ হয়ে।

শাষাকৈ দেখে গৌরীয়া থামল, কিন্তু আশ্চর্য, একটুও চমংক্লড ১৬—(অচি-শ্রেষ্ঠ) ১৫৫ হল না। ঝি-কে ভগু বললে, মাচার তলা থেকে মোড়াটা বার করে দে।

মোড়া বার করে দিল। ছাতাটা মাচার গায়ে হেলান দিয়ে রেখে ওয়াটার-প্রফটা কোলে নিয়ে বসলুম। কিন্তু কী বলি ওকে? আমাকে দেখে কোথায় ও অভ্যর্থনায় অজস্র হয়ে উঠবে, তার বদলে এমন একথানা ম্থ করে আছে ফেন আমি মধু-উৎসবে উভত একটা মৃত্যুদণ্ডের মতো এসে বসেছি। কোথায় বা তার সেই ছলনা, কোথায় তার সেই ছরি!

ঝি-কে ও ভীষণ গম্ভীর হয়ে বললে, তুই ভেতরে যা, বাবুর সঙ্গে আমার কথা আছে।

নামের আগে বা পিছে বাব্-শক্টা যে মোটেই পছন্দ করি ন। বাঙলাভাষানভিজ্ঞ গৌরীয়ার তা জানবার কথা নয়, তব্ মনে হল ও-কথাটার মধ্যে ও যেন ইচ্ছে করেই একটু অবজ্ঞা মিশিয়েছে। তব্ বৃষ্টিমুখর মৃহুর্তে ক্ষণিক একটু নিভৃতির স্চনা হল মনে করে খুশী হলুম।

কিন্তু গোরীয়ার কথা গোরীয়াই জানে। রাস্তার ত্পাশের নালাগুলি জলে ভরতি হয়ে গেল। গোরীয়া একমনে রামায়ণের পৃষ্ঠা উলটোচ্ছে।

শেষকালে আমিই কথা কইলুম। বললুম, সত্যি, তোমার সঙ্গে একটা কথা আছে, বলব ?

আনত চোথে কঠিন গলায় গৌরীয়া বললে, যদি অভায় না হয়, বলুন।

না, দে কি কথা, অন্তায় আবার কী বলতে পারি আমি, তাই ভকনো একটা ঢোঁক গিলে বললুম, এত রাতে, এখনো তোমার দোকান খুলে রেখেছ যে?

ও চোথ তুলে একটু হাসল। বললে, থোলা না রাখলে বৃষ্টিতে ভিজে লোক এসে দাঁভাবে কোথায় ?

কথাটা ঠিক আমাকেই নিক্ষেপ করেছে দেখলুম।

ঠিক সেই সময়টাতে কে-একজন বৃষ্টিতে গান ভাঁজতে-ভাঁজতে

দোকানে এসে দাঁড়াল। দোকানে ঢুকে সেই গানটা সাড়ম্বর নৃত্যের ভদিতে রূপাস্তরিত হতে যাচ্ছিল, আমাকে দেখে লোকটা হঠাৎ জিভ কেটে স্বস্থিত হয়ে গেল।

তাকের উপর থেকে একটা শিশি টেনে এনে গৌরীয়া বললে, এই তোমার তেল, আরেকটা পুঁটলি বের করে: এই তোমার হুন। বলেই ঝিকে হাঁক দিলে। বললে, ঘরে একটা ছাতা আছে না? ওকে দিয়ে দে, ক্রোশ তিনেক দূরে ওর গাঁ, ও বাড়ি চলে যাক।

ঝি ছাতাটা বার করে আনল। গৌরীয়া লোকটাকে বললে, শিগগির পালা। এখনি আবার চেপে আদবে।

গোরীয়া আমার দিকে ব্যথিত চোথে তাকাল। বললে, আপনিও এবার বাড়ি যান, বাবুসাহেব। নইলে, এরপর আবার কোনো লোক যদি আসে, তবে তাকে তাড়াবার জন্মে আপনার ছাতাটাই তাকে দিয়ে দিতে হবে। সেটা ভালো হবে না। আপনি বাড়ি যান।

কথার চেয়ে কথার স্থরটি ভারি ভালো লাগল। বললুম, রৃষ্টিটা নাধরা পর্যন্ত তোমার এথানে একটু বসতে দিতেও তোমার আপত্তি আছে ?

আছে। গৌরীয়া নিস্পাণ গলায় বললে, জায়গাটা ভালো নয়।
তাতে আমার কী! বাইরে জল পড়ছে, তাই এখানে আমি একটু
বদে যাচ্চি বই তো নয়।

কিন্তু গরিবের ঘরে মৃক্তার হার দেখলে লোকে তা চোরাই মাল বলেই সন্দেহ করে, বাবুসাহেব ! গৌরীয়ার সমস্ত ভঙ্গিট বেদনায় যেন নম্র হয়ে এল : তাতে গরিব আরো গরিব হয়, তাতে মৃক্তোরও সেই দাম থাকে না। আপনি বাডি যান।

বা, বিপদে পড়ে তোমার এথানে এদে কেউ দাঁড়াতে পাবে না ?

কিন্তু আমার ভয় হয় বাবুসাহেব, এখানে এসে না তুমি বিপদে পড়। গৌরীয়া ঈষৎ চঞ্চল হয়ে উঠল: এখনো অনেক পয়সার সওদা নিয়ে ^{বেতে} বাকি। বৃষ্টির জন্মে পথে কোথাও নিশ্চয় আটকা পড়েছে। তোমাকে তারা এখানে দেখবে, শুকনো ছাতা আর শুকনো বর্গাভি নিয়ে মোড়ার ওপর শুকনো মুখে বসে আছ, এ আমি কিছুতেই দেখতে পারব না। আমি ছোট আছি, কিন্তু তুমিও ছোট হবে এ দেখতে বুক আমার ফেটে যাবে, বাবুসাহেব।

বলেই সে ঝি-কে ডাকলে; বললে, ডোঙাটা মাথায় করে জামালকে ডেকে নিয়ে আয় তার বাড়ি থেকে। গাড়িটা বার করতে হবে। বাবুসাহেবকে পৌছে দিয়ে আসবে তাঁর কৃঠি।

গা-ঝাডা দিয়ে উঠে দাড়ালুম। বললুম, না, গাড়ি কেন? হেঁটেই চলে যেতে পারব।

রেইন-কোটটা গায়ে চাপিয়ে রাস্তায় নেমে আসছি, পিছন থেকে গৌরীয়া বললে, নমস্কার।

ভাকাল্ম না পর্যন্ত । প্রায় উপর্বাসে বেরিয়ে এল্ম । কুঠিতে গিয়ে কতক্ষণে যে এই ধুতি-পাঞ্জাবি ছেড়ে আবার পরিচিত শার্ট-ট্রাউজার্সে উপনীত হব তারি জন্মে হাঁফিয়ে উঠল্ম । মনে হল একটা অতলাম্ব অপমৃত্যু থেকে ঈশ্বর আমাকে রক্ষা করেছেন । কিন্তু সে কি ঈশ্বর ?

শুধু ঐ দোকান নয়, এই শহরই আমাকে ছাড়তে হবে। ভ্যালহৌদি স্বোয়ারে তাই অনেক সই-স্থারিশ করে মাস তিনেক পর বৃদলি পেলুম।

মাল-পত্ত আগেই রওনা হয়ে গেছে; পরে আমি, একা; বলা বাছল্য, জামালের গাড়িতে নয়। স্টেশনে ছোটোথাটো একটা ভিড় হবে ও বহু লোকের সঙ্গে অনেক মৃথস্থ-করা মাম্লি কথা বলতে হবে, সেই ভয়ে ট্রেনের খুব সন্ধীর্ণ সময় রেখেই আমি বেকলুম।

গৌরীয়ার সেই দোকানের পাশ দিয়ে গাড়ি যাচছে। দেখলুম, মাচার উপরে গৌরীয়া নেই। গামলাগুলি থালি, এ কদিনে দোকানের এ জনেক কমে গেছে মনে হল। ভাবলুম, যাবার সময় ওকে একটিবার দেখে গেলে ভালো লাগত।

দেখলুম, পাশের সেই পুক্রধারে শাখাবাহুলাবর্জিত কী একটা গাছের পাশে দাঁড়িয়ে সে আমার যাওয়া দেখছে। আমার সঙ্গে চোধাচোধি হতেই সে অল্ল একটুথানি হাসল। সে অল্ল একটুথানি হাসা বে কী অপরপ তা ব্ঝিয়ে বলি এমন শক্তি নেই। আজকের
ভারবেলাটির মতোই বিষাদে নির্মল, বিরহে সকরণ সেই হাসি। তৃ:খকে,
কতিকে, অপরিসীম শৃহাতাকে সামান্ত হাসি দিয়ে ফুটিয়ে তুলতে হবে
এমন যদি কোনো পরীক্ষা থাকে সংসারে, তবে সেই পরীক্ষায় গৌরীয়া
ফুল-মার্ক পেয়েছে। একদৃষ্টে এতক্ষণ ধরে ও কোনোদিন আমার দিকে
তাকায় নি। আজ দেখলুম তাতে কত বিষাদ, কত স্নেহ, কত শান্তি!
গাড়িটা থানিক দ্র চলে এসেছে। বললুম, চললুম, গৌরীয়া।
গৌরীয়া হয়তো ভনতে পেল না, কিন্তু যাবার সময় কিছু একটা
তাকে বলে গেছি মনে করে সে আঁচলে চোথ চেপে ধরল।
এত দিনে মনে হল বিদেশে চাকরি করতে যাচ্চি।

অকারণ

অফিসার ও অফিসারিকা-মহলে ঢি ঢি পড়ে গেল।

স্পর্ধিত স্ত্রী-প্রত্যয় করলুম। আর এমন কী কথা আছে যা দিয়ে এক কথায় বোঝানো যায়? স্ত্রী-অফিসার বলতে পারেন না, কেননা কথাটা সত্যি নয়; আর অফিসারের স্ত্রী যদি বলেন তবে আমার-আপনার পাড়ার পাঁচজনের স্ত্রীর মতোই কথাটা অর্থহীন হবে। তাই অফিসারের স্ত্রী-লিকে অফিসারিকা।

চটের ইজিচেয়ারে আলোয়ানে পা ঢেকে বৃদ্দে যোগেক রায় অমৃতবাজারে ক্যালকাটা গেজেট পড়ছিল, দর্পিত জুতোর শব্দে চেয়ে দেখল, স্ত্রী। খুব যেন ব্যস্ত, উত্তেজিত হয়ে বাড়ি ঢুকছে। নিচের ঘরেই স্বামীকে দেখতে পেয়ে যেন কতকটা আশ্বস্ত হয়ে সামনের একটা চেয়ারে দে বদে পড়ল, তপ্ত ক্ষ্ম গলায় বললে, যত সব নীচ ছোটলোক ইতর কোথাকার!

যোগেব্র চমকে উঠল। ছই হাতের থাবড়ায় একটা মশা মেরে সে জিগগেদ করলে: হল কী ?

সর্বাণী বললে, সেই সেদিন দাস-সাহেবের সঙ্গে পাহাড়ে ক্যাম্প করতে গিয়েছিলুম, তাতে সব অফিসারনিদের চোথ টাটিয়ে আগুন বেকচ্ছে।

ঢোঁক গিলে কথাটা যোগেন্দ্র হজম করে নিল। বোকার মতো বললে, তাতে দোষের কী হয়েছে ?

দোবের হয় নি ? সর্বাণী চুড়ি বাজিয়ে ঝাঁজিয়ে উঠল : ওঁদের

কাউকেও নেমন্তর করে নি যে। সইবে কেন? এত বড় একেকটা রাঘব বোয়াল ছেড়ে পুঁচকে একটা পুঁটিমাছের ডাক পড়ল, গায়ে লাগবে না তাতে? তাই ছন্মি করে শুধু গায়ের ঝাল মিটানো হচ্ছে। কাওয়ার্ডস!

গাল চ্লকোতে-চ্লকোতে যোগেন্দ্র বললে, হৃন্মি—হৃন্মি কিলে? বা, পরপুরুষের সঙ্গে ছিনি পাছাড়ে-জঙ্গলে কাটিয়ে দিয়ে এল্ম, হুন্মি করবে না?

ছি ছি ছি, লজ্জায় ধোগেন্দ্র যেন কালো হয়ে গেল: সঙ্গে মিসেস দাস ছিলেন, তাঁর মেয়ে ছিল—এমনি একটুথানি আউটিং করে আসা—।

দে-কথা শোনে কে? অশোকবনেও তো মন্দোদরী ছিল, সরমা ছিল, তবু কি এঁরা সীতাকে রেহাই দিয়েছেন নাকি? আগুনে চুকিয়ে তবে ছেডেছেন।

তুমি বললে না কেন, আমার স্বামী রামচরিত্র নন। নেহাতই প্রাকটিক্যাল রাশস্থাল মামুষ, তাঁর এতে অমত ছিল না।

সে-কথা বলে আমি ছাড়া পেতে যাব কেন? সর্বাণী বিষিয়ে উঠল। গায়ের স্কার্ফটা দিয়ে গীতিমান, উড্ডীয়মান, অপস্থয়মাণ মণা তাড়িয়ে বললে, শুধু স্বামীর দোহাই দিয়ে যারা কাজের ভালো-মন্দ দেখে, সে-সব মেয়েমামুষকে আমি মামুষ বলি না। এটাতে স্বামীর মন্ড আছে অত এব এ কাজটা ভালো—এ একটা অসার যুক্তি; এ-কাজটা মন্দ নয় বলেই স্বামীর অমত নেই, এইটেই হচ্ছে কাজের আগল নিরিধ।

তোমার এই ফিলজফি তারা ব্ঝবে কিলে ? তুর্ মোটা জিনিস দেখে—মোটা মাইনে, মোটা শরীর আর মোটা বৃদ্ধি। যোগেল্ড স্ক্র করে হাসল: তাই এ-জিনিসটাও কিঞ্চিৎ মোটা করে দেখেছে। ওদেরকে কুপা করো, ক্রোধ কোরো না।

পায়ের সঙ্গে পা ঘসতে-ঘসতে সর্বাণী বললে, আর কাউকে না বলে মিসেস দাস আমাকে বলেছেন সেইথেনেই ওদের রাগ। কম মাইনে পেয়েও ওঁর সঙ্গে সমানে-সমানে মিশি তাই হয়েছে চকুশূল। তুমি কম মাইনে পাও মানে ? চশমা বাঁচিয়ে বোগেল কপালের উপর একটা চড় মারল।

হা অদৃষ্ট! মাইনে কি তবে অফিদাররা পায় নাকি? তুমি আছ কোথায়? আমাদের শাস্ত-দিদি কী বলেন শোনো নি বৃঝি?

की वरनन ?

বলেন, যথন আমার চারশো টাকা মাইনে তথন জ্যোৎত্ব। হয়, সাড়ে-চারশোনা হতেই খ্যামুজনায়, আর পাঁচশো পেরোলে তবে পরিমল।

যোগেন্দ্র হা-হা করে হেদে উঠল।

সেই হয়েছে রাগ। কম মাইনে পাই অথচ কম মাইনের মতো দেখাই না—দেইটেই আমার অহন্ধার। সেদিন রলিন্সনের স্ত্রী এসেছিলেন গার্লস-স্কলের প্রাইজ ডিস্ট্রিবিউশনে—আমি ওঁর সঙ্গে বনে ইংরিজিতে কথা বলেছি, মেয়েদের অভিনয়ের বিষয়গুলি দিয়েছি বুঝিয়ে, সেইটে নাকি আমার বাড়াবাড়ি। সর্বাণী ঘূণায় বিষাক্ত হয়ে উঠল: আর সেদিন ম্থাজি-সাহেবের বাড়িতে ওদের কথা হচ্ছিল, ছেলে পেটে এলে কার কী রকম বমি উপসর্গ হয়, অপরাধের মধ্যে আমি সরে বনে মিসেস দাসের সঙ্গে তাঁর সিলাপুর বেড়ানোর একটু গয় করছিল্ম—হয়ে গেল সেটা আমার চাল, সেটা আমার ফুটন।

ছেড়ে দাও! আমাদের যা খুশি তা করব, পরে যা খুশি তা বলবে। ছেড়ে দাও! আলোয়ানটা আরো গুটিয়ে গুঁজে নিয়ে যোগেল কাগজে মন দিলে।

কিছ চরিতে কটাক করবে ?

কটাক্ষকুটিল যাদের চোথ, তাদের চরিত্রই বা তুমি শোধরাবে কী করে?

দাঁড়াও না, কথাটা আমি দাস-সাহেবের কানে তুলব।

যাও! যোগেক একটা ধমক দিল।

হাা, কথাটা তিনি শুহুন।

ভনে তিনি কী করবেন ? কমপ্লেনেন্ট তো সব মেয়েরা।

তা জানি। সর্বাণী উঠে পড়ল: রত্বাকরের পাপ না-হয় তার াপ-মাকে স্পর্শ করে নি, সেটা ছিল রামায়ণের যুগ, এ-কালে আর সেনির্ম নেই। তোমার নাগাল না পাই, তোমার বাড়ির কুকুরটাকে দেখে নেব। জুতোর দর্পিত শব্দ করে সর্বাণী অন্তরালে অন্তর্হিত হল।

উল্লত হাতে কিছুকাল একটা মশার পশ্চাদ্ধাবন করে বার্থ হয়ে নোগেন্দ্র কাগচ্জের পৃষ্ঠা উলটোল।

মিত্র বললে, সঙ্গে স্ত্রী ছিল তো!

সেইটেই তো চালাকি। গান্ধূলি ফোডন দিল: খ্রীরা শিখণ্ডীর পার্টে চমংকার।

আর এমন জ্বিনিস ইউরোপের সমাজেও পাবেন না মশাই।

মহলানবিশ এক পৌচ রঙ চড়াল।

তাতে আপনার কী আপত্তি? সাগাল বললে, আমি আমার নীকে যদি যেতে দি, তাতে আপনাদের কী মাথা-ব্যথা? আপনাদের দকে দিই নি, এই তো গ্রিভ্যাক!

যা বলেছেন দাদা! দত্ত-মজুমদার টেবিলে একটা চড মারল।

মানে কি না, ফল-ম্লের ডালি দেয়া তো উঠে গেছে—রসালো করে গাঙ্গুলি কী বলতে যাচ্ছিল, লাঠি ঘ্রোতে-ঘ্রোতে ক্লাবে যোগেন্দ্র এসে উপস্থিত।

আজকের স্টেটসম্যানটা কই রে কেশব ? গান্ধুলি কথাটাকে বেলাইনে নিয়ে গেল।

কি রে, এখনো তোর তামাক সাজা হল না? মহলানবিশ পকেট থেকে পাশিং-শো বার করলে।

নতুন তাস বার কর। বললে দত্ত-মজুমদার।

ওদিকে, দিদিদের ওথানে, যুথিকা বললে, ভনেছেন দিদি, দাদ-শাহেবের ওথানে কাল আবার একটা টি-পার্টি হয়ে গেল। হোমরা-টোমরা কে-না-কে এদেছিল ভার জন্মে। সর্বাণীর নেমন্তন্ন হয় নি? কালীতারা চোখের তারাটাকে কানে করে জিগগেস করলে।

হয়েছিল বৈ কি। শুনলুম ত্থানা গানও নাকি গেয়েছে। যু_{খিক} বললে।

তুমি জানলে কোখেকে ? শান্তদিদি প্রশ্ন করলে।
কর্তা গিয়েছিলেন যে, তাঁর কাছে শুনলুম।
আর কে গিয়েছিল ?
গিন্নিদের মধ্যে রলিন্দনের স্ত্রী, চূড়ামণির স্ত্রী, আর উনি।
আর ওঁর কর্তা ?

সে তো মফস্বলে, টুরে। পাড়ায় থাকেন, তাই হেমনলিনী বললেন।

যথিকা বেশি থবর রাখে, তাই বললে, না, শুনলুম কোথায় নাঞি সাক্ষী দিতে গেছে।

তা, তোমাদের আপত্তি কোথায় ? শান্তদিদি জিগগেস করলেন, আপত্তি তো এইথানে যে তোমাদের কাউকে না বলে শুধু ওকে বলেছে ? কীবল, কালী ?

আমাদের বললেও আমরা যেতে পারতুম না এমন স্বামীছাডা। কালীতারা বললে।

আর আমরা হয়তো এমন সব দেখতে-শুনতে, স্বামীরা সঙ্গে নিডে আপত্তি করতেন। শান্তদিদি নিজেই হেসে উঠলেন।

কথাটা যুথিকার লাগল। কেননা এখনো সে পিঠের আঁচলটা আগে ঠিক করে নিয়ে শাড়িতে পাঁচ দেয়। চোথের পাতার নিচে, কানের পাশে ও কণ্ঠার হাড়ের কাছে একটু-আথটু পাউডারের আভাগ লুকিয়ে রাথে। গন্তীর হয়ে সে বললে, না দিদি, অমন অসভ্যতা আমরা করতে পারব না।

যাই বল, সভ্যতাই বা করব কোখেকে? শান্তদিদি কোটো থেকে জদা বার করে ম্থের রক্তিম গহ্বরের মধ্যে নিক্ষেপ করলেন: ওর মতো না পারি গাইতে গান, না পারি না-থেমে ইংরিজি বলতে। ার আমার খ্যামুর বাপ টাকার জত্তে যেমন বিয়ে করেছিল, পেয়েওছে গুমনি এই খ্যামকান্তি!

যুথিকা ছাড়া আর সবাই হাসল। তার দশ বছরের মেয়ে বিভার এরি মধ্যে পঞ্চাশের উপর গানের ফক হয়ে গেল তার খবর হয়তো রো রাথে না।

তার পর শুনি হ-তিনটে কী পাশ করেছে। বললেন হেমনলিনী।
আমাদের পড়ালে আমরাও পাশ করতে পারত্ম। কালীতারা
চোগ হটোকে টেরছা করল: সাত-ছেলের মা গদাধর-মাস্টারের
বই, কেমন একবারে ম্যাট্রিক পাশ করে গেল।

যাই বল দিদি, একাধটা পাশ করে রাখলে মন্দ হত না। হেমনলিনী সাংসারিক বৃদ্ধি পাটিয়ে বললেন, নইলে তিনটে ছেলে-মেয়ের জন্মে, তিনেকে তিন, তিন তৃগুণে ছয়-ছয়টা মাস্টার রাখতে হচ্ছে। যোগেল্রবাব্র ঐ এক ছেলে—ন বচ্ছর বয়স—য়ৄলে ক্লাশ ফোরে না ফাইভে না-জানি পড়ছে—একটাও মাস্টার রাখতে হয় নি। সব ওর মা-ই পড়িয়ে নিতে পারছে। বাংলা-ফাংলা য়দি বা পারি দিদি, মানেতে একেবারে গুড়ুম।

নরেন-মান্টারের খ্রী এতক্ষণ চুপ করে ছিলেন। এবার তিনি উত্তেজিত হয়ে উঠলেন, হাত ঘ্রিয়ে বললেন, আগো, থোন্ ফালাইয়া। জানা আছে ঐ পোলার বিছা। এইবার হাপিয়ালি পরীক্ষায় আহে পাচ পাইছে। পাচ! বলে তিনি দক্ষিণ হস্তের পাঁচটি আঙুল প্রসারিত করে দেখালেন।

ভর-সংশ্কটার সময়, এমন সময় ভদ্রলোক কেউ বাড়ি থাকে না, নিচে থেকে কে ভাক দিল: ব্যেরা।

শাড়া নেই।

ডাকটা মধ্যবিত্ততায় অবতরণ করলে: ঠাকুর!

সর্বাণী বাইরের ঘরে বেরিয়ে এসে প্রথমটা অবাক হয়ে গেল।

করজোড় করে নমস্কার করে বলে, কি আশ্চর্য, বস্থন।

বেতের একটা মোটা চেয়ারে বসে পড়ে দাস বললেন, কোথায় ?

नर्वाणी मर्त-मर्न हामन। वनरन, क्नारव।

আর আপনি একা বাড়িতে বসে আছেন? আপনাকে নিছে উনি বেডাতে বেরোন না?

कमाहिए।

এটা অক্সায়। আপনি জোর করে ওঁর সঙ্গে বেরিয়ে পডবেন।

মায়া করে। সর্বাণী চমৎকার করে হাসল: দিনে-রাত্রে আপিদ আর সংসারের মাঝে এইটুকু সময় ওঁর ফাঁকা—সম্বের এ ঘণ্টা তিনেক; এটুকু সময় উনি নিজের থেয়ালে কাটান, টেচিয়ে হাসেন, বেফাঁদ ছ-চারটে কথা বলেন, পরনিন্দা করে আনন্দ পান—এ সময়টায় আমি আর হস্তক্ষেপ করতে চাই না।

কিন্তু আপনার কাটে কী করে—তাঁর তো সেটা দেখা উচিত।
দাস পকেট থেকে সিগারেট-কেস বার করলেন: এ-সময়টায় বেরিয়ে
পড়বেন বাড়ি ছেড়ে। ফাকায় খুব খানিকটা ঘূরে আসবেন। স্বাস্থ্য—
মো, ম্লো—মোর বাঙলা কী ?

षाङा। मीश्व। मर्रागी शमन।

হাা, সেই দীপ্তিই হচ্ছে সৌন্দর্য। ইচ্ছে করলে ভালো বাঙলা শিখতে পারতুম। দাস সিগারেটটা মৃথে টুপুরে ফের নামিয়ে রাখলেন, বললেন, একেবারেই বেরোন না নাকি ?

বেরোবার লোক পেলে বেরোই, আবার ঘরে বঙ্গে গল্প করবার লোক পেলে ঘরে বঙ্গে গল্প করি। স্বাণী সপ্রতিভের মতো বললে।

বেরোবেন কি বসবেন দাস হঠাৎ ভেবে পেলেন না। বললেন,
অস্কবিধে না হয় চলুন না, একটু আপনাকে ঘুরিয়ে নিয়ে আসি।

মোটরে ঘুরলে কি স্বাস্থ্যের খুব বেশি উন্নতি হবে? সর্বাণী স্থ একটু কটাক্ষ করল।

তবু দেয়ালের বাইরে খানিকটা ক্রি এয়ার—

মুক্ত বাতাস, দর্বাণী ধরিয়ে দিল: আমার আপত্তি নেই, তবে,

বাইরের দিকে চেম্বে বললে, আমার কাছে যেন কে আসছেন। এই যে আহন, ছোড়দি।

আর কেউ নয়, যুথিকা।

আপনার সঙ্গে এঁর আলাপ করিয়ে দি। ইনি মিসেস্ গাঙ্গুলি— আর ইনি—

দাস উঠে দাঁড়িয়েছিলেন, কপালে হাত ঠেকালেন। যুথিকাকেও প্রত্যুত্তর করতে হল।

ওর ছোট বোন মল্লিকার সঙ্গে পড়তুম আমি কলেজে। সর্বাণী বললে, সেই স্থবাদে আমারো ছোড়দি। মল্লিকার স্বামীকে আপনি চিনতে পারেন। নাগপুর না জব্দলপুরের প্রফেসর।

প্রফেশর নয়, পুনার ডাক্তার। এম-আর-সি-পি। ভিয়েনার ট্রেনং আছে। যুথিকা সংশোধন করল।

কী নাম বলুন তো? চেয়ারে বসে দাস প্রশ্ন করলেন।
অবনী মৃথুজে, না? স্বাণী বললে।
অবনীশ মুথাজি। যুথিকা সংশোধন করল।

কে, অবৃ? Good God! বিলেতে যে একসঙ্গে ছিলুম আমরা।

কত ইয়ার্কি করেছি—সেই অবনী? ইস, একেবারে অবনীশ হয়ে

গেছে? বা, কী আশ্চর্য, বহুন, সেই সম্পর্কে আপনিও যে আমার

ছোড়দি হলেন, মিসেস্ গাঙ্গুলি। মানে, এই আর কি, অবুর সম্পর্কে।

কহন। দাস নিজেই একখানা চেয়ার দিলেন এগিয়ে।

যুথিকা বসল।

আপনারা বস্থন, আমি চা করে আনছি। সর্বাণী ক্রত অন্তর্ধান করলে।

বড় জোড় দশ মিনিট লাগবার কথা, কিন্তু আধ্যণ্টাতেও সর্বাণীর হয়
না। চাকরকে চা করতে বলে সে উপরে উঠে গেল কাপড় বদলাতে।
ভার পর বিনিয়ে-বিনিয়ে চূল বাঁধা, ঘুরিয়ে-ফিরিয়ে শাড়িপরা—একটার
পর একটা বেড়েই ষাচ্ছে ভার শোভাচর্চা।

তার ননদ মৃত্রকিলা, সেকেও ক্লানে পড়ে, ব্যস্ত হয়ে ঘরে চুকে
১৭—(অচি-শ্রেষ্ঠ) ১৬৭

वनात, ध की त्योपि, धथाना एकामात्र इन ना? छेनि वरम चारहन त्य निर्हा

কজিতে ও কমুইয়ে, ঘাড়ে ও গলায়, একটু-একটু দেশ্ট বুলিয়ে সর্বাণী বললে, একা নন। সঙ্গিনী আছে কথা বলবার। চা-টা তুমি ততক্ষণ সার্ভ করো না, আমি যাচ্ছি।

আমার বয়ে গেছে। মুকুলিকা ভান হাতের বুড়ো আঙুলটা নিক্ষেপ করে পলায়ন করলে। চাকরের হাতে ট্রে নিয়ে সর্বাণী ছুইং-রুমে প্রবেশ করল। দেখল যুথিকার আড়াই ভাব তথনো কাটে নি, তাই আর কিছু না পেয়ে তার বাপের বাড়ির গল্প করছে, আর দাস তাঁর হাতের সিগারেটটা নথে চিরে টুকরো-টুকরো করছেন।

How late! দাস পিঠ বেঁকিয়ে চেয়ারে ভেঙে পড়তে-পড়তে বললেন।

সর্বাণী মৃচকে হেসে বললে, এই সামাক্ত কথাটারো কি আপনি বাঙলা জানেন না ?

I am sorry, কী বিলম্ব! দাস শব্দ করে হেসে উঠলেন।
দরকার নেই আর আপনার ভালো বাঙলা শিখে। সর্বাণী চা
ঢালতে-ঢালতে বললে, তবু এইটুকু রক্ষে যে ইংরেজিতে হাসেন না।

চায়ে মাজ এক চামচ চিনি ঢেলে দাস পেয়ালাটা হাতে তুলে নিলেন। বললেন, কোথাও বেকচ্ছেন নাকি ?

সর্বাণী বললে, হাঁা, আমর। ত্জনে এখন একবার অশাস্তদিদির বাড়ি যাব।'

भास्त-निनि। यृथिका সংশোধন করলে।

ঐ, যা বায়ান্ন, তাই তেপ্পান্ন। একবার শাস্ত একবার অশাস্ত—
ভাতে কিছু আনে যায় না। সর্বাণী মিনতির স্থরে বললে, আমাদের
সেধানে একটু পৌছে দিয়ে আসতে পারবেন আপনার গাড়িতে?

With pleasure, দান লাফিয়ে ওঠবার ভক্তি করলেন। বলুন, অছ্নেদ। আপনারই ভূল হল। দাস বললেন, With pleasure মানে আনন্দের সঙ্গে, সানন্দে।

কিন্তু চলতি ভাষায় সানন্দে না বলে আমরা স্বচ্ছলে বলি। মুকুক গে, কিন্তু আপনার চা কই ?

ও ধেতে গেলেই আমার মুখের মধ্যে কেমন ফ্রুত-ফ্রুত শব্দ হয়, তাই সাহেবদের সামনে আমি ও-সব থাই না।

চা মুখে নিয়ে হাদতে গিয়ে দাদের প্রায় বিষম লাগার যোগাড়।
চলুন ছোড়দি, শান্ত-দিদিদের বাড়িটা একটু ঘুরে আসি। নতুন
কী দব দন্তায় ফার্নিচার আনিয়েছে, দেখে না এলে দেমাক বলবে।

অগত্যা যৃথিকাকেও এসে গাড়িতে উঠতে হল। কিন্তু মৃথধানা যেন ল্যাপা একথানা উহন।

माम वमन भिष्याद्विए ।

শাস্ত-দিদিদের বাড়ির গেটের কাছে গাড়িথামতেই বেয়ারা বললে, বাডিস্কন্ধ সবাই গিয়েছে সিনেমায়।

তবু, বিন্দুমাত্র দৃকপাত না করে, দরজা খুলে নেমে এল সর্বাণী। বললে, পাশেই আমার পিসিমার বাড়ি, আমি সেখানে একটু যাব। ওঁকে আপনি দয়া করে ওঁর বাড়িতে পৌছে দিয়ে আহ্বন, কিংবা অক্ত যেখানে উনি যেতে চান। আমি এখান থেকে কাউকে নিয়ে অছেন্দে বাড়ি যেতে পারব।

Mind, अञ्चल-मानत्म नय। माम (यांचेत कृष्टिय मिलन।

তার পরদিন বৈঠক বসল যূথিকার বাড়িতে।

সমস্ত কাহিনী বিবৃত করে রাগে গজগজ করতে-করতে যু**ধিকা** বললে, জানোয়ার কোথাকার!

কাকে বলছ, বৌদি ? যুথিকার নবাগত ননদ স্থপ্রভা প্রশ্ন করল।

ঐ সর্বিকে। যুথিকা উঠল ঝন্ধার দিয়ে: ও বাইরের ঘরে

স্থামাকে বসিয়ে রাগল কেন শুনি ?

দেখতে, তোমার গায়ে কত বড় একেকটা কোন্ধা পড়ে। বিদ্ধ জিগগেস করি, স্থপ্রভা ঝাঁজ মিশিয়ে বললে, তুমিই বা বসে রইলে কেন? আচ্ছা, আপনি বস্থন—বলে কেন সোজা বাড়ির ভিতরে চুকে গেলে না?

কিন্তু ওর বাড়িতে গেছে, ওই তো সেধে ভিতরে ডেকে নিয়ে যাবে। হেমনলিনী যুথিকার পক্ষ নিলেন।

বেশ, এতই যথন আপনাদের আত্ম-পর বিবেচনা, এতই যথন মান-অপমান-জ্ঞান, তথন, স্থপ্রভা যুথিকার দিকে দৃষ্টিক্ষেপ করল: তথন যে-পথ দিয়ে গিয়েছিলে সেই পথ দিয়ে ফিরে এলে না কেন?

কী করে আসব, যুথিকা নিজের পক্ষে বলবার মতো একটা কথা পেল: আমার সঙ্গের চাকরটাকে সে সর্বাণী আগেই বিদায় করে দিয়েছে।

এতই ধ্বন তুমি নির্বল, নি:সম্বল, তথন তো মোটরে চলে এফে ভালোই করেছ। স্বপ্রভা টিপ্লনি কাটল।

া বাই বল বাপু, শান্ত-দিদি হাঁ করে খানিকটা জ্বদা গ্রহণ ও খানিকটা জ্বদা লেহন করে বললেন, ও যথন পিসির বাড়ি যাব বলে পাড়ি থেকে নেমে গেল, তথন সঙ্গে স্মিও তো নেমে গেলে পারতে।

আমি নামব কোথায় ? যুথিকা হাঁসফাঁস করতে লাগল।

কেন, আমার বাড়িতেই বেতে। আমার বুড়ো খাশুড়ি বাডি আছে—তা তো তুমি জান, আর এ-ও নিশ্চয় জান যে তিনি বিনেমায় বেতে পারবেন না। তাঁর সঙ্গেই না-হয় গয় করতে ধানিককণ।

কিন্তু সময় পেলুম কোথায় ?

কিন্তু তাঁকে তুমি একবার বলেছিলে যে তুমি আমার বাড়িতেই ঠিক যাবে ? শান্ত-দিদি হাকিমি প্লায় জেরা করলেন।

সব—সব আগে থাকতে চক্রান্ত করা। কালীতারা বললেন, জাহাবাজ মেয়ে, বাবা। চক্রান্তই হোক, স্থার উপস্থিত-বৃদ্ধিই হোক, ভদ্রমহিলাকে স্থামি কিন্তু প্রশংসা না করে পারছি না। স্থপ্রভা গন্তীর হয়ে বললে।

প্রশংসা! হেমনলিনী নিজের গালে একটা বিশায়স্চক চড় মারলেন: মেয়ে হয়ে এ-প্রশংসা যেন না পেতে হয়!

দম্ভরমতো থারাপ! কালীতারা চোথের তারাছটোকে যথেষ্ট গোল ও যথেষ্ট ঘোরালো করে তুলল: যে থারাপ, তারই আবার ঝোঁক হয় অন্তকে থারাপ করার।

ঠিক কইছেন। নরেন মাস্টারের দ্বী এতক্ষণে উল্পাসিত হলেন:
আমার যে এউকা ছাওর আছে, কোনই কামকাইজ্ঞ করে না, ক্যাবল
দিগারেট ফুইক্যা ঘূইর্যা বেড়ায়। দেদিন দেখি আমার পোলার পকেটে
পোডা একটা দিগারেট। বোঝনের আর বাকি রইল না কার কীর্তি।
নিজে তো গেছেই, ছ্যামরার মাথাটাও চাবাইয়া খাইব।

সত্যি, আমাদের স্বাইর সাবধান হওয়া উচিত। বললেন হেমন্লিনী।

অর লগে আমাগ মিশনই উচিত না। নরেন মাস্টারের 🕏 ফতোয়া দিলেন।

আর তার খেই ধরে কালীতারা বলে উঠল: বয়কট।

যুথিকা এতকণে আখন্ত হল, কিছু স্প্রভার হাসি সহা করতে পারল না, রাগে ঝন্ধার দিয়ে উঠল: তুমি উকিলের বউ, তুমি এর ব্যবে কী?

অনেক দিন পরে, প্রায় মাসধানেকেরো উপর—সর্বাণী একদিন সন্ধানেলা দাস-সাহেবের বাড়িতে এসে হাজির। একলা, মানে, শুধু একটা চাকর সঙ্গে।

ভৃষিং-রুমে দাস, দাস-পত্নী, আর তাঁদের মেয়ে চঞ্রী।

চঞ্চরী বেহালা বাজাচ্ছে, আর, কিছু হচ্ছে না বলে নাকের ভিতর থেকে বেহালারই আওয়াজ বার করছে। দাস-পত্নী তাকে শাসন

করছেন কিংবা উৎসাহিত করছেন। আর এত বড় মেয়েকে এখনো তিনি ফ্রক পরান কেন—দাস তারি নালিশ জানাচ্ছেন আর পাইপে তামাক ভরছেন।

এমন সময় সর্বাণী এল।

রেহাই পেল ভেবে চঞ্চরী ছুটে পালাল—সাদা মোজা-পরা লিকলিকে বকের ঠ্যাঙে

কী সৌভাগ্য আমাদের ! দাস সোফা ছেড়ে উঠে দাড়ালেন।

অনেক দিন অনথ ক প্রতীক্ষা করলুম, শেষকালে বিরক্ত হয়ে নিজেই পড়লুম বেরিয়ে। কুশানটা আরেকটা সোফায় ছুঁড়ে ফেলে স্বাণী বসল।

এথানে ছিলুম না অনেক দিন। দাস অপ্রস্তুত হবার একটা মোলায়েম ভঙ্গি করলেন: বনে-বাদাড়ে ঘুরতে হয়েছে।

আমিও ছিলুম না। দাস-পত্নী ঠোকর দিলেন।

ক্ষমা করুন, আপনাদের জত্যে অপেক্ষায় ছিলুম না। সর্বাণী মুথে একটি সরল অসকোচ আনল: ছিলুম আমার মধ্যবিত্ত দিদিদের জত্যে।
কিন্তু বহুদিন ধরে তাদের দেখা নেই, আমাকে তারা বর্জন করেছেন।

কেন, কারণ ? দাস-পত্নী জিগগেস করলেন।

কারণ, আপনাদের দক্ষে আমি মিশি দেটা তাঁদের চক্ষ্ল ।

মেশেন ? কোথায় ? হাসলেন দাস-পত্নী।

মেশেন, তাতে harm কী? দাস ঈষৎ উষ্ণ হয়ে উঠলেন:
স্থামরা কি বাঘ না বনমামুষ যে আমাদের সকে মেশা যায় না?

আপনারা কি জানি না, কিন্তু আমি তো সামাগ্য একটা টিকটিকি! আমার কি শোভা পায় মাটির খুরি হয়ে ডিকেন্টারের পাশে বসতে? ছ্যাকড়া গাড়ি হয়ে এরোপ্লেনের সক্ষেপাল্লা দিতে? কুপিত মুথে আরক্ত হাসি হেসে সর্বাণী বললে।

তাতে ওঁদের কী? দাস-পত্নীও কিঞ্চিৎ তপ্ত হলেন এবং তাঁর চিবুক্লে হুটি ভাঁজ পড়ল।

ওঁমের কিছু নয় বলেই তো ওঁদের এত মাথাব্যাথা!

Talking about—কিছু বলছে বৃঝি ? দাস চোথ ত্টোকে একট ছোট করলেন।

ভীষণ বলছে। যা মনে আদে মুখে আদে না ভাই বলছে। মেয়েমাকুষ হয়ে মেয়েমাকুষের সম্বন্ধ যা বলতে পারে ভাই।

Darned nonsense! দাদের মুখে প্রতিহিংসার কুটিল কয়েকটা রেথা পড়ল: কে-কে বলতে পারেন ?

বলব বলেই তো এসেছি!

লোকের কথা শুনে আপনি ভয় পেয়েছেন নাকি? দাস-পত্নী গন্তীর গলায় প্রশ্ন করলেন।

ভয় পাব তো এলুম কেন? স্থার, সোজা পায়ে হেঁটে এলুম। দ্বাণী বললে।

That's it, দাস উৎফুল্ল হয়ে সোফার পিঠে একটা ছোট্ট দোল থেলেন।

তবে নালিশ করতেই শুধু আদেন নি। দাস-পত্নী কথার স্থরে তরল একটি হলতা আনলেন: এমনি চলে আসতে আপনার স্বাধীনতা আছে, সাহস আছে, বন্ধুতার অধিকারও বা আছে; পরনিন্দায় আপনি ভয় করেন না, গণ্ডীর ক্ষুত্তার আপনি উপরে—এ-সব ব্যক্ত করবার ছন্তেই তো তবে এসেছেন। আপনাকে তা হলে ধলুবাদ।

আমি হাত-তালি দেব উমিলা, such a fund of রবীন্দ্রনাথ! দাস আবার তুটো দোল খেলেন; বললেন, চা করতে বল। একটু চা খাও। It's darned thirsty work, speech-making. পরে দ্বাণীর দিকে তাকিয়ে: ঠাকফনদের নাম বলুন। I shall see.

সে-কথাটাকে ঢাকা দিয়ে উর্মিলা বললেন, তাই বলে আপনাকে শ্বাই ওঁরাশত্যাগ করলেন ?

তাতে কী আদে যায়? সর্বাণী বললে, কে ওঁদের চিনত, কবেই বা ওঁদের সকে দেখা হবে?

কিন্তু একটাও বা অক্টায় কথা বলবার ওঁদের কী right আছে?
Have the cheek to revile a—দাস বাকিটা বিজ্ঞবিজ কর্লেন।

ওঁরা আপনাকে ত্যাগ করে থাকেন, আমরা আছি। উর্মিলা আনেকদ্র যেন হাত বাড়িয়ে দিলেন: ওঁরা না মেশেন, আমাদের সঙ্গে মিশবেন। বিকেলে চলে আসবেন এ-বাড়ি, বললেই গাড়ি পাঠিয়ে দেব। তারপর আমরা ঘূরব বেড়াব গল্প করব গান করব—কে ওঁদের তোয়াক্কা রাখে!

দাসের অনেকদিন পরে ইচ্ছে হল উর্মিলাকে তার্লিং বলে সম্বোধন করেন। কিন্তু সর্বাণীর মুখের দিকে তাকিয়ে শুধু গদগদ গলায় বললেন, Sure.

ঐ কথাটার বাঙলা আপনি জানেন নিশ্চয়। সর্বাণী হেসে উঠল: নিশ্চয়। এইথেনেই আমি আসব আমাকেও আমার সঙ্গী খুঁজে নিতে হবে।

উর্মিলা চারের তদারকে ভিতরে অন্তর্হিত হল। দাস বললেন, এবার স্বর্পন্থাদের নামের লিস্টিটা আমাকে দিন।

দেখতে-দেখতে প্রায় একটা ভোজবাজি হয়ে গেল। কেউ হল কাত, কেউ হল জ্থম, কেউ থেল গোপ্তা, আর যোগেল রায় বসে ছিল এক মাটির ঢিপিতে, চড়ে বসল গিয়ে এক পাহাড়ের চূড়ায়। আর টেলিগ্রাফে বদলি হয়ে গেল সে মজবুত কোন মহকুমায়।

এত জ্রুত, এতটা যেন দাস-ও ভাবতে পারেন নি!

কেরোসিন কাঠের বড়-বড় সিন্দুক বানানো হচ্ছে, খাট-টেবিল ভেঙে চট মোড়া হচ্ছে, প্রেসে লেবেল পর্যন্ত গেছে ছাপতে—এমনি একটা তছনছ ওলোট-পালোটের তৃপুরে সর্বাণী যখন ক্লান্ত, ঘর্মান্ত, লখায়িত, জিনিসে আর জিনিসে, ঝাঁটায় আর ঝুলে—হঠাই তাদের বাড়ির ত্যারের সামনে মোটার এসে দাঁড়াল।

বোরা। নিচে থেকে দাস ভাকলেন।

চাকরটা ছিল কাছে, সর্বাণী বললে, নিচে গিয়ে বলে আয়, মা-জি এখন দেখা করতে পারবেন না। চাকর তাই গেল বলতে।

ফের উপরে এদে বললে, ভীষণ জরুরী কথা, আপনাকে একবার নিচে ষেতে বলেছেন।

ক্ষিপ্র হাতে টেবিলের পায়া থেকে কাগজের একটা ফালি ছিঁড়ে ও লোয়াত-দানি থেকে ছোট একটুকরো পেন্সিল কুড়িয়ে নিয়ে সর্বাণী বললে, বলগে, জঙ্করী যদি কিছু কথা থাকে এতে যেন লিথে দেন।

কাগজের ফালি আর পেন্সিলের টুকরোটা হাতের মুঠোর মধ্যে চেপে ধরের দাস থানিকক্ষণ মৃঢ়ের মতো বসে রইলেন। পরে কী ভেবে উঠে পড়ে পরদা সরিয়ে ভিতরের বারান্দায় এলেন চলে।

তারই পর থেকে সিঁড়ি চলে গেছে উপরে, মাঝথানে বাঁক নিয়ে।
সর্বাণী যেন আত্ত্বিত কতগুলি পদশন্দ শুনল; শৃষ্ণে, না ঘরে, না তার
বৃক্তের মধ্যে বৃঝতে পারল না। তাড়াতাড়ি ছুটে এল সে সিঁড়ির
বাঁকের মুখে, দেখল নিচে দাস, ভীত, বিধাগ্রন্ত।

এ কি, আপনি এ-সময়ে? একেবারে গৃহত্তের অন্তঃপুরে? তির্বক ভঙ্গীতে দাঁড়িয়ে স্বাণী তীক্ষ দৃষ্টি নিক্ষেপ করলে।

অপ্রতিভ না হয়েই দাস বললেন, আপনারা চলে যাবেন, তাই দেখা করতে এসেছি।

তা এখানে কেন ? আমার স্বামী এখন আপিদে আছেন, ভাঁর সঙ্গে দেখা করুন গে যান। আপনার আপিস নেই ?

দাস যেন ছ চোথে ধাঁধা দেখলেন; সব যেন তাঁর কাছে কেমন আলোকিক মনে হল। এতদিনের আলাপ এত ঘনিষ্ঠতা এত সৌহান্ত—সব যেন এক ফুঁমে মিথ্যা হয়ে গেল। যেন আর কিছুন্ম, রৌদ্রদম্ম আদিগন্ত মক্ষভূমির উপরে ভাসমান একটা ক্ষপালি মরীচিকা!

দাস কটে একটু হাসলেন,। বললেন, কেন, আপনিও তো আমার বিষু, আপনার সঙ্গে দেখা করতে কি দোষ আছে ?

আছে। স্বামীর অমুগন্থিতিতে কোনো স্ত্রী-বন্ধুর সঙ্গে দেখা
ক্রাটা আমি শিষ্টাচার মনে করি না। আমাদের সমাজে-সংসারে ভার

প্রশ্রষ নেই। সর্বাণী সিঁড়ির বাঁক ঘুরে উঠে দাঁড়াল, রেলিঙে একটু ঝুঁকে পড়ে বললে, আর বন্ধুতা হয় সমানে-সমানে। বাবের সদ্ধে গিরগিটির নয়। আছো, নমস্কার। সাদা দেয়ালগুলি থিল-থিল করে হেসে উঠল।

Darned nonsense. দাস দাঁতে দাঁত চেপে তাঁর মোটরে গিয়ে বসলেন

হরেন্দ্র

খামার সদি শুনে মিদ সরকার আমাকে দেখতে এর্সেছেন। তাঁর সঙ্গে আলাপটা তথন বেশ জমে উঠেছে—সদির ওষুধের আলোচনায় আমরা তথন অ্যাকোনাইট ছেড়ে র ব্রাণ্ডিতে চলে এসেছি, হঠাৎ নজর পড়ল ঠিক আমাদেরই সামনেকার জানলার ওপারে কার হুটো বড়ো বড়ো হিংল্প চোখ।

বলনুম, কে ?

কোনো জবাব পেলুম না। চোথ ছটো বুজে গেল। কিন্তু জলন্ত একটা নিৰাস শুনলুম।

আবার বললুম কে ওথানে ?

লোকটা সন্তর্পণে সরে যাচ্ছিল, উঠে পড়লুম । আচমকা। বাইরে এসে দাঁড়ালুম, সর্দিতে গলায় যতোটুকু হেঁড়েমি ছিল একত্র করে ফের গর্জন করে উঠলুম:কে ও?

वामि।

খামি কে ?

আমি হরেন্দ্র।

হরেক্রকে আপনারা চেনেন না। হরেক্র আমার আপিদে পাখা টানে।

আমি অনেক সময় ভেবে দেখেছি এ কেন হয় ? ঠিক ষে-সময়টিতে পালে অত্মকৃল হাওয়া লেগেছে সে-সময়টাতেই স্টীমারের ধান্ধা লেগে নৌকাভূবি হয় কেন ? হয়, হবে, আগেও আরো হয়েছে।

প্রেন্টিজ-হানির ভয়ে মিস্টার সরকার নিম্নন্থ কর্মচারীর বাড়ি স্থাসতে পারেন না বলেই ঈশ্বর হরেন্দ্রকে পাঠিয়ে দিয়েছেন।

বিনাবাক্যে আমি ওকে বরখান্ত করে দিতে পারতুম, কেননা এই একটিমাত্র লোক যাকে আমরা চাকরিতে বসাতে ও চাকরি থেকে থসাতে পারি। কিছু এখুনি ওকে বিদেয় করলে আজকের সংসার তো গেছেই, কালকের সংসারও চলবে না। সংসার মানে উহ্ন-ধরানো, বাজার-করা, বাসন-ধোয়া, ঘর-ঝাট-দেয়া—স্ত্রীদেরকে জিগগেস করে দেখবেন। হরেন্দ্র আমার আধখানা পাধা, বাকি আধখানা চাকা।

মিস সরকার কথন চলে গেছেন, রাত দশটার সময় একাদশতম পেয়ালায় চা থাচ্ছি, হরেব্রুকে ডেকে পাঠালুম।

ওকে অন্তত কঠিন তিরস্কার করাও উচিত ছিল, কেন ও আমার ঘরের জানালায় এসে উকি দেয়, শুধু উকি দেয় না, প্রজ্ঞান্ত প্রতীক্ষায় নিশালক চেয়ে থাকে। কিন্তু ভাবলুম, মোটে সাত দিন ও এসেছে, ডিরন্ধার করবার আগে ওর সঙ্গে প্রথমে আলাপ করা দরকার। স্বপক্ষ-বিপক্ষ সমস্ত এভিডেন্সের মধ্যে না গিয়ে সরাসরি বিচার করবার অভ্যেস আর নেই।

ডাকলুম হরেন্দ্রকে।

ছ ফুটের উপরে লম্বা, কিন্তু শরীর একেবারে দড়ি পাকিয়ে গেছে। গাল ঘটো বসা, গভীর গর্ভের মধ্যে থেকে চোথ ঘটো ঠিকরে বেরিয়ে আসছে, চোয়ালের হাড় ঘটো ঠেলে উঠেছে উদ্ধৃত বিরুতে। গলাটা ঢিলে, নড়বড়ে, দেখলেই কেমন মায়া করে। বুকের জিরজিরে পাঁজর কথানা দেখলে হঠাৎ মৃথ দিয়ে কঠিন কথা বেরুতে চায় না। তার দৈল্লছর্দশার সঙ্গে চেহারার সমন্ত-কিছু অনায়াসে থাপ ধাইয়ে নেয়া য়ায়, কিন্তু তার চোথ ঘটোই মেলানো য়ায় না। তাতে না আছে একটু বিনয়, না বা কাতরতা। সে ঘটো যেমন উগ্র, তেমনি উদ্লান্ত! আমি পুরুষ বলেই শুধু ভয় পেলুম না।

জিগগেদ করল্ম: ভোর কি কোনো অহুধ ? মান গলায় হরেন্দ্র বললে, ই্যা হজুর। **香?**

আৰু এগারো বছর সমানে মাথা-ধরা। রাতের সঙ্গে-সঙ্গে বাড়ে, গারা রাড খুমুতে পারি না। এই এগারো বছরে।

তোর এখন বয়েস কত ?

আটতিশ।

এত দিন ধরে ভূগছিস ? কেন, ওয়ুধ খেতে পারিস না ?

ওষ্ধ! ওষ্ধ পাব কোথায় ? বিচ্ছিন্নীকৃত বড়ো বড়ো পাঁশুটে দাঁতে হরেন্দ্র হাসল।

वनन्य, এই মাথা-ধরা নিয়ে কাজ করিস কী করে?

নইলে যে পেট চলে না ছজুর। আংগে শিরণাড়া, তবে তো পায়ের উপর দাড়াব।

কত পাস পাখা টেনে ?

ছ টাকা, আর আপনার এখানে হুই। চলে যায়।

চলে याय ? वाफ़िष्ठ (हालभूल (महे ?

হরেন্দ্র আবার হাসল, তেমনি সংক্ষেপে। বললে, বলে, ফুলই নেই তোফল ধরবে।

কেন, পরিবার মারা গেছে বুঝি?

পরিবার করি নি, হজুর।

হরেন্দ্রের মুখের দিকে থানিকক্ষণ ভাকিয়ে রইলুম।

ন্ত্ৰীজাতির প্ৰতি অমাহযিক এই বৈরাগ্য বা বিভৃষ্ণার কারণ কী ?

कथां हा इदक्त दूवन ना।

তাই সরাসরি জিগগেস করলুম: করিস নি কেন বিয়ে ?

পাব কোথায়? কথার শেষে হরেক্সর নিশাস আমার কানে এল।

পাবিকোথায় মানে ? কেন, তোদের জাতের মধ্যে গাঁয়ে কি মেছে নেই ?

षाइ रे कि. कम षाइ।

তবে একটা কাউকে **कृष्टिय** নে না। মাথা-ধরাটা ছাড় क।

> (चिंह-त्यं)

হরেন্দ্র হাসল, যে-হাসি প্রায় হতাশার কাছাকাছি। বললে, বুড়ো হয়ে যাচ্ছি যে।

যে কথনো বিষে করে নি, সে কথনো বুড়ো হয় ? কেন, ভোদ্রে গাঁষে বড়ো মেয়ে নেই ? সব সরদা-আইনে পার হয়ে গেছে ?

আছে বৈ কি, এই তো সম্মেদি বাওয়ালির মেয়ে বেগুনি আছে। হরেন্দ্রর চোথ ত্টো হঠাৎ জ্বলে উঠল।

বয়েস কত ?

বাইশের কম হবে না।

তবেই তো দিব্যি মানিয়ে যাবে। ওকেই বিয়ে কর না।

ওর বাপ ছ কুড়ি টাকা চায়।

টাকা, টাকা কিসের ?

'পণ' হজুর।

তোদের দেশে মেয়েরা বৃঝি পণ নেয়। উলটো দেখছি। আদলে খতিয়ে দেখলুম সেইটেই ভাষ্য নিয়ম। বললুম, পণ জুটছে না বলে চামার বাপ মেয়েটাকে বিষে দিছে না? মেয়েটাকে শুকিয়ে মারছে? বেটাকে পুলিশে চালান দেওয়া উচিত।

সামার এই নিফল সাক্রোশে হরেন্দ্র হাসল। বললে, এর জন্তে সম্মেসি-খুড়োকে দোষ দেয়া চলে না, হজুর। ঐ স্থামাদের নিয়ন, নড়চড় হবার জোনেই। মেয়েরাই লক্ষ্মী, তাই মেয়েদেরই দাম।

বিরক্ত হয়ে বলল্ম, সঙ্গেসি তোর খুড়ো নাকি?

গ্রাম-পরচায় খুড়ো, কোনো কুটুম্বিতে নেই। একালি জমি, বাড়িও
নজদিগ। মাঝথানে ছোট একটা জোলা। আমার বয়স যথন বাইশ
আর বেগুনির বয়েস যথন ছয়, তথনই বাবা কথা পাড়েন, সয়েসি-খুড়ো
এক ভাকে পয়রিশ টাকায় উঠে বসল। মহাজনের দেনা, মালিকের
খাজনা, ছ-ছ বছর অজন্মা, জমিতে বাঁধবন্দি নেই, অত টাকা বাবা পাবে
কোধায়? এ-বছর যায়, ও-বছরে জমি লাটে ওঠে, রেহেনদার এফে
ভিক্রির টাকা আমানত করে দিয়ে দখল নেয়। অভাবের পর অভাবের
ভাড়না, টাকা কোধায়? হালের একটা গোক কিনতে পারি না, তায়

বিয়ে! এদিকে দিন মত গড়িয়ে যায়, সন্নেসি খুড়োর ভাকও তত এক প্রদা করে উচু হতে থাকে। উঠতে-উঠতে এখন তা ছ-কুড়িতে এসে ঠেকেছে। স্থামাদের দেশে মেয়ের যত ব্যেস তত দাম!

ভূতের দেশ। বৃড়ি মেয়েকে টাকা দিয়ে বিয়ে করবে কে?
আমার মতো বৃড়োরাই। বৃড়ির সক্ষে-সক্ষে বৃড়োও তো গজাচছে।
তবে এক কাজ কর। আট টাকা করে পাচ্ছিস, কিছু-কিছু
ভ্যাতে শুরু কর। বেগুনবালার বয়স য়খন পয়িএশ হবে তখন তাকে
ধরে ফেলতে পারবি।

আট টাকা! সব গিয়ে জমি এখন তিন বিঘেতে এসে ঠেকেছে।

কসল যা ওঠে তাতে সংসারই কুলোনো যায়না। আগে থাব না

থাজনা দেব! বাবার বুড়ো ঘাডে লাঙল ফেলে দিয়ে আমি এখানে

পাথা টানছি, যদি থাজনাটা, সেসটা, গোমস্তার তছরিটার কিছু অংশও

মেটাতে পারি। আমার আবার বিয়ে, আমার আবার ঘর! সেদিন

সোজান্থজি বলেছিলুম না বেগুনিকে—হরেন্দ্র ঢোঁক গিলে কথাটা গিলে

ফেললে।

কী বলেছিলি ? কথাটা ধরিয়ে দিলুম: বিষে করতে বলেছিলি ? দেমে, দম নিয়ে হরেন্দ্র বললে, বলেছিলুম, কী হবে এমনি বসে থেকে, দিনে-দিনে তজনেই বৃভিয়ে গিয়ে ? টাকা তো আর তুই পাবি না, পাবে ঐ সল্লেসি-খুডো। মিছিমিছি সোয়ামির টাকা অপব্যয় করিয়ে লাভ কী ? চল আমরা তজনে চলে ঘাই।

মৃহুর্তে অনেকটা ফাঁকা আকাশ ও অনেকটা ঢালু মাঠ ষেন চোথের শামনে দেখতে পেলুম, বেগুনি কী বলল ?

ও ঠাটা করে উঠল, চোথ টেরিয়ে মাজা বেঁকিয়ে হাত ঘুরিয়ে ছডা কাটল: কত সাধ বায় রে চিতে, মলের আগায় চুটকি দিতে!

আমি হেসে উঠলুম, সঙ্গে-সঙ্গে হরেন্দ্রও হাসল। কিন্তু মাহুংয়ে এমন ভাবে কেঁদে উঠতে পারে এ কখনো তুনি নি।

या या, एवत शरहर । विद्य कतिम नि, दाँटा शिष्टिम। विदय कत्रताहर

পীচ শো ঝঞ্চাট। ছেলে রে, পুলে রে, আজ এটা, কাল সেটা—একেবারে নাজেহাল করে ছাড়ত। দিব্যি আছিস বিয়ে না করে, ভারও বোস না, ধারও ধারিস না। এই যে আমি এখনো বিয়ে করি নি, কীহয়েছে? আমার তাতে মাথা ধরে, না চোরের মতো পরের জানলা দিয়ে উকি মারি?

সে দিন রাভ ভরে বারে-বারে আমারই কথাটা কানের কাছে ঘুরে বেড়াতে লাগল: এই তো আমি এখনো বিয়ে করি নি, কী হয়েছে? সে কি কোনো অভাব, না শৃত্যতা, না শ্রান্তি, কী হয়েছে? তুধের স্বাদ ঘোলে মেটে না জানি, কিন্তু তুধ টকে গেলে ঘোল হতে আরু কভক্ষণ ভুষণার যখন শেষ নেই, তখন ভিকেন্টার সাজিয়ে কী দরকার!

একদিন হরেক্সকে জিগগৈস করলুম: তোর বাড়ি কোথায়?
কোতলগঞ্জ। হিরপপুর ইস্টিশনে নেমে মাইল ছয়েক।
যাব তোদের গাঁ দেখতে।
হরেক্স বিশাস করতে চায় না।

সামনে এই রথের ছুটি আছে, সেই ছুটিতেই যাব। তুই আমাকে নিয়ে যাবি পথ দেখিয়ে।

রথের ছুটির দিন সত্যিই তাকে স্টেশনে যাবার জন্মে গাড়ি আনতে বলসুম দেখে হরেন্দ্র ভ্যাবাচ্যাকা থেয়ে গেল। বললে, সত্যিই যাচ্ছেন নাকি, ছজুর ?

रैं।। (पथिष्टिम ना, मकाल-मकाल (थर्य निल्म।

হরেদ্র আমতা-আমতা করে বললে, আমাদের ওথানে দেখবার কী আছে ?

তোর বেগুনি আছে। দেখি সম্মেসিকে বলে-কয়ে তোর সম্বন্ধটা ঠিক করতে পারি কিনা।

লক্ষার ও আনন্দে হরেন্দ্রর সমস্ত মুখ ভরে গেল।
বলল্ম, কি, মাথা-ধরাটা একটু কম বোধ হচ্ছে ?
হরেন্দ্র সম্বেহ চোথে বললে, আপনার ভারি কট হবে, হজুর।
কিন্তু ভোর কট যে দেখতে পারি না।

কষ্ট কেন, বেগুনিকে বিয়ে করতে পাবো না বলে? হরেন্দ্রের অভিমানে ঘা পড়ল।

না। একদম বিয়ে করতে পাচ্ছিদ নাবলে। নে, গাড়ি ডেকে নিয়ে আয়। বিকেলের টেনেই ফিরে আসতে পারব।

তুপুর প্রায় ছটো, কোতলগঞ্জে সল্লেসি বাওয়ালির বাড়ি এসে পৌছুলুম। সল্লেসি মাঠে ছিল, হরেক্র ডেকে নিয়ে এল। আমি ষে কে সবিস্তারে হরেক্র তার বিজ্ঞাপন দিতে নিশ্বয়ই কোনো ক্রাটি করে নি, কিন্তু মনে হল সল্লেসি বিশেষ অভিভূত হল না। মনে হল প্রাণ্ট-কোট পরে না আসাটা মন্ত ভূল হয়ে গেছে।

তব্ আমি যে জমিদারের নায়েব-গোমস্তার উপরে এইটুকু শে অবিদয়াদে ব্যাতে পেরেছে। দাওয়ায় উইয়ে-খাওয়া একটা চৌকি জিল; তাতে তেল-চিটিচিটে ছেঁড়া একটা পাটি পেতে আমাকে সে বসতে দিল।

বলনুম, তোমার একটি মেয়ে আছে ? সল্লেসি ঘাড় নাড়ল, ব্যাপারটা ব্ঝতে পারল না। বিষের যুগ্যি ?

বউ ছেড়ে শাশুড়ি হবার যুগ্যি। সন্নেসি নিশাস ছাড়ল। আমাকে একবারটি দেখাতে পার ?

এ-প্রশ্ন আবো ত্রহ। সলেসি হরেক্রের মৃথের দিকে আবোধের মতো তাকিয়ে রইল।

নতুন কিছু নয়, হরেদ্রের সঙ্গে তোমার মেয়ের সন্ধা করতে চাই। কি, আপত্তি আছে ?

একট্ও না। সমেদি উৎফুল হয়ে বললে, টাকা পেলেই আমি ছেড়ে দিতে পারি। হরেক্স ছাড়া ও-মেয়ের যূগ্যি পাত্রও সমাজে আর দেখতে পাছিনা।

খুব ভালো কথা। আমি যথন হরেক্সর মুনিব, তথন আমিই ওর বরকর্তা। কি বল, ঠিক কিনা?

ঠিক। সল্লেসী মাথা নাডল।

তবে বরকর্তাকে একবার মেয়ে দেখাতে হয়। মেয়ে না দেখলে সে বুঝাবে কি করে কত তার দাম হতে পারে।

দাম হুজুর, হাজার টাকা, এক আধলাও কম নয়। এ আমি সাক্ষীর কাঠগড়ায় দাঁড়িয়ে হলপ করে বলে আসতে পারি। তবে হরেন্দর গরিব-গুর্বো লোক, রয়ে-সয়ে মোটে ছ-কুড়ি টাকায় রফ। ক্রেছি।

সে কথা পরে দেখব। বললুম, মেয়ে তোমার বাড়ির ভেতর গিয়ে দেখতে হবে নাকি ?

কেন, ডাকলেই চলে আসবে এখানে। বলেই সম্প্রেসি ডাকল: বেগনি! তার পর হাসিম্থে বললে, বাজার-হাট, গোক্ষ-চরানো, মাঠে আমাকে পাস্তা দিয়ে আসা, আমার তামাক খাবার ফাঁকে লাঙল-ধরা, সবই তো আমার বেগুনি করে। সংসারে ওর মানেই, ভাই-বোননেই, কেউ নেই; আমার ওই সব। বলে আবার ডাকল: বেগনি!

গৌরবে তাকে দরজা বলছি, একটি কুড়ি-বাইশ বছরের মেয়ে দরজার সামনে এসে দাঁড়াল।

কী করছিলি এতক্ষণ? সম্প্রেসি বললে।

হাসতে হাসতে বেগুনি বললে, ঢেঁকিতে পাড় দিচ্ছিলাম।

এতদিন মেয়েদেরকে শুধু পোশাকের সংজ্ঞায় দেখে এদেছি, কিছ সেই আমার প্রথম দেখা, পোশাকের অতিরিক্ত করে দেখা। কেনন মেয়েটার গায়ে সামাল একটা সেমিজ পর্যন্ত নেই, মোটা লাল-পাত কোরা একটা শাড়ি (সন্দেহ হচ্ছিল ইতিমধ্যে সে বেশ-পরিবর্তন করে এসেছে কি না) দৈর্ঘ্যে আর প্রস্থে সমান কৃষ্ঠিত, মুখের কাছে আঁচলটা রাশীভূত করে হাসি লুকোতে গিয়ে এখানে-ওখানে কিছু-কিছ সে বঞ্চিত করে এসেছে—কিন্তু মনে হল, তুপুরের রোদে গাছেছ ছায়াতে এসে যেন বসলুম। ভাবলুম রূপ কী, রূপ কোথায় ? দেখতে ধ নির্মল কালো, মুখ্ঞী নিখুত সরল, বেশভ্যার ঐ ভো চেহারা, কিছ মনে হল, এত সঞ্জীবতা, এমন স্বাস্থ্য কোথাও আগে দেখি নি। যেন ও মাটি থেকে উঠে-আনা সতেক লতা, তাতে রোদ পড়েছে, জ্যোৎস্ব পড়েছে, শিশির পড়েছে, শক্ত তাজা সবুজ— তবু সে একটা লতা, সেতারের তার বা পেটিকোটের দড়ি নয়। ভাবলুম এতদিন ক্ষেপ-করা দাত, ক্রুসেন সলট্ আর ট্যাঙ্গিকেই সৌন্দর্য বলে এসেছি, কারণ এতদিন বেগুনিকে দেখি নি!

বললুম, কি, হরেক্সকে পছন্দ হয় ? বেগুনি হাসছে, কেবল হাসছে, ঝলকে-ঝলকে হাসছে। বললুম, টাকা চাই নাকি ?

বেগুনির ততোধিক হাসি, থরে-থরে পরতে-পরতে হাসি। আর দে-হাসির জলে উঠেছে লজ্জার তরঙ্গ। সেথানে দে আর দাঁড়াতে পারল-না।

সদ্মেদিকে বলনুম, কত নেবে ঠিক বলে দাও।
আগেই তো বলেছি, ছ-কুড়ির এক আধলাও কম হবে না।
কী বলোযা-তা। টাকা দিয়ে তোমার কী হবে ?

ওকে ছেড়ে দিয়েই বা আমার কী হবে? এমন মেয়ে আমি বিনি-প্রদায় বিদেয় করব নাকি? কেউ করে কখনো? সঙ্গেসি চোধ পাকিয়ে উঠল।

তা করে না। কিন্তু হরেন্দ্র ছাড়া আর পাত্র কোণায় ? আর ও ছাড়াই বা আমার মেয়ে কোণায় ?

কোন দিক দিয়ে যে অগ্রসর হব ব্রুতে পাচ্ছিলুম না। বললুম, কিন্তু বিয়ে না দিয়ে মেয়ে কি তুমি চিরকাল আইব্ড়ো রাধ্বে নাকি? ওরো তো সাধ-আহলাদ আছে।

ওর চেয়ে যার সাধ-আফলাদ বেশি দেখা যাচ্ছে, ছ-কুড়ি টাকা সে কেলে দিক না। তা হলেই তো চকে যায়।

হরেন্দ্র তা পাবে কোথায়? কর্জে থাজনায় তলিয়ে আছে।

আর আমি হুখের সাগরে সাঁতার কাটছি, না? টাকা কটা পেলে মহাজনের নাকের উপর তা ছুঁড়ে দিয়ে জমিটা আমার ছাড়িয়ে আনতে পারি।

किन होका कमित्नत्र ?

বলে, একদিনের জন্যেও পেলুম বা, কদিনের ! সঙ্গ্লেসি ভেঙচিয়ে উঠল।

এ-ও ভেবে দেখ, হরেন্দ্রর মতো পাত্র আর ছটি নেই। আজ ও পাথা টানছে, কাল ও আর্দালি হবে, কদিন পরেই আদালভের পেয়াদা। ভেবে দেখ, আদালভের পেয়াদা ভোমার জামাই হবে।

তাই বলে বিনা-পণে মেয়ে দেব ? সদ্মেসী রুপে উঠল : সমাজে আমার একটা সম্মান নেই ? লোকে বলবে কী আমাকে ? নেমন্তঃ থেতে ডাকবে না যে। ছি ছি ছি, সমন্ত সংসারে যা কেউ করল না, দাম না নিয়ে মেয়ে ছাড়ব ? হরেন্দর না হয়, মহেন্দর আছে, ও-পাড়ার রাইচরণ আছে, তুর্লভ আছে, ধারিক আছে—

সব, সব ওরা বয়েসে ছোট, হুজুর। হরেন্দ্র একটা গুহার মধ্যে থেকে আচমকা শব্দ করে উঠল।

তাতে বাধা কী! পঞ্চাশ-ষাট বছরের বুড়ো যদি চোদ্দ-পনেরো বছরের মেয়ে বিয়ে করতে পারে, তার উলটোটাই বা চলবে না কেন? কী করা যাবে, যদি বয়েদ মেপে পাত্র না পাওয়া যায়! ছোট ছেলে বড়ো মেয়ে বিয়ে করেছে, আমাদের অঞ্চলে তা একেবারে অচল নয়। টাকা যার শাথা তার।

কিন্তু ছোটরা তোমার মেয়েকে বিয়ে করতে রাজি হবে কেন ? রাজি না হয়, বিয়ে হবে না। তাই বলে জাত-জন্ম খুইয়ে বিনা-পণে মেয়ের বিয়ে দিয়ে সমাজের বার হয়ে যেতে পারি না তো।

সবই ব্ঝল্ম, সল্লেসি—কিন্তু বাপ হয়ে মেয়ের কষ্টট। তুমি ব্ঝলে না সেইটেই বড়ো ছঃধ থেকে গেল।

সল্লেসি পালটা জবাব দিল। বললে, আপনিও বা আপনার চাপরাশির কট বুঝে টাঁাক থেকে টাকা কটা ফেলে দিন না।

এমনি একটা কথায় এসে শেষ হবে আংগ থেকেই আশহা করেছিলুম। টাাকে হঠাৎ টান পড়তেই মনে হল এ আমি কী ছেলেমান্থ্যি করছি! কোথাকার কে হরেক্স, তার মাথা ধরেছে বলে আমার মাথা-বাথা! এক দিনের জন্তো নয়, সমস্ত জীবনের জন্তো একটা মেষের দাম একশো কুড়ি টাকা! হরেন্দ্রর মাঝে যে প্রস্থা পূক্ষত আছে সেই একদিন আমাকে নির্গক্ষ কণ্ঠে অভিশাপ দেবে, ভাকে জন্মী না করে ভিক্ক করেছি।

উঠে পড়ে বললুম, বাড়ি চল, হরেন্দ্র। গাড়ির সময় হল।

মাঠটা ছজনে নিঃশব্দে পার হয়ে এলুম। হঠাং হরেন্দ্র লক্ষিত সৌজন্মে বললে, কোনো বাপই রাজি হয় না ছজুর, যে দেশে যেমন প্রথা। নডচড হবার জোনেই।

উত্তর দিলুম না।

বলা যায় না, হরেন্দ্র আবার বলে, হয়তো ঐ মহেন্দ্র কি দ্বারিকই শেষকালে বিয়ে করবে। কিন্তু তাও ঠিক, ওদেরই বা অত পয়সা কোথায় ? বলা যায় না কর্জই করে বসবে হয়তো।

কক্ষক গে। ধমকে উঠলুম : ঐ তো রূপের ডালি মেয়ে, তার ছত্তে দশ-বিশ নয়, একশো কুডি টাকা! একশো কুডি টাকায় গ্রিন-লাত্তের রানী পাত্তয় যায়।

সেটা কি জিনিস-হরেন্দ্র ভেবডে গেল।

তারপর অনেক দিন হরেন্দ্রকে ব্যক্তিগত ভাবে দেখি নি। কিন্তু একদিন রাতে চাকরের ঘর থেকে একটা কাল্লার আওয়াছ ভানলুম, ঠিক কুকুরের কালা। মনে হল যে-কুকুরটা রোজ রাতে থেতে আসে তাকে গরের মধ্যে এঁটে বন্ধ করে রেখে ঠাকুর হাওয়া থেতে বেরিয়েছে! কিন্তু কোথাও একটা বন্ধনের চেতনা মনের মধ্যে ক্রেগে বঙ্গে থাকলে শারা রাত আমার চোথে ঘুম আসবে না।

উঠোনটুকু পেরিয়ে গিয়ে দরজায় ঠেলা দিল্ম। দেখি কপালের উপর দিয়ে শক্ত করে একটা দভি বেঁধে হরেন্দ্র তৃই হাতে দেয়াল ধরে বদে তাতে মাথা ঠুকছে আর পশুর ভাষায় নির্বোধ আর্তনাদ করছে। মৃহর্তে স্মস্টো শরীর জনে পাথর হয়ে গেল।

वनन्म, की शरप्राष्ट्र ?

হরেন্দ্র মুথ তুলে তাকাল না, বললে, মাথায় ভীষণ যন্ত্রণা, ঘুমুতে পালিছ না।

মনে হল ও একটা পরিপূর্ণ অবসাদ চায়, একটা অতলান্ত শান্তি, নিঃস্বপ্ল ঘুম—হে-ঘুমে মৃত্যুর আস্থাদ।

वनन्म, आमात्र घटत्र आग्र।

হরেন্দ্র ঘরে এল।

এই পাচটা টাকা দিচ্ছি, যা, কোথাও একটু ঘুরে আয়।

হরেক্র ভাবল ভামা বৃঝি ওকে বিদায় করে দিলুম।

বলনুম, মদ খাদ ? খেয়েছিস কথনো ?

হরেন্দ্র জিভ কেটে কান মলে মুখ-চোখের একটা বিবর্ণ চেহার। করল।

কী হল, না খেমেই ওক্ করছিল যে ? খেলে ঠাণ্ডা হয়ে বিভোরে ঘুমিয়ে পড়তে পারতিল।

কী সর্বনাশ! মাথা ছেড়ে হরেন্দ্র যেন একেবারে তার বৃকের মধ্যে অব্যক্ত যত্ত্বণা অক্তব করলে। বললে, মরে গেলেও ও-জিনিস ম্থে তুলতে পারব না, হুজুর। নইলে তো কলেই চাকরি নিতে পারতুম, অনেক মাইনে, অনেক উপরি। কিন্তু সেথানে শুনেছি স্বাই ও-জিনিস্থায়, সেথানে নাকি কাফুরই চরিজির ভালো থাকে না।

সাধে আর তোদের চাষা বলে! যা, দেয়ালে মাথা ঠোক গে যা। হেসে ফেললুম। এবং সে-হাসিতে হরেন্দ্র যেন অনেকথানি অভয় পেল। বললে, আর যাই হোক, ভজুর, চরিত্তির খোয়াতে পারব না।

বলল্ম, তবে এক কাজ কর, একটা টাদার থাতা খুলে ফ্যাল। থেচে-মেগে ছ-কুড়ি টাকা তুলতে চেষ্টা কর ঘুরে ঘুরে। যদ্দিনে পারিস। নে, এই পাঁচ টাকাই আজই তোকে দিতে বাচ্ছিল্ম। স্থামারই এই প্রথম টাদা—নে, তুলে রাথ বাজোয়।

হরেন্দ্র হাত পেতে টাকা নিল, নোটটা কপালে ঠেকাল ও মুহুর্তে ব্যরবার করে কেঁদে ফেললে।

তারপর দেখতে দেখতে এসে গেল প্জার ছটি—পাখার সিল্পন্ চলে গেল বলে হরেন্দ্র বিদায় নিল। জিগগেদ করনুম : কত জুটল এত দিনে ? বারো টাকা দাড়ে তিন আনা। ভাগ বারো বছরে যদি দাধনায় দিদ্ধি মেলে।

এর পর প্রায় ছ মাস হরেন্দ্রের কোনো থবর রাখি নি। কিন্তু কিরতি মার্চ মাস এসে পড়তেই দেখলুম পাথার উমেদার হয়ে সে উপস্থিত।

ষা ছিল তারো আধথানা হয়ে গেছে। চোথ মেলে যেমন তাকানো যায় না, চোথ বুজলেও তেমনি ভয় করে।

পাশে ছাতাটা নামিয়ে রেথে হরেন্দ্র গড় হয়ে আ্মাকে প্রণাম করল।

বললুম, কেমন আছিন ?

ভালো নয় হজুর।

চাঁদার খাতায় কত হল এতদিনে ?

একুশ টাকাটাক হয়েছিল—য়েমন জোরালো করে আপনি লিখে দিয়েছিলেন।

श्याहिन मान् ? होकांही काथाय?

স্থার টাকা! মেঝের উপর ছই হাত চেপে রেখে হরেন্দ্র হাঁপ নিল। বললে, বসন্ত হয়ে গোরু একটা মরে গেল, দেখলুম লাঙল চলে না, সেই টাকা দিয়ে বাবাকে গোরু কিনে দিয়েছি।

এক মৃহুর্ত স্তব্ধ হয়ে রইলুম। বললুম, তবে আর পাখা কেন ? বাপে-পোয়ে মিলে লাঙল ঠেল গে যাও। এবার আমি অন্ত লোক নেব—তোমার এখানে পোষাবে না।

কিন্তু সেই দিনই এমন একটা কাণ্ড ঘটে গেল যাতে হরেন্দ্রকে বাথতে হল।

পার্যবর্তী জেলা থেকে কে একজন এখানে স্বামীজী এসেছেন চাঁদা সংগ্রহ করতে। কি-একটা অবলা-আশ্রম না মাতৃমন্দির জাতীয় প্রতিষ্ঠানের জন্তে।

चामीकोत मत्क चानकक्षण शत चानक त्रकम कथा रल। जातनत

প্রধান কাজ ও সমস্তা হচ্ছে অভাগিনীদের সমাজে কের স্থান দেয়া, গৃহ দেয়া, গৃহস্থজীবনের নির্মল পরিবেশ তৈরি করে দেয়া। যার স্থামী ছিল তাকে ফের স্থামীর ঘরে আসন দেয়া, যার ছিল না তাকে দেশের সেবার উপযুক্ত করে তোলা, আর যে কুমারী তাকে স্থরক্ষিত পত্নীত্বে নিয়ে যাওয়া।

বলনুম, আমাকে একটি পাত্রী দিতে পারেন ? কার জন্মে ?

আমার পাঙ্খাপুলারটার জন্তে। বলে হরেদ্রের অশ্রুরক্তহীন প্রস্তিষ্ঠ জীবনের কাহিনী বলনুম, শেষ পর্যন্ত তার একুশ টাকার টালার হালের গোরু কেনা অবধি।

এই হিন্দুসমান্দ। স্বামীন্ধী বক্তৃতায় বিক্ষারিত হয়ে উঠলেন। বলনুম, নিচু জাতের মেয়ে-টেয়ে আছে ? তারাই তো বেশি।

তবে দিন একটি যোগাড় করে। আমার হরেক্র খুব ভালো ছেলে। আর যাই হোক, তার চরিত্র সম্বন্ধে ফাস্ট ক্লাশ সার্টিফিকেট দিতে পারি। স্বামীজী হাসলেন। বললেন, খাওয়াতে পারবে তো?

সেটা আপনার শহরের শিক্ষিত ছেলেদের সমস্থা। হরেন্দ্রের মতো যারা গরিব, তারা স্ত্রীদের থাওয়াবার চিন্তায় ভয় পায় না। সম্পদে-দারিস্ত্রে তাদের সমান সাহস। দিন একটি যোগাড় করে। রানীর মতো স্থথে থাকবে।

ভবে আমার সঙ্গে চলুন। পছন্দ করে আসবেন।

হাসলুম: এর আবার পছন।

তব্ চলুন, কাল রোববার, দেখে আদবেন আমাদের আশ্রম।

হরেক্রকে কিছু বললুম না। শুগু বললুম, পরিপ্রান্ত হয়ে এসেছিল, ছটো দিন এখানে জিরিয়ে নে।

পরদিন স্বামীজীর সঙ্গে রওনা হলুম।

আশ্রম বলতে ভাঙা একটা দোতলা বাড়ি, নিচে আপিস বলতে একটা আলমারি আর পোটা ছই টেবিল-চেয়ার। প্রতিষ্ঠান সবে শুরু হয়েছে, কিছ এরি মধ্যে বাসিন্দা হয়েছে বিস্তর। উপরে গোলমাল, টেচামেচি, থানিকটা বা ঝগড়া-ঝাঁটির মতো ভনতে পেলুম।

স্বামীজী উপরে একটা ফাঁকা ঘরে আমাকে নিয়ে এলেন। পর-পর তিনটি মেয়ে এনে হাজির করলেন। বললেন, এরা কেউ বিবাহিতা নয়।

জাত-গোত্র সম্বন্ধে প্রশ্ন করবার আর দরকার ছিল না, কেননা, বেগুনিকে আমি চিনতে পেরেছি। আমাকে মনে করে রাথবার ওর কথা নয়, কিন্তু দেখলুম, কোথায় তার সেই রূপালি হাসি, কোথায় তার সেই সবুজ স্বাস্থা। যেন এক কটাহ কালিতে তাকে আধ-সেদ্ধ করে কে তুলে এনেছে।

ওর ইতিহাস জানতে চাইলুম। স্বামীজী থাতাপত্র বের করে এনে ওর কাহিনী বললেন। সেই মোটা মামুলি কাহিনী, খবরের কাগজ খুললেই যা চোথে পড়ে।

কন্ভিক্শান হয়েছে ?

আর কোথাও আশ্রয় মিলল না মেয়েটার ?

না। বাপ ছিল, কিছুতেই গ্রহণ করতে রাজি হল না।

ভালো কথা। একেই তবে নির্বাচন করলুম। কিন্তু ওর মন্ত আছে তো বিয়েতে ?

এক্নি। স্বামীজী হাসলেন: বিয়েতে স্বাবার কোন মেয়ের মন্ত নেই ? পরে স্লিগ্ধস্বরে অদ্রবতিনী বেগুনিকে সন্থোধন করলেন: कि মা, বিয়েতে মত স্বাচ্ছে তো ? স্বামী গরিব হোক, কুৎসিত হোক, তার সঙ্গে ঘর করে তাকে সেবা করে তার সঙ্গে স্থান্থ সয়ে নিজে ভূমি স্থা হতে পারবে না ?

অ🛎-ভরভর চোথে বেগুনি মানমধ্র গলায় বললে, পারব।

त्राख्य कित्र अनुम। छाकनुम श्रतस्य ।

शामिम्रथ वलन्म, कि विश्वनिष्क विषय कर्वि ?

হরেজ নিরবয়ব শ্রের মতো আমার মৃথের দিকে চেয়ে রইল। বললে, কাকে? বেগুনিকে।

বেগুনিকে ? হরেন্দ্র ভীত একটা আর্তনাদ করে উঠল : দে কোথায় ? তাকে পাওয়া গেছে ?

যেন কিছুই জানি না এমনি ভাব দেখিয়ে বললুম, কেন, কোথায় যাবে সে?

তাকে হছর ধরে নিয়ে গেছল। কত থানা-পুলিশ, কড দাদ-ফরিয়াদ। তারপর বাপ যথন তাকে কিছুতেই ফিরিয়ে নিল না, ভানলুম বিবাগী হয়ে চলে গেছে, কোথায় গেছে কেউ জানে না।

ভালোই তো হয়েছে বাপ তাকে নেয় নি। তাই আজ তুই ইচ্ছে করলেই তাকে বিনা-পণে বিয়ে করতে পারিদ।

কোথায় দে? হরেন্দ্রের তৃই চক্ষু যেন ঠিকরে বেরিয়ে আসবে। যেখানেই থাক, নিরাপদে আছে। কিন্তু আমার কথার জবাব দে। তাকে তুই বিয়ে করতে রাজি আছিন?

এক্ষুনি।

তার এই অবস্থায়ও?

তার এই অবস্থা কে করেছে, হজুর?

(本?

তার বাপ, যে ছ-কুড়ি টাকার এক আধলা কমেও মেয়ে ছাড়বে না বলে প্রতিজ্ঞা করেছিল; আমি, যে পুরুষ হয়ে জন্মেও এ ক বছরে সামায় ও-কটা টাকা জোগাড় করতে পারি নি।

বিয়ে যে করবি খাওয়াবি কী ?

नाक-ভाত, श्रन-चान्नि, ভগবান या एएरवन।

থাকবি কোথায় গ

কেন, গাঁয়ে আমার ঘর নেই, জমি-জমা নেই, হাল-গোরু নেই ? হরেক্সকে মৃহুর্তে আজ প্রকাণ্ড বড়োলোক মনে হল।

বলদুম, যা নিশ্চিন্ত হয়ে ঘুমো গে এখন !

ঘুম! ঘুম কি আমার কোনোদিন আসে? হরেক্র চলে যাচ্ছিল, আবার ফিরল: কিন্ত হজুর, সে বেশ ভালো আছে তো? বই একটা টেনে নিয়ে নিজেকে অক্সমনস্ক দেখাবার চেষ্টার নির্লিপ্তের মতো বললুম, আছে।

হরেন্দ্র আমার দিকে অনেককণ একদৃষ্টে চেয়ে থেকে আন্তে-আতে সরে গেল। আমাকে সভ্যিই বিখাস করবে কিনা এই যেন সে ভাবছে।

পরদিন সকালে খোঁজ নিয়ে দেখলুম, হরেন্দ্র বাড়ি নেই। ঠাকুর বললে, শিগগিরই নাকি তাব বিয়ে, তাই বাড়ি চলে গেছে তোড়জোড় করতে। ট্রেন-ভাড়ার পয়সা নেই, সময়ও অত্যন্ত সমীর্ণ, তাই রাজ ধাকতে উঠে পায়ে হেঁটেই সে চলে গেছে। আশ্চর্য, ছাতাটা কিছ নেয় নি, ও যে শিগগিরই ফের ফিরে আসবে রেথে গেছে তার নিদর্শন।

किन्दु (महे (य (भन हरतत्त्वत जात (मर्थ) (महे।

মাসখানেক পরে এক সক্ষেবেলা বাবার টেলি এসেছে—আসছে একুশে এপ্রিল আমার বিয়ের তারিথ ঠিক হয়েছে, যেন এখুনি আমি ছুটির জত্যে দরথাস্ত করি—ঘুরে ফিরে বাবে-বাবে সেই টেলিটাই পড়ছি, এমন সময় হরেন্দ্র এসে হাজির।

একটা মৃতিমান আতক।

কিছু জিজ্ঞাসা করবার আগেই সে আমার পায়ের কাছে বসে পড়ে হুই হাতে মুগ ঢেকে আকুল কেঁদে উঠল।

কী, কী হল আবার ? কাউকে রাজি করাতে পারলুম না, হজুর। কিসের রাজি ?

আমার বিষের। বাবা, ভাইরা, সবাই এর বিরুদ্ধে, পাডা-প্রতিবাসী জ্ঞাতি-কুট্ম, স্বজাতি-বিজাতি সবাই। জমিদারের লোক পর্যন্ত খাঞ্লা—বলে, ভিটে-মাটি উচ্ছন্ন করে দেব। সন্নেসি-খুড়ো শাসিয়ে বেড়াচ্ছে—বেগনি যদি ফের গাঁয়ে ঢোকে, কেটে কুচি-কুচি করে শেয়ালের মুখে ধরে দিয়ে আসব। পারলুম না, কিছুতেই রাজি করাতে পারলুম না। সঙ্গে সঙ্গে তার উদ্বেলিত কালা।

চুপ করে শুনলুম। আর ভাবলুম।

তার এই অবস্থাতে তার হাতে পাধাটা আবার ছেড়ে দিই—স্বাই
পিড়াপিড়ি করল। কিন্তু যে যাই বলুক, আমি ওকে কিছুতেই কাজ
দিলুম না এবং বাড়ি থেকে তৎক্ষণাৎ অগ্তত্ত চলে যেতে বললুম।
তার আর কোনোই কারণ নেই, সম্প্রতি আমি বিয়ে করে স্ত্রী ঘরে
আনছি, এ-সময়টায় আমারই চারপাশে একটা বুভুক্ উপবাসী মাহুষের
নিরুপায় যন্ত্রণা আমি কিছুতেই সহা করতে পারব না।

সাকী

কা বলতে হবে ঠাকুর ? বলো দিকি ব্ঝিয়ে, ভাল করে ঝালিয়ে নি। ট্রেনে ওঠবার আাগে ত্র্ভ আরেকবার ভটচাযকে জিগগেস করলে।

ভটচায ভারি বিরক্ত হল। আজ প্রায় সাত-আট দিন তাকে সে সমানে বোঝাচ্ছে, কিন্তু এখনো কথাটা তার মাথায় চুকল না। কিন্তু বিরক্তির ভাব সম্পূর্ণ গোপন রেখে বললে, বলবি, একালি জমি, আজ বিশ-তিরিশ বছর ধরে দেখে আসছি ষ্টা ভটচাষ বর্গায় দুখল করছে।

চাষ করে কে জিগগেস করলে কী বলব ?

কোনো দিকে না তাকিয়ে ভটচায বললে, সোনাউল্লা।

এই কথা? এ আমার খুব মনে থাকবে। চুর্লভ নির্ভাবনায় ঘাড় হেলাল। বললে, চু-পয়দার পান কিনে দাও, ঠাকুর।

ভটচাষ পান কিনে দিল। এক মৃথ পান চিবোতে-চিবোতে ছল ভ টোনে উঠল, এমন নিলিপ্ত, যেন কত দে টেনে উঠেছে।

রাত্রের ট্রেন, ব্রাঞ্চ-লাইন। সকালের দিকে এ-অঞ্চলে আগে একটা ট্রেন ছিল। বছর তিনেক উঠে গেছে। তাই আদালতের প্যাদেঞ্জার এ-ট্রেনেই শহরে যায়, কেউ হোটেলে, কেউ বাজারে, কেউ বা স্টেশনের প্যাটকর্মে রাত্রিষাপন করে প্রদিন সাডে দশটায় গিয়ে হাজিরা ফাইল করে।

বেজায় ভিড় থাকে ট্রেনে, আজকের শেষ ও কালকের প্রথম ট্রেন।. সেদিনও ছিল। গাড়িতে উঠেই ত্র্লভ বিরক্ত হয়ে বললে, এ কী একটা জ্বদ্য গাড়িতে নিয়ে এলে ঠাকুর ? গদি নেই যে।

ভটচাষ বললে, দাঁড়া, আমার কম্বনটা ভাঁজ করে পেতে দিছিছ ৷ তা তো দেবে, কিন্তু জায়গা কোথায় ?

এই, তুই ওঠ তো পবন। ভটচায় একজনের কাঁধে একটা টোকা মারল: আর, এই নটবর, ওরে স্থীচরণ, ওগো বেয়াই মশাই, তোমরা একট সরে বস, তুর্লভকে বসতে দাও।

পবন উঠে দাঁড়াতেই তুল ভের কম্বলাক্ত জায়গা হল।

কিন্তু তবু তার অস্বস্তি ঘূচল না। বললে, না:, এ ভাবে বদলে জামাটা একেবারে দলামোচা হয়ে যাবে। দাও, ধোঁয়া বার করে।, ঠাকুর।

ভটচায পকেট থেকে সাদা স্থতোর বিড়ি বার করলে।

কী গুচ্ছের বিড়ি বার করছ ? সাক্ষী দিতে যাচ্ছি, একটা সিগারেট খাওয়াও।

ভটচাষ অপ্রস্তুত হয়ে গেল। বললে, এখন একটা বিড়িই ধরা, নাগরদ ইঞ্চিশানে সিগারেট কিনে দেব।

ত্র্লভ মুথ ভার করে বললে, দথলের ব্য়েস তবে তোমার তিন চার বছ্রে নেমে যাবে, ঠাকুর, বিশ-তিরিশ আমি বলতে পারব না। একটা সিগারেট খাওয়াতে পার না, বর্গা লাগিয়ে দথল কর না-বলে নিজেই হাল চালাও বল না কেন ?

আছে নাকি হে স্থীচরণ ? ভটচায় সহ্যাত্রীদের দিকে ভিক্কের চোথে তাকাতে লাগল।

আছে। নটবর বললে। নটবর যদিও মাসতৃত শালা এবং যদিও বয়য় ভগ্নীপতির সামনে ধ্মপান তার নিষিদ্ধ, তবু এ-য়াত্রায় চক্ষ্বলক্ষা করলে চলে না। কেননা, ত্র্লভই একমাত্র অনাত্মীয় ইণ্ডিপেণ্ডেন্ট সাক্ষী, তাকে চটানো মানেই মামলাটি চটিয়ে দেয়া। আর সব সাক্ষীকে এতটুকু খোঁচা দিলেই রক্ত না হোক রক্তের সম্পর্ক পড়বে বেরিয়ে।

टोइफिंग निविध मिल इक ना ? भवन श्रेखांव कंत्रला।

পুবে ভেটকিমারির খাল, পশ্চিমে মাদার মণ্ডল, উত্তরে বিষ্টু গোলদার আরে দক্ষিণে ছাবেদ আলি—দলের মধ্যে থেকে বুড়ো পতিপ্রসন্ন, মানে গাঁ৷ সম্পর্কে ভটচাষের বেয়াই, বিড়বিড় করে আউড়ে দিলে। এর দাদার নাম ছিল সতীপ্রসন্ন, মিলিয়ে নাম রাখতে গিয়ে এ হয়েছে পতিপ্রসন্ন।

ভেটকিমারি না বোয়ালমারি ও-সব আমি বলতে পারব না, ভটচায। ত্র্লভ নিগারেটে লম্বা টান দিলে। বললে, পাশের জমি ঠাকুরদার দথল ছিল বলে দলিলে লেখা আছে বলছ, সেই জোরে সাক্ষী দিতে যাচ্ছি। নইলে কাংলামাড়ি কি চিংড়িমাড়ি—ও-সবের আমি ধার ধারি না।

দরকার নেই। ভটচায সায় দিল, একালি জনি, তাই বললেই ফুগেষ্ট। আর বিশ-তিরিশ বছর ধরে ষষ্ঠী ভটচায় দ্থল করছে বর্গায়। বর্গাদার কে মনে আছে তো?

সে যেই হক, শহরে গিয়ে টকি দেখাতে হবে, ভটচাষ। হুর্লভ চোথ বড় করে বললে।

কিন্তু বল আগে, বৰ্গা করত কে ?

দাঁড়াও, ভেবে নি, দিগারেটে জ্বলস্ত টান দিয়ে ত্র্লভ চোধ বুজন।

কাটল কভক্ষণ।

কি রে, ঘুমিয়ে পড়লি নাকি? ভটচায তাঁর হাঁটুতে ঠেলা মারল।

ও, ই্যা—ত্র্লভ উঠল হকচকিয়ে: ছোট একটা টেপা-বাতি চাই।
ামার পকেটে যাতে ল্কিয়ে নেওয়া চলে। মৃথ-চোথ একেবারে তার
বিশ্বদেদেব না ?

ভটচাষ তিরিক্ষি হয়ে উঠন: হুজোর তোর টেপা-বাতি। বর্গাদারের মিকী

বেফাস নাম বলার চেয়ে ক্রেফ বলে দেব স্থারণ নেই। ভাই না

পতি-ঠাকুর ? তুর্লভ পতি প্রসদ্মের দিকে ঝুঁকে এল: তুমি বল নি জেরায় ঠেকে গেলেই বলতে হবে স্মরণ নেই ? তবে স্মার ভাবনা কিলের! বর্গাদার কে মনে না থাকে, পট বলে দেব, স্মরণ নেই, ধর্মাবতার। হাঁ-ও নয় না-ও নয়, মারে কে শুনি ?

না। ভটচায ধমকে উঠল: শুনে রাখ। সোনাউল্লো। সোনাউল্লো বর্গা করে।

সোনাউল্লোও যা, রুপাউল্লোও তাই। আসে নি তো কেউ।

সে জ্বত্যে তোর ভাবতে হবে না। মূছরিবাবু তাকে ধরে নিয়ে আসবে বলেছে। আফুক আর না-আফুক, নামটা তুই তার ভূলিস নে।

আমি কি তেমনি ছেলে? কিন্তু, যাই বল, টেপা-বাতি চাই একটা। ঠিক গোল হয়ে আলো পড়বে। সমন্তথানা গোল ম্থের উপর। সিগারেটের টুকরোটা বাইরে ছুঁড়ে ফেলে তুর্লভ শিথিল গলায় বললে, একট সরু হও প্রনচন্দ্র, পা তুটো একট টান করি।

জায়গা ছেভে প্রন উঠে দাঁডাল।

পুঁটলিটা তোর এগিয়ে নিয়ে আয়, নটবর, আমার মাথার নিচে শাস্তিতে থাকবে।

ভটচাযের ইসারায় নটবরও উঠে দাঁড়াল, এবং তার জায়গাটা অধিকার করল তার পুঁটলিটা। তুলভ স্বচ্ছনে তাকে শিরোধার্য করলে।

বাঘ তাড়াবার জন্মে লাইন পেতেছিল বলে নিদারুণ শব্দ হয় এখানকার ট্রেনের চাকায়। কিন্তু দেখা গেল বনের বাঘ তাড়া পেয়ে বাসা নিয়েছে এসে তুর্লভের বিস্ফারিত ও রোমশ নাসারস্ক্রে।

তু-বেঞ্চির ফাঁকে মেঝের উপর হাঁটু গুটিয়ে নটবর স্বার প্রন্ন বৃদ্ধে স্বার দরজার বাইরে মুখ বাড়িয়ে দাঁড়িয়ে ভটচায।

হোটেলে বেজায় ভিড়, থাওয়া যদি বা মেলে শোয়াই তৃষ্কর।
ভটচায নটবরকে বললে, থেয়ে দেয়ে তোরা ইষ্টিশানে চলে ফ'
ঘুমুতে। তুর্লভকে নিয়ে আমি এখানে থাকব।

জায়গা কোথায় এখানে ? নটবর আপত্তি করলে।

হোটেল ওয়ালা একখানা বেঞ্চি দেবে বলেছে—ছ-পর্যা ভাড়া। ভাবছি তুর্লভকে ওটাতে শুতে দিয়ে আমি নিচে মাটিতে শুয়ে থাকব। গ্রীমকাল, কষ্ট হবে না।

পবন গরম হয়ে উঠল, বললে, তুর্লভ তো নাপিত, ও শোবে বেঞ্চিতে, আর তুমি বাম্ন হয়ে শোবে মাটিতে? এ কি অনাচারের কথা!

ভটচাষ চোগ টিপে বললে, যা আর বকাস নে। তুর্লভই আমাদের ভরসা। ওকে ঠাণ্ডা রাখতে হবে। এক রাতের তো মামলা—তাতে কি যায় আদে! মোকদ্দমাটা তো আগে পাই!

ভিড়টা বেশির ভাগই দেওয়ানি: বোঁচকাতে নথি, কাছায় টাকা আর ললাটে হুর্ভাগ্য। আর কতকগুলি ফড়ে আর দালাল, এর থেকে ধকে কাড়ে, ওকে ভাগিয়ে একে বাগায়।

যা যা, সেদিনের ছোকরা নবকেষ্ট্র, আইনের ও জানে কি !

আর যত জানে তোমার ঐ বুড়ো-হাবড়া বিপিন হালদার। ছ-কথা ইংরিজি বলতে পিয়ে যে ইয়ে-ইয়ে করে কেঁলে ফেলে।

আরে দাদা, উকিল-টুকিলে কিছুই নেই! ভিড়ের মধ্যে থেকে কে বলে উঠল: সব এই অদেষ্ট। তুমি বললে এ, সে বললে ও, আর ভার বাবা বললে, কিছু না।

কিচ্ছু না। আরেকজন সায় দিলে: শুধু বাজি থেলা। ধেমন মাতসবাজি, তেমনি মামলাবাজি। উকিল-হাকিমে করবে কী?

ত্র্লভ এরি মধ্যে চেনা অচেনা অনেকের দক্ষেই জমিয়ে নিয়েছে। কভ দিয়ে কিনলে এই চাদরখানা ?

ই্যা, সাক্ষী দিতে এসেছি, ভায় গাঁটের পয়সা থরচ করে চাদর বিনব!

তবে দিলে কে? তুর্লভ হাতে করে জমিটা পরপ করতে লাগল। পার্টি কিনে দিয়েছে।

সে আবার কে ?

ষার মামলা, সে। শহরে এনে ভদ্দর-সমাজের সামনে দাঁড়িয়ে সাকী দেব, কাঁধে একথানা গামছা ফেলে তো আর কাঠগড়ায় গিয়ে দাঁড়াতে পারি না। তাই নায়েবমশাইকে বললাম, গায়ের একথানা কাপ্ছ চাই, বহু মারামারি করে তের আনা দিয়ে এথানা উদ্ধার করেছি।

তুর্লভ সটান ভটচাবের সামনে এসে হাত পাতলে।
না, ছাড়াছাড়ি নেই, গায়ের চাদর দিতে হবে, ঠাকুর।
মামলাটা আগে জিতি, চাদর কেন, তোকে শালদোরোধা দেব
দেখিদ।

কাজ হাসিল করবার আগে সব শালাই তা বলে থাকে। কাজের পর তথন অষ্টরস্থা। না, চাদর না দাও, ছিটের অস্তত একটা হাফ-শাট দিতে হবে।

তার চেয়ে চুল ছাঁটবার জন্মে একথানা কাঁচি চেয়ে নে না পতিপ্রসন্নর সহা হল না, মুখ বেঁকিয়ে বললে, সাক্ষী দিতে হবে বলে শালা একেবারে ঘাড়ে চেপে বসেছে।

নাপিত বলে হেনন্তা কোরো না, পতিঠাকুর, তুর্লভ চোং পাকাল: থ্রে শান দিয়ে রাখব বলে রাখছি। কই, নিজেদের দিঃে তো কুলোল না, শেষকালে ডাক পড়ল সোনাউল্লো আর চর্লঃ প্রামানিকের। এতই যখন হেনন্তা তখন পারব না সাক্ষী দিতে তুর্লভ একটা ঘাই মারল।

কেন চটিস, হর্লভ ? আদালতে গিয়েই তোকে শার্ট কিনে দেব।
ভটচায তার পিঠে হাত বুলিয়ে আশ্বন্ত করলে। আর চোখ মটিটে
পতিপ্রসন্ধকে বললে সরে যেতে।

থেয়ে-দেয়ে সবাই শুয়েছে, তুর্লভ বেঞ্চির উপর আর ভটচায় নিচে মাটিতে মাত্র বিছিয়ে। গরম পড়েছে নিদারুণ, কিন্তু দলিল-প্রেপ্টিলি নিয়ে বাইরে শুতে সাহস হয় না। মশারি নেই, তাতে বিশে বেগ পেতে হয় নি, কিন্তু রাত একটু ঘন হয়ে আসতেই তুর্লভের কাণি উঠেছে। খুকথুক থেকে খনধনে কাশি—মুধের আর পাতা পড়েনা চোথের পাতা একত্র করে সাধ্যি কার।

ব্রম্ব আমুনাসিক শব্দে ভটচাষ ক্ষেক্বার প্রতিবাদ ক্রেছিল, কিছ ভাতে কোন ফল হল না। কাশি থামলেই সাক্ষী যায় চটে, আর গাক্ষী চটতেই কাশি আরো প্রবল হয়ে ওঠে। কিছু ক্তক্ষণ পরে দেখা গোল কাশি তরল হয়ে এসেছে, আর সেটা বেশ উত্তপ্ত তরলতা।

এতটা ভটচাষের সহা হল না। ধড়মড়িয়ে সে উঠে বসল, ধমকে উঠল দিশেহারার মতো: তোর যে দেখছি বড়চ গরম কাশ, তুর্লভ।

তুর্নভও উঠল থাড়া হয়ে ত্-হাতে পাঁজরা চেপে। গলার গাই-সাঁই শব্দ করে বললে, যার ঠাণ্ডা কাশ, তার কাছে যাও, আমি গারব না তোমার সাক্ষী দিতে। বলে, আমি মরছি হাঁপানিতে, আর উনি এখানে জমির চৌহদ্দি মেলাচ্ছেন!

সকালবেলা দলবল নিয়ে ভটচায উকিলের বাড়ি এসে হাজির হল। বোসেদের নতুন দালানে রাজমিস্তির কাজ করতে এসেছিল, দেখান থেকে মুহুরি সোনাউল্লাকে ধরে এনেছে। বলে দিলে স্বাইকে, চিনে রাথ এই সোনাউল্লাকে।

উকিল নরহরি বললে, 'বউনি কর। হাকিম বড় কড়া, ইংরেজীতে ছাড়া কথা বলে না, আট টাকার কমে পারব না কাজ করতে।

মৃহরি টিপ্পনি কাটল: আর বিনা গাউনে যদি মামলা চালাতে চাও তবে কম দিলে চলে, কিন্তু জান না তো, গাউন পরে সওয়াল না করলে কোন হাকিমই আর চোও তুলে চেয়ে দেখে না আজকাল।

না, না, গাউন পরে বই কি। ভটচায ব্যস্ত হয়ে উঠল। ফি তবে পুরো চাই।

টেনে-বুনে দর ক্যাক্ষি করে চার টাকা বার আনায় রফা হল—
শয় মুহুরি আট আনা, আর সোনাউলোর দিনের মন্ত্রি।

নরহরি মৃত্রিকে বললে, হাজিরা লিখে ওদের দব টিপটাপ নিয়ে কিমত ফাইল করে দাও গে। তারপর ভটাচাষের দিকে তাকিয়ে: এ-মামলায় তুমি নির্ঘাত ফল পাবে, পুরুতঠাকুর, হাইকোর্ট ছেড়ে প্রিভিকাউন্দিলও ভোমার কিছু করতে পারবে না। ধরচ-পত্র করে এত গুচ্ছের সাক্ষী এনেছ কেন? তুর্ল ও পরামানিক আর সোনাউল্লোদেখ—ব্যস্, কেল্লা ফতে! লাগোয়া জমি, বিশ-কুড়ি বছর দখল, চাষ্ণার রোয়া, মাড়াই আর কাটা, আর তোমাকে পায় কে! তার পরে যা করবার করবে আমার এই মৃথ! ওদেরকে শুধু চৌহদ্দিটা বার কভক্ষ বাালিয়ে নিতে বল।

টাঁয়াকে টাকা গুঁজে নরহরি বাড়ির ভেতরে উঠে যাছিল ভটচাষ শশব্যতে বলে উঠল, মামলাটা আর একবার যদি বুঝে নেন—

নরহরি বাধা দিয়ে বললে, বোঝবার কিছুই নেই এতে। বোঝাব কাকে যে নিজে বুঝব ? হাকিমরা কি বোঝে মাথামুণ্ডু ? সব লবডয়। কিছু ভেব না তুমি ভটচায, সব ঠিক হয়ে যাবে। চান করে কালীবাড়িতে তুটো ঢিপ করে হোটেল থেকে থেয়ে-দেয়ে কাছারিতে চলে যাও, এক ডাকে যেন হাজির পায় তোমাদের।

এগারোটা বাজতেই ঘণ্টা পড়ল কোটে। থেয়ে উঠে আঁচাচ্ছিল, ঘণ্টা শুনতেই নরহরির সমস্ত শরীর একটা রেলগাড়ি হয়ে উঠল। কাপড়ে তাড়াতাড়ি হাত মুছে মালকোঁচা মেরে তার উপর দিয়ে নিজের প্যাণ্ট দিল চাপিয়ে, গলাবদ্ধ কালো কোটটাতে কোনরকম গলিয়ে নিল হাত হটো, জুতোর ফিতে বাঁধবার সময় হল না, গোটা-ছয়েব পান মুবে পুরে দিয়ে সবুজ গাউনের পুটলিটা বগলে করে উর্জেখাসে ছুট দিলে।

হাকিম এজলাসে, চাপরাশি গলা ফাটিয়ে ট্যাচাচ্ছে, অপর পক্ষ প্রস্থাত, কিন্তু না আছে ভটচায় না আছে সাক্ষীরা। পেস্কার বলনে, মৃহরি হাজিরা ফাইল করে তাদের খুঁজতে গেছে, তাও প্রায় দশ মিনিট হয়ে গেল।

নরহরি আদালতকে সম্বোধন করে বললে, আমাকে আর পাঁচ মিনিট সময় দিন হন্ধুর, আমি একবার নিজে খুঁজে দেখি। এখানে নিশ্চয়ই কোথাও আছে। ঘড়ির দিকে তাকিয়ে হাকিম বললে, পাঁচ মিনিট।

নরহরি ছুটল বার-লাইব্রেরির দিকে। বেশি থেতে হল না, ঐ ভটচাযদের ভিড়। রাস্তার পাশে একটা কাটা-কাপড়ের দোকানের পাশে জটলা করছে।

কী করছ তোমরা? নরহরি ঝাঁজিয়ে উঠল: ওদিকে মামল। যে গেল থারিজ হয়ে।

বিরক্ত হয়ে ভটচাষ বললে, 'ত্র্লভের জামা আর কিছুতেই পছন্দ হচ্ছে না।

কী করে হবে? গায়ে অ'iট হলেও নিতে হবে নাকি? ত্র্ব'ড ঘাড় মোটা করে বললে, ছিটই পছন্দ হয় না, তায় সব ঝিছকের বোতাম-ওলা। আমি চাই ডবল-ঘরের বৃক। অনেক বেছে তবে এটা পাওয়া গেল।

নে, নে, চমৎকার হয়েছে। চলে আয় শিগগির। নরহরি তাডা দিলে।

বা, হুতো-বাঁধা একগাছি হাড়ের বা কাচের বোতাম কিনে নিতেহবে না? ইা-করা জামা পরে সাক্ষী দেব নাকি ? তুর্লভ ঘাড়টা আরও ছোট করল।

স্থামার এথানে স্থাছে। পাশেই একটা মাটিতে বিছানো মনিহারি দোকান থেকে কে বলে উঠল: এই যে এই জিনিস। নকল হীরের।

বা:, তুর্ল ভাফিয়ে উঠল যথন দেখল ওটা রোদ লেগে ঝিলিক দিয়ে উঠেছে: ঐটেই চাই। স্থতো দিয়ে বেঁধে দাও লম্বা করে।

দাম কত ? ভটচায জিগগেস করলে। সাভে চার আনা।

म्य श्रमा शाद, मिर्य माछ।

নাও আর দরাদরি কোরো না। পান-মূখে নরহরি একটা ঢোঁক গিলল: এদিকে ত্-পয়সা বাঁচাতে গিয়ে ওদিকে ভোমার ছ-শে। টাকার মামলাটি কুপোকাত হয়ে যাক। এই না হলে কি পৃত্ধতের বৃদ্ধি, চুল কেটে টিকি রাখা!

অগত্যা সাড়ে চার আনা পয়সাই ভটচায ফেলে দিল।

কিন্তু আরও বিপদ আছে। তুপা এগোতেই আর একজনের দোকানে দড়িতে টাঙানো রঙবেরঙের পাতলা চাদর ঝুলছে—স্ব ইটালি থেকে আমদানি। সিল্ক-ফিনিশ।

ত্লভি বললে, আর এ একখানা। কথা রাখো, ঠাকুর।

নরহরি চমকে উঠল: এই গরমে তোর গায়ের কাপড় দিয়ে কা হবে রে হতভাগা ?

এই গরমে তোমাদের গাউন হতে পারে আর আমাদের একখান। উদ্ধুনি হলেই চোথ টাটায়! তুর্গভি ফোড়ন দিলে।

মুহুরি আগুনাথ ছুটতে-ছুটতে হাজির।

বেটাদের আমি গোরু-থোঁজা করছি। ওদিকে সাত মিনিট হয়ে গেছে, থারিজ করবার জন্মে হাকিম আছে কলম উচিয়ে বসে। নে, চলে এস শিগগির। বলে সে ত্র্ভির হাত ধরে প্রায় হিড়হিড করে টেনে নিয়ে চলল।

লঠন, টেপা-বাতি আর ছাতা—কিছুই হল না। ছল'ভ গাঁইগুঁই করতে লাগল।

ওদিকে যে জরিমানা হয়ে যাবে, সে-থেয়াল আছে? আছানাথ গোঁফ ফুলিয়ে হন্ধার দিয়ে উঠল: টিপ-সই করে হাজিরা দিয়েছিস, অথচ আদালতের ডাকে সাড়া দিচ্ছিস না? মারা যাবি, তুর্ল ভ।

ত্র্ল ভের চেতনা হল। ভটচাষের দিকে ফিরে তাকিয়ে বললে, চলো ঠাকুর, চলো—ও দব পরে হবে'ঝন। পুরুত মার্ষ—তোমাকে আমি বিশাদ করি। ভয় নেই, আমি কিছু ভূল করব না—পুবে ভেটকিমারির থাল, পশ্চিমে মাদার মণ্ডল, উত্তরে বিষ্টু পোলদার আর দক্ষিণে ছাবেদ আলি—কেমন, ঠিক তো ?

ভটচাৰ আশাভিরিক্ত উৎফুল হয়ে উঠল: তুই সাক্ষীটা আগে দিয়ে আর, আগে মামলাটা জিভি—সব দেব, বা তুই চাস, বাডোর দরকার। আবার সেই স্থর করে ভাক উঠল চাপরাশির : বাদী ষষ্টাচরণ ভূটচায়, বিবাদী উমেশবালা।

সাক্ষীসাবৃদ নিয়ে নরহরি আদালতের মধ্যে হুডমুড় করে চুকে প্রন। হোটেল থেকে থেয়ে আসতেই ওদের দেরি হচ্চিল, বাইকে করে মুহুরিকে পাঠিয়ে তবে ডেকে এনেছি। এই কথাগুলি বলতে-বলতে নরহরি তুই হাত তুই দিকে ছড়িয়ে গাউনটা আদালতের সম্মুথেই পরে নিলে। ছ-টা পানের ছ-আনি তথনও মুথের মধ্যে, তাড়াতাডি তার চর্বণ-পর্বটা সমাধা করতে-করতে বললে, নাও, ওঠ, ওঠ ষষ্ঠা।

হাকিম বললে, আপনি ব্যস্ত হবেন না, পানটা আগে থেয়ে নিন।
নর্হরি লক্ষিত হল, কিন্তু উপস্থিত বৃদ্ধিতে তার ষশ আছে।
মৃথের চবিতাবশেষটুকু জিভের এক ঠেলায় দক্ষিণ কোণের মাড়ির
উপরে চালান দিয়ে জান হাতের উলটো পিঠে বোজানো ঠোঁট বারকতক রগভে যেন কিছুই হয় নি এমনি ভাব দেখিয়ে নরহরি ভটচায়কে
কাঠগভায় তলে দিল। বললে, নাম বলো।

ষথারীতি শুরু হয়ে গেল মামলা। অপর পক্ষে কৈলাসবাব্ সিনিয়র উকিল, অগাধ জলের মাছ, ভাব দেখান বেন চুনোপুঁটি। নরহরি একটা প্রশ্ন জিগগেস করছে আর অমনি তিনি উঠে দাঁড়িয়ে বলছেন, I object, Sir.

এমনি যথন, 'চিফে'র পব ক্সেরা চলছে, কে আরেকজন উকিল দাঁড়িয়ে পড়েছে কোণের দিকে। পার্শ্ববর্তীকে বললে, এই, ভোর গাউনটা দে দিকি, একটা জরুরি পেশ দেরে নি। আমাকে একবার এক্স্নি সার্টিফিকেট আপিলে যেতে হবে। বলে ভাভাভাভি গাউনটা গারে চড়িয়ে নিয়ে বার-কভক পায়ভারা কলে বললে, শুর এক মিনিট।

चामान्छ निर्भय गनाय वनन, चाड़ाइटिय !

ষ্ঠীর পালা নির্বিলে শেষ হয়ে গেল, এমন কি চর্লভের 'চিফ' পর্যস্ত। ভটচাষ পর্যস্ত অবাক, সব একেবারে অক্ষরে-অক্ষরে মিলে বাছে। জমির কোন ধারে 'পাতো' দেওয়া হয়েছিল তাতেও সে ভূল করল না।

ভাটস অল। নরহরি বললে।

চশমার ফাঁকে বক্র কটাক্ষ নিক্ষেপ করতে-করতে কৈলাসবার উঠলেন। গলা থাঁথরে বললেন, ছর্লভবার, আপনি তে। গাঁষের একজন মাতকার।

প্রথমটা ঘূর্লভ স্তব্ধ হয়ে গেল। ঠিক তাকেই জিগগৈদ করা হচ্ছে কিনা দে ঠিক দিশে পেল না।

কৈলাসবাৰ বললেন, ই্যা, আপনাকেই বলছি — এমন পুলিস-সাহেবের মতো জামা, গাঁষের একজন বিশিষ্ট মাতব্বর না হয়ে আপনি পারেন না।

ত্র্লভ গলে একেবারে জল হয়ে গেল। তার আপনার লোকেরা তাকে চিরকাল হেনস্তা করেছে, সে যে কত বড় একটা মামুষ এ-কথা কেউ কোনদিন তাকে ব্যুতেই দেয় নি, আজ যেন মূহুর্তে তার চোথের স্থম্থ থেকে কালো একটা পর্দা উঠে গেল, গাঁয়ের প্রেদিডেন্টের চেয়েও দে মানী লোক, শহরের সবচেয়ে দেরা উকিল কৈলাসবাবু তাকে 'আপনি' বলে ডেকেছে, এক কথায় চিনে নিয়েছে সে মাতকার, রাম-শ্রাম হত্-মধু নয়।

লজ্জিত বিনয়ে হুর্লভ বললে, তা গাঁয়ের লোকে বলে থাকে বটে।
বলভেই হবে। কৈলাসবাবু ফের প্রশ্ন করলেন, মাতব্বরি করতে
তো আপনাকে এখানে-সেথানে বেকতে হয়,কোন বাড়িতে শ্রাদ্ধ,কোন
সরিকের সম্পত্তি বাঁটোয়ারা করে দেওয়া, কোন জমির আল-ভাঙার
মাজবার, বিঘটিত একটা কিছু হলেই তো আপনার ডাক পড়ে।

মাসের মধ্যে উনত্রিশ দিন। তুর্লভ উৎফুল্ল হয়ে বলে উঠল, এক মৃহুত নিশ্চিম্ভ নেই।

মাতব্বর হবার দোবই এই। সাক্ষী পর্যন্ত দিতে হয়।

হয়ই তো। দলিলপত্ত কিছু একটা হলেই ত্র্লভের ডাক পড়ে। গাঁয়ে আদালতের চাপরাশি গেলেই সব্বাইর আগে আমাকে ডাকে জারি দেখতে। তা হলে চাষ-আবাদ আর করতে পারেন না! সময় কোথায় ? আমি করব কেন? শীতল করে—ভাগে।

সে তো আপনার ঝিলথালির জমি, মালেক নন্দীবাবুরা। পতিয়ানে বর্গা-দখল শীতল মণ্ডল।

ঐ তো আমার জমি। শীতল চাষ করে।

তা তো ঠিকই। নিজের হাতে লাঙল-ঠেলা আপনাকে মানাবে কেন? আসছে বছরে বোর্ডের প্রেসিডেণ্ট হবার কথা, কত চৌকিদার-দফাদার থাটবে আপনার নিচে—কি, ঠিক বলছি কিনা।

সন্মিত লজ্জার ভান করে গুল'ভ বললে, তেমনিই তো ভনছি কানাঘুযো।

আর ঐ তো আপনার একমাত্র জমা ?
একমাত্র। মায় দেদ দাড়েন টাকা খাজনা।
আর আপনার ভিটে-বাড়িও তো দেই জমার দামিল ?
দামিল।

আছেন, এখন বলুন তেন, নালিশী জমি থেকে আপনার বাড়ি কত দূর?

নালিশী জমি ? তুল ভের মনের কোণে এতৃক্ষণে বিদ্যুৎ থেলে গোল। বলনে, নালিশী জমির চৌহদি আমি বলে দিতে পারি।

এত বড় মাতকার, তা পারবেন বই কি। কিন্তু ও আমি চাই না। কৈলাসবাব্ চশমার তলা দিয়ে চোথ বাড়িয়ে জিগগেস করলেন: আমার প্রশ্ন হচ্ছে নালিশী জমির থেকে আপনার ঝিল- গালির বাড়িকত দূর ? ক-রশি?

রশি আমি বুঝি না।

আচ্ছা, ক মাইল ?

লেখাপড়া জানি না বাবু, মাইল কব কী করে?

আচ্ছা, কৈলাসবাব প্রশ্নটাকে আরেকটু ঘুরিয়ে দিলেন: ঘণ্ট। বোঝেন তো? দণ্ড?

তা বুঝি।

বেশ, ভবে বলুন দিকি, আপনার বাড়ি বেকে নালিশী জমিডে যেতে কভক্ষণ লাগে ? ক ঘন্টা ?

কতক্ষণ? ত্রল ভ মনে-মনে কী হিসেব করল। বলল, আছো, যাব কিলে? তড়েনা নৌকোয়?

धक्रन, त्नोकाय।

আচ্ছা, গোনে না বেগোনে ?

थक्न (वर्णारन ।

উज्ञादन ना शिठाटम ?

ধরুন পিঠামে।

मिवरम ना तजनीर ?

धकन तकनीटि ।

ত্র্ল ভ মরিয়া হয়ে বলে উঠলে: ও আমি কেন, আমার ঠাকুদ। এলেও বলতে পারবে না।

তা হলে আপনি বলতে পারেন না জমি সোনাউল্লো করত কি তার চাচা করত।

জমিতে পৌছিয়েই দিতে পারলেন না, তায় বলব কি করে, কে করে? করজোড় করে তুর্লভ বললে, এই ধর্মঘরে আছি, একটি কথাও মিথ্যে বলব না হজুর।

देकनामवाव् वनतनन, नात्मा !

আদালত বললে, পরের সাকী।

নরহরি আগুনাথকে জিগগেদ করলে, ষ্টা কোথায়? দেখ আর কাকে দে দাক্ষী দেবে ?

চারদিকে চেয়ে ভটচায়কে কোথাও না পেয়ে আছ্মনাথ বাইরে বেরিয়ে গেল। ভেণ্ডাররা যেথানে সেই তার বারান্দার কাছে ভটচাযের সঙ্গে তার দেখা, গায়ে তার একথানা রঙীন চাদর।

আগুনাথ ধনকে উঠল: গেছলে কোথায়?

চাদর কিনতে। নগদ পাঁচ দিকে দাম নিলে। ভটচাষের চোথে তথন প্রায় জল দাঁভিয়ে গেছে।

ও দিয়ে হবে কী? আজনাথ মুখ থিঁচোল।

তুর্লভের চোথের সামনে গায়ে দিয়ে থাকব। ও দেখবে, ওর চাদর কেনা হয়ে গেছে। চাদর দেখলেই ও ধাতে আসবে।

আর ত্র্ল ভ ! এখন আর কাকে সাক্ষী দেবে তার নাম কও।
কেন, ত্র্ল ভ নেমে গেছে ? হা অদৃষ্ট ! ভটচায উদ্ভান্তের মতো
আদালতে ছুটে এল।

এসে দেখল তার আসতে দেরি দেখে নরহরি হাজিরায় লিখে দিয়েছে আর সাক্ষী দেবে না এবং অপর পক্ষের উমেশ গিয়ে দাঁড়িয়েছে কাঠগড়ায়।

অকৃট কঠে ভটচায় নরহরির কাছে কেঁদে পড়ল, কী হবে বাবৃ?
নরহরি বললে, ভয় কী, মামলা এখানে না পাও আপিল আছে।
সেখানে সাক্ষী থাটবে না, সব আইনের কুস্তি। নাও, আরো গোটা
ছই টাকা বার কর, জেরায় সব ফাঁসিয়ে দেব এক্ষ্নি, গোন-বেগোন
বেরিয়ে বাবে বাছাধনের। আরো হুটো টাকা চাই, নইলে এমন
উইক কেস আমি জেতাতে পারব না।

ভটচাষ তার পেট-কাপড়ের ভিতর থেকে শেষ ত্টো টাকা বার করে দিল।

মাটি

দরজার কাছে কে-একটা লোক ঘূরঘুর করছিল। হেডমাস্টারবার থেঁকিয়ে উঠলেন: কী চাই ?

লোকটা থতমত থেয়ে সরে যাচ্ছিল হেডমাস্টারবাবু তাকিয়ে দেথলেন, সামনেই তাঁর আজিজুর রহমান। বললেন, দেখো তো লোকটা কে ?

এ সময়টা হেডমান্টারবাব্র ভয়ের সময়। তিন বছর আগে নরোত্তমপুরে থাকতে তাঁর বাড়ি পুড়ে যায়, ঝাঁকে-ঝাঁকে বেনামী চিঠি তাঁর হাতে আদে। এ জায়গাটা ঠিক পাড়াগাঁ না হলেও বলা যায় না কার কী অভিসন্ধি। দিন-ত্পুরে হলেও গা-টা ছমছম করে ওঠা আশ্চর্য নয়।

আমার ফাদার স্থার। আজিজ কুঠিত মুথে বললে।
এতটা গুরুদয়ালবাব ভাবতে পারতেন না। যেন থমকে গেলেন।
ছেলের পরিচয়ের স্থতো ধরে সাহসে ভয় করে আমানত ঘরে
চুকল। গুরুদয়ালবাব য়েন ফাপরে পড়লেন, আর কোনো কারণে নয়,
ছেলের সঙ্গে বাপকে কিছুতেই মেলাতে পাছেন না বলে। আজিজের
পরনে চিলে পা-জামা, পায়ে স্থাণ্ডেল, গায়ে ডোরা-কাটা শার্টের উপব
পরম কোট, বুকটা বিক্ষারিত খোলা, শার্টের কলারটা ইন্তির কণ্
শাসনে ফণা তুলে আছে। আর, আমানত প্রায় বুড়ো, পরনে থাটো
প্রানো লুন্ধি, গায়ে ছিটের কোরা কুঠা, কাঁধের উপর জ্ঞালজেলে
একখানা দোলাই।

কেন এসেছে, গুরুদয়ালবাবুর আন্দান্ধ করতে দেরি হল না। ভবু, অভিভাবক ধপন, বসতে দিতে হয়।

वञ्चन ।

ফাঁকা চেয়ার ছিল সামনে কিন্তু আমানত দরজার কাছে মেঝের উপরই বদে পড়ল। হাত জোড় করে বললে, ঐ আমার একমাত্র ভেলে। বাবু, আপনি না দয়া করলে—

ছেলেকে কোথাও দেখা গেল না। বাপকে পৌছে দিয়েই সে গা-ঢাকা দিয়েছে।

গুরুদয়ালবার্ বিরক্তমুথে বললেন, আমরা ত্ দাবজেই পর্যন্ত কুনসিভার করেছি, কিন্তু আপনার ছেলে তিন দাবজেক্টে ফেল।

চাষা-ভূষো মাহুষ, অতশত বুঝি না বাবু। ভুধু কুণা করে ভেলেটাকে আমার—

কুপা করে — গুরুদয়ালবাবু হাসলেন: তা হলে ইস্কুলের বেঞ্চি-চেয়ারগুলোই বা কী দোষ করেছিল? আপনার ছেলেকে এলাউ কবতে হলে বেঞ্চি-চেয়ারগুলোকেও এলাউ করতে হয়।

ও ছাড়া আমার আর কেউ নেই বাবু।

এই যুক্তির সামনে গুরুদয়ালবাবু ভারি অসহায় বোধ করলেন। বাইরে বেরিয়ে এলেন বারান্দায়।

আমানত তার পিছু নিল।

কী করেন আপনি ?

আমি? গৃহস্থিকরি।

গৃহস্থি মানে ? চাষবাদ ?

তা নইলে খাব কী করে বাবু?

প্রজাবিলি আছে? না খাদে রেখে আধি দিয়েছেন?

একটা দীর্ঘশাস চেপে রেখে আমানত বললে, জমিই মোটে এখন দশ বিঘেতে দাঁড়িয়েছে। তার আবার প্রজাবিলি না আধি।

জমি তবে নিজেই চাষ করেন নাকি ?

স্বার কে করবে বলুন। ছ-চারটে পাইট কথনো থাটে, মাঝে

মাঝে ত্-চার বিঘে কখনো ফুরন দিই, নইলে সব আমিই নিজ হাতে কারকিত করি।

চলতে-চলতে গুরুদয়ালবাবু থেমে পড়লেন। কম করে প্রামা একজন গাঁতিদার বা মহাজন ভেবেছিলেন, কিন্তু একেবারে নিজহাতে লাঙল ঠেলে—এটা যেন তাঁকে ঘা মারল। আপাদমন্তক দেখলেন একবার আমানতকে। দেখে তাঁর সন্দেহ রইল না, এ একেবারে একজন থাঁটি মানুষ।

গুরুদয়ালবাব্র গলা থেকে সম্রমের স্থরটুকু উবে গেল। বললেন, ভোমার তবে এ ঘোড়ারোগ হল কেন ?

আমানত ফ্যালফ্যাল করে তাকিয়ে রইল।

বলি, ছেলেকে দিয়ে এই ঘোড়দৌড় থেলার শথ হল কেন? হাল ছাড়িয়ে কলম ধরতে দেবার কী দরকার ছিল ?

স্পাভাবে মর্মার্থটা ব্রতে পেরেছে স্থামানত। স্নান চোথে ঔজ্জনা স্থানবার চেষ্টা করে বললে, ও যে বড় হতে চায় বাবু।

ষথেষ্ট বড় হয়েছে! গুরুদয়ালবাবুর গলায় একটু শ্লেষ ফুটে উঠল কি না আমানত ধরতে পারল না : চাষার ছেলে ক্লাস টেন পর্যন্ত পড়েছে, এতেই গাঁয়ে পণ্ডিডি মিলে যাবে দেখো। নিদেন রেজেষ্ট্র অফিসে ডীড-রাইটার তো হতে পারবে।

না বাবু, অত ছোটতে রাজি নয়। আবার চকচক করে উঠল আমানতের চোথ : ও বলে ও হাকিম হবে, মেম্বর হবে, মন্ত্রী হবে—

কিন্তু অত যে হবে পড়ে না কেন ?

পড়বে বাবু, ঠিক পড়বে। আপনি থালি এ-যাত্রা পাশ করিয়ে দিন। আমি ওর জন্তে আলগা মাস্টার রেখে দেব।

তোমার যে দেখছি অনেক পয়সা। গুরুদয়ালবার বাঁ চোথের কোণটা একটু কুঞ্চিত করলেন: মহাজনি আছে বৃঝি ?

হায় রে বরাত ! আমানতের মাথাটা ঝুঁকে পড়ল মাটির দিকে হন্তাশার ভদিতে। তবে, দশ বিঘে তো জমি, চালাও কী করে? জমা কড ? ধানেওলা কজন ?

দশ বিঘে তো হালে বাবু, কিন্তু ছিল আমার সন্তর বিঘে। তিন মৌজায় ছড়ানো। বেশির ভাগই তার কালর জ্ঞমি, বিঘেপ্রতি ধান হত দশ-বারো মণ। খলেনে যখন ধান এনে তুলতাম— আমানতের গলা ঝাপসা হয়ে এল।

সে সব গেল কোথায়?

সব এই ছেলের পেছনে। থাই-থালাসী বন্ধক নিয়েছে মহাজ্বন, থতে লিখেছে জায়স্থদি। শেষকালে আসল টাকার জন্ম ডিক্রিজারি করে নিলেম করে নিয়েছে। হাওনোটে টিপ দিয়েছি দশ টাকা বলে, পরে শুনি আজি করেছে একশো টাকার। দশের পিঠে একটা গোলা বসালেই নাকি একশো হয়। লেখাপড়া জানি না বলেই তো এই দশা। তাই মতলব ছিল ছেলে আমার লেখা-পড়া শিথে মাহ্ব হলে দলিলে-দন্তাবেজে আর কেউ ফাঁকি দিতে পারবে না। জমি-জিরাত সব সামলাতে পারব।

দলিল পড়তে আর লাগে কী! তের হয়েছে তোমার ছেলের বিছে।
আমিও তাই ওকে বলি বাবু, তের হয়েছে। কী হবে আর বিছে
দিয়ে? তুই চলে আয় আজিজ, বলি ওকে, বাপে-পোয়ে মিলে জমিতে
লেগে যাই হজনে। গোলা ভরে সোনা জমাই। আবার আমার সত্তর
বিঘে ছাড়িয়ে নিয়ে আসি। আমানতের হুই চোধ আবার চকচক
করে উঠল।

७ की वरन ?

वाकी रुष ना वावू।

তা কী করে হবে ? গায়ে তিন তালা উঠেছে। গেঞ্চির উপর শার্ট, শার্টের উপর কোট। বড় যে প্যাচ লাগিয়ে দিয়েছ। অভ সৰ ছাড়ে কী করে ? গুরুদয়ালবাবু হাসলেন।

স্মামানত এক মৃহুর্ত চুপ করে রইল। বললে, ভাই স্মার ওর পাশ করা ছাড়া গভি নেই। দ্যা করে দিন না ওকে বেরিয়ে বেভে। এখন স্বার আমার হাতে নেই। তলার দিকটা সেক্রেটারিবার্র হাতে। তাঁর সঙ্গে দেখা করো গে। কী উঠেছে এবার তোমার ক্ষেতে? ছোট্ট জাকুটি করে গুরুদয়ালবার কেটে পড়লেন।

পালানে কিছু ঠাকুরি-কলাই করেছিল আমানত। ঝুড়ি করে তাই নিয়ে দেখা করতে গেল সে সেকেটারিবাবুর বাড়ি।

ভূজক হালদার শুধু ইস্কুলের সেক্রেটারি নয়, যৌথ ব্যাঙ্কের ম্যানেজার, তত্পরি অনারারি ম্যাজিস্টেট। বিকল্পে স্বাই তাঁকে অনাহারী বলে। সেই কারণে সর্বত্রই তাঁর গ্রাস্টা কিছু উত্তত।

ফেরিওয়ালা ভেবে আমানতকে তাড়িয়ে দিচ্ছিলেন ভূজকবার্, কিছ তার বক্তব্য শুনে ঝুড়িটার ওজন আন্দাজ করে কিঞ্চিৎ আশ্বন্ত হলেন। বললেন, শেষ লিষ্টি আমি সকালে টাঙিয়ে দেব। দেখি আর কে-কে আসে।

শংর থেকে আমানতের বাড়ি প্রায় তিন কোশ, তুত্টা থাঁডি পেরিরে, মরালডাঙার গায়ে। আজিজ থাকে ইস্কুলের হস্টেলে, সানকিতে করে পাস্তা আর পেয়াজ থেয়ে নিত্যি সে পায়ে হেঁটে ইস্কুল করতে পারে না। আর তার সবে-ধন আজিজ। তুত্টো জায়ানছেলে মরেছে জরে কাঁপতে-কাঁপতে, রেখে গেছে কতগুলি মেয়ে, চায়ায় ঘরে যা অবাস্তর। ছেলের জন্মে বুড়ো বয়সে সেও নিকে করেছিল কিন্তু নেকজানের মা কেবল রোগে ভোগে।

সকাল থেকে আমানতের মন খারাপ। আজিজ সব শুবে নিচ্ছে এই বলে নেকজানের মা তাকে সমস্ত রাত গঞ্জনা দিয়েছে। কোথার ছিল আর কোথায় তাদের টেনে নিয়ে যাচ্ছে আজিজ। আমানত বলেছে: আর ছটো দিন সব্র করো নেকজানের মা, আজিজ আমাদের আবার সব ফিরিয়ে দেবে।

নেকজানের মাবলেছে: কচু! মান সেল্প থেয়ে থাকতে হবে স্বাইকে।

নেকজানের মার আমলেও সে কম দেখে নি। আগে দলিজ ঘর ছিল, খলট ছিল ঘেন বেড়াবার মাঠ, তুখানা ছিল গোলুর গাড়ি, সাইকেল ছিল একটা, তিন তিনটে ছিল হারিকেন। তার গায়েও ত্-চার গাছা বাজ্-থাড়ু উঠেছে। কিন্তু আজ সে সব কোথায়? ঘরের টিন উড়ে গিয়ে ছন এসেছে, অস্থাবর করে গাড়ি, গোরু, সাইকেল ধরে নিয়ে গেছে নহাজন, থলটের জমি লাগছে এখন খেতির কাজে। গাছ-গাছালিতে বাড়ির সীমানা ছোট হয়ে আসছে দিন-দিন।

কিন্তু আশা ছাড়ে নি আমানত। বাড়ির গায়ে হালটের উপর

দাঁড়িয়ে আদিগস্ত তাকিয়ে এখনো দে আন্দাক্ত করতে পারে কতদূর

পর্যন্ত তার জমির সাবেক চৌহদ্দিটা প্রসারিত ছিল। তার ঠাকুদা

এজারদ্দি শেথ—মুদাফং এজারদ্দি শেথ আজো দেখা যাবে জমিদারের

চিঠা-খতিয়ানে। ভয় নেই, সব আবার আজিজ ফিরিয়ে আনবে।

বিয়ে করে ছেলে এনে দেবে তাকে এক পাল—নাতিতে ঠাকুদাতে

মিলে তারা চৌপহর আবাদ করবে। আকাশ কালো করে বৃষ্টি নামবে

ঝাঝম। মাঠে জল দাঁড়িয়ে যাবে এক হাঁটু। মাঠ ছেয়ে তরতাজা

ধান উঠবে গজিয়ে।

ভাটিবেলায় আজিজ এসে হাজির।

নাম টাভিয়ে দিয়েছে বাপজা: । এক লক্ষণ মণ্ডলের ছেলেটা পায় নি, লক্ষণ বিনা টাকাল ছাণ্ডনোট কাটতে রাজি হয় নি, তাই।

আমানতের খুশী বোরই কথা, কিন্তু কেন কে জানে চোথ ছটো তার চকচক করে উঠল না। ছেলেকে কেমন যেন তার বিদেশী, বেমানান মনে হচেছে, যেন বড়ো বেশি এলেম, বড়ো বেশি চটক তার চেহারায়। সব কিছু কেমন বেজুত লাগে তার সামনা-সামনি।

পাশ করলে, এক হাঁড়ি রসগোলা নিয়ে আসতে পারলে না? নেকজানের মামুখ ঘুরাল।

আমানতের মনে পড়ল এখনি রসগোলা আনত সে, শহর থেকে বখন ভালো দর পেত সে ধানের। বলত: থবর জবর ভালো নেকুর মা, সরু-এলাইর দাম চড়েছে। কিনে এনেছি এই রসগোলা। আর এই এক গোছা পদ্মপাতা। স্বাইকে দাও পাতায় করে।

সে সব দিন কি আর আছে ?

চাচা এই তিলকুট দিয়েছে নানী। গুড়ের তিলকুট।

গুড়ের নয় বোকা। আজিজ সংশোধন করে: ওটা চকোলেট। সাহেব-মেমের বাচচারা থায়।

তিলকুটের স্বাদ বেড়ে যায়। তারপর তার মোড়কের কাগন্ধ নিয়ে শিশুগুলোর মধ্যে মারামারি হয়।

এলাউ তো হলাম, কিন্তু ফি-টি জড়িয়ে লাগবে এখন প্রায় চল্লিশ-পঞ্চাশ টাকা। আজিজ আমানতকে মনে করিয়ে দেয়।

টাকা ? আমানত যেন ভিতর থেকে ঝাঁকুনি থায়: এত টাকা মিলবে কোথায় ?

না মিললে চলবে কী করে ? শেষকালে পাড়ে এসে ভরাড়বি হবে নাকি ?

হলেও যেন ভালো ছিল। আমানতের বুকের ভিতরটা হাজা-শুখা জমির মতো থাঁ থাঁ করতে থাকে।

এবার ছাড়ান দে, আজিজ। ঐ তাথ, ঐ নদী পর্যন্ত আমার জমির সীমানা ছিল। দক্ষিণে দূর জলের রেথা যেথানে আকাশের সাদায় গিয়ে মিশেছে সেইদিকে চেয়ে আমানতের চোথ চকচক করে ওঠে: সব হাতছাড়া হয়ে গেছে। আয়, তৃজনে লেগে ঘাই লাঙল নিয়ে, সব আবার ছিনিয়ে নিয়ে আসি বুকে করে।

আজিজ হেসে ওঠে: তুমি কি পাগল হয়েছ নাকি? নিশ্চয় সৰ আবার ছাড়িয়ে নিয়ে আসব। আমাকে মাহুষ হতে দাও একবার। তুমি ভাবছ কী? থাকবে নাকি আর এই আউরের ঘর? সব পাকা ইমারত হয়ে যাবে দেখো। আর তথন সব মধ্যস্বত্ত কিনব—প্রজাবসিয়ে দেব, রায়ত আর কোলরায়ত—গায়ে মাটি মেথে লাঙল আর বাইতে হবে নাতোমাকে। তথন থাজানা নেব—নগদ আর ধানকড়ারি।

গায়ে মাটি মাথৰ না তবে বাঁচৰ কী করে?

আজিজ আবার হেদে ওঠে: সাবান মেখেও দিব্যি বাঁচা বাহ বাণজান, ভাবনা কী ?

না, দরিয়ার পারে এনে না ডুবানো যায় না, কিছ কোথায় পাবে

টাকা ? মহালের মহাজনরা সব খৃতির মৃথ দিয়েছে বন্ধ করে, এক পয়সা কেউ কর্জ দেয় না। সাদা থত দ্রের কথা, রেহানী থতেও টাকা ছাড়তে কেউ রাজি নয়। তবু চেষ্টা করে দেখতে হবে। রেজাইখানা কাঁধে চাপিয়ে আমানত হাজীসাহেবের বাড়ির দিকে রওনা হল।

আর্দ্ধি শুনেই হাজীসাহেব তেলে-বেগুনে জলে উঠল: আবার টাকা ধার করতে এসেছ কোন মুখে হে আমু মিয়া? তথানা বন্দকী তমস্থক—ত্বিয়ে আর তিন বিঘে—বোর্ডের কারসাজিতে বেমালুম ছাড়িয়ে নিয়ে গেলে—আবার টাকা কিসের হে? অভ্যেস এখনো শোধরাল না দেখছি।

ছেলের পরীক্ষার ফিস দিতে হবে, গোটা পঞ্চাশ টাকা চাই হাজীসাহেব। খাইথালাসী নিন, কটকবালা নিন—যা আপনার পছন্দ। ত্বার করে তো আর বোর্ডে যেতে পারব না।

অত সব ঘোরপ্যাচের মধ্যে নেই বাপ। সোজাস্থজি সাফকবলা করতে পার তো দেখতে পারি।

কতথানি চাই কত টাকায়? আমানত আড়টের মতো জিগগেস করলে।

ঐ পাঁচ বিঘেই আমার চাই—যা তুমি তথন ফাঁকি দিয়ে কেড়ে নিয়েছ। ঐ পাঁচ বিঘে আওল জমি বিক্রি কর তো একশো টাকা দিতে পারি।

কিন্তু হালফিল একশো টাকার আমার দরকার নেই। আমানত যেন নিখাদ ফেলল।

টাকার আবার দরকার নেই কার ? এ যে নতুন বাত শোনাচ্ছ মিয়া। খরচ করতে না চাও দর-পরদারেখে দাও জমিয়ে।

কিন্তু কান্দর জমি—বিঘে প্রতি দাম মোটে কুডি টাকা?

ঢোল-সহরত করে দেথলেই পার। না পোষায় অন্য জায়গায় পথ দেথ। আমি এক কথার গাহেক। থাতিরনাদারং।

তু বিঘে নিন না—তু বিঘেতে পঞ্চাশ টাকা ফেলে দিন! ফরমানি করুন, হাজীসাহেব। আমানত মাটির উপর লুটিয়ে পড়ল। বলি, গরজটা কার হে, আমু মিয়া? এক লপ্তে জমি চাই পাচ বিঘে—সবই তোমার এক কদরের জমি নয়, কান্দরের সঙ্গে ভাঙাও কিছু আছে—দাগ-থতেন আমার মুখন্ত। তোমার টাকার দরকার কম হতে পারে কিন্তু আমার জমির দরকার কম নয়। রাজি থাক তো কবলার ম্সাবিদা করে ফেলি। পরে আধি নিতে চাও তো নিতে পার—ফসল যথন করা হয়ে গেছে। ব্ঝলে, এর বেশি মহকুফ চলবে না।

কী দমবাজ, কী হুঁদে—আমানত ভাবে, কিন্তু দাঁত ফোটাতে পারেনা।

উপায় কী—কোথায় নইলে টাকা! তার আজিজ নইলে মাত্র্য হয় কী করে!

সাত দিন পরে ফিস দেবার শেষ তারিথ, আজিজ তাগিদ পাঠিয়েছে। ঘুরঘুট অন্ধকারে আমানত দিকবিদিক দেথতে পায় না, কবালার গায়ে কোণাকুণি বাঁ হাতের বুড়ো আঙুলের টিপ দিয়ে ফেলে।

ধানের শীবে আগুনের শীব—সমস্ত মাঠ ভবে গেছে এখন সোনার আমেজে। পাঁচ বিঘে চকবন্দী করে দিয়ে গেছে হাজীসাহেবের জ্বমানবিশ। গা-গভর চেলে চাষ করেও ফস্লের অর্ধে ক শুধু ভার।

এই পঞ্চাশ টাকা তোর কাছে রেখে দে, নেকজানের মা। কী, আমার পৈঁছে হবে নাকি? নেকজানের মা ঘুরে দাঁড়ায়। ঢামালি করিস নে। মেজাজ আমার আজ কঠা হর্মে গেছে। কেন, হয়েছে কী? টাকা পেলে কী করে?

লুটতরাজ করে। নাউড়ে হয়ে এবার ডাকাতি করতে বেরুব। স্মানানতের চোথ ছলছল করে ওঠে।

वत्ना मिछा करत, छोका तक मिन।

আর কে দেবে, নেকজানের মা? আমার এই জমি, আমার এই জায়দাদ ছাড়া আর কে ছিল আমার? আমি একটা আহাম্মক, সব ভূট করে দিলাম।

কী, জমি বিক্রি করেছ বুঝি? কতথানি? এবার কি সব তবে

ভুকলানি হয়ে মারা যাব নাকি? নেকজানের মা চোখে খাঁচল চাপা দিল।

ভয় নেই নেকজানের মা, আমাদের আজিজ আছে। রহমান আছে। আবার সব ফিরে পাব।

ধান কেটে থলেনে ভাগ হয়ে গেল। গাড়ি বোঝাই হয়ে গেল হাজীসাহেবের। আউড়ের কুটোটি পর্যন্ত সে কুড়িয়ে নিলে। আমানতের দেহে যেন আর জোর নেই, জেলা নেই, শিটা হয়ে আসছে দিন-দিন।

মজুত পঞ্চাশ টাকা রাখা গেল না সরিয়ে—উড়াল দিয়ে চলে গেল। আজিজ যাবে শহরে পরীক্ষা দিতে। রাহা-থরচ আছে, খোরাকি আছে, জামা-কাপড় আছে—ফরদা সে থরচের ফর্দ। এদিকে ধূলধেকড়া সব ছেলেপিলেদের পরনে। তবু, যতটা পেরেছিল রেখেছিল আমানত হাতের মুঠ আঁট করে, শোনা গেল মান্টার-সাহেবের ছ্ মাসের পাগুনা বাকি আছে কুড়ি টাকা।

ফকির-ফোকরা হয়ে বেরিয়ে যাবে নাকি শেষকালে? নেকজানের মা ঝামটা দিয়ে ওঠে।

কী বে বলিস তার ঠিক নেই। আজিজ আমাদের মস্নদে বদাবে। তুই থাকিস ইমারতে, নেকজানের মা, আমি আমার ভূঁইয়ে বৃক্দিয়ে পড়ে থাকব।

আবো পাঁচ বিঘে এখনো আছে। ঝাঁ ঝাঁ করে আকাশ, মেঘের ছিটে-ফোঁটা নেই আনাচে-কানাচে। আমানত আকাশের দিকে তাকায় আর লাঙল ঠেলে। পানি-পশালা এবার আর হল না এ-তল্লাটে।

আধপেটাও বৃঝি আর জোটে না। এবার বোধ হয় নগদা মজুরিতে পাইট খাটতে হয়।

না, রহমান আছেন। টেনেব্নে আজিজ পাশ করেছে, চাবার ছেলে আজ তাকে আর কে বলে। বদলে গেছে তার নামনিশানা।

কী করবি, আজিজ? জিজ্ঞাশা করতেও বেন সম্রম হয়।

পড়াবার তো আর মুরোদ নেই তোমার, এবার তাই চাকরি নেব।
চাকরি আছে গোটাকতক। আদালতের আমলা। প্রাথমিক একটা
পরীক্ষা হবে লোকদেখানো। জেলার সেরেন্ডাদারকে যে ভারি হাতে
ধাওয়াতে পারবে তারটাই অবধারিত, আর সব থারিজ।

একশো টাকায় রফা হয়েছে, বাপজান। আবার টাকা।

কিন্তু চমকে ওঠার কিছু নেই। নোকো শুধু পাড়ে ভিড়ালেই চলবে না, নোঙর নামাতে হবে । টাকা দেবার জন্মে জমি রয়েছে এখনো নিটুট পাঁচ বিঘে।

দোয়াত-কলম-দ্যাম্প-ইসাদি নিয়ে হাজীসাহেব এসে হাজির, পত্তমিদং কার্যঞ্চাগে—বাকি পাঁচ বিঘেও লোপাট হয়ে গেল।

সদর থেকে আজিজ চাকরির থবর নিয়ে এলেও আমানতের কারা থামল না: একেবারে ফোত-ফেরার হয়ে গেলাম, নেকজানের মা।

বাপ-পিতামোর ভিটেটুকুই শুধু আছে। কিন্তু কী হবে তার এই বাস্তু দিয়ে যদি আর তাতে বস্তু না থাকে এক কণা।

আজিজ স্বাইকে শহরে নিয়ে এল, তার কর্মস্থলে। ত্রিশ টাকা
মাইনেতে টায়েটুয়ে সে চালিয়ে নেবে সংসার। এদিক-ওদিক আছে
কিছু উপরি—ঘাত্যোত সে এরি মধ্যে দোরস্ত করে নিয়েছে।
এলেমদার চেলে সে—কাউকে প্রোয়া করে না।

কিন্ত ছিলিম থেয়েও আমানত আগের স্বাদ পায় না, প্রান্তদেহে তামাকের সে-ধার। ছদিনই তার গতুরে শরীর কেমন ধদকে গেছে, বাত জমে উঠেছে গাঁটে-গাঁটে। মেজ ছেলের বোটা আলাদা হয়ে গেছে, বড় ছেলের বোটাও যাব-যাব করছে। নেকজানের মা রয়েছে এখনো তাকে আঁকড়ে। কিন্ত একেক সময় ইচ্ছে,করে আমানতের, তাকে তিন-তালাক দিয়ে বেরিয়ে পড়ে সে আবার তার মাটির আকর্ষণে—কাঁচা-সোনা-গা নয়লী যৌবনী কাউকে সাদি করে ফের বুড়ো বয়সে, এক ফৌজ সৃষ্টি করে সে মাটির উপর, দিগন্ত পর্যন্ত সেরুকর তরক তুলে দেয়।

ভার দিন আর কাটে না। অন্ত হয়ে আদে ভার হাত-পা।
খাবার পর টেকুর ওঠে। তাই আজিজ তাকে বাজারে একটা খোপরি
ভাড়া করে দিয়েছে। আমানত দেখানে বদে চোখে চশমা লাগিয়ে
দেলাইর কল চালায়। ফতুয়া বানায়, কুর্তা বানায়, শার্ট বানায়।
মনেক সম্রান্ত ব্যবসা। আমানত আর চাষা নয়, খলিফা। আজিজ
আর চাষার ছেলে নয়, খলিফার ছেলে। অনেক নরম লাগে শুনতে।

কিন্তু বেদিন আকাশ কালো করে টিনের চালের পরে বৃষ্টি পড়ে ব্যায়ক্ষ করে, আমানতের পা-কল কেমন আপনা থেকেই থেমে যায়—
বৃষ্টিটা মনে হয় যেন কালার শক্ত; আর সেই শক্তে ভোচে আদে তার
মাটির ডাক। তার মাটি তাকে ডাকে—ডাকে—অনেক দূর পর্যন্ত ভাকে। বলে, আমানত, চলে আয়।

কালনাগ

ভবতোব চোথের সামনে স্পষ্ট দেখতে পেল, আত্মহত্যা। আত্মহত্যা ছাড়া কোনো পথ নেই সমাধানের। পরাজয়-মোচনের।

সমস্ত রাত ছটফট করেই তার কাটত, যদি না শেষ রাতের দিকে

চাঁদ উঠত পীত-পাণ্ড়। চাঁদ দেখে তার আশা হল একবার, এই বুঝি

আকাশ ছিঁড়ে যাবে বক্ত চীৎকারে আর দেখতে-না-দেখতে সে তার

সমস্ত নিয়ে আগুনে অকার হয়ে উঠবে। তার সমস্ত অর্থ—তার কজ্জা,
তার দৈক্ত, তার সাহসহীনতা। তার এই আনর্থকা।

কিন্তু আজকের চাঁদ আতঙ্কের চাঁদ নয়, ঘুম পাড়াবার চাঁদ। একটু ঘুমূলই না হয় ভবতোষ। কাল যে আত্মহত্যা করবে চাঁদের বৈম্থো আজকে তার নালিশ না করলেও চলে।

ভবতোষ সত্যি-সত্যি ঘুমিয়ে পড়ল। অন্তত থানিকক্ষণের জন্তে ভুলল যে কাল তাকে আত্মহত্যা করতে হবে। ভুলল, তিন দিন ধরে আধপেটা থাছে, সাত দিনের উপর দে ঘুমুতে পাছে না, এক মাসেরও উপর পরনে তার একটা আন্ত কাপড় নেই। ভুলল সংসারে যে চিনির পাট নেই, জুতোর হাঁ-টা যে বোজানো যাছে না, কয়েক দিন আগে একমাত্র লেখবার টেবিলটা যে পোড়াতে হয়েছিল কয়লার অভাবে। ভুলল তার অসহায় স্ত্রী, অসহায়তর শিশুগুলি। ভুলল দে ইয়ুলমাস্টার।

সংকল্পের উত্তাপের দক্ষন তাড়াতাড়ি খুম ভাঙল ভবতোবের।
দিনের আরম্ভটি কেমন যেন নতুন লাগল।

নতুন লাগল, স্থার কাংস্থ-কর্কশ কণ্ঠস্বর অনেকক্ষণ শোনা গেল না। তার অগণিত অভিযোগের তালিকা। তবে কি ঘটেছে কিছু অভৃতপূর্ব ? শোকা যাচ্ছে কি উন্নের ধোঁয়া?

ভবতোষ নেমে এল তক্তাপোণ ছেড়ে। নিচে মেঝের উপর গড়াচ্ছে এখনো শিশুগুলি, স্থার জায়গাটা শুধু ফাঁকা। বেখানে ঘুম মানে বিশারণ সেধানে এত ভোরে ওঠবার মানে কী? আর উঠলই বদি, নিজেকেই বা সে জানান দিছেে না কেন?

ছাদ নেই, ভবতোষ তাই খুঁজল একতলাতেই। কোথাও স্থার টিকানা পাওয়া গেল না। রাশ্লাঘর থেকে একতলা—কতটুকু বা জারগা—ঘুরে-ঘুরে বারে-বারে ভবতোষ দেখতে লাগল, কোথাও স্থা নেই। হঠাৎ তার চোথে পড়ল সদরের খিল খোলা।

একটা ছুরির ফলা ভবতোষের বুকের মধ্যে যেন দাগ কেটে দিল—
তবে কি স্থা ঘরে নেই ? দরজা খুলে গলির মোড় পর্যন্ত হয়ে সে
ঘুরে এল, একটা ঝাড় দারনী ছাড়া দ্বিতীয় স্ত্রীলোক দেখা গেল না।

ভবতোষ কি পাগল না অসং যে স্ত্রীকে অসতী ভাববে? নিশ্চয়ই আছে কোথাও বাড়ির মধ্যে। সদরে থিল দেয়া নেই, মানে দিতে ভূলে গিয়েছিল।

ফিরল ভবতোষ। ঢুকল শোবার ঘরে। ছেলে-মেয়েগুলো তেমনি ঘুমে, কিন্তু ওদের মা কোথায়? চেঁচিয়ে ডাকা যায় না, তব্ ডাকল ছ্বার হুধা বলে। তক্তাপোশের তলাটা শুধু দেখতে বাকি ছিল, তাও দেখল। বাইরে যদি-বা গেছে, নিশ্চয়ই সেটাকে বাইরে বলে না? ফিরে আসবে এখুনি। রোদ ওঠবার আগেই। কিন্তু তাকে না বলে প্রায় রাত-থাকতে সদর খুলে সে বাইরে যাবে সেটাই বা কোন দিশি? রোজই যায় নাকি এ রকম?

কোনো কিছু হদিস রেখে গেছে কি না ভবতোষ তাই খুঁজতে লাগল ব্যন্ত হাতে। তক্তাপোশে তার তোশকের তলাটাই হচ্ছে স্থার চিঠিপত্র রাখার জায়গা। উলটে-পালটেও কোনো খেই পেল না কিছুর। তথু স্থার নিজের বালিশের নিচে চাবির গোছাটা পড়ে

আছে। বুকটা কেঁপে উঠল ভবতোষের—চাবি যথন নেয় নি আঁচলে বেঁধে, তখন দে বুঝি আর ফিরে আদবে না।

চাবি দিয়ে ভবতোষ স্থার হাতবাক্স খুলে ফেলল। বা ভেবেছিল। স্থা আর নেই। স্থা তার হাতের ত্গাছি সোনার চুড়ি হাতবাক্সে রেথে গেছে।

ঐ তৃগাছি দোনার চুড়িই স্থধার শেষ আভরণ। আর বাকি যা-কিছু ছিল কাগজের টুকরোয় পর্যবসিত হয়ে জঠরের আগুনে ভস্মশাৎ হয়ে গেছে। ঐ তৃগাছি রেখে দিয়েছিল সে আয়তির চিহ্ন হিসেবে তত নয়, য়ত একটা কিছু বড় রকমের বিপদ-বিশৃদ্ধলার হাত এড়াতে। যদি বোমা পড়ে কোলকাতায় আর তাদের চলে যেতে হয় শহর ছেড়ে, তবে ঐ তৃগাছি সোনার চুড়িই হয়তো তাদের কিছু দ্রের পথ দেখাবে। তাই সব সময়ে হাতে রেখেও তাতে হাত দেয় নি সে কোনো দিন। সেই চুড়ি তৃগাছ আজ তার হস্তচাত! কী মানে দাঁড়ায় এর ?

স্পষ্ট, অবধারিত। স্থাই গেছে আত্মহত্যা করতে। ভবতোষের স্থানে, ভবতোষকে কলা দেখিয়ে। তার পতিবত্নীত্ব বজায় রেখে।

উদ্ভান্তের মতো ভবতোষ রাস্তায় বেরিয়ে গেল। ছেলেমেয়েরা ঘুম্ছে, ঘুমোক। যতক্ষণ না জানতে পারে। যতক্ষণ না জানতে পারে ক্ষধার দ্যাশলাকা।

কোথায় যেতে পারে স্থা? কোথায় আবার! গঙ্গায় নিশ্চয়। জোয়ার এসেছে গঙ্গায়। আর, স্থা সাঁতার জানে না। সন্দেহ কী!

বেশি দ্র নয় গলা। গলি থেকে বেরিয়ে ডান দিক থানিক গিয়ে মোড় ঘুরলেই। প্রায় ছুটতে-ছুটতে ভবতোষ পৌছুল গলার ঘাটে। এ-ঘাট থেকে ও-ঘাটে। ভিড় জমেছে প্রাতঃস্নাতকদের। কোথাও স্থার উদ্দেশ পাওয়া গেল না। না ঘাটে না জলে।

ভীষণ স্বতবল মনে হতে লাগল ভবতোষের। নিরাশ, নিরুৎসাহ। সে পারল না আগে মরতে। সে পারল না বাঁচিয়ে রাখতে তার আত্মহত্যার ইচছা।

কের ফিরতে হয় বাড়ি। কে জানে, হয়তো ফিরেই দেখতে পারে

স্থাকে। গঙ্গা থেকে স্থান করে বাড়ি ফিরেছে ভেজাচুলে। উত্ন ধরিয়েছে। কিন্তু তার পর, রাধ্বে কী ? চাল কই ?

তব্, সে ফিরেছে এই লালসাটি লালন করেই ভবতোষ এদিক-ওদিক ঘোরাঘুরি করল। দেরি করল খানিকক্ষণ। যেন ফিরতে সময় দিল স্থধাকে।

হয়তো মন থেকে আত্মহত্যার ইচ্ছাটাকে তুলে ফেললেই স্থাকে ফিরে পাবে সে। হঠাং এই জন-প্রবাহকে ভালো লাগল তার, ভালো লাগল রোদের প্রথম ঝাঁজ, থানিক পরে ফের মেঘলা হয়ে য়াওয়া। স্থলর বলে মনে হল স্থাকে। তার শরীরের ঠামটি মনে হল একটানে একটি লাবণ্যের রেথাকন। মৃত্যুর থেকে মৃথ ফিরিয়ে আনতেই সাধ হল স্থাকে স্পর্শ করে।

বাড়িতে যে-চমক সে দেখবে বলে আশা করেছিল তা দেখল সে ছোট তুটোর কালায় আর বড়টার রুদ্ধ-শোক গাস্তীর্যে। বড়টা মেয়ে, দাবিত্রী, বয়স দশ। ছোট তুটো ছেলে। সবশেষটা তিন ৰছরের। মাঝখানে তুটো কাটা পড়েছে।

কী, মা কোথায়? ভবতোষ জিগগেস করল সাবিত্রীকে।

বা, তোমরা তো একসঙ্গেই গেলে। তোমার সঙ্গেই তো মার ফেরবার কথা।

কী যে বলিস! স্থামি তো গেছলাম তাকে খুঁজতে। কোথাও দেখতে পেলাম না।

সাবিত্রী শুস্তিত হয়ে রইল। ছোট ঘুটো থানিক থেমে আবার উচ্চে তান তুলল। স্বাইর ধারণা ছিল বাবা আর মা একসঙ্গেই ফিরে আসবে। কিন্তু বিপদের এমন চেহারাটা তারা কর্মনাও করতে পারে নি। একটা হতবৃদ্ধিকর ঘটনা। কোথায় যাবে কী করবে ছেলে-মেয়েগুলোকে কী প্রবাধ দেবে কিছুরই কিনারা করতে পারে না ভবতোষ। আর এটা এমন একটা হৈ-চৈ করবার মতোও ঘটনা নয়, ঢাক পিটিয়ে রাষ্ট্র করা যায় না। মৃতদেহ না পাওয়া পর্যন্ত কেউ বিশাস করবে না আত্মহত্যা বলে। মৃথে হাই বলুক, ঢোল পিটবে মনে-মনে। তার চেয়ে গলায় দড়ি বেঁধে সিলিঙের কড়ায় ঝুলে থাকলেও যেন এমন কেলেকারি হতনা। একটা প্রমাণের আরাম পেত অস্তত।

কাউকে বলা যায় না, তবে কী ব্যবস্থা করবে ছেলেপিলেগুলোর ? কী থেতে দেবে তাদের ? ইস্কুলেই বা সে যাবে কথন ? তার পর, যোগাড় হয়েছে সম্বোয় একটা নতুন টিউশনি, তারই বা কী হবে ? সর্বত্র রাষ্ট্র না করেই বা কী উপায় !

স্থ মৃহ্মান হয়ে এল পশ্চিমে, তবু স্থার দেখা নাই। আদ্ধের মান্টার কাশীনাথবাবু পাড়ায় থাকেন, তাঁরই বাড়িতে ছেলেমেয়ে-গুলোর থাওয়া হল এ বেলা। তবু একটা ওছুহাত ছুটেছিল তাদের আদৃষ্টে! ভবতোষ অভুক্ত। হয়তো দেই একই ওজুহাত।

কিন্ত কাল ? কাল কি তার শৃত্য হাঁড়ির থবর সে চেপে রাখতে পারবে ? কিন্ত কালকের মধ্যেই কি হুধার মৃতদেহ খুঁজে পাওয়া যাবে না ?

সন্ধ্যের টিউশনিটা যে খোয়া যাবে এই ভবতোষের ত্থা। ছাত্তের বাপ ভীষণ কড়া, পাঁচ মিনিট দেরি হলেই মাইনে কাটবার ভয় দেখার, গোটা এক দিন কামাই করলে বরপান্ত করবে। কোন কিছুই তো জানতে হুধার বাকি ছিল না।

ভগু টিউশনিটাই বা কেন? তার অবোধ ছেলে-মেয়ে, তার অযোগ্য স্বামী, ছন্নছাড়া সংসার।

বাড়িতে বাতি জালবে কি না ভবতোষ ভাবছিল, দেখল কে আসছে গলি দিয়ে। নিভূলি মেয়েছেলে। পরনে খাটো ফেঁদে-যাওয়া নোংরা কাপড়—পাড় আছে কি নেই চোথে পড়ে না—হাত গলা সব খালি, একহাঁটু ধুলো। যেন দাঁড়াতে পারছে না এমনি তার চলা, হাতে আবার একটা পুঁটলির ভার। ভবতোষ বেরিয়ে এল রোয়াকের উপর। স্থাই তো সত্যি।

কী যে হতে পারে স্থার, নিখাস নিতে-নিতে কিছুই ভেবে উঠতে পারল না ভবভোষ। কাছে এসে ভুধু জিজেস করলে, এ কী ?

শ্বধা বলল, চাল।

চাল ? যেন ভবডোষ কোনো দিন নাম শোনে নি ও জিনিসের। হাঁ, ছু সের চাল পেয়েছি। স্থা হাসলে। জ্বসীম ক্লান্তির মাঝেও যেন জয়ের একটু স্পর্ধা আছে লেগে।

যেন বহু দুর পথ পার হয়ে ভিক্ষে করে কুড়িয়ে এনেছে এমনি মনে হল ভবতোষের। বললে, পেলে কোথায় ?

কনটোলের দোকান থেকে। রাত থাকতে গেছি আর ফিরছি এই সদ্ধ্যেয়। তোমরা না জানি কত উতলা হয়েছ, স্থা হাসল অস্তরের স্কছতায়: কিন্তু প্রতিজ্ঞা করেছিলাম চাল না নিয়ে বাড়ি ফিরব না কিছুতেই। তাই মাঝখানে দোকান বন্ধ হয়ে গেলেও লাইন ছাড়ি নি। কত ধাকাধাকি, কত ধন্তাধন্তি, তবু টলি নি এক পা, মাথার উপর তুমুল এক পশলা বৃষ্টি পর্যন্ত হয়ে গেল। বোল ঘন্টা দাঁড়িয়ে থেকে পেলাম তবে এই তু সের। উ:, আমি তো কত লোকের ঈর্বার বস্তু, কত লোকেই তো কিছু পায় নি, যারা দাঁড়িয়েছিল আমার পিছনে। পুরুষের লাইনেও তাই। আমিও নিলুম, আর বললে, ফুরিয়ে গেছে।

কিন্তু এমন একটা বিশ্রী পোশাকে গিয়েছিলে কেন ? হাত-পা থালি, পরনে আমার তেল মাথবার ধৃতিটা। গায়ে জামাও নেই বুঝি কোনো?

বন্ধির ঝি না সাজলে কি দাঁড়ানো যায় কনটোলের লাইনে?
দিগ্বিজয়িনীর মতো চালের পুঁটলি নিয়ে স্থা বাড়ির মধ্যে চলে গেল।
মাকে ফিরে পেয়ে ছেলেনেয়েগুলির উন্তালতা তথনো থামে নি, গলির
ম্থে ভবতোষ দেখতে পেল একটি পুরুষমূর্তি। দিধায় দিখণ্ডিত হয়ে
যাচ্ছে, গলিতে চুকবে কি চুকবে না। শেষ পর্যন্ত চুকল, স্থার এগিয়ে
এল কি না ভবতোষের বাডির দিকে।

আধাবয়সী, কিন্তু যেন ঠিক ভদ্রলোকের পর্যায়ে পড়ে না। যদিও গায়ে একটা ছেঁড়া ও কুঁচকোনো চীনে-সিত্তের পাঞ্চাবি। দাড়ি কামায় নি কত দিন। চুলগুলিতে চিক্ষনির আঁচড় নেই। চাউনিটা কেমন যেন ঘোলাটে, অপরিচ্ছাঃ।

এদিক-ওদিক চেয়ে অত্যন্ত ভয়ে-ভয়ে লোকটা জিগগৈস করল : এ বাড়িতে একটি মেয়েছেলে চুকেছে এখুনি ? मृहूर्त्छ ज्वराजाय क्ष्क हरह राजन। वनान, हैं।, रकन ?

কি-ভাবে যে বলবে কিছু ঠিক করতে না পেরে আগন্তক বললে, ভাকে আমার দরকার।

দরকার ? রাগে কঠিন হয়ে উঠল ভবতোষের গলা: তাকে আপনি চেনেন ?

হাঁা, না, ঠিক চিনি না, তবে—লোকটা আমতা-আমতা করতে লাগল।

ভবতোষ ফণা-তোলা সাপের মতো বিষিয়ে উঠল: আরে। তুটো গলি ছেড়ে দিয়ে ভূঁড়িখানার কাছে থামের তলায় আপনার চেনা জিনিস পাবেন। যান সেখানে। এটা বস্তি নয়, গেরস্থ-বাড়ি। ষাকে ঝি ভেবে পিছু নিয়েছেন, সে ঝি নয়, ভদ্রলোকের স্ত্রী।

লোকটা যেন তবু এক কথায় চলে যেতে প্রস্তুত নয়। দোমনা করছে—ঘুর-ঘুর করছে।

কেলেন্ধারি বাধাবেন না বলছি। ভালোয়-ভালোয় বেরিয়ে যান গলি থেকে, নইলে পাড়ার লোক জড়ো হলে ঘাড়ের উপর মাথাটা আপনার সোজা থাকবে না বলে রাথছি। আমি অভূক্ত আছি বটে, কিন্তু পাড়ার আর সবাই আমার মতো এত নিস্তেক্ত হবে না বলেই বিশাস। মারবে তো বটেই, পুলিসেও ধরিষে দেবে।

আমারই ভূল। মাপ করবেন। লোকটা আবার সম্পৃহ চোখে ভাকাল চার পাশে। তার পর চলে গেল।

- ় কারু সংশ্ব একটা কিছু উত্তেজিত বচসা হচ্ছে এমনি আভাস পেয়ে স্থা তাড়াতাড়ি বেরিয়ে এল রোয়াকে। বললে, সেই লোকটা এসেছিল বুঝি ?
- কে লোকটা? আপাদমন্তক অলে গেল ভবতোষের।
 সেই চীনে-সিল্কের পাঞ্চাবি-পরা ভদ্রলোক?
 ভদ্রলোক? এরি মধ্যে গাঢ় পরিচয় হয়ে গেছে দেখছি।
 কী যে বল তার ঠিক নেই। তাকে তাড়িয়ে দিয়েছ বৃঝি?
 - স্থা বেন কণ্ঠস্বরে তাকে খুঁজছে।

না, তাকে আমার খাট ছেড়ে দিতে হবে। ভবতোষ গদার আওয়াজকে কুৎসিত করে তুলল: ওটা একটা বদমাশ, তোমাকে ভেবেছে বন্তির ঝি।

তা যা খুশি ভাবুক, কিন্তু সামিই তো ডেকে এনেছিলাম।
কাছাকাছি বোমা পড়লেও ভবতোষ এত চমকাত না। বললে,
তুমি ডেকে এনেছ ? কেন জানতে পারি ?

চারটি ওকে থেতে দেব বলে। ও আমার সামনেই ছিল, পুরুষের লাইনে। আমার নেয়ার সঙ্গে সঙ্গেই দোকান বন্ধ হয়ে গেল, আর ও আমার চোথের উপর মাটিতে ভেঙে পড়ল টুকরো-টুকরো হয়ে। বললে, বাড়িতে বেস আছে সবাই চালের প্রত্যাশা করে, সে গেলে তবে উন্থন ধরবে। তবু তো স্ত্রী-পরিবারকে একবেলা আধপেটা সে থাওয়াচ্ছিল, কিন্ধ নিজে সে উপোস করে আছে প্রায় চার দিন। পাছে ওদের ভাগে কম পড়ে তাই মিথ্যে করে বলত যে বরুর ওথানে তার নেমস্তর। কিন্তু চার দিনের উপোসের পর নেমস্তরের কথা নাকি আজ সে কিছুতেই বলতে পারবে না। তাই আমি ওকে বলেছিলাম, চলুন আমার ওথানে, অন্তত ভাত থাবেন আপনি পেট ভরে। প্রথমটা বিশাস করে নি। পরে বিশাস করলেও রাজি হতে পারে নি। স্ত্রীপ্রের জন্তে চাল না নিয়ে গিয়ে নিজে ভাত থাবে লুকিয়ে, হয়তো যয়ণা হচ্ছিল, কিন্তু জঠরের য়য়ণা তার চেয়েও ভয়ানক। আহাহা, তাড়িয়ে দিলে তুমি ? স্বধা গলা বাড়িয়ে তাকাল এদিক-ওদিক।

আন্তে আন্তে একটা তীব্র, ঘন, উগ্র গন্ধ ভবতোষকে আচ্ছন্ন করতে লাগল। যেন তার নিশাস বন্ধ হয়ে যাবে এখুনি। চোথ ঠিকরে বেরিয়ে পড়বে।

ना, ও किছू नय। ও अधू छेश्रतंत्र (धीया।

বাঁশবাজি

থোড়গাছির মাঠে গাজনের মেলা বসেছে।

এবার লোকজন বিশেষ জমে নি, মালপত্রও বিশেষ কিছু নেই।
তেলে ভাজা তুর্গদ্ধ পাঁপর, বিদ্নে ধানের থই জার শিল-পড়া কতক কাঁচা
জাম। কাগজের এবার বড় জভাব, ঘুড়ি-ফুরফুরি নেই একখানাও।
মাটির পুতুল—কুক্র-বেরাল, হাতি-ঘোড়া—সকলের এক রঙ, শুধু চোথ
কা নাকের ডগা বা লেজের শেষ বোঝবার জত্যে কালোর ত্-একটা
কোঁটা বা জাঁচড় কাটা হয়েছে। আছে কিছু চাঁচের ও বাঁশের জিনিস,
ঝুড়ি-চ্যাঙারি, খারা-খালুই। আর আছে হাঁড়িকুড়ি, সরা-মালসা,
কলকে-ধুছচি। নেই সেই গামছা, নেই বা কাঁচের চূড়ি।

যারা তবু এসেছে সব যেন কেমন কাহিল চেহারা, চলকো, ঝিম-মারা। যেন কী একটা আতক্ষের অন্ধকৃপ থেকে বেরিয়ে এসেছে মরতে মরতে। চলায়-বলায় ফুজি নেই এক রন্তি! পরনের কাপড় কানি হয়ে আসছে দিনে দিনে!

পাকড়া গাছের তলায়ই বেশি ভিড়। আর বেশি গোলমাল কাছেই কোথায় এফটা ট্যামটেমি বাজছে।

এগিয়ে গেলাম ! শুনতে পেলাম একটা ছোট ছেলের কালা।

আমি পড়ে যাব, আমি মরে যাব। আকুল আফুট চোথে কাঁদছে সেই ছেলেটা। ছ-সাত বছর বয়স, পেঁকাটির মতো হাত-পা, কোমরের নিচে ছেঁড়া টেনি আঁটো। বাসা থেকে থসে-পড়া না-ওড়া পাধির বাচ্চার মতো অসহায়।

वार्गात कि ? कैंगिए एक ? मवारे वलरल, वाँगवांकि श्रव।

প্রথমটা ব্রতে পারি নি। ভেবেছিলাম বাশ দিরে পিটবে ব্রি ছেলেটাকে, তাই কাঁদছে অমন অঝোরে। কিন্তু স্বাই বললে, মার মার, থেলা।

বাঁশগাড়ি করে আদালতে দখল নেয় শুনেছি, তখনও নাকি ঢোল বাজে। বাঁশ নিয়ে আর যে কোন খেলা হয় দেখি নি তখনো।

মাটিতে পুঁতে নেবে তো বাঁশটা ? কে একজন জিগগেস করলে।
না, এ সে মাম্লি থেলা নয়। ওয়াকিবহাল কে একজন বললৈ
ভারিকি গলায়, না, বাঁশটা বুড়ো পেটের ওপর বসাবে, আর সেই বাঁশ বেয়ে-বেয়ে উপরে উঠে যাবে ছেলেটা, একেবারে ছগার ওপর। সেখামে বাঁশের ম্থ পেটের ওপর চেপে ধরে ম্থ নিচ় করে ঝুঁকে পছবে। আছি, বুড়োর পেটের ওপর বাঁশ ঘুরবে বন-বন করে আর ছেলেটা হাত ছেড়ে দিয়ে চরকির মতো ঘ্রপাক থাবে। আমি আগে আরো দেশেছি

ঐ বুড়ো বুঝি ? হা, ওই মন্তাজ।

শনের দড়ির মতো পাকিয়ে গেছে বুড়োর শরীর, থৃতনির উপীর হলদেটে ক-গাছ দাড়ি রয়েছে উচিয়ে। বৃকটা ঢিপলে মতন, পেটটা দ-পড়া, হাত-পায়ের মাংগুলো হাড়ের থেকে অনেক দ্রে সয়ে এসেছে। বিকেলের রোদে কোঁচকানো চোখ ছটো তার চকচক করছে—সেইটুকুই তার বা-কিছু সাহস আর অভিজ্ঞতার চিহ্ন।

গোল হরে দাঁভিয়েছে স্বাই। টিনের একটা ফুটো মগ নিয়ে মস্তাজ স্বাইর কাছ থেকে পয়সা কুড়োচ্ছে।

থেলা শুরু হল না আগেই পরসা ? কে একজন ধমকে উঠল।
থেলা হয় কী করে? বাঁশে বে চড়বে সেই তো কেঁলে রসাতল
করছে। পড়ে যাব, মরে যাব—এ কেমনতর কালা ? পড়েই বাঁদি
যাবি তাবে কে আসতে বলেছিল তোদের থেলা দেখাতে ?

ছেলের কালাতে মন্তাজের জাকেপ নেই। হবে, হবে, শুরু হচ্ছে এখনি। স্বাইকে আখাস দিয়ে শৃত্য মগ দেখিয়ে-দেখিয়ে ঘ্রে যায়।

্থেলা তো আর ওরা নতুন দেখাছে না, তবে কাঁদছে কেন ঐ ছেলেটা? জ্ঞিগগেস করলাম পাশের লোককে।

এতদিন ও ছিল না। ও নতুন।

তবে কে ছিল এতদিন ?

ওর দাদা-

না, না, ঐ ছেলেটাও দেখিয়েছে ছ্-একবার। কে আর একজন উঠল প্রতিবাদ করে। সরস্বতী পূজার সময় তেঁতুলের ইস্কুলের মাঠে এই ছেলেটাই উঠেছিল বাঁশ বেয়ে। এখনো তত রপ্ত হয় নি—বেয়েবেয়ে চুড়োয় উঠে আসাটাই সেদিনকে ওর খেলা ছিল। আসল খেলা দেখিয়েছিল অবিশ্রি ওর দাদাই। আর মাই বলুন, আসল কসরত রে বাঁশ বেয়ে উঠে আসে তার নয়, য়ে বাঁশটা পেটের ওপর চেপে ধরে রাখে তার—মস্তাজের।

करे खत्र मामा ?

क् जात।

টুং করে একটিও আওয়াজ হল না মস্তাজের মগে। থেল না দেখে কেউ পয়সা দিতে রাজি নয়।

শনত্যোপায় হয়ে মস্তাজ ছোট ছেলেটার কাছে এগিয়ে গেল। পিছনে দেয়াল, সামনে বুনো কুকুর তাড়া করেছে এমনি ভয়ে চেঁচিয়ে উঠেছে ছেলেটা। নানা, আমি না। আমি পড়ে যাব, আমি মরে যাব—!

বাপ একবার তার হাত ধরে টান মারল হেঁচকা। মারবার জ্ঞে হাত ওঁচাল একবার।

হেঁ, ভয় দেখ না ছেলের। তোর বাপ কত খেলা দেখিয়ে এল কড জোয়ান জোয়ান ছেলে দিয়ে, আর তোকে কিনা সামলাতে পারবে না, পুঁচকে একরন্তি ছেলে। বাপের হয়ে ছেলেকে কেউ কেউ তিরস্কার করলে।

মস্তাজ একটু হাসল। অনেক অভিজ্ঞতায় মহণ, ধারালো সেই হাসি।

পড়েই যদি যাস, বাপ তোকে ছহাত বাড়িয়ে লুফে নিতে পারবে না ? নে, উঠে আয়।

় যে লোকটা ট্যামটেমি বাজাচ্ছিল সে আরো জোরে কাঠির বাড়ি মারতে লাগল।

কিন্তু ছেলে কিছুতেই রাজী হয় না। সকল কোলাহল ছাপিনে তার কান্নাই প্রবল হয়ে ওঠে।

থেলা আর জমল নাতা হলে। ত্-একজন করে খদে পড়তে লাগল।

মস্তাজ অসহিষ্ণুর মতো গলা উচিয়ে তাকাল একবার ভিড়ের বাইরে। কতক্ষণ পরে কে আরেকটা ছেলে তুর্বল পায়ে হাঁটতে হাঁটতে কাছে এসে দাঁড়াল। হাতে একটা আধ-খাওয়া পাঁপর।

७३ ७त नाना। जाना लाक्ता देश-देश करत छेठेन।

বছর দশকের রোগা-পটকা ছেলে। লিকলিকে হাত-পা। গায়ে একটা ছেঁড়া পাতলা কাঁথা জড়ানো। ঠোঁটের চার পাশে, গালে ও থৃতনির নিচে কাটা ঘা, একটা চন্চনে মাছি বারে-বারে উড়ে এসে বসছে তার নাকের ডগায়। হুটো ভাসা-ভাসা চোখে কেবল একটা শৃত্ত অর্থহীন চাহনি।

ছোট ভাইর কাছে এগিয়ে গেল। বললে, তোকে কাঁদতে হবে না মাকু, আমিই থেলা দেখাব।

আকু চুপ করল। চোথের জল শুকিয়ে গেল দেখতে-দেখতে।
আরো ঘন হয়ে এল জনতা। ট্যামটেমির বাজনা আরো টাটিয়ে উঠল।
কোমর ও হাঁটুর মাঝে যেটুকু কাপড় ছিল ভুর করে তাই আরো
খাটো ও আঁট করে নিল মস্তাজ। বাঁশটাকে বদাল পেটের উপর, নাইকুওলের গর্তে। কী যেন বলল বিভবিভ করে। বোধ হয় বিদমিল্লার
নাম করলে। বাঁশটা একবার কপালে ঠেকাল। গায়ে হাত বুলিয়ে
মুথের খুব কাছে টেনে এনে কী বললে তাকে।

এমন করতে কেউ তাকে দেখে নি কোনো দিন। এতটা চলবিচল হয়ে যাওয়া। চলে আয়, ইস্তাজ। ভাক দিল সে বড় ছেলেকে। ইস্তাজ মৃহূৰ্তে গায়ের কাঁথাটা খুলে ফলল।

কে যেন হঠাৎ পেটের মধ্যে টেটা চুকিয়ে দিল—এমনি আঁতকে উঠলাম। ছেলেটার বুকে-পেটে টানা-টানা ঘা, কোথাও দগদগ করছে, কোথাও খোলা পড়েছে, কোথাও বা পুঁজ উঠেছে দলা পাকিয়ে। দেই চনচনে মাছিটা হঠাৎ আর কটা গুয়ে মাছি ডেকে এনেছে। যথন ঘুরে দাড়াল ইস্তাজ, তথন খানিক স্বস্তি পেলাম। কেন না পিঠটা ওর মহণ, নিদাগ।

কেমন করে হল এই ঘা? এতগুলি ঘা? জিগগেদ করলাম জনতাকে।

কেউ কেউ জানে দেখলাম। দোল পূর্ণিমার দিন চাঁপালির বাব্দের বাড়িতে খেলা দেখাবার সময় বাঁশের মাথা থেকে পড়ে যায় ইস্কাজ। বুড়ো তার কতদিন আগে ম্যালেরিয়া থেকে উঠেছে, আমানি পাস্থাও নাকি জোটাতে পারে নি তারপর, তাই বাঁশটাকে বাগ মানিয়ে রাখতে পারে নি পেটের মধ্যে। যেখানে পড়ল ইস্তাজ, সেখানে ছিল খোয়া আর খোলামকৃচি, বুক-পেট ছড়ে-কেটে একাকার হয়ে গেল। সেই থেকেই ছেলেটা একটু কাবু হয়ে পড়েছে।

স্থাতাটা থায়ে জড়িয়ে নিবি না? জিগগেদ করল মস্তাজ।

না। ছ হাতে ধুলো মেথে ইস্তাজ লাফিয়ে উঠল বাপের পেটে বাঁশ ধরে। দীর্ঘ অভ্যাদে মক্ণ, তরতর করে চেয়ে উঠতে লাগল। ছ হাত দিয়ে পেটের উপর বাঁশটা শক্ত করে চেপে ধরে ঠায় দাঁড়িয়ে রইল মন্তাজ।

দেখুক, দেখুক এবার আঞ্চাছ। এত ঘায়ের যন্ত্রণা নিয়েও তার দাদা কেমন রাজি হল থেলতে।

আক্রাছ বা আকু ঘাড় উচ্ করে চেয়ে আছে দাদার দিকে। এখন আর তার ভয় নেই। সে এখন ট্যামটেমি বাজাতে পারে। কিংবা মগ নিয়ে ঘুরতে পারে পর-পর।

বাঁশের চূড়ার কাছে এসে ইস্থান্ধ একবার স্থির হয়ে দাঁড়াল, পেটেম্ব

কাছে কাপড় জড় করে বাশের মুখটা ঠিক করে বসাবার জন্তে। তথন তার ঘাগুলি আরেকবার স্পষ্ট করে দেখলাম। অসহ্ লাপল। ভাবলাম, চলে যাই।

কে একজন বাধা দিল। বলল, তার পর যথন ব্যাভের মতো হাত-পা ছড়িয়ে ঘুরতে াকবে শৃষ্টে তথন ওসব ঘা-টা কিচ্ছু দেখা যাবে না। বাঁশটা কি বাপ হাতে করে ঘোরাবে নাকি ?

কভক্ষণ হাতে করে ঘ্রিয়ে বাঁশটা পেটের উপর রাখবে, তারপর মোচড় খেয়ে-খেয়ে আপনিই বাঁশটা ঘ্রবে পেটের গর্তের মধ্যে। সেই তো আসল খেলা।

নইলে বাঁশ পুঁতে তার ওপর ডিগবান্ধি খাওয়াটা তো সেকেলে। তাতে আর বাহাছরি কী! আরেকজন ফোড়ন দিল।

ততক্ষণে বাঁশ ঘ্রতে শুরু করেছে মস্তাজের ত্হাতে। চোট থাবার পর ছেলেটা নিশ্চয়ই থুব হালকা হয়ে গেছে, ঘ্রছে ফুরফুরির মতো। হাত-পা ছড়িয়ে। ঘা তো বোঝাই যাছে না, বোঝা যাছে না ওটা কোনো মাহুষ না বাহুড় না চামচিকে!

এতক্ষণ আকাশের দিকে মৃথ করে ছিলাম, এবার তাকালাম
মস্তাব্দের দিকে বখন সে হঠাৎ বাঁশের প্রাস্তটা পেটের থাঁক্ষের মধ্যে
গুঁক্ষে দিলে। তার পর হাত দিল ছেড়ে। ছেলের পেটের চেয়ে বাপের
পেটটাই বেশি দেখবার মতো। ছেলের পেটে ঘা, বাপের পেটে প্রকাণ্ড
খোদল। বাঁশটা গ্রহণ করবার জন্মে মস্তাক্ষের পেটে এ সাময়িক পর্ত
তৈরি হয় নি, যেন অনেক দিন থেকেই এ গভীর গহ্মরটা সেখানে বাসা
বেঁধে আছে। সেই গ্রুটা ঘুঁটে-ঘুঁটে ঘুরছে না জানিকোন জনস্ত মহানদণ্ড।

বাঁশের শেষ প্রাস্তটা কত দ্র পর্যন্ত চেপে ঠেলে দিয়েছে পেটটাকে নিজের চোখে দেখেও বিশ্বাস হচ্ছিল না। পেটে-পিঠে এক, এমনিডে দেখেছি অনেক। এখন দেখলাম পেট বলে কিছুই নেই আর মাঝখানে, বাঁশের মুখটা সটান পিঠের উপর বসানো, সামনের দিক থেকে। পেটের সব নাড়িভুড়ি শুকিয়ে কুঁকড়ে কোথায় সরে গেছে, মেক্লনগুর হাড়েল্ল সক্লে ঠোকর থেতে-থেতে খটাখট শক্লে চলছে বাঁশের মুক্লনি।

প্রতি মৃহুতে যা ভয় করছিলাম—ইস্তাজ ফসকাল না, মস্তাজই টলে পড়ল। শেষ মৃহুতে তৃহাত বাড়িয়ে ছেলেটাকে লুফে নেবার চেষ্টা করেছিল মস্তাজ, কিন্তু যতই ফুরফুরে পাতলা হোক, বাপের তুর্বল বাছ আশ্রয় দিতে পারল না ইস্তাজকে।

— আজকাল বারেবারেই বুড়োর কেবল ফদকে যাচ্ছে— কে একজন আপত্তি করে উঠল।

মস্তাজ ত্হাতে মাথাটা চেপে ধরে বঙ্গে আছে উরু হয়ে। দৌড়-থাওয়া পাকতেড়ে থোড়ার মতো ধুঁকছে, আর ড্যাবডেবে চোথে তাকিয়ে আছে শৃক্ত মগের দিকে।

তারি জন্মে হয়তো থেলা শুরু হবার আগেই মগটা সে তুলে ধরেছিল সবাইর কাছে। কয়েকটা পয়সা আগে পেলে সে কিছুটা থেয়ে নিছে গারত, এক-আধখানা পাঁপর কি চামদড়ির মত শুকনো ছ-একটা ফুলুরি পেটে কিছু পড়লে পেট হয়তো এক চোটেই পিঠ হয়ে পড়ত না, খ্খুয়ে বাছ হটোতেও একটু জাের আসত। অভ্যাসে সব কিছু সওয়ানে যায়, শুধু ব্ঝি ক্থাকেই বাগ মানানা যায় না। বাঁশ, বাছ, ছেলে, ঘা—সব কিছুরই ম্থোম্থি দাঁড়ানাে যায় একমাত্র অভ্যাসের সাহসে—শুংক্ধাটাই ছবিনীত, কমাহীন।

বাঁশটা ছিটকে পড়েছে দ্রে। ইস্তাব্ধ আরো দূরে। উথিত গোল মালের মাঝে তার গোঙানিটা শুনতে পেলুম না। কেউ বললে, হা গেছে। কেউ বললে, বুকের কাছটাতে ধুকধুক করছে এখনো।

কাছেই দাতব্য চিকিৎসালয়। যতদ্ব সম্ভব ঘায়ের ছোঁয়া বাঁচিটেইস্কাজকে ধরাধরি করে কারা নিয়ে গেল ডাক্তারথানায়। ঘটনাটা সভ্য সভ্ত ঘটেছে বলে দাতব্য চিকিৎসালয় একেবারে ফিরিয়ে দিতে পারে না হয়তো। নইলে এমনিতে ঘায়ের ওষ্ধ নিতে এলে ফিরিয়ে দি নিশ্চয়ই। কেননা প্রতিবারের ওষ্ধ নেবার সময় এক আনা করে পয়স্দিতে পারত না মন্তাজ। যদি এক-আধ আনা পয়সা তার হাতে আফে কে কি তা দিয়ে পেটের উপরের ঘা ভকোবে, না, পেটের ভিতরের ঘা মন্তাজ বসে আছে চুপ করে, গোঁজ হয়ে, কিন্তু ছোট ছেলে আকা

কাদছে একেবারে পলা ফাটিয়ে। ভাবলাম দাদার জল্পেই ব্ঝি তার কারা।

কিন্তু মূথে তার সেই এক আর্তনাদ, এবার আরো নিঃসহায় কর্তে। এবার আমার পালা। এবার আমার পালা। আমি নিঘঘাত পড়ে যাব, মরে যাব আমি।—

মস্তাজ কিছুই বলল না। আকুর হাত ধরে চলল হাসপাতালের দিকে।

পড়ে যাব, মরে যাব। কোন অদৃশ্য আলার কাছে শিশুকণ্ঠের কফণ অথচ কোন প্রতিকারহীন কাকুতি!

মস্তাজ কিছুই বলছে না। পাথুরে মুখে নিষ্ঠর নির্লিপ্ততা। ছেলের কালার উত্তরে রেখাহীন কাঠিত। উপায় কী, তাকে খেতে হবে তো।

সাহেবের মা

তোমার নাম কী ?

সাহেবের মা।

নাম শুনে স্থমারনরিশ একটু চমকাল বোধহয়। বোধহয় বা চেহারার সঙ্গে মিলিয়ে। ঘর-দোরের সঙ্গে।

এখন আর অবিশ্রি ঘর নেই। সমস্ত বেড়াটাই এখন দরজা হয়ে গৈছে। দাবার উপর আছে একটু চালের অবশেষ। বাঁশে হুটো খুঁটি আছে এখনো আঁট হয়ে। একটাতে ঠেস দিয়ে বসে আছে সাহেবের মা। বুড়ি, আধ-পাগলা। হাতের কাছে একটা শুকুনো শূক্ত বাটি।

কে আছে তোমার?

কেউ না।

(क ছिल?

তিন ছেলে ছিল। আর ছিল আলা।

কেউ নেই ?

কেউ না।

च्यम्ना थायन। वनतन, त्रान किरम?

তিনটেই খেয়ে!

(थरब ?

হাঁ, অথাত থেয়ে। ঘাস-পাতা ছাতা-মাথা থেয়ে। এখানে-ওথানে যেথানে যা পেয়েছে তাই পেটে চুকিয়ে। শভুরদের পেটে কী বে দক্ষ্য থিদে ছিল— শেষ পর্যন্ত তো কলেরাতেই মারা গেল—

তাই লেখ। ওরা যখন নেই তথন কে বলতে আসছে কিসে ওরা গেল ?

কিন্তু আলা কোথায় ?

সে গেছে তোমাদের পকেটে। কোঠাবাড়িতে।

অম্ল্য হাসল। বললে, কি করে থাও এখন ?
পা দিয়ে বাটিটা ঠেলে দিয়ে বললে সাহেবের মা. ভিক্ষে করে।

শোন। যার জন্মে আমি এসেছি—

এই পাশের গাঁ, ভূম্রতলায় একটা তাঁতখানা বসেছে, সঙ্গে আছে
চাঁচবাঁপারির কান্ধ, তালবেতে ্মোড়া-চেয়ার টুকরি-টুপি বানান।
কি হবে ভিক্ষে করে? তুমিও এস না, কান্ধ করেবে আমাদের সঙ্গে।
আঙুলের গাঁটে-গাঁটে চামড়া আছে কুঁচকে। বুড়ি বললে, আমি
কী কান্ধ করব প

কেন, কাগজের ঠোঙা বানাবে। শিথিয়ে দেব আমরা। পাওয়া পাবে মাগনা। আর রোজ পয়না পাবে ছ-আনা করে।

সাহেবের মা জগংসংসারকে বিশ্বাস করতে চাইল না। **গাও**য়া, গাওয়ার উপরে আবার ছ-আনা পয়সা ?

ই্যা পয়সা দিয়ে আবার তোমার ঘর তুলবে। কথাটা বলতেই অম্ল্যর কেমন ফাঁকা ঠেকল বুকের ভেতরটা। সেই তৈরী ঘরের তীক্ষ শৃত্যতার নিশ্বাস লাগল তার হাড়ের মধ্যে।

ঝড় নেই, তৃফান নেই, বান-বক্তা নেই, অথচ ঘর পড়ে গেছে। যেন কভকগুলো বুনো নেকড়ে দল বেঁধে চলে গিয়েছে এখান দিয়ে, সব দলে-পিযে ছত্ত্ৰাকার করে দিয়ে। কুধার নেকড়ে।

वृष्टि बाबी शरा शन मश्खरे।

কে না রাজী হয়! মাগনা খাওয়া পাবে, উপযুক্ত মজুরি পাবে, রাজী না হবার কোনো মানে হয় না।

চাঁড়ালরা রাতে ঢেঁকিতে চিড়ে কুটত, এখন কেরোসিন পায় না, ছলে না আর টেমি বা বাঁশের চোঙার কুপি। তারা এল। সরুষে নেই, ঘানি ঘুরছে না কল্দের, তারা এল। দিউলিরা তাল-খেজুরের গুড় তৈরি না করে তাড়ি তৈরি করছে, এল তারা কেউ-কেউ। কাগজীরা গড়-বাশ-শর যোগাড় করলেও পাচ্ছে না কাগজ-তৈরির মশলা, তারাও নাম লেখাল।

গ্রামের পুনক্রজ্জীবন হচ্ছে। শ্মশানকে নিয়ে যাওয়া হচ্ছে গঞ্জ-গোলায়। পাঞ্রকে শ্রামলে।

কাঁচা মাটির ঘর উঠেছে কতকগুলো, কঞ্চিতে কালার চাপড়। লাগান দেওয়াল। তাঁত বসেছে ক-থানা, তৈরি হচ্ছে গামছা আর টেবল-ঢাকা। তৈরি হচ্ছে বাঁশের মোড়া আর ঝুড়ি, থালা আর ডোল, টপুর আর ধানের হামার। তৈরি হচ্ছে কাগজের ঠোঙা। লাগোয়া জায়গায় তৈরি হচ্ছে শাক-সবজি।

অম্ল্যর ভীষণ উৎসাহ। সরকারী সহাত্মভূতি পর্যন্ত সে আদার
করেছে। ধারা শহরে-গাঁয়ে ইজিচেয়ারে শুয়ে নিজেদের মান-ম্নাফ।
ঠিক রেখে বাধা-বাধা বুলি কপচায় তাদের কাউকে টেনে নিয়ে
এসেছে এই কাজের ঘূর্ণিপাকে। কিছু এক-এক সময় বড় প্রান্ত লাগে
অম্ল্যর। মনে হয় নিজেকে স্তোক দিছেে সে। গ্রামের উচ্চীবন!
কিছু গ্রামকে ধ্বংস করল কে? আজ গ্রামকে থাড়া করলে কালই য়ে
সে কের ধ্বংস হয়ে যাবে না তার ঠিক কি? আজ করের মুথে জল
কিছে। কিছু রোগ যাতে চিরদিনের মতো উচ্ছেদ হয়ে যায় তার সে
করছে কী?

বিশাল বটগাছের তলায় বলে থাকে সে নিরিবিলি।

না, এই বা কম কী! ঐ যে থাবা-থাবা থাচ্চে এখন সাহেবের মা।

সাহেবের মা হামড়ি থেয়ে পড়ে ভাতের পাতের উপ্র। ভাবে, খাওয়াটা কত সহজ, কত জানা জিনিস। ধান কেঁড়ে চাল ফুটিয়ে ভাত, ফেনালো ভাত, আর যদি লাও একটু স্থনের ছিটে। আর না-থাওয়াটা কত রাজ্যের পথ, আর কী নির্জন সে পাধরের রাজ্য। তাড়াতাড়ি থেয়ে নিতে হয় সাহেবের মাকে, আর স্বাইকে পিছে কেলে। থিদের তাড়নায় নয়, ভূতের তাড়নায়। তিনখানা কন্ধালসার হাত তার দিকে হঠাৎ এগিয়ে এসেছে।

এরা একবেলা থেতে দেয়। স্থাদ পেয়ে সাছেবের মায়ের সাধও বেন বেড়ে যায়। নগদ পয়সার থেকে সে থই কেনে, চিনির বাডাসা কেনে। কিছু থায় কিছু রেথে দেয় কাগজের ঠোঙায়।

সেদিন বিকেলের দিকে হঠাৎ একটা সোরগোল উঠল। শোনা গেল মোটরের ঝকঝকানি।

সাহেব এসেছে, সাহেব এসেছে।

ঠোঙা বানাচ্ছিল সাহেবের মা। তার পাশে ছিল মোক্ষমণি। সে বললে ফিসফিসিয়ে, তোর ছেলে এসেছে, সাহেবের মা।

ছেলে পূ সাহেবের মা চেঁচিয়ে উঠল।

শুনছিস না সাহেব এসেছে ? তুই যদি সাহেবের মা হোস, ও তো তবে তোর ছেলে ! মোক্ষমণি হাসল মুখ টিপে।

আশ্রুর্গ, তার একটা ছেলের নামও সাহেব ছিল না। মেনাজ, ইছব আর সদরালি—তার তিন ছেলে। একটার নামও অস্তত সাহেব থাকা উচিত ছিল, নইলে কিসের সে সাহেবের মা? উপায় কি, যথন বাপ তার নাম রেখেছে, তথন কোথায় সাহেব। বাপ তার ভূঁই রুইত, বোধ হয় আশা করেছিল নাতি তার লাটসাহেব হবে। অস্তত আশা করেছিল সাহেব নামে সৌভাগ্য আসবে তার মেয়ের সংসারে।

সে সাহেবের মা, অথচ ছেলে তার কেউ সাহেব নয়, এই অসক্তিটা আজ কেমন লাগল তার বুকের মধ্যে।

জীবেশ এ মহকুমার ছোকরা মূনিব। এসেছে পরিদর্শনে।
তাকে পেষে অম্ল্য মহা খুশি। ক্বতক্তার্থ। খুঁটিয়ে-খুঁটিয়ে
দেখাচ্চে স্ব কাজ্কর্ম। তাঁতের, বাশ-বেতের, ঠোঙা-ঠিলির।

খুব ভালো কাজ হচ্ছে। দাঁত চেপে বললে জীবেশ মুক্কবিয়ানার ফরে।

তবে আরো দেখন। এই শাকপাতাড়ের খেত। ফুল যা দেখছেন সব আহার্য ফুল। সন্ধ্যে হয়ে গৈছে। আমাজ এই পর্যন্ত থাক। জীবেশ মৃত্ হাজে আপত্তি করল।

আর একটু। এই দেখুন বাঁশের জাফরির কাজ। গোলোকধাঁধ। নক্মার সিলিং।

এবার গাই অম্ল্যবার্। আফিস থেকে এখনো বাড়ি ঘাই নি। থিদে পেয়ে গেছে।

এ ছেলেমানসি ধরনের কথাটা কেউ তেমন থেয়াল করল না, কি% লাগল গিয়ে ঠিক সাহেবের মার হৃৎপিতে। সন্দেহ কি, এ তার্ট ছেলে। বলছে, থিলে পেয়েছে। বলছে, থেতে দাও কিছু।

কার কাছে বলছে ?

কার কাছে আবার! সন্তান আবার কার কাছে বলে!

সন্দেহ কি, এ তারই ছেলে। পোষাক-আসাক বদলে যেতে পারে.
বদলে যেতে পারে ধরন-ধারন, কিন্তু গলার স্বর বদলায় নি একটুও।
বলে, থিদে পেয়েছে, থেতে দে, মা। তার মেনাজ-ইছব-সদরালি না
হতে পারে, কিন্তু তার সাহেব,—যে ছেলে তার মরে নি এখনে:
ক্ষিদেতে ধুকছে, কিন্তু মরে নি এখনো। সে যে মা, সাহেবের মা।

জীবেশ উঠছে তার মোটরে, সাহেবের মা কাগজের ঠোঙাছ চিনির বাতাসা নিয়ে এল তার সামনে। ঠোঙাটা ম্থের কাঞে বাড়িয়ে ধরে বললে, নে, খা।

জীবেশ পিছিয়ে গেল ছ্পা। স্বাই বোকা, হতভম্ব হয়ে গেল।
তোর থিলে পেয়েছে বলছিলি না ? নে খা, খিলের কাছে আবাব লক্ষা কী।

আংশ-পাশের লোককে জীবেশ জিগ্গেস করল, কে এ ? স্বাই বললে, পাগীলি।

ছেলের থিদের কথা শুনে কোন মা না পাগল হয় শুনি । সাহেবের মা হাসল অঙ্জ করে: নে, হাঁ কর, আমি ধাইছে । হাতে করে।

औरतम छत् भूथ फितिरा तहेल। मताहे हाहे-हहे करत मारहर⁴³

মাকে চেষ্টা করল হটিয়ে দিতে। কেউ বা টানল তার হাত ধরে।
জলে হঠাৎ চোধ ছটো তার খ্ব উজ্জ্বল দেখাল। বললে, আমাকে
চিনতে পাচ্ছিদ না সাহেব ? আমি যে তোর মা—সাহেবের মা।
আমার একটা ছেলে এখনো বেঁচে আছে, কাঁদছে খেতে দাও বলে!
আর তুই—

না, চিনতে পেরেছে। সম্ভানকে মা চিনলে মাকে সম্ভান চিনবে না? জীবেশ দরজা খুলে দিল মোটরের। বৃ্ডিকে তুলে নিল ভিতরে।

লোকে যা ভেবেছিল তার উলটো হল। ভেবেছিল বৃড়িকে হাতের ধারুায় ঠেলে দিয়ে চলে যাবে জীবেশ, কিন্তু না, একেবারে তুলে নিল গাড়িতে। দয়ার শরীর আছে সাহেবের।

বা. ও সাহেব যে। মার ছেলে। বলে উঠল মোক্ষমণি।

তার বাবা আর তার নাম মিথ্যে রাথে নি। তার সাহেবের কত সুন্দর বাড়ি, কেমন স্থন্দর বাগান। কেমন চমৎকার হাওয়া-গাড়ি।

বাড়িতে পা দিয়েই জীবেশ চেঁচিয়ে ডেকে উঠল: মা, মা। ভাকতে-ভাকতে চলে গেল ভিতরে।

ভাকটা একটা দক্ষ শেলের মতো লাগল এনে সাহেবের মার বৃকে। এ বেন অন্ত রকম। এ বেন আনন্দের ভাক, অহকারের ভাক।

বাঙলোর বারান্দায় দাঁড়িয়ে সাহেবের মা তাকাতে লাগল চার পাশে, ঝাপসা অন্ধকারে। তার চোথে যেন আর সেই আখাস নেই। কেমন ভয়-ভয় ভাব। যেন কোন অজানা বিরানা জায়গায় চলে এসেছে সে। যেন বালির উপরে রোদ্বের তার জলভ্রম হয়েছে।

এই যে মা, এই যে। ভারি অভ্ত—তার সাহেব বাড়ির ভিতর থেকে ডেকে নিয়ে এসেছে আর কাউকে।

তারই মতো বৃড়ি। কিন্তু তার চেয়ে অনেক বেশি স্থন্দর।
শত্যিকারের মার মতো। পিরতিমের মতো। কাঁচা-পাকা চুলে লাল
টকটকে সিঁত্র, চওড়া কন্তাপেড়ে শাড়ি, গা ভরা গয়না। ঝকমক
করছে, গনগন করছে।

আহা, বেচারী— জীবেশের মা বললেন সাহেবের মাকে। নিজে খেতে পাচ্ছিদ না, তাই পরের খিদ্যে প্রাণ পোড়ে। বোস্, সরে বোস ওথানটায়। তোর জন্মে থাবার নিয়ে আসছি আমি। আর, কাপড় নিবিনে একথানা? বোস বোস ওই নিচে নেমে।

জীবেশ ও জীবেশের মা চলে গেল ভিতরে।

ছেলেকে থেতে দিয়ে জীবেশের মা বৃড়ির জন্যে কলাপাতায় করে থাবার নিয়ে এলেন, নানারকম থাবার; কিন্তু বৃড়িকে কোথাও দেখতে পেলেন না। না বারান্দায়, না বা নিচে, বসতে বলেছিলেন যেখানটায়। অন্ধলারে চলে গিয়েছে কোন দিকে। শুধু একটা কাগজের ঠোডারেথে গিয়েছে দরজার কাছে। তাতে কটি ভাঙা গুঁড়ো-গুঁড়ো চিনির বাতাসা।

বৃত্তশেষ

পেয়াদা-বাবু এদেছেন। ঘাটে-বাটে লোক জমে যাচ্ছে। কেউ কেউ বাগা-ঢাকা দিচ্ছে ভয়ে ভয়ে।

ইন্তাহার আছে, দখল আছে, অপ্তাবরও আছে এক নম্বর।

অস্থাবরটা ক্ষেত্র ত্যারীর নামে। দোয়া গাই, বকনা বাছুর, এঁড়ে দামড়া—কিছুই বাদ দেবে না। পোয়াল-কুড় পর্যস্ত।

যতই পেয়াদা-বাব্ হোক, ক্ষেত্র চেনে মনোরথকে। এককালে দরিক ছিল তারা। উলুমাঠ ভেঙে চাষ করেছিল ত্ঞনে। চাষকারকিত ছেড়ে দিয়ে মনোরথ চলে গেল সদরে, ঘুস-ঘাস দিয়ে আদালতের রাত-পাহারার কাজ নিলে। এদিকে জঙ্গল উঠিত হল, তব্ মনোরথ ফিরে এল না। রাত-পাহারা থেকে হল সে আদালতের সেপাই, চাপরাশটা কখনো কাঁধে, কখনো কোমরে! ক্ষেত্র সেই যে-কে-সে চাষা, সেই ধান ছিটেন করে, বীজ্পাতার চাতর দেয়। থাকে খোড়ো ঘরে। মাটিতে গা পেতে।

আমি কেন্তর।

মনোরথ চিনতেই পারে না। তার এখন অনেক সন্মান। পারে জ্তো, সব্দে দোত-কলম। ভাবটা ছোটলাটের মতো।

অণ্ডিম্যাও ছাওনোটের মামলা। ডিক্রি জারিতে পাওনা সাডার াকা সাড়ে তেরো আনা। মনোরথ নিশানদারকে সনাক্ত করতে বলে।

ওরে মনো, চেয়ে দেখ। আমি কেন্তর-

গরজারি করিয়ে দিতে হলে ছ টাকা লাগবে। মনোরথ বলে কানে কানে।

আমার গলায় ছুরি দিবি ? মরলে ইাড়ি ফেলতে হয় যেখানে—
মনোরথ ও-সব ছেঁদো কথায় কান দেয় না। ডিক্রিদারের থেকে
সে টাকা থেয়েছে। সে পরোয়ানার মর্ম প্ডতে শুরু করে।

ভর-বয়সের বলদ, হাঁসা রঙ, হেলা শিঙ, লেজ ভাঙা---

ওরে, মনো, চার আনা নিয়ে ছেড়ে দে। মনে করে দেখ, তৃজ্জনে ভূই রুইতাম একসঙ্গে। ধান এবার অপুষ্ট ও দাগী হয়েছে, নোনা উঠেছে জমিতে। চার আনা পয়সায় তবেলার খোরাকি হত—

সম্ভায় মনোরথ করতে জানে না। সে কর্তব্য করতে এসেছে। উলাটলির ধার ধারে না সে।

একটা গরু ধলো, আরেকটা ধুসো। বাছুরটা পাটকিলে। ভিক্রিনারের লোক জামিনদার হয়ে ধরে নিয়ে গেল। তুর্বল নাচারের মতো তাকিয়ে রইল ক্ষেত্র। মনোরথ বেন নবাব-নাজিম, আর সে বাজেনার্কা। চুনোপুটির চেয়েও ছোট।

নাজির বললে, এ সাঁটে এবার হুটাকা দিতে হবে। মনোরথ বললে, আট আনা।

আধুলিটা অতুল ছুঁডে ফেলে দেয়। এবার ভালো হাওলা পেয়েছে মনোরথ, অনেক শাঁসালো পরোয়ানা। দখল, ইস্তাহার, অস্থাবর। সমন-নোটিশের তো কথাই নেই। রিটার্নের দিন পেয়েছে লম্বা। এবার হাত ছোট করলে চলবে কেন ?

গরিব-গুর্বো লোক, বাবু, পেরে উঠব না। ছেলেটার আমোশা হয়েছে, ডাক্তার নিয়ে যেতে হবে টাকা কবলে।

তাতে অত্লের কি ? যা রেওয়ান্ধ তা বন্ধায় নারাথলে চলবে কেন? বারো আনা বাবু—মনোরথ হাত কচলায়।

অতুল ফিরেও তাকায় না। তোলো হাঁড়ির মতো মুথ করে থাকে। না, আর দরবিট করতে পারে না মনোরথ। যা হয় হবে, আর দিতে পারবে না দে নজরানা। কিন্তু এত দূর যে হবে ভাবতে পারে নি সে কখনো। অতুল ভার রোজনামচা নিয়ে পোকা বাছতে শুক করেছে। কপানা পরোয়ানার দিন মেরে দিয়েছে সে। গ্রহাজির জারি করেছে লটকে, অথচ বিবাদীর নাম নেই। বাঁশের আগালে পুঁতে দথল দিয়েছে, অথচ ঢোলসহরং হয় নি। মোকাবিলা সাক্ষীরা দেয় নি কেউই টিপটাপ। চৌকিদার-দফাদারের টিকিরও সন্ধান করে নি। এমনি অনেক বায়নাক।। মন্ত নালিশের মুসাবিদা করছে অতুল।

মনোরথ অতি কটে এবার ছটো টাকাই বের করে দেয়। অতুলের নন্ধর এখন আরওউচুতে উঠেছে। তার মেহনতের দাম এখন আট টাকা।

গলায় কাপড় জড়িয়ে নেয় মনোরথ: কাদো-কাদো মুখে বলে, রিপোট করলেই সস্পেত হয়ে যাব বাবু। আপনার তাঁবে আছি আমরা। আপনি না দরগুজর করলে—

কোনো অন্তায় করছে না অতুল। সে তার কওব্য করছে। যত ঢিলেমি যত জোচ্চুরি—সমস্ত কিছুই তার চৌকি দেবার কথা। মাঝে-মাঝে থবরদারি না করলে কেউই সম্ভূত থাকবে না:

মনোরথ ছুটো-ছাটা কাজ করে দিয়েছে অতুলের। গাছে উঠে নারকোল পেডে দিয়েছে। মফস্বল থেকে ডিম নিয়ে এসেছে মুদ্দি। ঘাটের নৌকা থেকে চালের বস্তা মাঝির সাথে হাত পরাধরি করে পৌছে দিয়ে এসেছে মাচার উপর। সেবার ভার মেজ ছেলেটার দমকা জ্বর হলে সমস্ত রাত জলধারানি দিয়েছিল সে একটানা।

কর্তব্যের কাছে আর কিছুর স্থান নেই। নালিশ নিয়ে অতুল চলে গেল হাকিমের থাসকামরায়।

এ পাটালিখানার দাম কত নাজির বাবৃ ? হাকিম জিগগেদ করলে মতুলকে।

সাড়ে দশ আনা দাম তৃ প্রসা কমিয়ে অতুল বললে, দশ আনা।

ওঃ! পকেট থেকে হাকিম দশ আনা পয়স। গুণে দিলেন। গোণাটা ভূল হল কিনা দেখবার জন্মে অতুলের হাতের চেটো থেকে পয়সাগুলি তুলে নিয়ে আরেকবার গুণে দিলেন। তবু অতুল পাটালির দাম গ্রহণ করল।

তালবেতের স্থলর-স্থলর মোড়া পাওয়া যায় এখানে, কয়েকখানা যোগাড় করে দিতে পারেন ?

অতুল পারে না কী। রঙ-বেরঙের মোড়া বোগাড় করে দিলে। কীরোদবাব্ মহা খুলী। হাত ব্লিয়েব্লিয়ে- দেখতে লাগলেন। কিছু অতুল হঠাৎ তাঁর খুশ মেজাজ চুরমার করে দিল। বললে, দাম সাডে চার টাকা।

খড়ের আগুনের মতো জবে উঠলেন ক্ষীরোদবার। এত সব রঙচঙে আনবার কী হয়েছিল ? আরেকট ছোট দেখে আনলেও তো পারতেন।

দপদপে থড়ের আগুন ক্রমে ক্রমে গুমরানো তুষের আগুনে এদে দাঁড়াল। সাড়ে চার মাস পর অতুল দামের কথাটা মনে করিয়ে দিল:

ঘুরুনে বাতাদে অতুল হঠাৎ জলের ঘুরুলে পড়ে যায়। তার বিরুদ্ধ আদে উড়ো চিঠি। উপর হতে হুকুম আদে গোয়েন্দাগিরি করতে হবে

ক্ষীরোদবার বড় করে ঘ্রান-জাল ফেলেন। শোল-বোয়াল অনেক অনেক অকীর্তিই এসে আটক পড়ে। এতদিনে বাগে পেয়েছেন ভেবে মনে-মনে যেন বিশ্রাম পান।

শিরদাঁড়া নরম করে অতুল পাশে এসে দাঁডায়। থানিকটা বাঁকা ও অনেকটা কুঁজো দেখায়। শাটের হাত হুটো রোজ কন্তইয়ের কাছে গুটোনো থাকে, আজ কবজির উপর নামিয়ে এনে বোভাম এটি দিয়েছে।

কিন্ত এর আর ছাড়াছাড়ি নেই। দফায়-দফায় চুরি। নিলেমে নৌকো ভাড়ায়, সাক্ষীসাবুদের ধোরাকি ও রাহা-খরচে। পিওনদের মাইনের উপর উনি মাসওয়ারি মাশুল বসিয়েছেন। আন্ত কড়িকে অক্ত কানা না করে কাফ সাধ্যি নেই বের করে ওর ধপ্পর থেকে।

সংসারের সমস্তই কি কর্তবা? মায়া-মহকাত বলে কিছুই কি নেই ছনিয়ায় ?

এ যাত্রা ছেড়ে দিন। পায়ের উপর লুটিয়ে পড়তে-পড়তে অতৃ । থেমে যায়। কত যে কাজ করে দিয়েছে ক্ষারোদবাবুর। প্রথম যথন আদেন, নালপত্র একে পৌছয় নি, শিল-নোড়া, বালতি ও বঁটি যোগাড় করে দিয়েছে। এখনো খোঁজ করলে তার একটা মগ পাওয়া যাবে, একটা বাচা ছারিকেন। ভাঙা অপবাদ দিয়ে যা আর ফেরান নি তিনি, কেরাবেনও না কোনদিন। খুচ্রো নেই বলে একবার এক প্যাকেট দিগারেট কিনিয়েছিলেন তাকে দিয়ে, সে টাকা আর ইহজীবনে ভাঙানো হল না। কৃতজ্ঞতা বলে কিছুই কি নেই ?

না, নেই, এমনি দোর্গু ক্ষীরোদবাব্র গোঁপ। সমস্ত জ্ঞায় ও শৈথিলোর বিরুদ্ধে তা উন্নত বাশ ঝাড।

যা থাকে অদৃষ্টে, পায়েই দে পড়বে আচমকা। কিন্তু তার নিচের লোক কী ভাববে ? দেয়ালে কান পেতে দাঁড়িয়ে আছে যে ননোরথ-নেনাক্তদিরা।

সাহেব এসেছেন পরিদর্শনে।

ক্ষীরোদবানুর সঙ্গে পড়তেন এক কলেজে। বসতেন এক বেঞ্চিতে। থাকতেন এক হস্টেলে, এক ঘরে, পাশাপাশি তক্তাপোশে। তিনি গান্তনির, উনি দন্তিদার।

এখন একেবারে চিনতেই চান না সাহেব। কর্মবাচ্যে কথা কন। সার যথন কর্ত্বাচ্যে আসেন তখন তাঁর একেবারে সংহারমূর্তি।

আপনার টাইপ রাইটার আছে ?

a1---

ভোমার আবার টাইপ-রাইটার থাকবে—তুমি যা হাড়-কিপটে। শহেবের চোয়ালের হাড়টা আঁট হয়ে ওঠে।

গুদ নিই না, ভেঁচড়ামো করি না, তাই কিপটেমি না করে উপায়
কী—ক্ষীরোদবারু দাক্তে সুয়ে রইলেন।

পবর এল, পেয়া পেরুবার সময় সাহেবের মনিব্যাগটা জলে পড়ে গিয়েছে। বেশি নর, শ পানেক টাকা।

না, না, আপনাদের কাউকে ব্যস্ত হতে হবে না। অবিশ্যি, সদরে গিয়েই আমি পাঠিয়ে দিতুম ফেরত ভাকে। না, তবু আপনাদের ব্যস্ত

করে লাভ নেই। সামাক্ত পঁচিশ-তিরিশ টাকা হলেই—তা, যাক, সে এক রকম চলে যাবে 'খন।

অনেক পরে টনক নড়ল ক্ষীরোদবানুর। যথন সাহেব চলে যাচ্ছেন, ট্রেনে উঠেছেন। কি একটা লেখবার জত্যে কলমের খোঁজ করলেন। বিনা দিধায় ক্ষীরোদবারু বাডিয়ে দিলেন তাঁর ফাউণ্টেন-পেনটা।

সাহেব তা স্পর্শন্ত করলেন না। ফাউন্টেন-পেন্টা থেলো, পুরোনো, দাগধরা।

অমৃতের স্বাদ পেলেন ক্ষীরোদবার। রিপোট এল পরিদর্শনের: হাতের লেখা বিতিকিচ্ছি, টাইপ-রাইটার না হলে চলবে না এক পৃষ্ঠা। তা ছাড়া কাজকর্ম একেবারে কাছাখোলা, লাজে-গোববে: ক্ডি-র্ডি গলতি, ভূরি ভূরি গাফিলি।

এবার ক্ষীরে। দ্বাৰু কয়েক ঘর কেঁচে যাবেন সন্দেহ নেই। কর্ত্রা ও শাসনের কাছে কোনো বন্ধতাই ঠেকা দিতে পার্বে না।

তবু একবার থেতে হয় সদরে। মনে করিয়ে দিতে হয় একদিন এক সঙ্গে পড়লেও কত অধম অধন্তন হয়ে আছি। কেউ কোথাও ন গাকলে জড়িয়ে ধরবেন না হয় তাঁর হাত তথানি।

আর মেম-সাহেবের সঙ্গে গোপনে দেখা হলে, ত্হাত ঠিক জড়িছে না ধরলেও, মৃত্সুরে ডাকবেন, না-হয় তাকে তার ডাক-নাম ধরে। বলবেন, পূর্ব কথা স্মরণ না কর, আজকের কথা ভেবেই রূপা কর, করুণাময়ী। তোমাকে যে নিয়ে আসি নি আমার গোয়ালে বিছালির ধোঁয়া দিতে, তোমাকে যে ভায়গা করে দিয়েছি তথত-তাউসে, যৌতুক দিয়েছি যে হজুরী তালুক, ভাগা না করে যে আগা করেছি, সেই কথা ভেবেই একটু অমুকূল হয়ো।

পারঘাটে অতুল-আতিয়াররা দাঁড়িয়ে আছে। উপায় কি। ছাতঃ আভাল দিয়ে যেতে হবে ঘাড গুঁজে।

এই সেই কোকিল সর। মেমসাহেবেরই রেশমী গলা। বোরা!

की।

ক্ষীরোদবার ভাবছিলেন তিনিই বেয়ারাকে জিগ্গেদ করবেন কোথাও একটু দেখা হতে পারে কিনা নিভ্তে। কে জানে, পর্বতই হয়তো আসছেন মেঘ হয়ে।

নিচে যে টাইপ-রাইটারের এক্ষেণ্ট এসেছে তাকে বলে দাও
আমাদের যোগাড় হয়েছে তটো. এখন আর দরকার নেই—

মধুর বলিয়া ছানিয়া খাইনু তিতায় তিতিল দে। ক্ষীরোদবাব্র পদাবলী মনে পড়ে গেল।

স্পেশাল সেলুনে উজির আসছেন। ট্রেন মাঝরাতে এসেছে, তাঁর দেলুন আছে সাইডিঙে, ভোর সাতটায় তিনি অবতরণ করবেন। সকাল হতেই সাহেব গোলাম ও তুরুপ-ফেরাই জড় হতে লাগল। কিছু গোদ সাহেব মিস্টার দন্তিদারের দেখা নেই।

উজির আগেই নেমে পড়েছেন। রাতের নলামোচা পোশাকেই। গাঁত না মেজে, থেউরি না হয়েই।

দেরি হয়ে গেছে নিশ্চয়ই, প্ল্যাটফর্মে চুকেই হস্তদন্ত হয়ে ছুটে এলেন দক্তিদার। নিচু হয়ে, ঘাড় নোয়াতে-নোয়াতে।

এত দেরি তোমার! ঠোঁট বেঁকিয়ে বললেন উদ্ধির। করমর্দনটা. উত্তপ্ত হতে দিলেন না।

দস্তিদারও দস্তবস্ত হয়! মূখ কাঁচুমাচু করে বললেন, সাভটা এখনো বাজে নি।

বাজে নি? উজির তাকালেন ঘড়ির দিকে। দেখলেন ঘড়িটা বন্ধ হয়ে আছে। স্প্রিংটা কাটা।

মৃথ গোমসা করে রইলেন। পটকা ফুটছে, তোপ দাগা হচ্ছে না।
বাজছে মোটে বিউগল, জগঝস্প নয়। শালুর মোটে একটা গেট, আর
সবগুলো দেবদারু পাতার। শালুর গেটের ওয়েলকামের তুলো
বসেধসে পড়ছে। চেঁচাড়ির গেট বেঁকে রয়েছে তে-বাাকার মতো।
তেমন কোনো হৈ-হল্লা হচ্ছে না, নিশান হাতে মিছিল করছে না
ছেলেরা। এই ব্যবস্থা! তিনি যেন উটকো লোক এসেছেন, তিনি
বেন কেউকেটা!

এরো ব্যবস্থা আছে! থোল-নলচে বদলাতে না পারলেও কলি ফিরিয়ে দিতে পারবেন। অস্তত বেমকা জায়গায় পারবেন ঠেলে দিতে।

উকিল ছিল আগে। মকেলের টাঁাক হাতড়ে ও কাছা টেনে বেড়াত। নাইকুণ্ডে এক গাদা তেল ঢেলে গামছা পরে চান করত নদীতে। একবার অনেক দিন আগে দন্তিদার তাকে তাঁর কোট থেকে বের করে দিয়েছিলেন। মাপ চাইতে এলেও বসতে চেয়ার দেন নি।

আজ দান পড়েছে উলটো। ভূতনাথ দেবনাথ আজ চোথ পাকান আর দন্তিদার দন্তবরদারের মতো হাত কচলান। আশাদোঁটা নিয়ে চলেন পিছু-পিছু থাসবরদারের মতো!

আশ্চর্য, চাকা ঘুরছে গোল হয়ে! রুত্তবলয় সম্পূর্ণ হল এত দিনে।
ভূতনাথ দেবনাথ ক্ষেত্র হয়ারীর হয়ারে এসে উপস্থিত। তার সেই
নাড়াকুচির ঘরে। গোরুচোরের মতো।

গোবরলেপা মেঝের উপর চ্যাটাই পেতে বদলেন ভূতনাথ। প্রম্মশলা নয় আজ একেবারে, রোগা পেটে পলতার ঝোল।

শক্তিধর মহীধর বলে নিজেকে আজ মনে করল ক্ষেত্রনাথ। সে আজ আর নরম মাটি নয় যে বেড়ালে আঁচড়াবে। সে এখন শক্ত ঘানি, জোরদার, জবরদন্ত।

রাজা-উজ্জির সবাই আজ তার করুণার ভিথারী। তার কথায় ওঠেবসে, হেলে-দোলে। সমস্ত পৃথিবী এখন তার করগ্নত আমলকী।

এবারে ভোট কিন্তু আমাকে দিতে হবে, ক্ষেত্র । ভূতনাথ ক্ষেত্র ঘেমো পিঠে হাত রেথে একটু আদর করে । শুনতে পাই এ অঞ্চল ভোর একারে । সব ভোট আমাকে ঘোগাড় করে দিতে হবে কিন্তু । জানিস তো, আমার চেলা হচ্ছে কান্তে ! ও-সব লগুন সাইকেল নয় কান্তের বান্ধে কাগজ ফেলবি । তোদের যা আসল জিনিস—সেই কান্তে-কাঁচি ।

ক্ষেত্র মাথা নাড়ে, মুখ টিপে-টিপে হাসে। বেড়ার গায়ে গোঁজ কান্তের দিকে ভাকায়।

বস্ত্র

যাই বাবু, আদাব। কাঠের ছে দিচ্ছিল মোবারক, ঘাসের উপর ফেলে-রাথা জামাটা কাঁধের উপর তুলে নিল হঠাৎ।

চললি এখুনি ?

ইঁয়া, বাব্। বাড়ি ষেতে-ষেতে সদ্ধে হয়ে যাবে। লাশ-কাটা ঘর, চিতাখোলা, সব পথে পড়ে। বাবাজান বলে দিয়েছে আদ্ধার না নামতেই যেন বাডি ফিরি। রান্ডাটা ভালো নয়।

মোবারক উমেদার-পিওন। অল্প বয়স। দাড়িগোঁফের রেখা পড়েনি এথনো।

সেই মোবারকের অনেকদিনের আগেকার পুরোনোকথাটা মনে পড়ল হঠাৎ, নালতাকুড়ের পথে এসে। বেড়াতে-বেড়াতে কতদূর চলে এসেছি থেয়াল করি নি। এবার ফেরবার পথ ঠাহর করতে গিয়েদেথি আঁধার বেশ ঘনিয়ে উঠেছে। জ্যালজেলে দিনের আলোর পর হঠাৎ আঁধারের ঠাসবুনন।

কেমন ভয় করতে লাগল। আজ হাটবার নয়, পথে জনমাহ্য নেই। চারদিক থাঁ থাঁ করছে।

সামনেই চিতাথোলা। লাশ-কাটার ঘর। গাছগাছালির মধ্যে দিয়ে সরু পায়ে-চলা পথ। তুধারে লটা ঘাস। নিজের পায়ের শব্দে নিজেই চমকে উঠতে লাগনুম।

বিশাল, বলিষ্ঠ একটা পাহাড়ে-গাছ ভাল-পালা মেলে দাঁড়িয়ে আছে। সেই গাছের থেকে নাকি ভূত নামে। হেঁটে বেড়ায়। মোলাকাত করে কথা কয়।

হাতে টর্চ আছে তাতে ধেন বিশেষ ভরসা হল না। মনে হল, অভ অস্ত্র কিছুনিয়ে এলে হত পকেটে।

ভাবছি এমনি, সামনেই তাকিয়ে দেখি, ভূত। স্পষ্ট ভূত। গাছ থেকে নেমে এসেছে কিনা কে জানে, কিন্তু দক্তরমত হাঁটছে সমুখ দিয়ে। কিন্তু থেন হাঁটতে পারছে না। ঢ্যাঙা, লিকলিকে হাত-পা। স্মার, স্মাগাগোড়া কালো, একরঙা। ঠাওর করতেই মনে হল, সম্পূর্ণ উলক। স্মাতকে গায়ের রক্ত শাদা হয়ে গেল।

টিপলুম চচ। আলোর সাড়া পেয়ে শৃত্যে মিলিয়ে যাবে ততথানি যেন শক্তি নেই। গাছ থেকে নেমে এসেছে একথা ভাবা যায় না। যেন নিজেই ভড়কে গেছে। ইাটু মুড়ে পথের পাশে ঝোপের আড়ালে বসে পড়ল হঠাং।

এ নগ্নতাটা আতকের নয়, হাহাকারের। মৃত্যুর নয়, সর্বাপহরণের।
স্বচক্ষে ভূত দেখবার স্থােগ ছাড়া হবে না। যখন সে ভূত মিলিয়ে
বায় না, গাছে ওঠে না, পথের পাশে বসে পড়ে হাঁটুর মধ্যে মৃথ লুকিয়ে
ফুঁপিয়ে ওঠে।

টর্চের আলোটা নিবিয়ে ফেলল্ম তাড়াতাড়ি। কেননা লোকটাং চিনতে পেরেছি।

বুড়ো ছাদেম ফকির। অহদেয়ে গেয়ে-গোরুর হুধ হুয়ে আমার বাড়িতে জোগান দিত। বলেছিল একদিন, কাপড় পাওয়া যাবে বাবু?

বলেছিলুম, রেশন-কার্ড যাদের আছে তারা পাবে একখানা। বাড়িপ্রতি একখানা। আছে তোমার রেশন কার্ড ?

আছে।

কিন্তু তুমি তো মিউনিসিণ্যালিটির বাইরে। স্থামরা এক গাঁট বা ধরেছি চোরাবান্ধারে, তা বিলোচ্ছি শহরের লোকদের।

আমাদের তবে কি হবে ?

আনেককণ ভেবে বলেছিলুম, সার্কেল-অফিসার সাহেবের কাছে গিয়ে খোজ কর। ভারপর আর আদে নি ছাদেম। সেদিন কোমরের নিচে এক হাত অবধি একটা ফাকড়ার ঘের ছিল। সেই ফালিটা নিশ্চয়ই নেংটি হয়েছিল আত্তে-আত্তে। আজ একেবারে তন্তুহীন।

ওর পিছনে নিশ্চয়ই কোনো গ্রীলোক আছে। নইলেও কাঁদে কেন ? নইলেওর লজ্জা কিসের ?

কিন্তু ওগানে ও করছে কি ?

ত্-একটি লোক এসে জুটেছে। একজন কদমালি, আদালতের রাতের চৌকিদার। চলেছে শহরেব দিকে। ভেবেছে, চোর-ছেঁচড কাউকে ধরেছি বোধ হয়। কিন্তু চোর যদি বা কাঁদে, অমন কুঁকডি-ফুঁকডি হয়ে কাঁদে কেন ? কদমালি থমকে দাঁডাল।

জিগগেদ কর তো, করছে কি ও ওখানে ?

আর কি জিগগেদ করব। কদমালি ব্রাতে পেরেছে ব্যাপারটা। বলল, শাশানে কাপড খ্ঁজতে বেরিয়েছে, যদি পায় স্থাকডার ফালি, চটের ট্করো, বালিশের খোল—

বলল্ম, কেন বলল্ম কে জানে, আমার বাডিতে থেয়ো কাল স্কালে। কাপড দেব একথানা।

আমার রেশন-কার্ডের বনিয়াদে কাপড যোগাড করেছিল্ম একধানা। থেলো, মোটা কাপড, পাডটা বাজে। যদিও সেটা আমার পরবাব মতো নয়, তব্ সংগ্রহ করে রেথেছিল্ম। চাকর-ঠাক্রের কাজে লাগবে সময় হলে। নিরবশেষ দান করব এমন সংকল্প ঘৃণাক্ষরেও ছিল না। কিন্তু মৃত নয়, য়য় নয়, য়াভাবিফ য়য় একটা মায়্য উলঙ্গ হয়ে থাকবে এর অসঙ্গতিটা মূহুর্তের জন্মে অন্তির করে তুলল। মায়্য দরিদ্র হতে পারে, কিন্তু ভার দারিদ্রের চিহ্ন যে ছিল্লবন্ধ, তার নিদর্শনটুকুও সে রাথতে পারবে না।

কিন্তু কাল ও আমার বাডি যাবে কি করে কাপড় আনতে ? ও যে এখন সমস্ত সভাতা, সমস্ত গোঁজামিলের বাইরে।

কদমালিকে বললুম, ওর বাডি চেন?

এই তো সামনে ওর বাড়ি। থানিকটা **অসুলে অন্ধকারের** দিকে শে আঙুল তুলল।

পরদিন কদমালির হাতে নতুন একথানা কাপড় দিলুম। বললুম, প্রবরদার, ঠিকঠাক পৌছে দিও ছাদেম ফকিরকে। পাড় কিন্তু আমার মনে থাকবে।

পাঁজিতে লেখে, শুভদিন দেখে নববন্ধ পরিধান করতে হয়। কত শুভদিন চলে গেছে পঞ্জিকার পৃষ্ঠায়, কিন্তু ছাদেমের হাতবন্ধ এল না নতুন হয়ে।

আজ নিশ্চয়ই ছাদেম ফকিরের মুখে হাসি দেখব। আজ নিশ্চয়ই রাস্তার এক পাশে দাঁভিয়ে দে আমাকে দেলাম করবে।

সংক্ষার মোহানার মৃথে দিনের হাল হেলতে-না-হেলতেই বেরিয়ে পড়লুম নালতাকুড়ের পথে। চলে এলুম শাশান পেরিয়ে।

কোন জায়গায় ছাদেম ফকিরের বাড়ি আন্দাজ করে দাঁড়ালুম কাছাকাছি। কাছেই ছোটখাট একটা ভিড়। ফিসির-ফিসির কথা। কেউ কভক্ষণ দাঁড়ায়, দেখে, তারপর চলে যায়।

দেখলুম কদমালি আছে কিনা। কদমালি এখনো বেরোয় নি লঠন হাতে করে, তার রাত-পাহারায়। যারা জটলা করছে তাদের কাউকে চিনি না।

এগিয়ে গিয়ে শুধোলুম, কি ব্যাপার ? ঐ দেখুন।

তথনো গাছপালা একেবারে ঝাপসা হয়ে আসেনি। দেখলুম একটা সাধারণ আম গাছ। তারই একটা ভালে কি-একটা ঝুলছে। সন্দেহ কি, আমাদের ছাদেম ফকির।

তেমনি নিঃস্ব, তেমনি নিরবকাশ।

কয়েকজনকে সঙ্গে করে এগোলুম গাছের নিচে। সন্দেহ কি, ছাদেম ফকিরের গলায় আমারই দেয়া সেই নব বন্ধ। গলা ঘিরে দেখা যাচ্ছে সেই তীক্ষ লাল পাড়।

এরি জন্মে কি কাপড়ের দরকার হয়েছিল ছাদেমের ?

বললুম, বাড়ি কোনটা ওর ?

জঙ্গলের মধ্যে একখানাই শুধু ভাঙা কুঁড়েঘর সেখানে। স্বাই বললে, ঐ ভো।

মাতবর-মতন একজনকে ভেকে জিগগেস করলুম, ওর বাড়ির লোকেরা জানে ?

কেউই নেই বাড়িতে। কাউকেই দেখতে পেলুম না— কতক্ষণ থেকেই তো ঝুলছে। বললে আরেকজন।

সত্যি, একটা টুঁশন্স নেই কোথাও। কেউ একটা কান্নার আঁচড় কাটছে না। আশ্চর্য। তবে কাল কি ছাদেম কেঁদেছিল নিজে মরতে পারছে না বলে?

নতুন দক্ষিণের বাতাদে বোল-ধরা ভালগুলো কাঁপছে মৃত্-মৃত্।
মনে হল, আমাকে সে দেলাম করছে। যেন বলছে, আমার তুমি
মান বাঁচালে বাবু। উলঙ্গতা আর দেখতে হল না নিজেকে।

লঠন হাতে এল কদমালি।

ঠেসে থানিকক্ষণ গালাগালি করল ছাদেমকে। নতুন বস্ত্রের এই পরিণাম? আত্মহত্যাই যদি করবি, তবে একগাছা দভি যোগাড় করতে পারলিনে? ঠাট করে নতুন কাপড় গলায় জ্ঞভাতে গেলি? এরি জন্মে তোকে কাপড় এনে দিয়েছিলাম?

ভাবলুম, এ কি তার প্রতিশোধ, না, প্রতারণা।

লঠন নিয়ে কদমালিও খুঁছে এল তার কুঁড়ে ঘর। আনাচ-কানাচ। গলি-ঘুঁজি। ঝোপ-ঝাড়। জঙ্গলের মধ্যে সাপের ধনধনানি। ঝরা পাতার শব্দ।

শুকনো ও শৃত্য ঘর। মাত্র পেতে কেউ শোষ নি, শিকে থেকে নামায় নি হাঁড়িকুঁড়ি। জল বা আগুনের রেথা পড়ে নি কোথাও। শুধু ছাড়া-গোরুটা ঘাস চিবুচ্ছে আর বাছুরটা ঘোরাঘুরি করছে।

একা লোকের পকে এই বিতৃষ্ণাটা অবাস্তর নয় ? কে ছিল এই লোকটার ? কেউ বলতে পারে না। যদি বা কেউ ছিল, গত ছর্ভিক্ষে সাবাড় হয়ে গেছে, কেউ-কেউ মন্তব্য করলে। ভাতের ছর্ভিক্ষে।

কাপড়ের ত্তিক্ষেও যে লোক মরে এই দেখলুম প্রথম।

কিন্তু কাপড়ের বেলায় ছৃভিক্ষ কোথায় ছাদেম ফকিরের? তাকে তো যোগাড় করে দিয়েছিলুম একথানা। তা কোমরে না রেখে গলায় জড়ালে কেন? কোন ছঃখে?

শেষ পর্যন্ত হঃথ না হয়ে রাগ হতে লাগল।

বললুম, থানায় খবর গেছে ?

এতেলা নিয়ে গেছে দফাদার।

আর, কেউ যথন নেই, পঞ্চায়েতকে ডেকে আঞ্জুমানে খবর দাও।
কাফন-দানের ব্যবস্থা করাও।

সকালবেলাট। শহরের মধ্যে হাঁটি। রবিবার দেখে গেলুম নালতাকুড়ের পথে।

সেই বেখানে ছাদেম ফকিরের বাড়ি। সেই আমগাছ। স্পষ্ট দিনের আলোতে নিতে হবে তার অবস্থানের জ্যামিতিটা। আয়তে আনতে হবে তার অন্তবের পরিমণ্ডল।

হঠাৎ কালার আওয়াজ শুনতে পেলুম। বেশ মুক্ত কণ্ঠের কালা। শার, আশ্চর্য, নারীকণ্ঠের।

কে কাদছে ? এগোলুম কুঁড়েঘরের দিকে ।

ছাদেম ফ্রক্রের পরিবার আর তার পুতের বৌ। পুত মরেছে এবার বসস্তে। কে একজন বললে সহাত্মভৃতির স্বরে।

কেন, কাঁদছে কেন ? যেন ভীষণ অবাক হয়ে গেছি, প্রশ্নটা এমনি শাপছাড়া শোনাল।

ছাদেম ফকির গলায় দড়ি দিয়ে মরেছে। পুলিদের হাঙ্গামার পর লাশ এই নিয়ে গেছে কবরখোলায়।

কাল ছিল কোথায় এরা সমস্ত দিনে-রাতে? ছাদেম ফ্রিরের পরিবার আর পুতের বৌ? মরে গিয়েছিল নাকি? মুছে গিয়েছিল নাকি? লুকিয়ে ছিল নাকি জঙ্গলে? পর্দানশিন হলেও শোকের প্রাবল্যে এখন আর সেই আবক নেই কিংবা, এখনই হয়তো আবক আছে। লোকের সামনে করতে পারছে শোকের হরস্ত হু:সাহস।

এগিয়ে গিয়ে দেখলুম, হেলে-পড়া চালের নিচে দাবার উপদ্বে ছাদেমের পরিবার আর তার পুতের বে গা-দে সাদে দি করে বদে জিগির দিয়ে কাঁদছে। যেন সন্ত-সন্ত ঘটেছে ঘটনাটা। কিংবা সন্ত-সন্ত কাঁদবার ছাড়পত্র পেয়েছে তারা। পেয়েছে আত্মঘোষণার স্বাধীনতা।

তাদের পরনে, সন্দেহ কি, আমারই দেয়া সেই লাল-পাড় ধুতির ছুই ছিল অংশ। ফালা দেবার আগে খুলে নিয়েছে ছাদেমের গলা থেকে, লাশখানায় চালান দেবার আগে। সেই কাপড়ে সসন্মান তিন অংশ বোধ হয় হতে পারত না। আর, আগেই শাশুড়ীতে-বৌয়ে ভাগ করে নিলে ছাদেম ফ্কির মরত কি করে ?

জনমত

চড়ুই-পাথিদের দেশে একটা ময়্র উড়ে এসেছে।

रेः (नर्डे रेः---

সেই পরিচিত শ্বর। সেই পরিচিত ভারি পায়ের শব্দ। কিন্তু তেমন যেন আর সাড়া জাগায় না। আগে-আগে ভয় পেত সবাই, এখানে-ওখানে গা-ঢাকা দিত। এখন দিব্যি সবাই পথের উপর এসে দাঁড়ায়, স্পষ্টাম্পষ্টি তাকায় ম্থের দিকে। আগে কেমন সম্ভ্রমের চোথে দেখত, এখন যেন কৌতৃহলের, হয়তো বা ক্লপার চোথে দেখছে। হল কি হঠাং ? সে যেন সেই ডাকসাইটে ডাকাত নয়, ফকির-মুসাফির!

মামুদ থা হাসে মনে-মনে। হাতে লাঠি, জামার নিচে গায়ের চামডায় গ্রম হয়ে আছে ভোজালি।

हें (लिंडे हें --

কেউ যেন তাকিয়েও দেখে না। দেখলেও হাসে। অবজ্ঞার হাসি।
লোকজন অনেক বদলে গিয়েছে মনে হছে। কিন্তু বন্দর-বাজার
তেমনিই আছে নদীর ধার ঘেঁদে। দেই সব হোগলপাতার চটি,
বসেছে ম্দি-মনোহারি বাজে-মালের দোকান। আছে সেই বড়-বড়
বাহালীর দোকান, পেঁয়াজ-রশুন মরিচ-তেজপাতা টাল করা। ইে
কাঠ-কাঠরার আড়ত। চলেছে দেই দজির কল, কিন্তিটুপি আর
দোলমান সেলাই করছে। লোহার কামারের দোকানে নেহাইয়ে ঘা
পড়ছে হাতুড়ির। হাসিল-ঘরে রসিদ দিয়ে গোক আর মোষ বিক্রি
হচ্ছে।নৌকো এসেছে কাঁচামালে বোঝাই হয়ে, গুড়ের হাড়ি, তামাক

আর ধান-চালের বেসাত নিয়ে। ধেয়ার পাটনী তোলা তুলে নিচ্ছে। গাছের ছায়ায় কামাতে বসেছে নাপিতেরা। সবই সেই আগের মতো। সেই আগের মতোই বিকেল।

তবু, ষেন হাওয়া ভাঁকে টের পাওয়া যায়, দিন কি রকম বদলে গিয়েছে।

হাঁা, নতুন বাঁশের ছাউনি হয়েছে কতগুলি।
কি এই সব ? এক জনকে জিগগেদ করলে মাম্দ থাঁ।
লোকটা বললে, এফ-আর-ই।
মাম্দ থাঁ হাঁ হয়ে রইল।
হাদপাতাল। তুভিকের হাদপাতাল।

ই্যা, বাঙলা দেশের ছভিক্ষের কথা ভাদা-ভাদা শুনেছে মামুদ থা। পাথার এক ঝাপটায় অনেক লোক উজাড হয়ে গিয়েছে। অনেক লোক চলে এসেছে কন্ধালের দীমানায়। তাদের কাছে আদে নি মামুদ থা। এই বাজারেই যারা ম্নাফ। মেরে মোটা হচ্ছে, এসেছে তাদের কাছে।

এই মেরা রুপেয়া লেউ। মামুদ খাঁ পাকড়েছে ননীলালকে।
ননীলাল যেন একটুও ভয় পায় না। যেন খুব অবাক হয়েছে, এমনি
দ্যাল-ফ্যাল করে ম্থের দিকে তাকায়। বোধ হয় মৃচকে-মৃচকে একটু
হাসেও।

হাসতা কিঁউ? মেরা রুপেয়া লেউ।

ননীলাল তবু ভড়কায় না এক-চুল। আগে-আগে পালাত আনাচ-কানাচ দেখে। দিনের বেলায় কোন দিন মুখোমুখি হবার সাহস পায় নি। আজ দিব্যি হাতের নাগালের মধ্যে দাঁড়ায়। দাঁড়ায় বুক ফলিয়ে।

वतन, টोका किरमत ?

টাকা কিদের! মামূদ থার ব্কের রক্ত গরম হয়ে ওঠে। ভাবে স্পর্ধা কি লোকটার! মামূদ থার হাতের লাঠি কি বেদথল হয়ে গেছে? কং ধরেছে কি তার ইম্পাতের ভোকালিতে?

পাঁচ বছর ফাটকে ছিল মামৃদ খাঁ। তার লাঠির গাঁটে পাথরের মজবুতি ছিল, ভোজালির মুখে ছিল লকলকে আগুন। জেল থেকে বেরিয়ে মামৃদ খাঁ কিছু বে-তাগদ হয়েছে, লাঠিতে যেন আর সেই লাফ নেই, ভোজালিতে নেই আর সেই রাগ-থেকেই-রজের ভোজবাজি। নইলে সেদিনের ননীলাল কি না বলে, টাকা কিসের!

তুম শালা দিললাগি করছ হামার সাথ! হামি আদালত ধাব।
ননীলাল হেলে ওঠে গলা ছেড়ে। বলে, সেদিন আর নেই, গাঁ
সাহেব।

সভিত্য, সেদিন আর নেই। নইলে মামুদ থাঁ আদালতের রাত্য ৰাতলায়! কে না জানে, কত দিন তামাদি হয়ে গেছে তার টাকার দাবি-দাওয়া। তবু কি না আজ সে না-মরদের মতো আদালতের নাম করে। নালিশবন্দ হয়ে জ্বানবন্দি করবে! টেচ্ডা উকিল-মোক্তার টারি-মুহরির তাঁবেদার হবে! দিন-কাল বদলেছে বই কি!

তবে কি ননীলাল উপস্থিত গুভিক্ষের দোহাই পাড়ছে ? ননীলাল যেন না বেছদা বদমায়েশি করে ? তার 'ভাসানে' ব্যবসা ছিল, শহর থেকে বাজে মাল কিনে এনে নৌকো করে গাঁয়ের হাটে-হাটে বিক্রি করত, তার আলমাল বেড়েছে বই কমে নি একটুও। আগে মাটির একটা হাঁজি বেচে সেই হাঁজির মাপে চাল নিত, এখন এক হাঁজি চাল দিয়ে প্রায় এক হাঁজিই টাকা নিয়ে যায়। তার এখনও ফালাও

দেদার টাকা না হলে ডাকাবুকো হয়ে দাড়ায় অমন মুখোমুখি ? কিন্তু মামুদ খাঁও একেবারে মরে যায় নি।

আরও ত্-চারজন জুটছে এসে ক্রমে-ক্রমে। মোগলাই কাবা, ঘুরুলি-দেয়া পায়জামা, জরিদার মথমলের ওয়েস্টকোট আনেক দিন পর এ অঞ্জে একটা সোর তুলে দিয়েছে। যেন বিদেশ থেকে বছরূপী এসেছে সে। ষেন কেউ তাকে চেনে না, দেখে নি কোনো দিন।

এই যে নবি-নওয়াজ। জমিদারের তশিলদার। একবার তবিল ভেঙেছিল বলে গ্রেপ্তারি বেরিয়েছিল তার নামে। মামুদ খার থেকে চড়া স্থলে ছশো টাকাধার নিয়ে ছ-বছরে মোটে কুড়ি টাকা শোধ করেছিল সে।

এই মেরা ক্রপেয়া লেউ।

প্যাকাটে চেহারা, মাড়ি বের করে দস্তরমতো হাসে নবি-নওয়াজ। বলে, টাকা গেছে দেশাস্তরী হয়ে।

তুম শালা তো আছ হামার কবজার ভিতর— মামৃদ খাঁ তেড়ে আদে।

ও দিন-কাল আর নেই, খাঁ সাহেব। ও সব টেণ্ডাই-মেণ্ডাই আর চলবে না।

আশ্চর্য, কেন কে জানে, মামৃদ থা গুটিয়ে যায় আচমকা। আগে কেমন টগে-টগে থেকেও নবি-নওয়াজকে ধরতে পারত না, এখন চোথের সামনে হাতের মুঠোর মধ্যে পেয়েও পাচছে না বাগাতে।

আইন-ফরমান সব বদলে গিয়েছে। স্থদখোরদের ভালো ওষ্ধ বেরিয়েছে এবার।

আইন-ফরমানকে মামৃদ খাঁ কবে তোয়াকা করেছে শুনি ? আজপ্তাতে তার টনক নড়ত না, কিন্তু আজ দে চমকাচ্ছেননীলালের সাহদে, নবি-নওয়াজের মাড়ি-বের-করা নিশ্চিন্ত হাদিতে। বাজার-বন্দর গোলা আড়ত দব তেমনি আছে, কিন্তু, কি আশ্চর্য, দব থেকেও যেন কি নেই!

নেই স্থার তার পিছনের জোর, জনতার সম্মতি।

কে বলে জোর নেই ? জবরদার হাতে মামৃদ খাঁ নবি-নওয়াজের হাত চেপে ধরল। টানতে-টানতে নিয়ে চলল সামনের দর্জির দোকানে।

তবু নবি-নওয়াজ হাসে। যেন দিজি-তাঁতি, মাঝি-মালা, কামার-কুমোর, জেলে-ম্চি, সব আজ তারা একদল।

দর্জি কেতাব আলি। অনেক দিনের মহক্ষতি তার সঙ্গে। এখানে বিদে মামুদ খাঁর অনেক লেন-দেন হয়েছে, অনেক বুঝ-সমুঝ। হাতচিঠার পড়েছে অনেক টিপটাপ। কেতাব আলিও তার কাছ থেকে ধার থেয়েছে, কিন্তু বেইনসাফি করে ঠকায় নি কোনো দিন। কত জনের জত্তে ফেলজামিন দাঁভিয়েছে।

পালা বদল হয়ে গিয়েছে, খাঁ সাহেব। দেশে মহাজনী আইন বসেছে। এসেছে নতুন দিন, ফিরিয়ে দেবার দিন। অনেক দিন এ অঞ্চলে আস নি বৃঝি? তোমার দোল্ত-দোসরদের সঙ্গে মুলাকাভ হয় নি? তারা তো কবে এ তল্লাট থেকে পাততাড়ি গুটিয়েছে।

উঁহ, কি করে জানবে ? দাঙ্গা-ফ্যাসাদ করে কয়েদ হয়েছিল তার । জেল থেকে বেরিয়ে সটান চলে এসেছে সে। এক ঘরওয়ালীর কাছে তার জামা-মেরজাই জুতো-পয়জার ছিল, তাই চেয়ে নিয়ে বেরিয়ে পড়েছে সে। সব ছিঁড়ে-ফেড়ে গেছে, কনকনে শীতের হাওয়া চুকছে এসে হাড়ের মধ্যে।

किन्ह बारेनिं। कि ?

হাতের লাঠি নির্দ্ধীব হয়ে থাকে, ভোজালিটা ভোঁতা মনে হয়, মামুদ থাঁ জিগগেদ করে, আইনটা কি ?

দক্ষির দোকানে বসে আদালতের পিওন সমন-নোটশ জারি করে. রিটার্ন লেখে। পোস্টাপিসের পিওন চিটি বিলি করে, বোর্ডের ট্যাক্স-দারোগা ট্যাক্সো কুড়োয়।

আদালতের পেয়াদারই বেশি মান, বেশি দাপট। সে জানে-শোনে বেশি, সে একেবারে ভিতরের লোক।

সে বলে, এখন বাবা লাইসেন লাগে। যেমন লাগে বন্ধুকের, মদ-গাঁজার। লাইসেন না নিয়ে তেজারতি করলেই হাতে হাতকডাঃ

টাকা কর্জ দিতে কে এসেছে? যে টাকা নিয়েছ তোমরা, ত। ফিরতি দেবে না? এ কোন-দিশি নয়া কান্তন ? আসল টাকাও গাপ হয়ে যাবে?

ই্যা, তামাদির গেরোর কথাটা জানা আছে মাম্দ থার। তার দে ভয় রাথে না। আদালতে যদি যেতেই হয় কোনো দিন, হাতচিঠাতে দে স্থানের উপ্তল দিয়ে রাথতে জানে। কলম-ছোঁয়ানো দই করে রাথবার মত জালবাজের অভাব নেই। বটতলায় মিলবে অমন ঢের মুনসি-মুক্তরি।

নয়া কাহন নয় তো কি। পাশের ঘরের মহেক ভাক্তার তেড়ে

এল: চড়া স্থদে টাকা ধার দিয়ে চাষা-ভূষো বেপারি-কারবারি স্বাইকে উচ্ছল্লে দিয়েছ, তাদের জ্বস্তে নতুন আইন হবে না তো কি! স্থদের ফ্ল, তক্ত স্থদ, যেন চক্তর দিয়ে ঘ্রপাক থেয়ে-থেয়ে বেড়েই ধাচ্ছে, খোলের চেয়ে আঁটি হয়েছে বড়, হাঁ-এর চেয়ে খাঁই। আসল ? আসল কবে ভূষিনাশ হয়ে গেছে তার ঠিক নেই।

নেহি. আসল অস্তত হামার চাই।

জানি না আমরা তোমার এই আসলের কারসাজি ? দিয়েছ দশ টাকা লিখেছ চল্লিশ। এখন সব বস্তা-বোঁচকা গাঁট-গাঁটরি খুলে দেখাতে হবে। এসেছে হাটে হাঁড়ি ভাঙবার দিন।

পত্যি, এ হল কি ? গো-বল্পি মহেন্দ্র সাপুই, ম্যালেরিয়ার ভোগা চিমসে চেহারা, দে পর্যন্ত আইনের চিপটেন ঝাড়ে। ত্যাড়া ঘাড়ে কথা কর। চোথ পাকার।

নিজেকে মামূদ থার হঠাৎ অসহায় লাগে। বুঝতে পারে তার পিছনে আর জনতার অফুমতি নেই। তার জবরদন্তির পিছনে নেই আর সেই ভয়ের বুজরুকি। যে ধার বায় সে যে অপরাধী নয়, সে বে তথু অপারগ. রটে গেছে যেন তারই কানাঘ্সো। অপারগের দল এবার ভাই একজোট হয়েছে। পেরেছে একজোট হতে।

কিন্তু কিছু অন্তত টাকা না পেলে মামূদ থাঁ। দেশে ফিরে যার কি করে ? তার কারবার যখন বরবাদ হয়ে গেল তখন দেশে গিরে সে চায-বাস করবে। হাল-বলদ কিনবে। হিং-এর চায় করবে। কিন্তু বিনি সন্থলে সে যাবে কোথায় ? খাবে কি ? গরিবপরওয়ার কেউ নেই তোমাদের মধ্যে ?

निष्कत भनात चत अपन निष्करे मामून वी नक्काय मरत याय ।

এক আধলাও কেউ দেবে না! শুষে-শুষে ছিবড়ে করে ছেড়েছে, সোনার ডিম পাড়ত যে হাঁস, অতি লোভে তার পেটে ছুরি চালিয়ে দিয়েছে—আছে কি আর আমাদের? যা তো, থানায় গিয়ে থবর দিরে আয় তো দারোগাবাবুকে। মহেন্দ্র তড়পাতে থাকে: আজকাল বাতকের বাড়িতে গিয়ে ধরা দেয়া বা চারপাশে ঘুরনা দেওয়াও মারপিটের সামিল। যা তো কেউ, দেখবি এখনি শালার আসধাস তলব হবে থানা থেকে।

থানা-পুলিশের নাম শুনে মামৃদ খাঁ জ্বলে ওঠে। বলে, তুম শালা তো কম্বল লিমেছিলে—তার দাম ভি আইন নাকচ করে দেবে? আছো দাম না দাও, হামার কম্বল ফিরিয়ে দাও। মামৃদ খাঁ স্ত্যি স্তিয় হাত পাতে।

তুম শালা একথানা কম্বল দিয়েছ আর গায়ের ছাল তুলে নিয়েছ একশো জনের। সেই ছালে ডুগি-তবলা বানিয়েছ। আর আমরা হাড়গোড় বার করে দাঁত খিঁচিয়ে মরে আছি। বেইমানি করার আর ডুমি জায়গা পাও নি ? যাও, বেরোও।

শের ছিল, কুত্তা হয়েছে আজ। তবু বেইমান কথাটা সহ্থ করতে পারে না মামুদ খাঁ। তার এক কালের বেদানা-খাওয়া রক্ত লাল হয়ে ওঠে। লাঠি তুলে আচমকা মারতে যায় মহেন্দ্র সাপুইকে।

ঐ মারতে যাওয়া পর্যন্তই। হাতের মুঠ তার আঁট হয়ে বসতে পারে না লাঠির উপর, ওরা তা অনায়াসেই কেড়ে নেয়। কাউকে কিছু বলতে হয় না, সবাই দাঁড়ায় এককাট্টা হয়ে। একসঙ্গে ঘাড়কাতা দিয়ে নামিয়ে দেয় তাকে দোকান থেকে। তার জামা ছিঁড়ে দেয়। পাগড়ি খুলে ফেলে। বাবরি ধরে টানে। ঢিল ছুঁড়ে মারে। একটা ঢিল লেগে কপাল ফেটে যায়।

বুকের উমে গ্রম হয়ে আছে যে ভোজালি, মামুদ খাঁ তা আর মনেই করতে পারে না।

ম্পাষ্ট বোঝে, জনবলের সঙ্গে পারবে না সে লড়াই করে। সমৃদ্রে ভেসে যাবে কুটোর মতো। আর গায়ের জোর জিতলেও জিতবে না দাবির জোর। তার দাবি থেকে দাব গিয়েছে খসে। তার স্বত্বে বোধ হয় আর সত্য নেই।

মামৃদ খাঁ পালিয়ে যায় জোর কদমে। যায় পেয়াঘাটের দিকে। কামারদের পিছনের গলি দিয়ে। পালিয়ে যাবার জ্ঞেই য়েন সে এফে পড়েছে এই গলির আশ্রয়ে। বাড়ির মুখোরে নিত্যগোপী জনচৌকির উপর বদে জল দিয়ে চেপেচেপে আরেকটা কে মেয়ের চল বেঁধে দিচ্ছে।

নিভাগোপী চিনতে পারল মাম্দ খাঁকে। এ অঞ্চলেও সে তার হিং ফিরি করতে এসে কর্জ থাইয়ে বেত। শুধু নিভাগোপীকেই ছপাতে পারে নি। একথানা শাল দিয়েও নয়। নিভাগোপী অনেক দল্লাস্ত। সে কাবলিওলাকে চুকতে দেবে না তার বাডির চৌহদ্দির মধ্যে।

থড়ম পায়ে নিতাগোপী উঠে দাঁড়াল। বলল, এ কি হল খান সাহেব ?

চোর ধরতে গিয়ে জথম হয়েছি। রক্তে মামুদ থাঁর কপাল ও গাল ভেনে যাচেছে।

সে কি কথা, এসো আমার বাড়িতে। বাব্কে ডাকাই। ওষুধ দিয়ে ব্যাণ্ডেজ করে দিক।

কেনো দিন সাধ ছিল বুঝি মামৃদ থার, নিতাগোপীর ঘরে যায়। আজ নিতাগোপী তাকে ডাকল, কামনার মতো নয়, ভঞাষার মতো।

বললে মাম্দ থাঁ, দরিয়ার পানি জবর নোনা, থোড়া পানি গাওয়াতে পারবে ?

ছোট উঠোন পেরিয়ে নিত্যগোপী তাকে ঘরে নিয়ে এল। ঘটি করে জল দিল থেতে।

মামুদ থার ম্থে ঘটিটা আর কাত হল না। দেখল, নিচু-মতন একটা তব্তাপোশে কতগুলি কম্বলের থাক। লাল মোটা কম্বল। প্রায় এক শো। কিংবা তারো বেশি।

व का ?

বাবু এক গাঁট সরিয়েছেন হাসপাতাল থেকে। ঐ ছভিক্ষের হাসপাতাল থেকে। বাবু ওখানে এখন চাকরি করছে কি না— সমপর্যায়ের ব্যবসায়ী ভেবে নিত্যগোপী বললে নিশ্চিম্ব হয়ে।

কে তোমার বাবু?

মহেन वातृ। थनिकात माकारनत शास्त्र यात माध्यादेथाना।

ত্তিক্ষের দিনে খ্ব পরদা করেছে তু হাতে। নইলে আর জামার এখানে জায়গা পায়।

জলভরা ঘটি নামিয়ে রাখল মামৃদ থা। বললে, পুলিস ভাকে না কেউ ? থানায় খবর দেয় না ?

দারোগা জমাদার স্বাইকে দেয়া হয়েছে একথানা করে।
নিজ্যগোপী মামৃদ থাঁর ফালা খাওয়া ছেঁড়াবোঁড়া জোবা-জামার দিকে
তাকাল। বললে, তুমি একথানা নেবে খান সাহেব ? এই শীতে
জামা-কাণড় তো তোমার কিছুই দেখতে পাচ্ছি না। সজ্যে হতে নাহতেই যা হাওয়া ছুটবে নদীর উপর দিয়ে—

না। চোরাই মাল আমি ছুঁই না।
মাম্দ থাঁ নেমে পড়ল উঠোনে।
এ কি, জ্বল থেয়ে যাও।
না। পানি ভি থাব না।

মামূদ থা তার রক্তমাথা উপরের ঠোঁটটা চাটতে লাগল। বেন সে রক্তের স্থাদটা জেনে রাথছে। টক-টক নোনতা-নোনতা। লোভের রক্তের স্থাদ। মহেন্দ্রেরও কপাল যথন একদিন ফাটবে তথন স্থানায়াসেই মনে করতে পারবে সে সেই রক্তের তার। জল দিয়ে তা সে আজ ফিকে করবে না।

লোকে দেখুক, দেপে রাথুক রক্তমাপা মুথেই মামুদ থা থেয়ার নৌকোয় গিয়ে উঠল।

पान

নিশেখাল। এপারে আদমপুর ওপারে ধুলেশর। তুই গ্রাম।
নাঝখানে অনেক আগে ডিব্রিক্ট বোর্ডের পুল ছিল একটা। তার কাঠ
আর লোহা তুই গ্রামের লোক চুরি করে নিয়েছে। এখন শুধু একটা
চই-বাঁশের সাঁকো। বাঁশের ধকনি আছে উপর দিকে। হেলে বেঁকে।

কাঁকালে কলসী, চলেছে মমিনা। ত্যাড়াব্যাকা সাঁকোর উপর দিয়ে। ধকনি না ধরেই। হাতে থোঁটা দড়ি, চলেছে জিল্লাতালি, তেমনি নল্লড়ে সাঁকোর উপর দিয়ে। তেমনি ধকনি না ধরেই।

এপারে পুকুর, ওপারে গোবাট। গোরু আগেই ছেঁটে পার হয়ে গৈছে থাল, জলের থেকে নাকের তুলতুলে ডগাটা উচ্তে তুলে ধরে। নদীর জল লোনা, পুকুরের জল ছাড়া খাওয়া যায় না। গোরুকে থোটায় বেধে না রাথলে কার ক্ষেতের ফ্সল কথন তছরুপ করে।

মমিনা আর জিল্লাত। ধুলেশ্বর আরে আদমপুর। দক্ষিণ আর উত্তর। তৃজনে দেখাহল মুখোমুখি।

্মমিনা বলে, পথ দাও।

জিল্লাত বলে, পিছু হাঁটো।

মমিনা বলে, সে মেয়ে, তার দাবি সকলের আগে। জিলাত বলে, তার দাবি মমিনার আগে, কেননা সে আগে এসে সাঁকো ধরেছে। পথ এগিয়ে এসেছে আদ্দেকেরও বেশি। এখন সে আর ফিরে হাবেনা। এমন কোনোই ছটিশ টাঙানো নেই যে মেয়ে দেখলেই সাঁকোর থেকে জলে ঝাঁপ দিতে হবে।

ইাা, দিতে হবে। আগুনে পর্যন্ত দিতে হবে। চোথ ঝিলকিয়ে বললে মমিনা। কলসীটা ঢলে পড়ছিল, কোমরের থাঁজের উপর তুলে চেপে ধরল আঁট করে। বাকা বাছর বন্ধনীতে ফোটালে বা একটুনব-যৌবনের গরিমা।

আংগে আগুনে ঝাঁপ দিই, পরে না হয় পানিতে দেব। জিলা-ভালি বললে।

পথ ছাড় বলছি। রাগ-রক্ষের জায়গা নয় এটা। ঝলসে উঠল মমিনা: যদি না ছাড় তো বাড়ি ফিরে গিয়ে বাজানকে বলে দেব।

আমিও বাড়ি ফিরে গিয়ে বাজানকে বলতে পারি।

কি বলবে তুমি ?

বলব মকবুল মুছলির মেয়ে মমিনাবলেছে ঘরে আগুন লাগিয়ে দেবে।

ওমা কথন বললাম।

घरत नय, वरलर् आभात मूर्य आखन नाशिर्य रमस्त ।

(मवरे (का এक स्थावात । अर्फ़ा (काल (मव।

তাই, বাজানদের বললে লাভ হবে না, দাঙ্গা বেধে যাবে তুই বাপে। আমার মুথে জলুক ফড়ো, ক্ষতি নেই, কিন্তু ভোমার মুথে একটু হাদি ফোটাও মমিনা।

মমিনা চোধ নামাল। বললে, হাসির গল্প নেই, তবু হাসি কি করে ? ভাধু ভাধু কারু ফরমায়েনে হাসা যায় ?

চাঁদ কি কারুর ফরমায়েদে হাদে ? আর যার অমন চাঁদম্থ —

মমিনা হেসে ফেলল। ছলছলে জলে চিকচিক করে উঠল রুপুলি. চাদের টুকরো। থালের মধ্যে লাফিয়ে পড়ল জিল্লাত। বাকি জলটুকু পার হয়ে গেল সাঁতরে।

শিকন্তি-পয়ন্তির দেশ। নতুন চর উঠেছে। যে নদী ভেঙেছে সেই নদীই দিয়েছে ভরাট করে।

জিল্লাতের বাপের নাম গফুরালি। সে বলে, আমার ভাঙা জমি

আবার ভেদে উঠেছে। শিকল জ্বিপ করে জ্বমি ভাঁউরে নিলেই বোঝা যাবে ঠিকঠাক।

মিথা। কথা। বলে মকবুল। মমিনার বাপ। বলে, নতুন চর,
যথন আমার জমির লপ্ত, তথন আমার স্বস্থ।

প্রথমে ঝগড়া-বচসা। তর্ক-বিতর্ক। মন ক্যাক্ষি। শক্রতালি। প্রকাপক্ষি।

তৃপক্ষের জমিদার তৃপক্ষের পিছে এসে দাঁড়াল। ঠিক করলে প্রজাদের দিয়ে মামলা বসিয়ে পরোক্ষভাবে নিজেদের স্বত্ব বর্তিয়ে নেবে। পিচনে থেকে উস্কে দেয় ঘন ঘন।

কিন্তু মামলা বদানো মুথের কথা নয়। তার অনেক তোড়জোড লাগে, অনেক কাঠথড়। অনেক দলিল-দাগিলা। বাদী হওয়া স্থবিদে না বিবাদী হওয়া, এই নিয়ে সল্লা-পরামর্শ চলে। পালি দিন গোনে। চরে ঘাদ গজায়। গজায় বনঝাউ।

একদিকে আদমপুর, অন্তদিকে ধুলেশ্ব। তারা আর অপেকা করতে রাজী নয়। দেওয়ানি আদালতের ফেরফার আর গলিগুঁজির মধ্যে তারা যেতে চায় না। তারা ল্যাজা-লাঠির তদারক করে। আমি হামি হব, বলে গজুরালি। মকবুল বলে, আমি হামি হব। লাঠিতে তেল মাথায়, ল্যাজার মুখে শান পড়ে। শুরু হয় বুঝি হামলা-হামলি।

পলিমাটি শক্ত হয়ে উঠেছে। ফলেছে উডি ধান। সমর্থ হয়ে উঠেছে আবাদের জত্যে। সাজ-সাজ রব পড়ে গেল ছদিকে। গাজী-গাজী। ঢাল-সড়কি, বুর্না-বল্লম, ল্যাজা-লাঠি, কেঁচা-টাঙ্গি, দা-কুছুল ছদিকেই ঝকমকিয়ে উঠল। চরের দখল নিয়ে বাধে বুঝি হাজামা।

আদমপুরের মোড়ল গফুরালি, ধুলেশবের মোড়ল মকবুল।
হন্ধনেরই হাল-হালুটি বিস্তর, পাকা ভিতের উপর টিনের ঘর
অনেকগুলি। তাঁবেদার লোক-লস্করের অভাব নেই। মোড়লেমোড়লে ঝগড়া, কিন্তু দেখতে-দেখতে ছেয়ে পড়ল তামাম গ্রামে।
এ-ও এককাটা, ও-ও এককাটা।

অक् श्टन दशक। क्छ भरताया (नहे। मात्रभिष्ठे, थूरनाथूनि, नाका

ফ্যাসাদ। হয়ে যাক হয়-নয়। এসপার কি ওসপার। আগে থেকে পুলিসে এতেলা দেবে না কেউ। পরে জেল-ফাটক হয় তো হবে। বীপাস্তরেও রাজী। বুকের মাংসের চেয়ে দামি যে জামি, সেই জামির চেয়েও মান বড়। স্বত্বের চেয়েও বড় হচ্ছে দুখল।

উলু মাঠ ভেঙে চাষ শুরু করে দিল জিল্লাত। লাঙল দিলেই বড় ভেঙে-ভেঙে যায়। মাটি ফেটে-ফেটে পড়ে। এক চাষ দিয়েছে, ছয়ারে-ভিন্নারে দরকার নাই, আদমপুরের লোকেরা ছুটে এল দলে-দলে। পাথা-মেলা বাতুড়ের ঝাঁকের মতো।

গফুরালি ত্কুম দিল, কোট-এলাকা বজায় রাথতে হবে। দথল যথন নিষ্টে একবার, বেদথল হতে পারব না। ও হঠে গিয়ে আদালত কফক। থানায় গিয়ে এজাহার দিক। আমরা আমাদের গায়ের বজ্ঞের মতো জমি কামডে পডে থাকব।

উঠন্ত রৌল্রে ঝলসে উঠল অনেক পালিস-করা শানানো লোখ-মৃথ, উড়ল অনেক ধুলো মাটি, ফিনিক দিয়ে ছুটল অনেক কাঁচা রক্তের তোড়। বার আর্তনাদ করার কথা সেও উন্মন্ত, কুদ্ধ উল্লাস করছে। শশ্ব ফেলে দিয়ে বার মাটি নেওয়ার কথা সেও লাথি ছুঁড়ে মারে। হেদ্রে গেল গকুরালির দল। ছোড়ভক হয়ে গেল দেখতে দেখতে। চম্পট দিল খাল-নালা সাঁতেরে। কিন্তু জিল্লাভালি ফিরল না।

জিল্লাতালি আটক পড়েছে শক্রর কল্পার মধ্যে। আর ছাড়াছাডি নেই। কল্পেন-ধালাসী মোকজনা করতে চাও তো কল্পোনে, কিন্ধ ভার আগেই শুন হয়ে যাবে।

মৃচলেকা দাও, এই চর মকবুল মৃছুল্লির। দাও মৃক্তিপঞ্জ। একটানা দখল করতে দাও বারো বচ্ছর। রাজী হও তো ফিরিয়ে পাবে ছেলে। নাহও তোকচু কাটা করে ভাসিয়ে দেব দরিয়ায়।

হাতে পায়ে কোমরে দড়ি বাঁধা, জিল্লাত শুয়ে আছে লকড়ি-ঘরে। শুকনো হোগলার উপর।

বাত গৰিন, ঝিঁ-ঝিঁ ডাকছে। জ্যোৎস্বায় মোছা-মোছা অশ্বকার।

হঠাৎ দুম ভেঙে গেল জিল্লাতের। তার জ্বরো কপালের উপর কার মিঠে হাতের ভোঁয়া।

(4)

সামি গো সামি। মমিনা।

স্বরের মিঠানিতে জর জুড়িয়ে গেল গায়ের। যেন স্থপন দেখছে, স্থপন শুনছে জিলাত।

জ্বম হয়েছে তোমার ?

নাঠি লেগেছে ভান হাতে, বাঁ কাঁধের উপর। ব্যাথায় ছিঁড়ে পড়ছে হংগত। বেতাগী ল্যাজা ফদকে গেছে, বিঁধতে পারে নি বুকের মধ্যে।

এইখানে লেগেছে? হাতের মিঠানি কপালের থেকে চলে আসে বাহুর উপর।

এখন স্থার ব্যথা নেই। শুধু দড়ির বাধনটাই যা ফেলেছে বেকায়দায়।

পত্যি, সমস্ত জর-জালা, ব্যথা-বেদনা ধেন সব উবে গিয়েছে এক পরশে। ফুটস্ত গায়ের রক্ত ঝিমিয়ে পড়ল। চোথে লাগল থেন থুমের আমেজ। নতুন ফোটা কদমের গন্ধ পাছেত মৃত্-মৃত্। দড়ির গিঁট খুলে দিতে লাগল মমিনা।

এ করছ কি মমিনা, বাঁধন খুলে দিচ্ছ গা থেকে?

হাা, ছোট-ছোট আঙুলে বিন্দু-বিন্দু স্পর্শের শিশির ঢেলে-ঢেলে
নমিনা বললে, এ বাধন যে আমাকেও বেঁধে আছে আষ্ট্রেপ্টে। প্রথম
বাতে সদর্গর-টাইরা হল্লা-ফুর্তি করেছে। জবর দগল তো করেইছে,
টটিয়ে দিয়েছে বিপক্ষদের। তার উপরে কয়েদ করেছে ও দলের
সাজোয়ানের ছেলে। কিন্তু আমি ভুধু কেঁদেছি।

এ-কি, ছেড়ে দিছে আমাকে? জানতে পারলে তোমার কি সর্বনাশ হবে জান ?

জানতে পারবে না।

পারবে না মানে ?

মানে জানতে পারলেও কিছুই করতে পারবে না জামার।

তা কি করে বলছ ?
বলচ্চি আমিও ছাড়া পাব তোমার সঙ্গে।
তুমি ?
ই্যা, আমিও তোমার সঙ্গে চলে যাব।
চলে যাবে ? কোথায় ?

বলভপুরের কাজীর কাছে। জান তো, কাজি কুরমান মোল; স্মামার খালু। নদীর ত্বাক পরেই বলভপুর।

সেখানে কি?

সেথানে গিয়ে কাজির দরবারে কাবিননামা রেজেষ্ট্রী করব;
তোমার সঙ্গে আমার সাদি হবে। তুমি ছলহা আর আমি ছলহিন।
কথার মাঝে লজ্জা আর আনন্দের মিশেল। সাহস আর ব্যাকুলতার।

গায়ের রক্ত শিরশির করে উঠল জিলাতের। বললে, তোমার বাপ-চাচা রাজী হবে ?

না হোক। আমি তো আর নাবালগা নই যে অলি লাগবে বিয়েতে। আমি বালিগ হয়েছি গেল পৌষ মাসে। পনেরো বছর পেরিয়ে গেছি আমি। তা আমি সাবিদ করতে পারব। আমাদের বিয়ে তড়তে পারবে না কেউ।

বিয়ে হবে আমাদের ? ঘোর-ঘোর চোথে এখনো অপন দেখছে জিলাত ?

ই্যা, তোমার থেদমতে থাকব চিরকাল। আমাদের বিয়ে হয়ে গেলেই ঝগড়া বিবাদ মিটে যাবে ছ পক্ষের। যে চর আমার বাজান বলেছে আমার, আর তোমার বাজান বলেছে তার, সে চর তারা ছয়ে মিলে আমাদের ছজনকে জায়গির দিয়ে দেবে। নাইয়র যেতে-আসতে হবে আমাকে, বাঁশের নড়বড়ে সাঁকো আবার শক্ত কাঠের পোল হয়ে উঠবে। ছ গ্রামে কিরে আসবে মিল-মহকত। তা ছাড়া আমি তো আর পথ দেখি না। নইলে চিরকাল ছ-দল কেবল মারামারি করবে? আমার মনের মাহুষের গায়ে ঝরবে রক্ত আর আমার চোথে ঝরবে দরিয়ার পানি।

কি করে যাবে মমিনা? জিল্লাত উঠে বসল।

ঘাটে ডোঙা আছে মাছ ধরার। তাতে করে পালাব। কালো চোগে আলো জলল মমিনার।

আমার হাত যে ভাঙা। নৌকা বাইবে কে?

স্থামি দাঁড় টানব। তুমি ভার্ হালটা ধরে বদে থাকবে। পারবে না?

পারব।

তবে চলো। নদীর নাম আঁধার মানিক। আঁধার থাকতে থাকতেই বেরিয়ে পড়ি।

ত্ত্রনেই ত্রস্ত হালক। পায়ে চলে এল নদীর পারে। বাদাম গাছের নিচে নৌক। বাধা। হালক। মেছে। ডিঙি।

হাল-দাড় কই ? জিগগেদ করল জিলাত।

ও! বুঝতে পেরেছে মমিন।। সব আশা-সোটা হয়েছে দাকার
উরদিশে। বললে, তুমি একটু বোদো।। উঠোনে মূলি-বাশ আছে,
তাই ছটো নিয়ে আদি কুড়িয়ে। লগি ঠেলে-ঠেলে চলে যাব ছজনে।
তুমি যদি না পার আমি একা বাইব। ভাটির নদী তরতরিয়ে বয়ে
যাবে। মমিনা ফিরে গেল।

এমনি করেই বুঝি সমাধান হবে, এত সব হাক্সানা-হজ্জুতের, আক্রোশ-আক্রমণের! একটা মেয়েকে বিষে করে! ঘরের বিবি বানিয়ে। এত হড়দকল, কলহ-কোন্দল, চোট-জ্ঞথন, এত রক্তপাত-সব এমনি করে রকানিপাতি হয়ে য়াবে। এমনিভাবে ভূলে য়েতে হবে হার-মার, য়ায়ে মলম লাগাতে হবে মোলাম করে। বাজানকে গিয়ে বলবে, মোলার কাছে কেতাব-কলমা পড়ে এসেছি আমরা, এবার ছোলেনামা দাখিল করে দাও আদালতে।

रम ना भवरमव वाष्ठा ?

কিন্তু উপায় কি। এ যে একটা মেয়ে নয় খালি, এ যে মমিনা। নদীর নামে তারও নাম। সে যে আঁধারমানিক।

ছোট দেখে ছটো হালকা বাঁশ নিয়ে এল মমিনা। এসে দেখে

জিল্লাত নেই, ভোঙাও নেই। তৃহাতে জল কেটে-কেটে বেরিয়ে গেছে সে অনেক দূরে। ঐ দেখা যায়।

ভাঙা চাদা ভূবে গেল পশ্চিমে। মমিনা তাড়াতাড়ি চলে এফে তার ছাড়া বিছানায় শুষে পড়ল। বেড়ার ফাঁক দিয়ে নদীর আভাস দেখা যায় ঝাপসা-ঝাপসা। অন্ধকারে আঁধারমানিকের দিকে চেয়ে থেকে ভাবতে লাগল, জিল্লাতের ত্ হাতে হঠাৎ এত জোর এল কি করে?

জমি

মোৰন্দমা শেষ হয়ে গেল।

শেষ হয়ে গেল ? জিগগেস করল হেলালদি। জিগগেস করল আবো অনেকে। পাড়া-বেপাড়ার দশজনে। মোকদ্দমায় কে পেল কে ঠকল সেটা জিজ্ঞাক্ত নয়। মোকদ্দমা যে শেষ হয়ে গেল এটাই আপশোষের কথা।

এ কদিন সমানে তারা ভিড় করেছে আদালতে। কে কী বলে বা এক কথা বলতে আরেক কথা বলে ফেলে তাই শুধু শুনেছে এ কদিন। কে কি রকম হিমসিম থায়, কার কী কেছে।-কীতি বেরোয়। কার দায়মূল হয়েছিল, কে বেটি চুরি করেছিল, কে পড়েছিল ঘরপোড়া মোকদ্দমায়। সকাল থেকে শেষবেলার কাচারি পর্যস্ত ঠায় দাঁড়িয়ে থাকে এক জায়গায়। ভিড়হড় দেখে আদালত-ঘর থেকে তাদেরকে বের করে দিলে চাপরাশি-আদালির হাতে টিকিটের পয়সা শুঁলে আবার গুটি-শুটি এসে দাঁড়ায়। সাক্ষীর প্রতি সহায়ভূতিতে নিজেরই অলক্ষ্যে ঘাড় নেড়ে ই-না ইক্তি করে বসে। শক্র-মিত্র সব যেন তাদের ঘরের লোক।

জীবনে আর কোনো নেশা নেই। রোমাঞ্চ নেই। ক্রিকেটফুটবল নেই, থিয়েটার-বায়স্কোপ নেই, রেস-রেশালা নেই। নেই
কোন জুয়োথেলা, মদ-গাঁজা। থাকার মধ্যে আছে এই মোকদ্দমা।
দাদ-ফরিয়াদ। তাল হার-জিতের থাম-থেয়াল। উকিলে-উকিলে
কাছি-টানাটানি।

মোকদ্দমার ফল বেরিয়েছে শুনলাম। পেল কে? ফলের কগ্র একমাত্র জিগগেদ করলে আমিরন।

আর কে পাবে ? সোনামদি তাকিয়ে রইল ছ্র্বলের মত। তার মানে ? আমরা পাইনি ?

আমরাই তো পাব। যেদিকে ধর্ম সেই দিকেই তো জিত হবে।
আফলাদে ঘাই মেরে উঠল আমিরন। আমরা পেয়েছি? আমাদের
দিকে রায় হয়েছে? ঠকে গেছে জলিল মুন্সি? বলো কি, খোদাতালার
এত রহমৎ হয়েছে আমাদের উপর? জমি-জায়গা আমাদের থেকে
গেল নিজ চাষে? মোকদ্দমা জিতলাম তবু তুমি অমন মনমরার মত
তাকিয়ে আছ কেন? তোমার জেলা-জলুস সব গেল কোথায়।

এরপর আবার আপিল আছে। জলিল মৃদ্ধি আপিল করবে বলেছে।

সে পরের কথা পরে। এখন তো আমোদ করে নাও। কাল উপোস করতে পারি ভেবে আজকের বাড়া ভাতে তো ছাই দিতে পারি না। নাও, তামাক সেজে দি এক ছিলিম। উজুর পানি এনে দি। আছরের নামাজ পড়ো। মজিদে যাও, মজিদে পয়্মা দিয়ে এস কারীর হাতে। দরগার খাদেমের কাছে চেরাগী দিয়ে এস। সঙ্গে মহবুবে নিয়ে যাও। আমাদের বৃক্চেরা ধন মহবুব। পাক। সংস্কে জমি পেলাম। এবার আর ভাবনা কি। থিত-ভিত হল এতদিনে।

কিন্তু না, এরপর আবার আপিল আছে। আবার খরচান্ত, আবার ভোগান্তি, আবার আইনের থাম-থেয়াল।

তোমার কোনো ভয়-ড়য় নেই। কড়া করে তামাক সেজে আনে আমিরন। জলিল মৃন্দির সাজানো মোকদ্দমা কেঁসে যাবে নির্ঘাত। জুলুমদারি টিকবে না শেষ পর্যন্ত। আমাদের ছাল ছাডিয়ে নিয়ে যাক, জমি ছাড়িয়ে নিতে দেব না।

রায়তি স্বত্বের জমি ছিল ছকুমালির। লড়াইয়ে পেছে সে কুলিমন্ত্রের ঠিকাদারি হয়ে। বাবার আগে বেচে দিলে সে সোনামদির

কাছে প্রায় মাটির দরে। উনিশ গণ্ডা জমি, মোটে আড়াই শো টাকা বহায়। সোনামদির বউটা সোনাটাপার মত দেখতে। সেই একটুদর ক্যাক্ষি ক্রেছিল। না, শাড়ি-জেওর টাকা-পয়সা কিছুই সে চায় না। সে জমি চায়, জোরের জমি। শুধু ফ্ললের জোর নয়, স্বত্বের জোর। পাকাপাকি স্বত্ব। যাতে কায়েম হয়ে থাকতে পারে তারা। গাঁথনিটা মজব্ত হয়। যাতে না পরের জমিতে বর্গাইত হতে হয়। জমিতে চ্যা-ক্রই কিন্তু তা পরের জমি। নিজের জমি চাই। স্থিতিবান স্বত্ব। যাতে না এক ফুটিশেই মেছমার হয়ে যায়।

একটু মায়া পড়েছিল কি হুকুমালির ?

কি মিয়া, বেচবেই যদি জমি, একবার আমাকে যাচতে পারলে না ? না, আমরা উচিত দাম দিতাম না ? জলিল মুন্দি পাকড়াল ছকুমালিকে।

রোকের জমি। জলিল মূলির বাড়ির বগলে। ডাক নাম আশি-মণি। এক কানিতে আশি মণ ধান হয়। কবালার কথা শুনে জলিল মূলি করাতের পাতের মত লকলক করে উঠল।

বলি দিয়েছে কত সোনামদি? আডাই শো? এই বাজারে এ জমির দাম আড়াই শো? আমি তোমাকে পাঁচ শো দিতাম।

দলিল এখনও রেজিট্র হয়নি। চোথ ছোট করল ছকুমালি। ক্রমে ক্রমে যুদ্ধের দিকে এগুচ্ছে বলেই বুঝি মন তার শক্ত হচ্ছে।

না হোক, রেজিষ্ট্রতে কিছু এদে যায় না।

ছকুমালির সঙ্গে বড় করলে জলিল মৃশি। নগদ ত্ণো টাকা দিয়ে আরেকটা কবালা লেথাপড়া করিয়ে নিলে। বোগ-সাজস করলে স্ট্যাম্প-ভেগুরের সঙ্গে। সোনামন্দির কবালার যে তারিথ, তার চারদিন আগেকার তারিথ বসালে স্ট্যাম্প বেচার তারদাদে। সেই মোতাবেক দলিল সম্পাদনের তারিথ দিলে। ফলে দাঁড়াল এই, জ্বলিল মৃশির কবালা সোনামন্দির কবলার আগুড়ি হয়ে গেল। সোনামন্দির কবালা যদি পাঁচুই, জ্বলিল মৃশির হল পয়লা। স্ট্যাম্প বেচার থাতা-পত্রেও সেই পয়লা লেখা। কোথাও আর কাক-কেক্ডারইল না। তক্তায় তক্তায় মিশ থেয়ে গেল।

ধয়াকিবহাল লোক এই ঝলিল মৃষ্টি। সে জানে দলিলের স্বত্ব হয় দলিল লেখাপড়ার তারিখ থেকে, রেজেস্টারির তারিখ থেকে নয়। কারদাজি করে তারিখ পিছিয়ে দিতে পারলেই তার স্বত্ব প্রবল হয়ে উঠবে।

কোনো ভেজালে পড়ব না তো? ছকুমালি ভয়ে ভয়ে জিগগৈস করলে।

তোমার ভয় কী! তৃমি তো যুদ্ধে যাচ্ছ কুলির জোগানদার হয়ে। তোমার লাগ তথন পায় কে? যথন মামলার ভাক হবে, আদালত জিগগেদ করবে, বায়া কোথায়, বায়া কী বলে? কোথায় বায়া, কে তাকে দমন ধরায়! আমি বলব, বাধা হয়েছে দোনামদ্দির। সোমামদ্দি বলবে, দায়াদী আছে জলিল মুন্সির দক্ষে। শুধুদলিল তজাদিগ করে হাকিমের বিচার করতে হবে। ধোঁয়ায় ধোঁয়ায় ধাঁকা লাগিয়ে দেব।

সেই মামলার রায় বেরিয়েছে আজ।

দলিল লেখক, ইসাদী সাক্ষী, নিশান দায়ক সবাই হলফান জ্বানবন্দি দিয়েছে জ্বলিল মৃষ্পির দিকে। রেজেব্রি আফিসের টিকিটবরাত, ভেণ্ডারের খাতা তলব—সব কিছুরই তজ্ববিজ হয়েছে। কিন্তু কিছু হল না। লখাইর বজ্ঞসার লোহার ঘরে কোথায় একটি ফুটো লুকানো ছিল ঢুকল কাল-কেউটে। জ্বলিল মৃষ্পির তঞ্চনী মামলা বেফাস হয়ে গেল।

দথল ছাড়েনি সোনামদি। একদিনের জন্মেও নয়। একবার হাল-গরু নিয়ে জবরান দথল করতে এসেছিল জলিল মৃদ্যির কিরবান। সোয়ামী-প্রীতে মিলে হাল তাড়িয়ে দিয়েছে। নিজ হাতে জুয়ালি খুলে দিয়েছিল আমিরন। বলেছিল, বুকের মাংস ছিঁড়ে নিয়ে বেতে পার, কিছু জমি নিতে দেব না। হাট-ঘাট বাজারবন্দর করতে সোনামদি বাইরে বায়, ততক্ষণ আমিরণ চোথ রাখে। পাখির নথের মতন চোধ। জমি তার বাড়ির বন্দের সামিল এক ঘেরের মধ্যে। থাটে-পিটে, খায়-লয় আর সব সময় চোথ রাখে জমির কিনারে। ঘেঁসতে সাহস পায় না জলিল মৃদ্যি। ভাই জলিল ম্সিকেই আর্জি করতে হল। নিজের দখল-স্থিরতরের নয়, বিবাদীর জবরদখল উচ্ছেদের।

কিন্তু টেকাতে পারল না মামলা। ডিসমিস থেয়ে গেল। আদালত রায় দিল, সোনামদির কবালাই থাঁটি, বাদীরটা জ্ঞাল-সাজ, ফেরেবী। তাই জ্ঞমির স্বত্ব শুধু সোনামদির। তার আইনী দখল। জ্ঞালিল মৃশি বেমালেক।

আপিল করবে জলিল মৃদ্দি। এই আদালতই শেষ নয়। আছে আরো উপর তলা। সেই ঘরে উঠবে সে সিঁডি ভেঙে।

উঠুক। উঠতে দাও। আমরা নিচে থেকেই আসমান দেখি। উপরের দিকে তাকাল আমিরন।

আপিল করলে আর ওর সঙ্গে পেরে উঠব না। বললে সোনামদি।
আমরা না পারি ধর্ম পারবে। আপিল করুকই না আমগে।
আগেই তুমি ঘাবড়ে যাছে কেন? প্রথম জিতের পর যে একটু আমোদ
করব তা করতে দিছে না।

কাঁচা চিকণ ধান ফলেছে জমিতে। কালছে ধরেছে এখন, কদিন পরেই পাকা সোনার রং ধরবে। আলের আগায় দাঁড়িয়ে যে একটু রূপ দেখি তার তুমি ফুরসং দেবে না। দাঁড়াও, বালি দিয়ে কাল্ডে-কাঁচি ধার করি আগে, আমিও তোমার সঙ্গে গিয়ে ধান দাইব। ঢেঁকিঘরের তদবির করি, ''স্ক্ইরার হাতি" ঢেঁকিগাছঠাকে ঝাড়ি-পুঁছি। একদিন ফিরনি-পায়েস তৈরি করি, একদিন বা চিটে গুড় দিয়ে চিতই পিঠা থাই। তুমি আগে থেকেই কু ডেকো না।

সব বিষয়ে ব্যক্তান হয়নি এপনো আমিরনের। কড়ি থেলতে বলে কথন চার চিতে চক আর কথন পাঁচ চিতে পাঞ্জা—এ কে বলতে পারে। কে বলতে পারে মাককমার ফলাফল। সাজানো বাগান শুকিয়ে যায় এক খালে। আবার কথনো বা মরা গাছে বউল-মউল ধরে। কেউ বলতে পারে না। হয়তো ঘাটে এলে ঘাটের নৌকো ঘাটে পচল আর পাল মেলল না।

আর এমনও তো হতে পারে বে আমাদের কিং বহাল থাকল

শেষ পর্যন্ত। যা সত্য তার আর রদবদল হল না। হতে পারে না এমন ? কুচকুচে কালো চোথে ঝিলকি থেলে গেল আমিরনের।

এতটা যেন সোনামন্দির বিশাস হয় না। যে তুর্বল তাকে নিয়ে ধন ভধু পেলা দেখায় ছলচাতুরী করে। দরজার গোড়ায় স্থির হয়ে বদে থেকে সারা জীবন পাহারা দেয় না। কথন আবার চলে ষায় একলা রেখে।

আপিলের শুনানি তো আর কালকেই হয়ে যাচ্ছে না। রায়ও উল্টে যাচ্ছে না রাজারাতি। এখুনি মৃথ কালো করব কেন ! বাজার-সওদা কর, কুটুম্বিতেয় যাও, ভাই-বয়ুর সঙ্গে হৈ-হয়া কর, পান-তাম্ক থাও। আমিও কটা দিন একটু হালকা পায়ে হাঁটা-চলা করি, মেন্দি পাতায় হাত পা রাঙাই, চোথের কোলে কাজল আঁকি। ছেলেটাকে নাচাই-থেলাই।

তুমি কিছু ভেবো না, মন খারাপ কোরো না। আমিরন বলে এসে সোনামন্দির পাশ ঘেঁলে। আমার মন বলছে আমাদের পাওরা জমি আমাদেরি থাকবে। দেখছ না, জমি কেমন আমাদের দিকে তাকিয়ে আছে বান্ধবের মতন।

তা তো দেবছি। কিন্তু খরচ-তগরচ করতে হবে আপিলের মোকদমায়। তাজুটবে কোখেকে ?

স্থামিরন ঝাকরে উঠল: স্থামরা তো জিংপাটি। স্থামাদের স্থাবার থরচ কি ?

অনাড়ি অবুঝা, আদালতী কাণ্ড কিছুই জানে না। জলিল মৃত্তিন এরি মধ্যে কত তলাদী-তদ্বির আরম্ভ করে দিয়েছে। আদিলের মামলা কার ঘরে চালান করে নিলে স্থফল হবার আশা তার তদবির। অমুক হাকিম নৃতন সবজজ হয়েছে, আপিল পেলেই হাতে মাথা কাটে, তার ঘরে নিয়ে চল। এর আবার উন্টোবুঝা আছে অমুক হাকিম। বোঁটা থসতে আর দেরি নেই, বেশি লিখতে-বকতে চায় না, নম-নম করে সেরে দেবে। যা আছে তাই বহাল রাখবে। তার ঘরে নিয়ে চল। অমুক না তমুক তার দরবিট চলবে। তারপর উকিল

নিয়ে টানাটানি। কোন ঘরে কোন উকিলের পদার তার খোঁজ-তালাস। প্রতি পদে তহরি, প্রতি পদে মেহেনতানা।

তোমার কিছু করতে হবেনা। তুমি ৩৬ধু আল্লার নাম করে বদেথাক।

ব্রজ্ঞান থাকলে এমন কথা কেউ বলে না। ঘরগৃহস্থি করে, সংসার-স্প্রির জানে কী ? শেষকালে জেতা মামলা বে-তদ্বিরে না ফন্ত হয়ে যায়। ওবুধে সারা ভালো রুগী না শেষকালে পথ্যের অভাবে মারা পডে।

নিম্ন আদালতের থরচ টানতেই সোনামদি নাকাল হয়ে পড়েছে। উপরো-উপরি গত হুই খন্দে ধান বেচে কতক টাকা পেয়েছিল, জ্বমি কিনে বাকি সব গিয়েছে মামলার অন্দরে। তাতেও কুলােয়নি পুরাপুরি। ভাত্ত-বাসন বেচতে হয়েছে, বেচতে হয়েছে আমিরনের বাউ-থাড়ু। হয়েছে কিছু হাওলাত-বরাত। তবু আমিরন জ্বমি ধরতে দেয়নি। থবরদার, জ্বমির গায়ে হাত দিতে পারবে না। জ্বমি আমাদের নিটুট থাকবে। একেবারে নিপ্পাপ। বাধা-বেচা করতে পারবে না ওকে নিয়ে। ও আমাদের বুকের মাংস কলজের রক্ত।

অনেক রকম লোয়াজিমা। হাঁপিয়ে উঠেছিল সোনামদি। মহাফেজ-ধানা থেকে নথি তলব করে আনতে হবে, তার তদবির চাই। সাক্ষীর বার-বরদারি লাগবে, অন্ত পক্ষকে দিতেহবে মূলতুবি ধরচ। সোনামদির হাত ধালি। আমিরন ধোরাকির ধান বের করে দিল। বললে, বাঁধা মাইনের চাকর থেটে থাব তৃজনে, তবু তোমাকে আমি জমি বেচতে দেব না। না, না, পত্তন রেহানও না, কিছু না, আমার লক্ষীকে পরের হাতে দঁপে দেব না কিছুতেই।

ধরচ যখন আর টানতে পারে না, ভাই-বন্ধুরা বলেছিল, জলিল মৃশ্দির সঙ্গে আপোসরফা করে ফেল। আপোসের শর্জ আর কিছুই নয়, যে দামে কিনেছিলে কিছু নাহয় বেশি নিয়ে জমি বেচে দাও জলিল মৃশ্দিকে। কিছুটা গড়িমসি হয়ত করেছিল সোনামদি, কিছু আমিরন হাকার দিয়ে উঠল: কিছুতেই না। ধর্মের কাছে ঠকি, বুকে ধরে জমি ওকে দিয়ে দিব অচ্ছেন্দে। অধর্মের কাছে ঠকে জমি জিরাত

থোষাতে পারব না। ভিখ মেগে খেতে হয়, সাধু গৃহত্বের বাড়ি ভিখ মাগব, চোরের কাছে থয়রাত নেব না।

সেই কটের জমি তাদের বজায় রয়েছে। বলবং রয়েছে ধর্ম। তার আবার ফির-যাচাই হবে আপিলের আদালতে। কিন্তু তার থরচ কই ? থব্দ উঠতে এখনো ঢের দেরি আছে। আংটি-চুংটিও নেই আর আমিরনের কানে নাকে। ইাড়ি-পাতিলের দাম কি!

ছুটা থতে আর ধার পাওয়া যায় না। জমি এবার বন্ধক রাথতে হবে। ভয়ে-ভয়ে বললে সোনামদি।

কী করবে ?

বন্ধক রাখব।

পাপ কথা মুখেও এনো না। বন্ধক উদ্ধার করবে কি করে ? খন্দ উঠলে ধান-পান বেচে শোধ করে দেব।

ওসব শোধবোধের ধার দিয়েও যাবে না মহাজন। সে শুধু ফলি দেখবে কি করে জমিতে চুকতে পারে। ওয়াশিল দিয়ে শুধু তামাদি বাঁচাবে। তাই যেই একবার খল্দ খারাপ হবে, ঝোপ বুঝে কোপ মেরে জমি দখল করে নেবে। তোমার পায়ে পডি, স্মামাদের জমি তুমি পরাধীন করে দিও না।

ভाই-वन्नुत मला-পরামর্শ নিল দোনামদি।

বউ বলে, ধর্মের ত্য়ার ধরে বসে থাক। এক আদালতের রায় মধন আমাদের দিকে হয়েছে তখন সব আদালতের রায়ই আমাদের দিকে হবে। বলে, আপিলে আমাদের হাজির হবারই দরকার নেই। দেখি ধর্মের রায় কে ওলটায়।

মুকব্বি-মাভব্বররা হেসে উঠল। ঠাট্টা করে উঠল। বলল, শুধু সদূরে আপিল কি, দরকার হলে ছাইকোট করতে হবে। তার জ্ঞে তৈয়ার হও, মিয়া। কারবার-দরবারের কথায় বউকে ডেকো না।

সভিাই তো। যদি সদরে সোনামদ্দি ঠকে যায় তবে চূপ করে সে-হার সে মেনে নেবে নাকি ? শেষ চেষ্টা সে দেখবে না ? কুটুম-মহলে সে বলবে না বুক ফুলিয়ে, হাইকোট করেছিলাম ? আমিরন ঘরের বৌ, সে আইন-বেআইনের জানে কী!

সে কিছু জানতে না পারলেই হল। জমির চাষদথল ঠিক থাকলেই সে নিশ্চিত্র থাকবে।

কিন্তু বন্ধকী মহাজন কই আজকাল দেশ গাঁয়ে? ঋণসালিশী আর
মহাজনী আইন তাদেরকে কাবু করেছে। তবে যদি খাইথালাসী দাও,
দেখতে পারি। তাতে সোনামদি রাজী হতে পারে না। তা হলে
তাকে জমির দখল ছেড়ে দিতে হয়। তা কি করে চলে ? তা হলে
যে আমিরন জেনে ফেলবে।

অগ্রিম পাট্টা নেবার লোক আছে। ওয়াদা করে নগাঁদ থাজনায় লাগিয়ে এক থোকে বেবাক টাক। নিয়ে নাও আগাম। কায়েমী প্রকান নয়, ওয়াদা অস্তে জমি আবার ফেরং পাবে। কিন্তু অল্প কয়েক বছরের জন্তেও জমির উপর রায়ত বর্গাইত সইতে পারবে না আমিরন। অশান্তি করবে। চোথের জলে নিবিয়ে ফেলবে আথার আগুন।

এখন শুধু সাফ-কবলার দিন। যদি বল জমি বেচব, রায়তি স্বত্বের জমি, কাড়াকাড়ি পড়ে যাবে। ঢোল দিতে লাগবে না, দেশ-বিদেশের লোক এসে হাজির হবে। কিন্তু জমিই যদি বেচে ফেলল ভা হলে থাকল কি ? আপিলও যদি সে পায়, সে কেবল রায়ই পাবে, জমি পাবে না।

এক উপায় শুধু আছে। রায়তি স্বত্ত বৈচে ফেলে তার তলায় কোলরায়তি বন্দোবন্ত নেওয়। জমিতে জমি রইল কাবেজের মধ্যে, শুধু স্বত্বের যা একটু বরবেলাপ হল। স্বত্বের কারিকুরি অতশত ব্যবে না আমিরন। আমল-দথল ঠিক থাকলেই সে খুশি। বছর-বছর থাজনা টানতে হবে বটে, তা জমির দোয়ায় আটকাবে না। জানতে দেওয়া হবে না আমিরনকে। সামিয়ানা থাজনা দিয়ে যেতে পারলে কেউ আঁচড় কাটতে পারবে না জমিতে। তাদের ভোগ-তছক্রপ ঠিক থাকবে।

আকর্ব, সহজেই থদের পাওয়া গেল। আপিলের আদালতে বান্ধের চূড়াস্ত নিপত্তি হবার আগে কেউ কিনতে চাইবে না এই সবাই আলাক করেছিল। কিন্তু যুবনালি এল এগিছে। মোলায়েম ভাবে বললে, আমি নিতে রাজী আছি। জমি নিয়ে অমন ফটকা থেলি। যদি আপিলে সোনামদি ঠকে, আমিও না হয় ঠকব। সরল কিন্তিতে শোধ করে দেয় দেবে, না দেয় তো মারা পড়ব না।

নগদ তিনশো টাকায় কিনল যুবনালি। দশ টাকা জমায় কোল-রায়তি পত্তন নিল সোনামদি। কবালা হল। কবুলতি হল। জমি রইল সোনামদির চাবে।

আমিরন টু শক্টিও জানতে পেল না। দাওয়া ধান আগের মতই আঁটি বেঁধে এল তার উঠানে। ধান ঝাড়ল, ধান সারল নিজের হাতে। এবার আগের মতই ধান কাড়বে ঢেঁকিতে। পাড়ার পরিব চাধানীরা আসবে তার ধানের থিদমতে। এক সঙ্গে ধান-ভানার পান গাইবে তারা।

থবর এল, আপিলেও সোনামদি জিতেছে।

স্থামিরন উছলে উঠল: এবার কী খাওয়াবে খাওয়াও। বাউ-খাড়ু গড়িয়ে দাও নতুন করে, গড়িয়ে দাও পার্শি-মাকড়ি। এবার একখানা শান্তিপুরী তাঁতের শাড়ি কিনে দাও।

কিন্তু সোনামদির মন থারাপ। বললে, অনেক তত্তাউত করেছি বলেই না জিততে পারলাম। সব চেয়ে বড় উকিল লাগিয়েছি। টানাটানি করে আপিল রেপেছে খোদ জজসাহেবের কামরাতে। বহুহ টাকা থরচ হয়ে গেছে।

কোনো কথা আর গায়ে মাথে না আমিরন, দেথেনা তলিয়ে। বললে, হোক থরচ, জমি তো আমাদের থাকল। লক্ষী তো বাঁধা রইল ঘরের কানাচে। পাকাপোক্ত স্বত্বে কায়েম হলাম। যার জমি আছে তার ভাত আছে। যার ভাত নেই তার জাতও নেই।

কিন্ত লোনামদি কী করে বলে ভার সভ্যিকারের হারের কথা?
মামলায় সে নিচু হল না বটে, কিন্তু ক্ষমির স্বত্ত দিল নিচু করে। সব
সমরে ভাঙা-নদীর মুখে ছাড়া বাড়ির মত বদে থাকবে এখন থেকে।
ফুকা, ঠুনকা স্বত্ত। দায়রহিভের একটা ফুটিশ জারি হলেই ফ্রিকার।

এক সন থাজনা না দিলেই ডিক্রি, আর ডিক্রির টাকা ডিরিশ দিনের মধ্যে না দিলেই উৎথাত।

কিন্তু তা না হলে টাকার সে জোটপাট করত কি করে ? মোকদ্দমা চালাত কি করে ? স্বত্ত সাব্যস্ত করত কি করে ?

ভূশিয়ার থাকবে সব সময়। যুবনালি দেবতার লোক, সে কথনও দিললাগি করবে না। অনেক জমি আছে তার, এ উনিশ গণ্ডার জন্ম তার লোভ নেই। হয়তো বা কবালার পণ হৃদ সমেত ফেরত পেলে সে স্বত্ব ফিরিয়ে দেবে, ফির-বিক্রি করবে। তা না দিক, ঘোর তুদিনে কিন্তি থেলাপ হলেও উচ্ছেদ করে দেবে না।

কিন্ত শুনতে পেল যুবনালি জলিল মুন্সির বেনামদার। কবলার টাকা যুবনালি দেয়নি, জলিল মুন্সি দিয়েছে। তার হিসাবের থাতায় ঐ তারিথে ঐ টাকা খরচ লেখা। কবলাও এখন তার হেপাজতে। শুধু তাই নয়, যুবনালি জলিল মুন্সির বরাবর মুক্তিপত্র করে দিয়েছে। মুক্তিপত্রে কবুল করেছে কবালার স্বত্ত জলিল মুন্সির।

ফল দাঁড়াল, জমিতে সোনামদি কোফা প্রজা, আর জলিল মৃদ্যি তার মৃনিব। বছর-বছর তার দশটাকা ধাজনা। আমিরন শুনতে পেলে গাঙে ভূবে মরবে।

সোনামদ্দির শরীরে-মনে হথ নেই। থেতে-মাগতে আফ্লাদ নেই। তামুকে-বিড়িতে ঝাঁজ নেই।

কেন, তোমার কী হয়েছে? মনের মধ্যে ধেন কী ভার বেঁধে বেড়াছচ। রাগ-রঙ্গ করে আর কথা কও না আমার সঙ্গে!

জোর করে হাসল সোনামদি। বললে, বা,বয়স বাড়ছে না দিন দিন ? স্ত্যি বলতো, জমির কিছু করেছ ?

বা, জমির কী করব ? আমাদের বেমন ভমি তেমনি আছে। বেচা-বাঁধা নেই তো কোথাও ?

বৃদ্ধিকে তোমার বলিহারি। জমি রইল আমাদের নিজ চাষে, ধান আমরা গোলাজাত করেছি, আউশ বুনলাম এ বছর, জমি বেচা-বাধা হয়ে গেল ? না, জমি যদি তোমার ঠিক থাকে, আমি যদি তোমার ঠিক থাকি, ভবে তোমার আর হৃঃখ কী! তবে তুমি কেন মন ভার করে থাক?

ना भा वर्षे ना, क्या ठिक चाहि । याष्ट्रश्रे चात्र ठिक त्नरे ।

এক কিন্তিও থাজনা থেলাপ করে না সোনামদি, ঠিক জলিল মুন্দির তশিলদারকে পৌছে দিয়ে আসে। রিসদ নেয়। সালিয়ানা হলে দাখিলা আদায় করে। যাতে থাজনার বকেয়ায় না উচ্ছেদের আজি পড়ে তার নামে। আর উচ্ছেদের আজি পড়লেই বা কি, ডিক্রির তিরিশ দিনের মধ্যে টাকা দিয়ে দিলেই থালাস। শুধু অমিরন না টের পায়।

জলিল মুন্দি সে পথে গেল না। নিজে থাজনা বাকি ফেলে নিজের রায়তিস্বত্ব নিলাম করালে। কেনালে চাচাত বোনাই দরবার মোলাকে দিয়ে। টাকা দিলে নিজে। নিলাম ইস্তাহার গোপন করলে। ঝাঁপিয়ে পড়ল সোনামন্দির উপর। দায় রহিতের ফুটিশ নিয়ে। সোনামন্দির কোলরায়তি বিলোপ হয়ে গেল।

এবার সোনামদ্দির দথল জবর-দথল বলে সাব্যস্ত হতে দেরি হল না।
জ্বলিল মুন্সি ঘর ভেডে খাসদখলের ডিক্রি পেল একতরফা।

এল দখল জারির পরোয়ানা। ঘরদোর ছেড়ে বেরিয়ে যাও হালট ধরে। পাঁচ দোরের কুকুর হয়ে।

এসব কী ? আমিরন চোধে আগুনের হলকা নিয়ে তাকাল সোনামন্দির দিকে।

তোকে ফতুর করে দিয়েছি আমিরন। জমির জন্ম মামল। করকাম, মামলার জন্ম জমি গেল। পথের থেকে নতুন করে আবার আমাদের আরম্ভ করতে হবে। সোনামন্দির চোথ ছলছল করে উঠল।

রাস্তায় নেমে এল তারা মহবুবের হাত ধরে। বাড়ি-ঘর ভূমিসাৎ হয়ে গেল চোথের সামনে। জমির দিকে তাকাল। মনে হল যেন গৃহহারার মত তাকিয়ে আছে।

কোথায় আর যায়! আত্র-এতিমের জন্তে কোথায় কোন
মুসাফিরথানা! তাদের কে আত্রয় দেবে ?

জ্বলিল মুন্সিই তাদেরকে আশ্রন্থ দিল। জমিতে সোনামন্দি হালির। খাটবে আর বাড়িতে আমিরন দাসী-বাঁদি হবে।

উপায় কি। জমি যখন নেই তখন ভাত নেই। আর যার ভাত নেই তার জাত কোথায়।

আমিই তোকে পথের কাঙাল করলাম! বলে দোনামদি।

আমার জন্মে তুমি ভাবো কেন ? জমির জন্মে ভাবো। আমার চেয়েও জমির দাম অনেক বেশি।

বেশি দিন থাকতে হল না দে-বাড়ি। আমিরনকে জলিল মুন্দি নিকা করলে। মহলার মোলা এদে কলমা পড়াল।

সোনামদি হতবৃদ্ধির মত বললে, বা, তালাক দিলাম কথন ?

ঐ হয়েছে তোমার তালাক দেওয়। ওর কাছে নিকা বদে স্বমি আবার ফিরিয়ে দিলাম তোমাকে। এই দেথ কবালা। স্থামিরন কবালা দেথাল।

জলিল মৃশ্বিকে দিয়ে ফির-বেচার কবালা করিয়ে নিয়েছে আমিরন। রেজেপ্তি হয়ে গিয়েছে। রায়তি স্বত্ব আবার চলে এদেছে দোনামিন্দির দখলে। ঘর তুলে দিয়েছে নতুন করে।

আর তুই ?

আমিই কবালার পণ। আমার জন্ত মন ধারাপ কোরো না। আমার চেয়ে তোমার জমির দাম অনেক বেশি। আমি গেলে কী হয় ? কিন্তু জমি ভো তোমার ফিরে এল। তোমার জমির গায়ে ভোকেউ হাত দিতে পারল না।

মহবুব ?

ষদি রাত্রে খুব কাঁদে, চুপি-চুপি দিয়ে আদব ভোমার কাছে।

হুরবাহু

কুরমান হাটে কাঁচের চুড়ি কিনতে এসেছে।

মেজাজ থুব থারাপ। গা এখনো কশ-কশ করছে। তবু এ-দোকান থেকে ও-দোকানে সে ঘোরাঘুরি করে। সোনালি কিনবে না বেগুনি কিনবে চট করে ঠাহর করতে পারে না।

অক্সদিন হাটে এনে তামাক কিনত, লকা-পেঁয়াঞ্চ কিনত, তিতপুঁটি বা ঘুসো চিংড়ি। আজ তাকে কাঁচের চুড়ি কিনতে হচ্ছে। কিনতে হচ্ছে চুলের ফিতে।

চুড়ির লোয়া তিন আঙুল জোখা। চুড়ির মধ্যে হাত চুকিয়েচুকিয়ে দেখে কুরমান। জোখা মেলে তো রং পছন্দ হয় না, বং
মনে ধরে তো জোখায় গরমিল।

মুরবামুর কাঁচের চুড়ি সে আজ ভেঙে দিয়ে এসেছে। ফিতে ধরে টানতে গিয়ে খুলে দিয়েছে চুলের খোঁপা। চোট-জ্বম লেগেছে হয়তো এখানে-ওখানে।

জমি-জায়গা নেই, কর-কর্লত নেই, বর্গায় চাষ করে কুরমান।
তাও লাওল কিনে আনতে হয় পরের থেকে। ধান যা-ও হয়েছিল গত
সন, পাথিতে থেয়ে নিয়েছে, থেয়ে নিয়েছে ইত্রে। এ-বছর গাছ
হয়েছে তো শিষ হয়নি। ডোবা জমি, নোনা কাটে না ভাল করে।
যা ধান হয়েছে দলামলা করে মনিবের থাস থামারে তুলে দিয়ে আসতে
হবে। সে পাবে মোটে তিন ভাগের এক ভাগ।

विष् पूर्वन व्यवस्था जारनतः। ना व्याह्य थान ना व्याह्य विष्ठः।

তাই কুরমানের একার খাটনিতে চলে না। মূরবামূকেও কাজ করতে হয়।

স্ববাস মনিবের বাড়িতে ধান ভানে, পাট গুটোয়, কাঁথা-কাপড় কাচে, জল টানে। আর মনিব-গিরির থেজমং করে। চুল বাছে, গা থোটে, তেল মাথে। ভাল-মন্দ থেতে পার মাঝে-মাঝে। দর্মা পায় চার টাকা।

কিস্কু শাস্তি নেই। মনিব, উকিলদ্দি দফাদার, গুরবাগুকে অন্যায় চোথে দেখেছে !

প্রথম দিনেই নালিশ করেছিল স্থরবান্তঃ ম্নিব আমাকে অক্তায় চোথে দেখে।

(कन, कि करत ?

খুক-খুক করে কাশে, বাঁকা চোথে তাকায়, আমোদ-সামোদ করে কথা কয়।

कुरे अत्र धात्राधाति यागरन कारनामिन।

ना, जामि (घामठा ८०८न ठटन वाहे पुत्र पिरम।

কিন্তু দফাদার তাতে ক্ষান্ত হয় নি। একদিন স্থাবামুর হাত চেপে ধরল।

সেদিনও কাদতে-কাদতে হুরবাহু বললে, হাত ছাড়িয়ে নেবার সময়ে খামচে দিয়েছে।

রাগে শরীরের রগগুলো টান হয়ে উঠল কুরমানের। বললে, ভূই সামনে গেছিলি কেন ?

(क वलल ? यार्टीन एका नामतन।

সামনে যাসনি তো হাত চেপে ধরে কি করে?

আমি ছিলাম টে কি-ঘরে। ও ঘরে চুকে বললে, বীক আছে ক-কাটি? আমি পালিয়ে যাচিছ পাছ-ভ্যার দিয়ে, ও থপ করে আমার হাত চেপে ধরল।

তবু দেদিনও সে মারেনি হরবাহুকে। নিজের অদৃষ্টকেই দোষ দিয়েতিল। আশ্চর্য, গরিবের বউএর কি একটু ছুরতও থাকতে পারবে না? গরিব বলে স্ত্রীর বেলাও কি তাদের অহুভব আর উপভোগের মাত্রাট। নামিয়ে আনতে হবে?

খবরদার, সামনে যাবি না ওর। ওরা জোরমস্ত লোক, থানা-পুলিস সব ওদের হাতে, ওদের অনেক দ্র দিয়ে আমাদের হাঁটা-চলা। কাজ-কাম সেরে ঝপ করে চলে আসবি।

কিন্তু আজ ওর হাত-ভরা কাঁচের চুড়ি। ফিতে ঘুরিয়ে-ঘুরিয়ে বিহুনি পাকানো।

হাসিতে ভেসে যাচ্ছিল হরবাহু, কুরমানের মুখের চেহার। দেখে ঝিম মেরে গেল।

এসব কোখেকে ?

मुनिविशिक्ति मिर्यिष्ड ।

কিন্তু, জিগগৈদ করি, পয়দা কার ? এ সাজানোর পিছনে কার চোথের সায় রয়েছে লুকিয়ে ? আজ কাঁচের চুড়ি, কাল আংটি-চুংট। নোনা জমি এমনি করেই করেই আন্তে-আন্তে মিঠেন করে তুলবে। হাত ধরেছিল, ধরবে এবার গলা জড়িয়ে।

খলে ফ্যাল শিগগির। গর্জে উঠল কুরমান।

শাব্দবার ভারি দথ মুরবামুর। একটু দে হয়তো টালমাটাল করেছিল, কুরমান হাত ধরে হেঁচকা টান মারল। পটপট করে ভেঙে গেল কতগুলি। হেঁচকা টান মারল থোঁপায়। একটা কুগুলী-পাকানো দাপ কিলবিল করে উঠল।

ভূকরে কেঁদে উঠল হরবাহ। চূডির ধারে জায়গায়-জায়গায় হাত কেটে গিয়েছে। চামড়া ছিঁড়ে বেরিয়ে এসেছে রক্ত।

ঘরের পুরুষের এমন ছুর্দান্ত চেহারা দেখেনি সে আর কোনো দিন। বাবা, ভয় করে। দরকার নেই তার চুড়ি-থাড়ুতে। কিষানের বউ দে, ঠুঁটো পাথর হয়ে থাকবে। সাধ-আমোদে তার দরকার কি।

কিন্তু এ কি! হাটের থেকে তার জন্মে চুড়ি নিয়ে এসেছে কুরমান।
লহা-পৌয়াক তামাক-টিকে না এনে। লক্ষায় গলে যেতে লাগল হুরবাহু।

পীচ আঙ্বলের মৃথ একদকে ছুঁচলো করে চেপে ধরে ক্রমান।
টিপে-টিপে আন্তে-আন্তে চুড়ি পড়িয়ে দেয়। হঠাং রাগে মাথা ঘুরে
গিয়েছিল তার। নইলে এমন যার তুকতুকে হাত তার গায়ে সে হাড
তোলে কি করে?

তুমি কেন মিছিমিছি বাজে খরচ করতে গেলে ? এদিকে তোমার একটা ভাল গামছা নেই, লুকিটা ছিঁড়ে গেছে।

যাক সব ছিঁডে-ফেড়ে। তৃই শুধু একবারটি হাদ আমার মুথের দিকে চেয়ে।

পিঠে চুলগুলি খোলা পড়ে আছে ভূর করে। তোর চুলবাধা দেখিনি কোনো দিন—

আজ শুধু দেখে না ক্রমান, শোনেও। শোনে চুলবাঁধার সংক সংক চুড়ির ঠুন-ঠুন।

উকিলদির বাড়িতে তবুনা গেলেই নয় মরবাহর। চারটে টাকা কি কম? কম কি একবেলার গোরাকি? ধান-পান যদি পায় ভবিয়াং, তাই কি অগ্রাহ্য করবার?

কিন্তু সেদিন মুরবামু উকিলদির বাডি থেকে নতুন শাডি পরে এল। ফলসারঙের শাড়ি। মুরবামুর বর্ণ যেন ফুটে বেরুছেছে।

এ শাড়ি এল কোখেকে ? বর্ণার ম্থের মত চোধা হয়ে উঠল কুরমান।

আজ যে ঈদ পেয়াল নেই তোমার ? ঈদের দিনে মুনিব-গিন্নি দিয়েছে শাডিখানা।

ঈদের দিন হলেও নরম পড়ল না কুরমান। ফিরনি-পায়েদের ছিটে-ফোটাও নেই, নতুন একথানা গামছা হয় না, ঈদ কোথায় ?

না, নরম পড়ল না কুরমান। শাড়ির প্রত্যেকটি স্বতোয় দেখতে পাচেছ দে উকিলদির যোলা চোধ, ঘদা জিও। ফাঁই-ফাঁই করে দে ছি'ড়ে ফেলল।

এবার আর সে হাটে গেল না পালটা শাড়ি কিনে আনতে। প্রসা নেই, ইচ্ছেও নেই। কুদ্র চাষা, তার বউয়ের আবার সাইবানী হবার স্থ কেন? চট মুড়ি দিয়ে থাকতে পারে না দে ঘরের কোণে?

সত্যি, এত সাজ তার পক্ষে অসাজস্ত ছিল। ব্রুতে দেরি হয় না হরবাহর। কিন্তু তথন কি সে ব্রুতে পেরেছে শাড়ির ভাঁজে-ভাঁজে সাপ রয়েছে ল্কিয়ে? গা বেয়ে-বেয়ে শেষকালে ব্কের মধ্যে ছোবল মারবে? হরবাহ তার কালো ফুলের ছাপ-মারা কালো শাড়িই পরে এবার। তার রাতের এ নিরিবিলি শাস্তির মতই এ শাড়িখানি। তাই ঘুমের স্রোতে স্ক্রন্দে চলে আসতে পারে সে স্থামীর স্পর্শের যথ্যে। ফলসা রঙের শাড়িটার জন্যে তার এতটকুও কট নেই।

কুরমান কাজ থেকে ছাডিয়ে আনল মুরবাম্বকে। নিয়ে এল পর্দার হেপাজতে। উপাদে-তিয়াসে কাটবে তবু পাপের পথের পাশ দিয়ে হাঁটবে না। দারিদ্রা লাগুক গায়ে, তবু অধর্ম যেন না লাগে। অদিন এলেও যেন না অমাম্ব বনে যায়।

किन्छ উक्निक ছित्न-(काँक ; याम श्रायह किन्न वित्वहना ति ।

ধান কাটতে মাঠে গিয়েছে কুরমান। লক্ষীবিলাস ধান কাটবার দিন এখন। পা টিপে-টিপে তৃপুর বেলা উকিলদ্দি এসে হাজির। কানের জন্তে ঝুমকো, পায়ের জন্তে পঞ্ম, গলার জন্ত দানাকবজ নিয়ে এসেছে গড়িয়ে।

বললে, কই গো বিবিজ্ঞান। দেখ এদে কী এনেছি।

বেরিয়ে আসতে হুরবাহুর চক্ষ্ স্থির। ক্ষপোর ক্ষেত্র দেখে নয়, চোখের উপরে বাঘ দেখে।

অনেক ভয়-ভর হুরবাহুর। এক নম্বর মালেক, তুই নম্বর মুনিব। তিন নম্বর দফাদার। চার নম্বর একটা মাংস্থেকো জানোয়ার।

চলে যান এখান থেকে। চোখে মুখে আঁচ ফুটিয়ে ঝাপসা গলায় বললে মুরবায়।

তোমার জয়ে লবেজান হয়ে আছি। এই দেখ, জেওর এনেছি গড়িয়ে।

দরকার নেই। আপনি চলে যান। নইলে সোর তুলব এখুনি।

কিন্তু লোর তুলবার আগেই কুরমান এলে হাজির।

রোদে সে তেতে-পুড়ে এসেছে, চোথে ঘোলা পড়েছে বোধ হয়।
নইলে দেখছে সে কী তার বাড়ির উঠোনে ? উকিলদ্দির হাতে রুপোর
গয়না আর হ্রবাহর চোথে খুসির ঝলকানি। কত না জানি ঠাট্টাবটথেরা, কত না জানি হাসির বুজরুকি। রং-সং, আমোদ-বিনোদ।
এই গয়নাতে কতো না-জানি যোগসাজসের সর্ত।

মাধায় খুন চেপে পেল কুরমানের। চার পাশে চেয়ে দেখল সে অসহায়ের মত। দেখল ধানের আঁটির সঙ্গে কাঁচি সে ফেলে এসেছে মাঠে।

এখানে কেন ?

ধানাই-পানাই করতে লাগল উকিলদি। শেষ কালে বললে, লন্ধী-বিলাস ধান কাটতে গিয়েছিস কি না দেখতে এসেছিলাম।

ভা মাঠে না গিয়ে আমার বাড়ির অন্দরে কেন ?

বেশ করেছি। সমস্ত জারগা-জমি সদর-অন্দর আমার। আমার বেখানে খুশি আমি যাব আসব।

কুরমান হঠাং উকিলদির দাভি চেপে ধরল। লাগল ঝটাপটি, ধন্তাধন্তি। উকিলদির হাতে যে লাঠিছিল দেখেনি কুরমান। তা ছাড়া কুরমান আধপেটা থাওয়া চাষা, জোর-জেলা নেই শরীরে, দেটাও সে বিচার করে দেখেনি। উকিলদি তাকে ধাকা মেরে কেলে তো দিলই, তুলে নিল লাঠিগাছটা।

কুরমানকে দেখেই ঘরের মধ্যে লুকিয়েছিল ফুরবায়। এখন
মারম্থো লাঠি দেখে বেরিয়ে এল লে হস্ত-দন্ত হয়ে, শিকরে-পাধির
মত ঝাপিয়ে পড়ল উকিলদ্দির উপর। লাঠিটা ছিনিয়ে নিতে চেষ্টা
করল জাের করে। মুঠো আলগা করতে পারে না, ভয়ু ভরু হয়
লাটপাট।

কি চোখে দেখল ব্যাপারটা কে জানে, কুরমানের রক্তের মধ্যে ঝড় বয়ে গেল। এক ঝটকায় টেনে আনতে গেল হরবাছকে চুলের ঝুটি ধরে: তুই, তুই কেন বেরিয়ে এলেছিল পদার বাইরে? কেন পর- পুরুষের সঙ্গে জাপটাজাপটি শুরু করে দিয়েছিস ? উকিলদ্দিকে রেখে মারতে গেল সে হুরবাহুকে।

আর, যেমনি এল এগিয়ে, হাতের নাগালের মধ্যে, অমনি উকিলদ্ধির লাঠি পড়ল ক্রমানের মাথায়। মনে হল স্বরাস্থ যেন লাঠি মারলে। মনে হল ক্রমানের মারের থেকে উকিলদ্দিকে বাঁচাবার জন্তেই তার এই জোটপাট। উকিলদ্দির গায়ে পড়ে তাই এত সাধ্য-সাধনা।

কুরমান দিশেহারার মত চেঁচিয়ে উঠন: এক তালাক, ঘুই তালাক, তিন তালাক—বাইন।

ব্যস, উথল-পাগল বন্ধ হয়ে গেল মুহূর্তে। সব নিশ্চুপ, নিংশেষ হয়ে গেল।

রাগ ভূলে মাথায় হাত দিয়ে বলে পড়ল কুরমান। হাজার লাঠি পড়লেও এমন চোট লাগত না। আঁধার দেখতে লাগল চারদিক। স্থরবাহর সেই রাগরাঙা মুখ ফুসমস্তরে ছাইয়ের মত দাদা হয়ে গেল ? ফকির-ফতুরের মত তাকিয়ে রইল ফ্যাল-ফ্যাল করে। আর মাটি থেকে লাঠিটা তুলে নিয়ে চাপা মুখে হাসতে লাগল উকিলদি।

লোক জমতে শুরু করল আন্তে-আন্তে।

কুরমান গা ঝাড়া দিয়ে উঠে পড়ল। বললে ফুরবাফুকে, ও কিছু হয়নি, তুই চলে যা ঘরের মধ্যে।

সত্যিই বেন কিছু হয়নি এমনি ভাবেই আঁচল গুটিয়ে হুরবাসু চলে গেল ঘরের মধ্যে, ঘরের বউএর মত।

কিছু হয়নি বললেই আর হয় না। আন্তে-আন্তে বসে গেল দশ-সালিশ। তালাক দেওয়া স্ত্রী এখন আলগা আলগাছে মেয়েলোক। তার উপর আর পূর্ব স্থামীর এক্তিয়ার নেই। এক কথায় অমনি আর তাকে সে ঘরে তুলতে পারে না। বিয়ে ফন্ত হয়ে গেছে, অমনি আর তাকে নেয়া য়য় না ফিরতি। অমন হারামি সমাজ বরদান্ত করতে পারবে না।

উকিলদি দাঁত বার করে হাসতে লাগল।

রাপের মাথায় ফদ করে কথা বেরিয়ে গেছে মৃথের থেকে, অমনি আমার ইস্ত্রী পর হয়ে যাবে ৃ কুরমান কেঁদে উঠল।

পর বলে পর ! এপার থেকে ওপার ! একবার যখন বিয়ে ছাড়ার ফারথৎ জারি করেছে তখন আর উপায় নেই। ঘুড়ি কাটা পড়লে নাটাই গুটিয়ে কি ঘুড়িকে ধরে আনা যায় ?

मूर्थत कथा हो हे वर्ष हरत ? भन तम्थर ना तक छ ?

মুখের জবানের দাম কি কম? রং-তামাসা করে বললেও তালাক, তালাক। আর এ তো জল-জীয়স্ত রাগের কথা। গলা দরাজ করে দিনে-তুপুরে তালাক দেওয়া।

ব্দার দস্তরমত সাক্ষী রেখে। ফোড়ন দিল উকিলদি। এখন উপায়? হুরবাহুকে স্থামি ফিরে পাব না?

এক উপায় আছে। দশ-দালিশ বদল ফরমান দিতে। ইন্ধতের পর কেউ যদি সুরবাসুকে বিয়ে করে তালাক দেয় তবেই ফের কুরমান নিকে করতে পারে তাকে। এ ছাড়া আর বিতীয় পথ নেই।

কে বিয়ে করবে ? কুরমানকে ফিরিয়ে দেবার জ্ঞানে করবে হরবাহকে ? আর কে! দাড়িতে হাত বুলুতে-বুলুতে উকিলদ্ধি বললে, আমি বিয়ে করব।

কিছ বিয়ে করেই তক্ষি-তক্ষি তালাক দিতে হবে। কথার থেলাপ করলে চলবে না। দশ-সালিশের হকুম মানতে হবে। এর মধ্যে আছে ধাদেম-ইমাম, মোলা-ম্নিসি, ইউনিঅন বোর্ডের প্রেসিডেন্ট মানী-গুণী লোক সব। এদেরকে অমান্ত করা যাবে না।

একটু যেন বল পেল কুরমান। কিন্তু তার বাড়িতে থাকতে পারবে না আর কুরবাম। বিরানা পর-পুরুষের ঘরে কি করে থাকতে পারে সমর্থ বয়সের মেয়েছেলে? পাশ-গাঁয়ে তার এক চাচা আছে, বেচারা নাচার, সেথানে সে থাকবে। ইন্দতের তিন মাস।

এক কাপড়ে কাঁদতে-কাঁদতে চলে গেল হরবাহ। ধেন ক্রমানকে গোর দেওয়া হয়েছে। পুঁতে রেখেছে মাটির নিচে। তা ছাড়া আর কি ? কুরমানের হাতের নাগালির মধ্য দিয়ে চলে গেল, তবু হাত বাড়িয়ে তাকে দে ধরে রাথতে পারল না।

সামান্ত কটা ম্থের কথা এমনি করে সব নাস্তানাবৃদ করে দিতে পারে এ কে জানত! কুরমানের নিজের রাগ নিজেকে যেন কুরে-কুরে গাচেত।

দাউলে হয়ে কুরমান চলে গেল দক্ষিণে। স্থাবাস্থ ছাড়া তার আর ঘর-ত্যার কি! ঘরের উইয়ে খাওয়া পাটখড়ির বেড়া ভেঙে-ভেঙে পড়ছে, তেমনি ভেঙে-ভেঙে পড়ছে তার বুকের পাজরা। চলে গেছে দক্ষিণে, কিন্তু মন কেবল উত্তরে ভেসে-ভেসে বেড়ায়।

ধান কাটা সারা হয়ে গেছে, নিজের গাঁয়ে ফিরে আসে কুরমান।
গাঁয়ের হালট ধরে নিজের বাড়িতে। ঘরের ঝাপ থোলে। কোথায়
ফুরবাফ্! চৈতী মাঠের মত ব্কের ভিতরটা থাঁ থা করে। কিন্তু রাভ
করে লুকিয়ে একদিন আসে হ্রবাফ। যেন খুব একটা অস্তায়
করেছে এমনি চেহারায়। কুরমানের থেকে অনেক দূরে সরে বসে
আঁচলে চোথ চাপা দিয়ে কাঁদে।

কুরমান বৃঝি ঝাঁপিয়ে ধরতে চায় স্থরবাস্থকে। ইচ্ছে করে কোলের কাছে বসিয়ে হাত দিয়ে চোথের জল মুছে দেয়।

স্থাবাস্থ বলে, না। এখনো হালাল হইনি। ইন্দত কাবার হয়নি। হয়নি ফিরতি বিয়ে, ফিরতি তালাক।

বলে, তোমাকে শুধু একটিবার দেখতে এলাম। বড় মন কেমন করে। বড় কাহিল হয়ে গেছে হুরবাহু। বড় মন মরা। গায়ের রং তামাটে হয়ে গেছে। জোর জলুদ মৃছে গেছে গা থেকে।

এটা ওটা একটু আধটু গোছগাছ করে দেয় সুরবাছ। ঘরের মধ্যে নড়ে-চড়ে।

তোকে কি আর ফিরে পাব ছক ?

নিশ্চয়ই পাবে। দশ-সালিশের বৈঠকে চুক্তি হয়েছে, কড়ায় ক্রান্তিতে সৰ আদায়-উপ্তল হয়ে যাবে। চোপ বুকে এক ডুবে মাঝখানের এই কয়েকটা দিন শুধু কাটিয়ে দিয়ো। আমার কি মনে হয় জানিস? ও তোকে আর ছাড়বে না। একবার কলমা পড়া হয়ে গেলেই ও ওর ম্থে কুলুপ এঁটে দেবে। বলবে, দেব না তালাক।

ইস ? পুরবামু ফণা তুলে ফোঁস করে উঠল : দশ-সালিশ ওকে ছাড়বে কেন গ

না ছাডলেই বা কি, ও পষ্ট গরকবুল করবে। এ নিয়ে তো আর আদালত চলবে না। বলবে, কার সাধ্য জ্ঞার করে আমাকে দিয়ে তালাক দেওয়ায় ?

ইন্, করুক দেখি তো এমন বেইমানি। আবার ফোঁদ করে ওঠে হরবায়: বেডমিজকে তথন বিষ খাইয়ে শেষ করব। ওর বিষয়ের অংশ নিয়ে এদে দাদি করব ভোমাকে।

মুরবামুর চোখে কত বিশ্বাস আর স্নেহ।

গা-টা তেতো-তেতো করছে, জর হবে বোধ হয়।

গায়ে হাত দিতে যাচ্চিল মুরবান্ত। হাত গুটিয়ে নিল ঝট করে। অমন সোনার অঙ্গ স্পর্শ করার তার অধিকার নেই।

একেক দিন গহিন রাতে কুরমান যায় ছুরবান্তর ঘরের দরভায়। হুরবান্তর চোথে ঘুম নেই। বেডার ফাঁকে চোথ দিয়ে বঙ্গে থাকে।

বলে, কেন পাগলের মত থুরে বেড়াচ্চ? লোকে যে চোর বলবে। চৌকিদার দেখলে চালান দেবে।

কবে আসবি ?

দফাদার লোক নিয়ে এসেছিল। আসতে জুম্মাবার কলমা পড়বে তার পরেই তালাক আদায় করে নেব ঠিক। এখন বাড়ি হাও।

কোথায় বাড়ি! কুরমানের ইচ্ছে করে পাথিটাকে বুকের উমে করে উড়াল দিয়ে চলে যায় কোথাও! কোথায় তা কে জানে? যেথানে এত পাঁচঘোঁচ নেই, যেথানে তথু দেদার মাঠ আর দেদার আসমান।

শিগগির বাড়ি যাও। কুরমান চোর। কুরমান পরপুরুষ।
২৮—(আচি-শ্রেষ্ঠ)
২৯৯

সুমাবারে বিয়ে হয়ে গেল, কিন্তু, কই, শনিবার তো ভালাক নিয়ে চলে এল না মূরবান্থ।

বা সে ভেবে রেখেছে তাই হবে। একবার হাতের মৃঠোর মধ্যে পেয়ে উকিলদ্দি আর ছেড়ে দেবে না হুরবাহুকে। গলা টিপে ধরলেও তার মৃথ থেকে বার করানো যাবে না ঐ তিন অক্ষরের তিন কথা। বলবে, মরণ ছাড়া আর কাক্ষর সাধ্য নেই আমাদের বিচ্ছেদ ঘটায়। কুরমান খোঁজ নিতে গেল। দাবিদারের মত নয়, দেনদারের মত।

উকিলদ্দি বললে, আমার কোনো কন্থর নেই। বিয়ে হয়েছে তব্ হুরবাহু এখনো ইন্ত্রী হচ্ছে না। ইন্ত্রী না হলে তালাক হয় কি করে ?

ষত সব ফাঁকিজুঁকি কথা। তার আসল মতলল হচ্ছে মুরবামুকে রেধে দেবে কবজার মধ্যে। রাথবে অষ্টব্ডির বাঁদি করে।

क्रमान मन-मानिन दमान। जानान जात्र क्रियाम।

ভাক উকিলন্ধিকে। জ্বাব কি তার ? কেন এখনো ছাড়ছে না মুরবায়কে ? কেন এজহার খেলাপ করছে ?

উকিলদি বললে, বিয়েই যে এখনো সিদ্ধ হয়নি, ফলস্ক-পাকান্ত হয়নি। এখনো মাটির গাঁথনিই আছে, হয়নি পাকা-পোক্ত। বিয়ে হয়েছে অথচ এড়িয়ে-এড়িয়ে চলছে হরবাহা। ধরা-ছোয়া দিচ্ছে না। ততে আসছে না দরজায় থিল দিয়ে। ও ভেবেছে কলমা পড়ার পরেই বৃষ্ধি ও তালাকের কাবিল হল। তাই রয়েছে অমন কাঠ হয়ে, বিমুথ হয়ে। এমনি যদি থাকে, তবে কাঁটন-ছি ডেন হতে পারে কি করে ?

সভ্যিই তো। দশ-শালিস রায় দিলে। স্বামীর সঙ্গে একরাত্তিও যদি সংসার না করে তবে বিয়ে জায়েজ হয় কি করে? বিয়ে পোক্ত না হলে ভালাক চলে না। হালাল হওয়া চলে না মুরবামুর।

উপায় নেই, হালাল হতে হবে হুরবাহুকে। তালাক মেনে নিডে হবে ভিক্ককের মত।

चरत पूरक पत्रकाम थिन पिन स्त्रवास ।

পর দিন ভোরে পাথিপাথলা ভাকার সঙ্গে-সঙ্গেই উকিলছি হুরবাহুকে তালাক দিল। বিকেলের রোদ উঠোনটুকু থেকে বাই যাই করছে, ছুরবাছ চলে এল কুরমানের বাড়িতে। কুরমান বদে আছে দাওয়ার টপর। হাতের মধ্যে হ'কো ধরা, কিন্ধ কলকেতে আগুন নেই। কথন যে নিবে গেছে তাকে জানে। চেয়ে আছে—শুনা মাঠের মত চাউনি। গায়ের বাধন সব ঢিলে হয়ে গেছে, ধদ ভেঙে পড়েছে জীবনের। ভাঙননদীর পারে ছাড়া-বাড়ির মত চেহারা।

বেন চিনি অথচ চিনি না, এমনি চোথে কুরমান তাকাল স্থরবাহর দিলে। তার চোথে গত রাতের স্থা টানা, ঠোটে পান-খাওরার ভকনো দাগ। সমন্ত গায়ে যেন ফুতির আতর মাথা। পরনে একটা জামরঙের নতুন শাড়ি। পরলে-পরলে যেন খুশির জলের শ্রোত।

সে জল বড় ঘোলা। লেগেছে কালা-মাটির ময়লা। পচালামের জঞ্জাল। মড়ার মাংসের গন্ধ।

সে জলে আর স্থান করা যায় না।

ইন্দত আমি এখানেই কাবার করব। দিন হলেই মোল্লাডেকে কলমা পড়িয়ে নাও তাড়াতাড়ি। ফুরবাফু ঘরের দিকে পা বাড়ল।

নেবা ছ'কোয় টান মারতে-মারতে কুরমান বললে, না। স্থামার : নিকে-সাদিতে স্থার মন নেই। তুই ফিরে যা দফাদারের বাড়িতে।

শ্রেষ্ঠগল্প পর্যায়ের অস্থান্থ বই

শরৎচক্র চট্টোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প
'বনফ্লে'র শ্রেষ্ঠগল্প
বিভৃতিভ্যণ মুখোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প
শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প
স্থবোধ ঘোষের শ্রেষ্ঠগল্প
মনোজ্ব বস্থর শ্রেষ্ঠগল্প
নারায়ণ গঙ্গোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প
ভারাশন্ধর বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প
শানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প
শ্রভাতকুমার মুখোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প
উপেক্রনাথ গঙ্গোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প

বছরের সেরাগল্প

১৩৫৩-র সেরাগল্প
সম্পাদক—নবেন্দু ঘোষ
১৩৫৪-র সেরাগল্প
সম্পাদক—বিভৃতিভৃষণ মুখোপাধ্যায়

